সরল ভৈষজ্য তত্ত্ব।

প্রথম খণ্ড।

(পূর্ব্বাংশ)

ডাক্তার শ্রীসত্যকৃষ্ণ রায় প্রণীত।

ডিঃ প্যাটিসন্ এণ্ড কোং দ্বারা
প্রকাশিত।

কলিকাতা।

৬৫।২ বিডন ষ্ট্রীট, ইলিসিয়ম যন্ত্র হইতে
শ্রীরাজকুমার ভট্টাচার্য্য কর্ত্তৃক
মুদ্রিত।

সন ১৩০০ সাল।

সরল ভৈষজ্য তত্ত্ব।

প্রথম খণ্ড।

ঔষধের তৌল এবং পরিমাণ।

শুষ্ক দ্রব্য।

২০ গ্রেণে (চিহ্ন gr)		...	১স্ক্রুপল্ (চিহ্ন ℈)
৩ স্ক্রুপলে	...	...	১ড্রাম্ (চিহ্ন ʒ)
৮ ড্রামে	...	...	১ আউন্স্ (চিহ্ন ℥)
১২ আউন্সে	...	...	১ পাউণ্ড্ (চিহ্ন lb)
			প্রায় /।০ সের।

তরল দ্রব্য।

৬০ মিনিমে (চিহ্ন m)		...	১ ড্রাম্ (চিহ্ন ʒ)
৮ ড্রামে	...	...	১ আউন্স্ (চিহ্ন ℥)
২০ আউন্সে	...	...	১ পাইন্ট্ (চিহ্ন O)
৮ পাইন্টে	...	...	১ গ্যালন্ (চিহ্ন C)
			প্রায় /৫ সের।
ড্রপ্ বা ফোঁটার চিহ্ন		...	(gtt. চিহ্ন)
টেবিল্‌স্পুন্‌ফুল্	...	...	প্রায় ½ আউন্স্

ডেজার্ট স্পুনফুল ... ... প্রায় ২ ড্রাম্।
টি ঐ ... ... প্রায় ১ ড্রাম্।

এই পুস্তকে মাত্রা সম্বন্ধে বাঙ্গালা সাঙ্কেতিক চিহ্ন ব্যবহৃত হইবে। আউন্স স্থানে আং, ড্রাম্ স্থানে ড্রাং, মিনিম্ স্থানে মিং, ইত্যাদি লিখিত হইবে॥

প্রেস্ক্রিপ্সন্ অর্থাৎ ব্যবস্থাপত্র লিখিবার কালিন্ চিকিৎসকগণ রোমীয় সংখ্যাচিহ্ন ব্যবহার করেন। যথা—

½	১	২	৩	৪	৫	৬
ss	I.	II.	III.	IV.	V.	VI.
৭	৮	৯	১০	৫০	১০০	
VII.	VIII.	IX.	X.	L.	C.	

বয়ঃক্রমানুসারে মাত্রা নির্ণায়ক কোষ্ঠক।

বয়ঃক্রম।	পূর্ণ মাত্রা ১ গ্রেণ।	পূর্ণমাত্রা ৬০ গ্রেণ
১ বৎসরের ন্যূন। ...	১/১২ গ্রেণ। ...	৫ গ্রেণ।
২ „ „ ...	১/৮ „ ...	৭ „
৩ „ „ ...	১/৬ „ ...	১০ „
৪ „ „ ...	১/৪ „ ...	১৫ „
৭ „ „ ...	১/৩ „ ...	২০ „
১৪ „ „ ...	১/২ „ ...	৩০ „
২০ „ „ ...	২/৩ „ ...	৪০ „
২১ বৎসরের ঊর্দ্ধ। ...	১ „ ...	৬০ „

৬৫ বৎসরের ঊর্দ্ধে মাত্রার হ্রাস করিবে।

শিশু, স্ত্রী, অত্যন্ত ক্ষীণ এবং বৃদ্ধের প্রতি ঔষধের মাত্রার বিশেষ দৃষ্টি রাখিবে।

ঔষধের প্রয়োগরূপ বর্ণনা।

ঔষধসমূহকে বিবিধ রূপান্তরিত করিয়া, রোগের অবস্থা, পাত্র, এবং প্রয়োজন ভেদে দেহের বিবিধ স্থানে নানামতে প্রয়োগ করা যায়। ব্রিটীশ্ ফার্ম্মাকোপিয়ায় ছত্রিশ প্রকার প্রয়োগ রূপ গৃহীত, তন্মধ্যে তেইশটি আভ্যন্তরিক এবং তেরটি বাহ্যপ্রয়োগ, যথা—

আভ্যন্তরিক প্রয়োগরূপ।

১। ল্যাটিন্, এসিটম্। ইংরাজি, ভিনিগার্। বাঙ্গলা, সির্কা *। ঔষধ দ্রব্যকে সির্কা দ্রাবকে চুয়াইয়া বা সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে। ফার্ম্মাকোপিয়ায় † ২টী এসিটম্ আছে। যথা, এসিটম্ ক্যান্থারাইডিস্ ও সিলি।

২। একোয়া, ওয়াটার্, জল। ইহা দুই উপায়ে প্রস্তুত হয়। ১ম, ঔষধ পদার্থকে কুট্টিত করিয়া জলের সহিত বকযন্ত্রে চুয়াইয়া লওয়া। ২য়, ঔষধদ্রব্যের তৈল ১॥০ ড্রাম্ ১॥০ গ্যালন্ জলের সহিত বকযন্ত্রে চুয়াইয়া লইতে হয়। প্রথম প্রকার জল, যথা, একোয়া এনিথাই, সিনেমোমাই, ইত্যাদি। ২য় প্রকার জল, যথা একোয়া পিপারমেণ্ট্ ইত্যাদি। একোয়া ক্যাম্ফরি প্রস্তুতার্থে কর্পূর জলে দ্রব করিয়া লইবে।

---

* ক্রমান্বয়ে ল্যাটিন, ইংরাজী ও বাঙ্গালা নাম লিখিত হইবে।
† ব্রিটিশ্ ফার্ম্মাকোপিয়া বুঝিতে হইবে।

একোয়া ক্লোরোফর্ম্মাই. প্রস্তুতার্থে ক্লোরোফর‍্ম্ পরিস্রুত জলে দ্রব করিয়া লইবে। 'দুঃখের বিষয় আজ কাল উল্লিখিত প্রকারে জল প্রস্তুত হইতে কোথাও দেখিতে পাই না, কলিকাতার প্রায় অনেক ডাক্তারখানায় নিম্নলিখিতরূপে জল প্রস্তুত হইয়া থাকে। ঔষধদ্রব্যের তৈল ৬০ মিং, লাইট্‌কার্ব্বনেট্ অব্‌ম্যাগ্নিশিয়া যথা প্রয়োজন, জল ছয় পাইণ্ট্। প্রথমে ম্যাগ্নিশিয়াতে তৈল দিয়া উত্তমরূপে মিশাইয়া, ধীরে ধীরে ৮ আউন্স্ পর্য্যন্ত জল দিবে পরে ফিল্টার্ করিবে এবং ক্রমশঃ বক্রি জল দিয়া ছয় পাইণ্ট পূর্ণ করিবে। ফার্ম্মাকোপিয়ায় ১৩ টী জল আছে।

৩। কন্‌ফেক্সিও বা কন্‌ফেক্সন্; ইলেক্‌চুয়েরি, খণ্ড। ঔষধদ্রবকে চিনি বা উহার পাক কিম্বা মধুর সহিত মর্দ্দন করিয়া কর্দ্দমাকার করিলে ইহা প্রস্তুত হয়। বটিকাদি প্রস্তুতার্থে ইহারা ব্যবহৃত হয়। ফার্ম্মাকোপিয়ায় ৮ আটটি খণ্ড আছে।

৪। ডিকক্টম্; ডিকক্সন্; ক্বাথ। উদ্ভিজ্জ দ্রব্যকে জলের সহিত ১০।১৫ মিনিট সিদ্ধ করিলে ইহা প্রস্তুত হয়। ক্বাথ দুই প্রকার। ১ম, সিম্পল্ বা অমিশ্র। ইহা কেবল একটি মাত্র পদার্থ জলের সহিত সিদ্ধ করিতে হয়। ২য়, কম্পাউণ্ড্ বা মিশ্র ক্বাথ, একাধিক পদার্থ দ্বারা সিদ্ধ করিলে কম্পাউণ্ড্ ডিকক্সন্ প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় ১৩টি ক্বাথ আছে, তন্মধ্যে ২টি মিশ্র ক্বাথ। অবশিষ্ট ১১টি অমিশ্র।

৫। এক্‌ষ্ট্রাক্টম্; এক্‌ষ্ট্রাক্ট্; সার। ইহারা ৪ প্রকার। ১ম গ্রীন এক্‌ষ্ট্রাক্ট্ বা হরিৎসার। উদ্ভিজ্জ দ্রব্যের সরস

বল্কল ও মুলাদির রসকে ছাঁকিয়া অগ্নি সন্তাপ দ্বারা গাঢ় করিলে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ার আটটি হরিৎসার আছে। যথা, একষ্ট্রাক্ট্ বেলাডনা ইত্যাদি। ২য়, ওয়াটারি একষ্ট্রাক্ট্ বা জলীয়সার। শুষ্ক উদ্ভিজ্জ পদার্থকে শীতল বা উষ্ণজলে ফাণ্ট্ প্রস্তুত করিয়া, পরে গাঢ় করিবে। শীঘ্র নষ্ট না হইবার নিমিত্ত কোন কোন জলীয় সারের সহিত সুরা মিশ্রিত করিতে হয়। যেমন আর্গট্ প্রভৃতির সার। ফার্ম্মাকোপিয়ায় ছাব্বিশটি এই প্রকারের সার আছে। ৩য়, এল্কোহলিক্ একষ্ট্রাক্ট্ বা সুরাঘটিত সার। উপরোক্তের ন্যায় জলের পরিবর্ত্তে সুরাদ্বারা ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় বারটি এই প্রকারের সার আছে। ৪র্থ, ইথিরিয়েল্ একষ্ট্রাক্ট্ বা ইথর্ নির্ম্মিত সার। উপরোক্তের ন্যায় কেবল সুরার পরিবর্ত্তে ইথর্ ব্যবহার্য্য। ফার্ম্মাকোপিয়ায় ২টি মাত্র এই প্রকারের সার আছে।

৬। ইন্‌ফিউজম্; ইন্‌ফিউজন্, ফাণ্ট্। ঔষধ দ্রব্যকে ১০ মিং হইতে চুই ঘণ্টা পর্য্যন্ত উষ্ণজলে ভিজাইয়া ছাঁকিয়া লইতে হয়। ইন্‌ফিউজন্ ক্যালম্বা ও কোয়াসিয়া প্রস্তুতার্থে শীতল জল ব্যবহার্য্য। মিশ্র ফাণ্ট্ একটি মাত্র, এ ভিন্ন সমুদায় ফাণ্ট্ অমিশ্র। ফার্ম্মাকোপিয়ায় আটাশটি ফাণ্ট্ আছে।

৭। লাইকর্; সোল্যুশন্, দ্রব। ঔষধের জলীয় দ্রব। ফার্ম্মাকোপিয়ায় আটচল্লিশটি দ্রব আছে।

৮। মিশ্চ্যুরা; মিক্শ্চর্; মিশ্র। জলে অদ্রবনীয় দ্রব্যকে জলের সহিত মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় দশটি মিশ্র আছে

৯। মিউসিলেগো ; মিউসিলেজ্, মণ্ড। ষ্টার্চ অর্থাৎ শ্বেতসার কিম্বা গঁদকে শীতল বা উষ্ণ জলে দ্রব করিলে মণ্ড প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় তিনটি মণ্ড আছে।

১০। ওলিয়ম্ ; অএল্ ; তৈল। উদ্ভিজ্জ দ্রব্যের ফল, পত্র, পুষ্প, ছাল ও বীজাদিকে নিষ্পীড়িত করিলে বা জলের সহিত চুয়াইলে তৈল পাওয়া যায়। ইহারা দুই প্রকার। ১ম, যাহারা গাত্রে লাগাইলে শুষ্ক হইয়া যায় না তাহাদিগকে ফিক্সড্ অএল্ বা স্থায়ী তৈল কহে। যথা, এরণ্ড তৈল। ২য়, যে সকল তৈল গাত্রে লাগাইলে শীঘ্র শুষ্ক হইয়া যায় তাহাদিগকে ভলেটাইল্ অএল্ অর্থাৎ বায়ী তৈল কহে। যথা, ভলেটাইল্ অএল্ অব্ নট্‌মেগ্। অপর, সমুদায় তৈল উদ্ভিজ্জ, কেবল কড্‌লিভার অএল্ জান্তব ও ফস্ফরেটেড্ অএল্ ফস্ফরস্ হইতে প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় চৌত্রিশটি তৈল আছে।

১১। অক্সিমেল্ ; অক্সিমেল্ ; সির্কামধু। মধু ও সির্কায় সহযোগে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় দুইটি অক্সিমেল্ আছে।

১২। পাইল্যুলা ; পিল্ ; বটিকা। বিস্বাদ ও বিকৃত ঔষধকে অল্পমাত্রায় প্রয়োগ করিতে হইলে, গোলাবের খণ্ড, সাবান, গুড় প্রভৃতির সহিত মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিতে হয়। ফার্ম্মাকোপিয়ায় একুশটি বটিকা আছে।

১৩। পলভিস্ ; পৌডর্, চূর্ণ। একাধিক পদার্থকে চূর্ণ পূর্ব্বক একত্রে মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মা-

কোপিয়ায় পোনরটি চূর্ণ আছে। এ ভিন্ন কোন কোন ঔষধকে চূর্ণ পূর্ব্বক ব্যবহার করা যায়।

১৪। স্পিরিটস্; স্পিরিট্; সুরাদ্রব। ঔষধদ্রব্যকে সুরায় দ্রব করিলে কিম্বা চুয়াইলে ইহা প্রস্তুত হয়। প্রায় সমুদায় ঔষধ তৈলের ১ অংশ ৪৯ অংশ শোধিত সুরায় দ্রব করিতে বা চুয়াইতে হয়। স্পিরিট্ ক্লোরোফর্ম্ ২০শ অংশে ১ অংশ ও স্পিরিট্ ক্যাম্ফর্ ১০ অংশে ১ অংশ, শোধিত সুরা আবশ্যক। ফার্ম্মাকোপিয়ায় ১৮টি স্পিরিট্ আছে।

১৫। সকস্; জুস্; রস। ঔষধদ্রব্যের সরস পত্র, ফল ও মূলাদির নিষ্পীড়িত রসের তিন অংশে এক অংশ সোধিত সুরা মিশ্রিত পূর্ব্বক, সপ্তাহান্তে ছাঁকিয়া লইবে। ফার্ম্মাকোপিয়ায় পাঁচটি সকস্ আছে।

১৬। সিরপস্; সিরপ্; পাক। ঔষধদ্রব্যকে শর্করার পাকের সহিত মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় সতরটি পাক আছে।

১৭। টিংচ্যুরা; টীংচর্, অরিষ্ট। ফার্ম্মাকোপিয়ায় অধিকাংশ অরিষ্ট-প্রস্তুত করিতে ২॥০ আং, ঔষধদ্রব্য কুট্টিত ১৫ আং শোধিত বা পরীক্ষিত সুরায় ৪৮ ঘন্টা বা সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া, চাপিয়া সমুদয় দ্রব্য পার্কোলেসন্ দ্বারা ছাঁকিয়া, পরিস্কার সুরা দ্বারা এক পাইন্ট্ পূর্ণ করিবে। অপর, ইহা প্রস্তুত করিতে সুরা ব্যতীত, স্পিরিট্ এমন্ এরোমেটিক্ বা ইথর্ কিম্বা টিংচার্ অব্ অরেঞ্জ্ পীল্ প্রভৃতির আবশ্যক হয়। ফার্ম্মাকোপিয়ায় ৭২ টি অরিষ্ট আছে।

১৮। ট্রোচিস্যাই; লোজেঞ্জেস্; চাক্তি। ঔষধদ্রব্যকে শর্করা, ও গঁদের সহিত মিশ্রিত করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার চাক্তি প্রস্তুত করা যায়। ফার্ম্মাকোপিয়ায় ১২ টি চাক্তি আছে।

১৯। ভেপর্; ইন্হেলেসন্; ধূম। ঔষধদ্রব্যকে শীতল বা উষ্ণ জলে নিক্ষেপ করিয়া উপযুক্ত পাত্রে রাখিয়া তাহার ধূম, শ্বাস দ্বারা গ্রহণকরিতে হয়। ফার্ম্মোকোপিয়ায় পাঁচটি ধূম আছে।

২০। ভাইনম্; ওয়াইন্; আসব। ঔষধদ্রব্যকে সেরি কিম্বা অরেঞ্জ্ ওয়াইনে ৭দিন ভিজাইয়া ছাঁকিয়া লইবে। অপিচ, যে সমুদায় দ্রব্য আসবেদ্রবনীয়, তাহাদিগকে দ্রব করিয়া লইবে। ফার্ম্মাকোপিয়ায় ১১টি আসব আছে।

২১। এসেন্সিয়া; এসেন্স্। ৪ অংশ শোধিত সুরায়, এক অংশ ঔষধ দ্রব্যের তৈল দ্রব করিয়া লইতে হয়। ফার্ম্মাকোপিয়ায় ২টি এসেন্স্ আছে।

২২। ট্যাবিলি; ট্যাব্লেট্। চকোলেট্ মিশ্রিত চাক্তি। ফার্ম্মাকোপিয়ায় ১টি মাত্র এই প্রয়োগরূপ আছে।

২৩। ওলিওরেজিনা; ওলিওরেজিন্। ধুনা ও বায়ী তৈলের মিশ্রনে এই প্রয়োগরূপ প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় ১টী মাত্র ওলিওরেজিন্ আছে।

বাহ্য প্রয়োগ।

১। ক্যাটাপ্লাস্মা; পুল্টিশ্; পুল্টিশ্। পাঁউরোটি, ময়দা বা তিসির খলির সহিত, উষ্ণ জলে কর্দ্দমাকারে

মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়। ইহার কোমলত্ব ও স্নেহ গুণ বৃদ্ধি করণার্থে জলপাইয়ের তৈল ব্যবহৃত হয়। ফার্ম্মাকোপিয়ায় ছয়টি পুল্‌টিশ্‌ আছে।

২। চার্টা; পেপর্‌; কাগজ। ঔষধদ্রব্য কাগজে মাখাইয়া, শুষ্ক করিয়া লইতে হয়। ফার্ম্মাকোপিয়ায় ইহা দুইটি আছে।

৩। এম্‌প্লাষ্ট্রম্‌; প্ল্যাষ্টর্‌; পলস্ত্রা। সাবান, মোম, জলপাইযের তৈল প্রভৃতি ঔষধদ্রব্য পরিমাণানুসারে মিশ্রিত পূর্ব্বক অগ্নি সন্তাপে গলাইলে ইহা প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় ১৪টি পলস্ত্রা গৃহীত হইয়াছে।

৪। এনিমেটা বা এনিমা; ক্লিষ্টর্‌; পিচকারী। শ্বেতসারের মণ্ড অর্থাৎ মিউসিলেজ্‌ অব্‌ ষ্টার্চ্‌ ও জলদ্বারা ঔষধ দ্রব্য মিশ্রিত পূর্ব্বক ইহা প্রস্তুত করিতে হয়। ফার্ম্মাকোপিয়ায় ৫টি পিচ্‌কারী আছে।

৫। গ্লাইসরাইনম্‌; গ্লিসরিন্‌। ঔষধদ্রব্যকে গ্লিসরিন্‌ মিশ্রিত করিয়া মৃদু সন্তাপে দ্রব করিবে। ফার্ম্মাকোপিয়ায় আটটি গ্লিসরিন্‌ আছে।

৬। লিনিমেণ্টম; লিনিমেণ্ট্‌; মর্দ্দন। সুরা, কর্পূর, সাবান ও তৈল ইত্যাদি সহযোগে ইহা প্রস্তুত হয়। এভিন্ন উগ্র অরিষ্ট সকল অর্থাৎ যাহাদের মাত্রা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নাই, তাহারাও এই উদ্দেশে ব্যবহার্য্য। ফার্ম্মাকোপিয়ায় ১৬টি মর্দ্দন আছে।

৭। লোসিও; লোসন্‌; ধৌত। বাহ্য প্রয়োগ। ফার্ম্মাকোপিয়ায় ২টি ধৌত আছে।

৮ মেল্ ; হনি, মধু। ঔষধদ্রব্য মধুর সহিত মর্দ্দন করিয়া লইতে হয়। ফার্ম্মাকোপিয়ায় একটি মাত্র মেল্ আছে।

৯। সপোজিটোরিয়া ; সপোজিটরি। গুহ্যমধ্যে ঔষধ প্রয়োগ করাকে সপোজিটরি কহে। অয়েল্ অব্ থিয়েব্রোমা, চর্ব্বি, মোম, প্রভৃতি ইহাদের প্রধান উপকরণ। ফার্ম্মাকোপিয়ায় আটটি সপোজিটরি আছে।

১০। অঙ্গুয়েণ্টম্ ; অইণ্ট্মেণ্ট্ ; মলম। ঔষধদ্রব্যকে মোম, চর্ব্বি, প্যারাফিন্ প্রভৃতির সহিত উষ্ণ বা মর্দ্দন করিয়া মিশ্রিত করিতে হয়। ফার্ম্মাকোপিয়ায় ৪৩টি মলম আছে।

১১। ইঞ্জেক্‌শিয়েন্স্ হাইপোডার্ম্মিকা, হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্‌শন্স্ ; ত্বক্‌নিম্নস্থ ঝিল্লিমধ্যে সূক্ষ্ম পিচকারী দ্বারা ঔষধ প্রয়োগ। ফার্ম্মাকোপিয়ায় তিনটি হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্‌শন্ আছে।

১২। ল্যামিলি ; ডিস্ক্, ক্ষুদ্র চাক্তি। জেলেটিন্ ও গ্লিসরিন্ সংযুক্ত ক্ষুদ্র চাক্তি। ইহার প্রত্যেকের ওজন ১/২ গ্রেণ, ও ইহা ফার্ম্মাকোপিয়ায় ৩টি আছে।

১৩। ওলিয়েটম্ ; ওলিয়েট্। ঔষধপদার্থকে ওলিয়িক্ এসিডে দ্রব করিয়া প্রস্তুত হয়। ফার্ম্মাকোপিয়ায় ২টি ওলিয়েট্ আছে।

ঔষধের ক্রিয়াদির বিবরণ।

অল্টারেটিব্‌স্ বা পরিবর্ত্তক। যে সকল ঔষধ দ্বারা রক্তের এবং শরীরের অন্যান্য গঠনের দূষিত অবস্থার

পরিবর্ত্তন বা শোধন হয় তাহাদিগকে পরিবর্ত্তক কহে। ইহারা পুরাতন রোগে, অল্পমাত্রায় দীর্ঘকাল সেবনীয়। যথা আর্সেনিক্; পারদ; পটাশ অইওডাইড্, আইডিন্; কড্লিভার অএল্ ইত্যাদি।

এনিস্থেটিক্স্ বা স্পর্শহারক। ইহাদিগের স্থানিক ব্যবহারে স্পর্শ শক্তির হ্রাস বা লোপ এবং আঘ্রাণ দ্বারা চৈতন্য লোপ হয়। প্রথমোক্ত উদ্দেশে একোনাইট্; বেলাডনা; ইথর্; কার্ব্বলিক এসিড্ এবং শেষোক্ত উদ্দেশে ক্লোরফর্ম্; ইথর্, ইত্যাদি।

এনাফ্রোডিসিয়াক্‌স্, কামনাশক। এই শ্রেণীস্থ ঔষধ ব্যবহারে জননেন্দ্রিয়ের উগ্রতা হ্রাস এবং কামনিবারিত হয়। ইহারা ২ শ্রেণীতে বিভক্ত। ১ম, ডাইরেক্ট্ এনাফ্রোডিসিয়াক্স, যথা, কর্পূর, কোনিয়াই, ব্রোমাইড্, ইত্যাদি। ২য় ইন্‌ডাইরেক্ট্ এনফ্রোডিসিয়াক্স্, দীর্ঘকাল ক্ষার সেবন, ধমনীক ও স্নায়বীয় অবসাদক ঔষধ সকল।

এণ্টাসিড্‌স্, অম্লনাশক বা ক্ষার। এই শ্রেনীস্থ ঔষধ রাসায়নিক সম্মিলন দ্বারা পাকস্থলী ও অন্ত্রস্থিত অম্ল নষ্ট করিয়া ক্রিয়া প্রকাশ করে। ইহাদিগের সহিত বলকারক ঔষধ ব্যবস্থেয়, যদ্বারা পাকস্থলী ও অন্ত্রের দৌর্ব্বল্য ও বিকৃত অবস্থার সংসোধন হয়। অম্ল বাষ্পাকৃতিতে অবস্থিত হইলে এমোনিয়া ও পটাশ্ উপকারক, এবং নিম্নস্থিত অন্ত্রে অম্ল থাকিলে, ম্যাগ্নিশিয়া ও চূর্ণ উপকারক, কারণ উহারা বিলম্বে অন্ত্রস্থিত রস দ্বারা দ্রবিভূত হইয়া কার্য্য করে। অপর, অম্ল সকল যখন মূত্র যন্ত্রে অবস্থান করে, তখন এমোনিয়া ব্যতিত ক্ষার

সমূহ মূত্র কারক হইয়া উপকার করে। দুর্ব্বল ও বৃদ্ধ ব্যক্তির পক্ষে এমোনিয়াদি উত্তেজক ক্ষার বিশেষ উপকারক। অম্ল-নাশক ঔষধ যথা, কার্ব্বনেট্ অব্ এমোনিয়া; ক্ষার ও তাহাদের কার্ব্বনেট্; কাল্সিয়ম্, ইত্যাদি। মূত্র যন্ত্রে অম্ল থাকিলে এসিটেট্; টার্ট্রেট্, সাইট্রেট্, লিথিয়া, ইত্যাদি।

এন্থেল্মেণ্টিক্স্, কৃমিনাশক। এই সমুদায় ঔষধ তিন শ্রেনীতে বিভক্ত। ১ম, ডাইরেক্ট্ বা ভার্মিসাইড্স্ অর্থাৎ কৃমিনাশক। ইহাদিগের দ্বারা কৃমি ধ্বংস হয়, যেমন টার্পিন্. স্যাণ্টোনিন্, ইত্যাদি। ২য়; ইন্ডাইরেক্ট্ বা ভার্মি-ফিউজ্ অর্থাৎ কৃমিনিঃসারক। রেচক ঔষধ দ্বারা ইহারা অন্ত্র হইতে বহির্গত হয়। যথা, জ্যালাপ্; স্ক্যামনি, ক্যালো-মেল্ ইত্যাদি। ৩য়, ওয়ার্ম প্রিভেণ্টিভ্স্ অর্থাৎ কৃমি নিবারক ঔষধ। কৃমি সমূহ নিঃসৃত হইবার পর ইহারা ব্যবহার্য্য। কদর্য্য আহার ইত্যাদিতে অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লির রসের অপকৃষ্টতাই ইহার প্রধান কারণ। সুপথ্যাদি আহার, উদ্ভি-জ্জ তিক্ত বলকারক ঔষধ, মিনারেল্ এসিড্ প্রভৃতি ব্যবহার করিলে অধিক শ্লেষ্মা নিঃসৃত হয় না সুতরাং অন্ত্রে কৃমি জন্মিতে পারে না। অপর, কৃমিনাশক ঔষধ রাত্রে শয়ন কালিন ব্যবস্থেয় ও প্রাতে বিরেচক ঔষধ ব্যবস্থা করিবে।

এণ্টিস্প্যাজ্মডিক্স্, আক্ষেপ নিবারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা পেশিদিগের আক্ষেপ (স্প্যাজম্) নিবারিত হয়। ইহারা দুই প্রকার, ১ম, ডাইরেক্ট্ এএণ্টিস্প্যাজ্ মডিক্স্, অর্থাৎ ইহারা কশেরুকা মজ্জা প্রভৃতির বলবৃদ্ধি করিয়া আক্ষেপ নিবা-রণ করে। যথা এমন্কার্ব্ব্, হিঙ্গু, কর্পূর, ইথর্, ইত্যাদি।

২য়; ইন্‌ডাইরেক্ট্; ইহারা স্নায়বীয় ও মাস্তিষ্ক অবসাদক হইয়া আক্ষেপ নিবারণ করে। যথা—ব্রোমাইড্; ভেলি-রিয়েন্, ক্লোরাল্, ক্লোরোফর্ম্, ইত্যাদি।

এণ্টিপ্রাইমোটিক্স্, অন্তরুৎসেচনাপহ। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা মনুষ্যদেহস্থ আণুবীক্ষণিক উদ্ভিজ্জ কীট সমূহকে নষ্ট করে। পচন নিবারক ও সংক্রমাপহ ঔষধসকল এই শ্রেণীস্থ।

এফ্রোডিসিয়াক্স; কামোদ্দীপক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা কামোদ্দীপন ও রতিশক্তি বৃদ্ধি হয়। যথা গাঁজা,, ফস্ফরস্, ষ্ট্রিক্‌নিয়া; ক্যান্থারিস্, ইত্যাদি।

এণ্টিএমেটিক্স্, বমন নিবারক। ইহাদিগের দ্বারা বমন নিবারণ হয়। যথা, বিস্‌মথ্,বরফ,ক্রিয়োজোট্, ক্লোরোফর্ম্, হাইড্রোসিয়ানিক্ এসিড, ব্রোমাইড্, ক্লোরাল্, ইত্যাদি।

এণ্টিপিরিয়ডিক্স্, পর্য্যায়নিবারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা সপর্য্যায় রোগ সমূহ (পালাজ্বর) উপশমিত বা নিবারিত হয়। যথা—সিন্‌কোনা ও উহার বীর্য্য, বেবী-রিন্, আর্সেনিক্, স্যালিসিলেট্, ইত্যাদি।

এণ্টিপাইরেটিক্স্, জ্বরঘ্ন বা উত্তাপহারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা জ্বরীয় উত্তাপাধিক্য হ্রাস হয়। যথা, কুইনাইন্, এণ্টিফেব্রিন্ ও এণ্টিপাইরিন্, ফিনাসিটিন্, ইত্যাদি।

এষ্ট্রিঞ্জেণ্টস্, সঙ্কোচক। সঙ্কোচক ঔষধ দ্বারা শারীর বিধানিক পরমাণু সমূহের সঙ্কোচন হয়। পার্থিব ও উদ্ভিজ্জ অম্ল-সমূহেরও এই গুণ থাকা প্রযুক্ত উহারাও এই শ্রেণীভুক্ত। যথা, গ্যালিক্ ও ট্যানিক্ এসিড্,লৌহ, তুঁতিয়া, খদীর, ইত্যাদি।

কার্মিনেটিভস্, বায়ুনাশক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা

অন্ত্রস্থিত বায়ু নাশ করিয়া থাকে। যথা—সুগন্ধ তৈল, ক্লোরোফর্ম্, ইত্যাদি।

ক্যাথার্টিক্স্, বিরেচক। যদ্দ্বারা অন্ত্রের সঙ্কোচন এবং নিঃসরণ ক্রিয়া বৃদ্ধি করিয়া বৃহৎ ও সরলান্ত্রের বদ্ধ মল সমূহকে নিঃসৃত করে তাহাদিগকে বিরেচক কহে। ইহারা তিন প্রকার। ১ম, ল্যাক্সেটিভস্ বা মৃদুবিরেচক। ইহাদের সেবনে অল্প পরিমাণে ভেদ হয়, এবং অন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লিতে উগ্রতা প্রকাশ পায় না। ২য়, পার্গেটিব্স্ বা বিরেচক,ইহাদিগের ব্যবহারে অপেক্ষাকৃত অধিক পরিমাণে দাস্ত হয়। ৩য়, ড্রাষ্টিক্ পার্গেটিব্স্ বা অতি বিরেচক। ইহাদের ক্রিয়া অতি তীক্ষ্ণ এবং সেবনে অধিক ভেদ হয় ও অন্ত্রে বিশেষ উগ্রতা প্রকাশ করে। যদ্দ্বারা জলবৎ ভেদ হয় তাহাদিগকে হাইড্রোগোগ্ পার্গেটিব্ কহে।

বিরেচকের উদ্দেশ্য।

গর্ভবতী, শিশু, বৃদ্ধ ও ক্ষীণ ব্যক্তিদিগের পক্ষে বিরেচক ঔষধ অতি সাবধানে প্রযোজ্য। অন্ত্র ও অন্ত্রাবরণ প্রদাহ এবং স্ত্রীলোকের ঋতুকালে বিরেচক অবিধেয়। বিরেচকের উদ্দেশ্য অন্ত্র হইতে বদ্ধমল ও উগ্রপদার্থকে নির্গত করা। যকৃৎ, পিত্ত, ক্লোমরস, শোষকশিরা ও অন্যান্য স্রাবণ গ্রন্থির ক্রিয়া বর্দ্ধন, রক্ত সংস্করণ ইত্যাদি। মৃদু বিরেচক। যথা—বেল, তেঁতুল, গন্ধক, ইত্যাদি। বিরেচক। যথা, ম্যানা, রেউচিনি, বিরেচক লবণ, ইত্যাদি। অতি বিরেচক। যথা—জয়পাল, ইন্দ্রবারুণী, গ্যাম্বোজ্, ইত্যাদি।

কলেগগ্স্, পিত্তনিঃসারক। ইহারা দুই প্রকারে কার্য্য করে। ১ম, সাক্ষাৎ পিত্ত নিঃস্মারক। অর্থাৎ যে সমুদায় ঔষধ সেবনে যকৃতের ক্রিয়া বৃদ্ধি হয়। যথা, পারদ ঘটিত ঔষধ. ক্লোরিন্,ট্যারাক্সেকম্, ইত্যাদি। ২য়, পরস্পরিত্ত পিত্তনিঃসারক। যে সমুদায় ঔষধ বমন কারক ও বিরেচক অর্থাৎ যাহারা অন্ত্রে প্রকাশ পায়। যথা—জ্যালাপ্, স্ক্যামনি, বমন কারক ঔষধসকল, ইত্যাদি।

ডিমল্সেণ্ট্স্, স্নিগ্ধকারক। উগ্রপদার্থের উগ্রতার হ্রাস এবং কটুতা নিবারণই ইহাদের গুণ। ইহারা স্থানিক আর্দ্রতা ও শৈথিল্য সম্পাদন এবং উগ্রতার হ্রাস এবং প্রদাহ স্থানে আবরক হইয়া উপকার করে। যথা—আরবি গঁদ্, ট্রাগাকান্থ্; জলপাইয়ের তৈল, গ্লিসারিন্, ইত্যাদি।

ডায়েফোরেটিক্স্; স্বেদ বা ঘর্ম্ম কারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি হয়। ইহারা ত্রিবিধ উপায়ে কার্য্য করে। ১ম, স্বেদ গ্রন্থিগণের ক্রিয়া বৃদ্ধি করিয়া; ২য়, চর্ম্মস্থ শিরা সকলের শৈথিল্য সম্পাদন করিয়া। ৩য়, চর্ম্মস্থ শিরা সমূহে অধিক পরিমাণে রক্ত সঞ্চালন হইয়া। এই শ্রেণীস্থ ঔষধ। যথা—ইপেকাকুয়ানা, টার্টার্ এমেটিক্, স্কুইল্, অহিফেন, ইত্যাদি।

ডিস্ইন্ফিক্ট্যাণ্ট্স্, সংক্রমাপহ। যে সমুদায় ঔষধ দ্বারা দূষিত এবং বিষাক্ত বায়ু প্রভৃতি নষ্ট হয়, তাহাদিগকে সংক্রমাপহ কহে। যথা—পটাশি পার্ম্যাঙ্গ্যানাস্, সোডা ও জিঙ্ক্ সোল্যুশন্, ইত্যাদি।

ডায়ুরেটিক্স্, মূত্রকারক। যে সকল ঔষধ দ্বারা মূত্র

গ্রন্থির ক্রিয়া বৃদ্ধি হইয়া, প্রস্রাবের পরিমাণ অধিক হয় তাহাদিগকে মূত্রকারক কহে। যথা, স্কুইল্, ডিজিটেলিস্, জুনিপরিস্, সমুদায় পটাস্, ইত্যাদি।

এমেটিক্স্, বমন কারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা পাকাশয়স্থ সমুদায় পদার্থ উদ্গারিত হয়। পেশী সকলের শৈথিল্যোৎপাদন ও পাকাশয়স্থ অহিতকর ও বিষাক্ত পদার্থ সমূহ নির্গত করণোদ্দেশে ইহারা ব্যবহার্য্য। যথা, ইপেকাকুয়ানা, তুঁতিয়া, সল্‌ফেট্ অব্ জিঙ্ক্, ইত্যাদি।

এমিনেগগ্‌স্, রজনিঃসারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা রজোল্পতা হইলে বৃদ্ধি, রুদ্ধ হইলে নিঃসারণ ও বিকৃত হইলে প্রকৃতাবস্থায় আনিত করে। যথা, আর্গট্, সোহাগা, মুসব্বর, লৌহ ঘটিত ঔষধ, ইত্যাদি।

এমলিয়েণ্ট্‌স্, শিথিলকারক। এই শ্রেণীস্থ ঔষধ কোন প্রদাহিত স্থানে প্রয়োগ করিলে কোমল, আর্দ্র, উষ্ণ ও শৈথিল্য সম্পাদন করে, এবং বায়ু ও অপরাপর বাহ্যিক পদার্থ হইতে রক্ষা করিবার নিমিত্ত ইহারা ব্যবহৃত হয়। যথা, একেসিয়া, লার্ড, মোম, যব, বাদাম তৈল, ইত্যাদি।

এপিস্প্যাষ্টিক্স্, ফোস্কাকারক। ইহাদিগকে ব্লিষ্টার্স্ বা ভেসিকেণ্ট্‌স্ বলে। শরীরে সংলগ্ন করিলে প্রথমে প্রদাহ ও পরে ফোস্কা উৎপন্ন হয়। যথা, কার্ব্বলিক্ এসিড্, ক্যান্থারিস্, ষ্ট্রংসোল্যুশন্ অব্ এমোনিয়া, ইত্যাদি।

এর্হিনস্ বা ষ্টর্‌নিউটেটোরিস্, ক্ষুৎকারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা নাসারন্ধ্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজিত হয়, তন্নিবন্ধন হাঁচি ও নাসিকা হইতে জল নির্গত হয়।

ইহাদের দ্বারা নাসা রন্ধ্রের আর্দ্রতা হয়। চক্ষু ও শিরঃপীড়া, কর্ণরোগ ও মূর্চ্ছাদিতে উপকার করে। যথা—রোজ্‌মেরি, ইপেকাকুয়ানা, টোব্যাকো, ইত্যাদি।

এক্স্‌পেক্টোরেণ্ট্‌স্, কফনিঃসারক। এই সমুদায় ঔষধ দ্বারা শ্বাস নালী ও ফুস্‌ফুস্ মধ্যস্থ শ্লৈষ্মিক ঝিল্লি হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা নিঃসৃত হয়। ইহারা দুই শ্রেণীতে বিভক্ত। ১ম, নসিয়েণ্ট্ এক্স্‌পেক্টোরেণ্ট্‌স্ বা অবসাদক-কফ নিঃসারক। ইহারা শ্বাস যন্ত্রাদিতে প্রদাহ ও কাশের প্রথমাবস্থায় ব্যবহার্য্য। যথা, টার্টার,এমেটিক্, ইপেকাকুয়ানা ইত্যাদি। ২য়, ষ্টিমিউলেটিং এক্স্‌পেক্টোরেণ্ট্‌স্ বা উত্তেজক কফ নিঃসারক। শ্বাস যন্ত্রাদির প্রদাহ হ্রাসান্তে ইহাদের ব্যবহার করিতে হয়। যথা—স্কুইল্, এমোনায়েকম্, ইত্যাদি।

হিপ্নটিক্স্ বা সপোরিফিক্স্, নিদ্রাকারক। যে সমুদায় ঔষধ দ্বারা নিদ্রা উপস্থিত হয়। অবসাদক ঔষধ সমুহ এই শ্রেণীস্থ। যথা—অহিফেন, ক্লোরাল্, ব্রোমাইড্, ইত্যাদি।

লিথণ্ট্রিপ্টিক্স্ বা এণ্টিলিথিক্স্, অশ্মরী নাশক। ইহা তিন প্রকারে জন্মিতে পারে। ১ম, প্রস্রাবে অম্লাধিক্য হইয়া ইউরিক্ এসিড্ অশ্মরী। ২য়, ক্ষারাধিক্য হইয়া ফস্ফেট্ যুক্ত অশ্মরী। ৩য়, অগ্নিমান্দ্য ও স্নায়বীয় ক্ষীণতা প্রযুক্ত অক্সালিক্ এসিড্ অশ্মরী জন্মিতে পারে। অতএব ক্ষার দ্বারা অম্ল ও অম্ল দ্বারা ক্ষার এবং বলকারক ঔষধ ও দ্রাবক দ্বারা অগ্নিমান্দ্য প্রভৃতির সাম্য হইয়া থাকে, সুতরাং ইহাদিগকে অশ্মরী নাশক কহে।

মিড্রিয়্যাটিক্স্, কণীনিকা প্রসারক। যদ্বারা কণীনিকা বৃহৎ বা প্রসারিত হয়। ইহারা চক্ষু, রোগে (ছানি চক্ষু প্রদাহাদি) ব্যবহার্য্য। যথা, এট্রোপিয়া, কোকেন্, ইত্যাদি।

মাইয়োটিক্স্, কণীনিকা সংকোচক। যদ্বারা কনীনিকা কুঞ্চিত হয়। যথা—মর্ফিয়া, ক্যালেবার্‌বীন্, ইত্যাদি।

নার্কোটিক্স্, (হিপ্নটিক্স্, সপোরিফিক্স্, এনোডাইন্স্।) মাদক। যে সমুদায় ঔষধ দ্বারা মস্তিষ্কের উত্তেজনা বশত মত্ততা ও অচৈতন্য সম্পাদিত হয়। ইহারা আক্ষেপের হ্রাস, ও নিদ্রা কারক এবং বেদনা নিবারক। যথা—বেলাডনা, অহিফেন, গাঁজা, ক্লোরাল্, ইত্যাদি।

পষ্টিউল্যাণ্ট্স্। যে সকল ঔষধ দ্বারা পুয় গুটিকা বা ফুস্কুড়ি সমূহ উৎপন্ন হয়, তাহাদিগকে পষ্টিউল্যাণ্ট্স্ কহে। যথা—টার্টার এমেটিক্, জয়পালের তৈল, ইত্যাদি।

রিফ্রিজারেন্টস্ শৈত্যকারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা ধমনী ও হৃৎস্পন্দন হ্রাস হয় ও তৎসহিত শরীরের উষ্ণতার হ্রাস ও শ্বাস প্রশ্বাস ক্রিয়া মন্দ হয়। প্রদাহ, ধমনীর চাঞ্চল্য ও শরীরের উত্তাপ হ্রাসার্থে ইহারা ব্যবহার্য্য। যথা, এসিটম্, সোরা, দ্রাক্ষা ও জম্বীরাম্ল, ইত্যাদি।

রূবিফেসিয়েণ্ট্স্, চর্ম্মপ্রদাহক। ইহাদের চর্ম্মে সংলগ্ন করিলে প্রদাহ হয় এবং অধিকক্ষণ রাখিলে ফোস্কা উৎপাদন করে। ইহারা অবসন্নাবস্থায় উত্তেজনার্থ এবং পুরাতন প্রদাহ ও আক্ষেপ জনক রোগে প্রত্যুগ্রতা সাধক হইয়া উপকার করে। যথা—এমোনিয়া, মষ্টার্ড, ইত্যাদি।

সিডেটিভস্,(কামেটিভ্, কণ্ট্রাষ্টিমিউল্যাণ্ট্স্) অবসাদক।

এই শ্রেণীস্ত ঔষধ দ্বারা জীবনী শক্তি ও উহার ক্রিয়ার অবসন্নতা হয়, এবং ইহারা উত্তেজকের বিপরীত কার্য্য করে। ইহাদিগকে পাঁচ শ্রেণীতে বিভক্ত করা যায়। ১ম, জেনারেল্ বা সার্ব্বাঙ্গিক অবসাদক। ইহারা দেহের সর্ব্বত্র সমানভাবে ক্রিয়া প্রকাশ করে। যথা, অহিফেন, হাইড্রোসিয়ানিক্ এসিড্, ইত্যাদি। ২য়, আর্টিরিয়েল্ বা ধামনীক অবসাদক। ইহারা ধমনী ও হৃৎপিণ্ডের স্পন্দন লাঘব করে। যথা—দ্রাক্ষা ও জম্বীরাম্ল, লেড্, ইত্যাদি। ৩য়, নার্ভস্ বা স্নায়বীয় অবসাদক। ইহারা স্নায়ু মণ্ডলের ক্রিয়ার হ্রাস করে। যথা, একোনাইট, ডিজিটেলিস্ ইত্যাদি। ৪র্থ, সেরিব্রেল্ বা মাস্তিষ্ক অবসাদক। ইহা কশেরুকামজ্জা, মস্তিষ্ক প্রভৃতির উপর ক্রিয়া প্রকাশ পায়। যথা, ক্লোরোফর্ম্, ডাইল্যুটেড্ হাইড্রোসিয়ানিক্ এসিড্, ইত্যাদি। ৫ম, স্পাই-ন্যাল্ বা কশেরুকা মাজ্জেয় অবসাদক। ইহাদিগের ক্রিয়া, কশেরুকা মজ্জার প্রত্যাবৃত্ত ক্রিয়ার উপর প্রকাশ পায়; কাশেরুকা মজ্জার প্রদাহ ও উগ্রতায় এবং আক্ষেপ জনক রোগে ইহারা ব্যবহার্য্য। যথা,—ক্যালেবারবীন্ ও ইসিরীন্।

সায়েলোগগস্, লালনিঃসারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা মুখ মধ্যে অধিক পরিমাণে শ্লেষ্মা বা লালা নিঃসৃত হইয়া থাকে। ইহারা দুই প্রকার। প্রথম, ইহাদের ক্রিয়া স্থানিক রূপে প্রকাশ পায়, অর্থাৎ ইহাদের মুখ মধ্যে রাখিলে উহারা লালা গ্রন্থি ও শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজিত করিয়া অধিক পরিমাণে লাল নিঃসরণ করে। ইহাদিগকে ডাইরেক্ট্ সায়ে-লোগগস্ কহে। যথা—পাইরিথ্রাইরুট্, জিঞ্জার্, ইত্যাদি। ২য়,

রিমোট স্যায়েলোগগ্‌স্‌। ইহারা আভ্যন্তরিক সেবনে শোষিত হইয়া লালা গ্রন্থিবর্গকে উত্তেজিত করিয়া লাল নিঃসরণ করে। যথা, পারদ, পটাশ্‌ আইওডাইড্‌ ইত্যাদি।

ষ্টিমিউল্যাণ্ট্‌স্‌ উত্তেজক। যদ্দ্বারা দেহের বা শরীরের কোন যন্ত্রের, ক্রিয়ার উত্তেজন শক্তি বৃদ্ধি হয় তাহাকে উত্তেজক কহে। ইহারা দুই প্রকার। ১ম, পার্মেনেণ্ট্‌ বা স্থায়ী উত্তেজক। ইহাদের ক্রিয়া ক্রমশ প্রকাশ পাইয়া অধিকক্ষণ স্থায়ী হয়। ২য়, ডিফিউসিব্‌ল্‌ বা অস্থায়ী উত্তেজক। ইহারা অনতি বিলম্বে ক্রিয়া প্রকাশ পূর্ব্বক শীঘ্রই পর্য্যবসিত হয়। ইহারা যান্ত্রিক ক্রিয়ানুসারে পাঁচ প্রকার। যথা—

১ম। জেনারেল্‌ বা ব্যাপ্ত উত্তেজক। ইহাদের ক্রিয়া দেহের সর্ব্বত্র সমানভাবে প্রকাশ পায়। যথা—এল্কোহল্‌, উত্তাপ, ইথর্‌, ইত্যাদি।

২য়। আর্টিরিয়াল্‌ বা ধামনীক উত্তেজক। ইহাদের ক্রিয়া হৃৎপিণ্ড এবং রক্তবহানাড়ী দিগের উপর বিশেষরূপে প্রকাশ পায়। কোন কারণ বশতঃ হৃৎপিণ্ডের ক্রিয়ার উত্তেজনার্থ ইহাদের ব্যবহার করিলে, তখন ইহাকে কার্ডিয়াক্‌ ষ্টিমিউলেট্‌ বলা যায়। যথা—এমোনিয়া, টার্পিন্‌, ব্রাণ্ডি, ইত্যাদি।

৩য়। নার্ভস্‌ বা স্নায়বীয় উত্তেজক। ইহারা স্নায়ু মণ্ডলের উপর ক্রিয়া প্রকাশান্তর উহাদের দৌর্ব্বল্য ও বৈষম্য বশতঃ আক্ষেপ নিবারণ করে। স্নতদ্ধেতু ইহাকে আক্ষেপ নিবারকও কহে। যথা—কস্তুরী, হিঙ্গু, ইত্যাদি।

৪র্থ। সেরিব্রাল্ বা মাস্তিষ্ক উত্তেজক। ইহাদের ক্রিয়া মস্তিষ্কোপরি বিশেষরূপে প্রকাশ পায়। মাত্রার তারতম্যানুসারে ইহাদের সেবনে, মস্তিষ্কে ন্যূনাধিক পরিমাণে রক্তাধিক্য হয়, ও এই রক্তাধিক্যানুযায়ী মনোবৃত্তি সমূহ প্রফুল্ল ও উত্তেজিত, মস্তিষ্কের ক্রিয়ার বিশৃঙ্খলতা, মত্ততা, সুষুপ্তি ও অচৈতন্যাদি লক্ষণ প্রকাশ পায়। ইহাদের মাদক, নিদ্রাকারক, আক্ষেপ নিবারক প্রভৃতি গুণ আছে। যথা—গাঁজা, অহিফেন, সুরা, ইত্যাদি।

৫ম। স্পাইন্যাল্ ষ্টিমিউলেন্ট্স্, কশেরুকা মাজ্জেয় উত্তেজক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা কশেরুকা মজ্জার (রিফ্লেক্স্ অ্যাক্সন্) প্রত্যাবৃত্ত ক্রিয়ার উত্তেজন হয়। কশেরুকা মজ্জার দুর্ব্বলাবস্থায় ইহারা ব্যবহৃত হয়। যথা—কুঁচিলা, ষ্ট্রিক্নিয়া, ইত্যাদি।

ষ্টিপ্টিক্স্, রক্তরোধক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা রক্তস্রাব রোধ হয়। যথা—কোল্ড্; সমুদায় এসিড্, (বিশেষতঃ গ্যালিক্ ও ট্যানিক্) সঙ্কোচক ঔষধ, আর্গট্, ইত্যাদি।

টনিক্স্, বলকারক। এই শ্রেণীস্থ ঔষধ সেবনে পরিপাক ও ক্ষুধা বৃদ্ধি হয়, শরীর ও জীবনী শক্তির মাধুর্য্য এবং স্নায়ু শক্তি পরিবর্দ্ধিত ও নাড়ী বলবতী হয়। শরীর দুর্ব্বল ও শীর্ণ হইলে বলকারক পথ্য, কড্লিভার্ অএল্, রক্তাম্লত্বায়, লৌহ ঘটিত ঔষধ ইত্যাদি ব্যবহার্য্য।

ইউটেরাইন্ মোটর্ ষ্টিমিউল্যান্ট্স্, (একবলিক্স্) জরায়ু সঙ্কোচক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা জরায়ুর সঙ্কোচন বৃদ্ধি হয়। ইহাদের ক্রিয়া জরায়ুস্থ পেশী সমূহের উপর

প্রকাশ পায় এবং তাহাতে গর্ভস্থ সন্তানাদি নির্গত হইয়া থাকে। যথা—গাঁজা, আর্গট্, সোহাগা, ইত্যাদি।

ভেসিকেণ্ট্স্, ফোস্কাকারক। এপিস্প্যাষ্টিক্ দেখ।

এণ্টিসেপ্টিক্স্, পচন নিবারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা পচন নিবারণ হয়। যথা—কার্বলিক্, সল্‌ফিউরস্, বোরিক্ ও স্যালিসিলিক্ এসিড্, আইওডোফর্ম্, ইত্যাদি।

ডিওডোরাইজার্স, দুর্গন্ধ হারক। এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা দুর্গন্ধ নাশ হইয়া থাকে। যথা—ক্লোরিন্, অঙ্গার-চূর্ণ, পার্ম্যাগ্যানেট্ অব্ পটাশ্, ইত্যাদি।

ঔষধের নাম ও মাত্রা।	ক্রিয়াদি।	ব্যবহার ও প্রয়োগ রূপ।
একেশিয়া গমাই। (১০-৬০ গ্রেণ) (আরবি গঁদ)	স্নিগ্ধ ও আর্দ্রকারক। ঈষৎ সঙ্কোচক এবং আবরক। (মূত্র এবং জননেন্দ্রিয়ের বিবিধ পীড়ায়, উদরাময়, অতিসার, কাশরোগে, উগ্রবিষ সেবনে বিধাক্ত হইলে ব্যবহার্য্য)।	(চূর্ণ, মণ্ডবা মিশ্রপ্রভৃতির সহিত) মিউসিলেগো একেশিয়া, খটিকা ও গোয়েসাই মিশ্র, ট্রাগাকান্থ ও বাদামাদি চূর্ণ এবং সমুদায় চাক্তি প্রস্তুতার্থে ব্যবহার্য্য।
এসিটম্। (সির্কা) (১ ড্রাং-১ আং)	শৈত্যকারক।	(জলের সহিত) এম্প্লাষ্ট্রম্ সেপনিস্ ফস্কম্ প্রস্তুতার্থে। এসিটম্ ২টি। ক্যান্থারাইডিস্ ও সিলি।
ঐ ক্যান্থারাইডিস্। ... ... (লাইকর্লিটি)	ফোস্কাকারক। ...	(আক্রান্ত স্থানে তুলি দ্বারা) ক্যান্থারিস্ ২, গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড ২, এসিটিক্ এসিড পূর্ণার্থে ২০ ভাগ।

ঔষধের নাম ও মাত্রা।	ক্রিয়াদি।	ব্যবহার ও প্রয়োগ রূপ।
এসিটম্ সিলি (১৫ ৪০ মিং) ...	উত্তেজক, মূত্রকারক, কফ-নিঃসারক।	(মিশ্র) স্কুইল্ ২॥০ ভাগ, জলমিশ্র সির্কা দ্রাবক ২০ ভাগ।
এসিডম্ এসিটিকম্ (পিউরিফাএড্-পাইরোলিগ্নস্ এসিড্)	দাহক, উগ্রতাসাধক। ...	এসিডম্ এসিটিকম্ ডাইল্যুটম্ এবং সির্কামধু প্রস্তুতার্থে।
ঐ ঐ ডাইল্যুটম্ (১ড্রাং-১আং) (জল মিশ্র সির্কাম্ল।)	শৈতকারক, অবসাদক, ক্ষার-নাশক।	এসিড ১ ভাগ, পরিশ্রুত জল ৭ ভাগ।
ঐ ঐ গ্লেসিয়েলি। ...	উগ্রতাসাধক, দাহক।	(তুলি দ্বারা) ক্রিয়েজোট্ মিশ্র, লিনি-মেণ্টম্ টেরিবিন্থ এসিটিকম্ প্রস্তুতার্থে।
ঐ আর্সেনিওসম্। (১/৬০-১/১২ গ্রেণ) {শঙ্খ বা শেঁকো বিষ, হোয়াইট্ আর্সেনিক্।}	পরিবর্ত্তক, পর্য্যায় নিবারক, বলকারক।	লাইকর্ আর্সেনিকেলিস্, ও লাইকর্ আর্সেনিয়াই হাইড্রোক্লোরিকস্।
ঐ বোরিকম্। (৫-৩০ গ্রেন) (বোরাসিক্ এসিড্।)	অন্তরুৎসেচদাপহ, পচন নিবা-রক (চর্ম্মরোগ,মুখক্ষতাদিতে।)	(চূর্ণ) অঙ্গুয়েণ্টম্ এসিডাই বোরিসাই।

সরল ভৈষজ্য তত্ত্ব।

প্রথম খণ্ড।

একেসিয়া গমাই; গম্ একেসিয়া; আর্‌বি গঁদ।

মাত্রা, ২০—৬০ গ্রেণ। চূর্ণ ও মণ্ডের সহিত।

আফ্রিকা, উত্তমাশা অন্তরীপ, বোম্বাই প্রভৃতি দেশজাত লিগিউমিনোসি জাতীয় একেসিয়া বেরা, সেনোগল্, আরেবিকা ও অন্যান্য একেসিয়া বৃক্ষ হইতে নির্গত গঁদ বিশেষ। ½-১ ইঞ্চ্ দীর্ঘ, উজ্জ্বল, স্বচ্ছ, শ্বেতাভ ধূসরবর্ণ, খণ্ড সকল; ভঙ্গুর, গন্ধাস্বাদ হীন, জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—স্নিগ্ধ ও আর্দ্রকারক, আবরক, পোষক, উগ্রতাহারক, কথিত আছে যে ইহার সারাংশ আরেবিনের কিঞ্চিৎ সঙ্কোচকগুণ আছে। উদরাময়, অতিসার, কাশ এবং মূত্র যন্ত্রের বিবিধ পীড়ায়, উগ্র বিষ সেবনে বিষাক্ত রোগীর গলদেশ ও পাকাশয়ের উগ্রতা হ্রাস করিয়া বিশেষ উপকার করে। দগ্ধ স্থানে ইহার মণ্ড লাগাইলে, ক্ষতস্থানের জ্বালা যন্ত্রণাদির লাঘব হয়। জলৌকা দংশিত অথবা অন্যান্য কারণে ক্ষতস্থান হইতে কিম্বা বিবিধ আভ্যন্তরিক রক্তস্রাবে ইহা বিশেষ ফলোপদায়ক। ভগ্নাস্থি ঋজু করণান্তর ইহার মণ্ডে খটিকা চূর্ণ মিশ্রিত করিয়া ব্যাণ্ডেজ্ বাঁধিলে শুষ্ক হইবার পর অত্যন্ত কঠিন হয়। সুতরাং অস্থি স্থানান্তরিত না হইয়া আরোগ্যোন্মুখ হয়।

প্রয়োগস্বরূপ—১। মিউসিলেগো অ্যাকেসি; মিউসিলেজ অব্ অ্যাকেসিয়া; আবিগঁদের মণ্ড। গম্ অ্যাকেসিয়া ৪; পরিস্রুত জল ৬ ভাগ। মাত্রা—যথেচ্ছা। জলে অদ্রবনীয় ঔষধ সমূহ এতদ্ সহযোগে ব্যবস্থেয়। মিশ্চুরাক্রিটা ও গোয়েসাই, পল্ভিস্ এমিগ্‌ডেলি ও ট্রগাকান্থ্ কম্পাউণ্ড্ এবং সমুদায় টোচিসাই (চাক্তি) প্রস্তুতার্থে গম্ একেসিয়া ব্যবহৃত হয়।

এসিটম্; ভিনিগার্; সির্কা।

মাত্রা, ৬০ মিং—১ আং।

অভিসব সর্করাক্ত দ্রবে মিশ্রিতান্তর কার্মেণ্টেসন্ দ্বারা ইহা প্রস্তুত হয়। দেখিতে ঈষৎ লালভ ধূসরবর্ণ, অম্ল গন্ধাস্বাদ বিশিষ্ট তরল পদার্থ।

ক্রিয়াদি—ঈষৎ মাদকাবসাদক, সঙ্কোচক, শৈত্য, মূত্র; ঘর্ম্ম ও শিথিলকারক, ক্ষারনাশক। বিবিধ প্রাদাহিক জ্বর, রক্তোৎকাশ ও বমন এবং বিবিধ ক্ষার দ্বারা বিষাক্ত হইলে ব্যবহার্য্য। দগ্ধ ও অন্যান্য ক্ষতে স্থানিক ব্যবহার্য্য। অ্যাসিটম্ ক্যাস্থারাইডিস্, অ্যাসিটম্ সিলি ও এমপ্লাষ্ট্রম্ সিরেটাই সেপোনিস্ প্রস্তুতার্থে সির্কা ব্যবহার্য্য।

এসিডম্ এসেটিকম্; এসেটিক্ এসিড্; সির্কাম্ল।

কাষ্ঠকে অগ্নি সন্তাপে বক যন্ত্রে চুয়াইয়া ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, স্বচ্ছ, উগ্র গন্ধ ও কটু আস্বাদযুক্ত তরল পদার্থ।

ক্রিয়াদি—ধামানীক অবসাদক, সঙ্কোচক, আগ্নেয়, শৈত্য কারক, এবং কচিৎ মূত্র ও ঘর্ম্মকারক। স্থানিক পচন নিবারক, দাহক, উগ্রতা সাধক এবং ফোস্কা কারক। অমিশ্র ও অধিক মাত্রায় বিষ ক্রিয়া করে। জ্বর রোগে শৈত্য করণার্থে ও গাত্রো-ত্তাপ নিবারণার্থে এবং পিপাসা ও দাহ নিবারণার্থে; প্রস্রাবে ক্ষারত্ব দোষ ও উদরাময়াদিতে ইহার জলীয় দ্রব প্রয়োগ করা যায়। আঁচিল, কড়া, ভিনিরিয়েল্ ওয়ার্ট্, রিংওয়ার্ম্, (দদ্রু) সোরায়েসিস্, টিনিয়াক্যাপিটিস্, হার্পিজ্ সার্সিনেটা, জলৌকা, অর্শ ও অন্যান্য ক্ষতের রক্ত স্রাব রোধার্থে ইহা স্থানিক প্রযোজ্য।

প্রয়োগরূপ—১। এসিডম্ এসেটিকম্ ডাইল্যুটম্। মাত্রা, ৬০ মিং—১ আং। এসেটিক্ এসিড্ ১; পরিশ্রুত জল ৭ ভাগ।

২। অক্সিমেল্ (সির্কামধু)। ক্লরিফায়েড্ (শোধিত মধু) হনি ৪০; সির্কাম্ল ৫; পরিশ্রুত জল ৫। অগ্নি সন্তাপ দ্বারা মধু দ্রব করিয়া পরে সির্কাম্ল ও জল মিশাইবে।

লাইকর্ মর্ফিয়া এসিটেটিস্; লাইকর্ এপিস্প্যাষ্টিক্স, লাইকর্ এমন্ এসিটেটিস্, এসিটম্ সিলি, অক্সিমেল্ সিলি, ও সিরাপ্ সিলি প্রস্তুতার্থে ব্যবহৃত হয়।

এসিডম্ এসিটিকম্ গ্লেসিয়েলি; গাঢ়সির্কাম্ল।

শতকরা ৮৪ ভাগ নির্ম্মল এসিড্ আছে। তীক্ষ্ণ ও তীব্র অম্লগন্ধাস্বাদযুক্ত, বর্ণহীন, স্বচ্ছ, তরল পদার্থ। ৪৫ তাপাংশে দানাযুক্ত হয়।

ক্রিয়াদি—তীক্ষ্ণ দাহক, চর্ম্মে লাগাইলে ফোস্কা উৎপন্ন হয়। আভ্যন্তরিক ব্যবহার হয় না। এসিটম্ ক্যান্থারাইডিস্, লিনিমেণ্টম্ টেরিবিন্থিনি এসেটিকম্ এবং মিশ্চ্যুরা ক্রিয়েজোটাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

এসিডম্ আর্সেনিওসম্ ; আর্সেনিয়স্ এসিড্।

(আর্সেনিক, হোয়াইট্ আর্সেনিক্, অর্সেনিয়স্ এন্ হাইড্রাইড্) শঙ্খ বা শেঁকো বিষ। মাত্রা, $\frac{1}{60}$-$\frac{1}{12}$ গ্রেণ। সিম্বুলক্ষার। খনিজ ধাতু হইতে পাওয়া যায়। এ ভিন্ন গন্ধক সহযোগে থাকিলে রিয়েল্‌গার্ (হরিতাল) বা অর্পিমেণ্ট্ এবং কখন ২ প্রকৃতাবস্থায়ও পাওয়া যায়। শ্বেতবর্ণ, দানাযুক্ত বা পিণ্ডাকার, গুরু, গন্ধাস্বাদহীন, জলে অল্প, য্যাল্কোহল্, (সুরাবীর্য্য) তৈল ও উষ্ণজলে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, বলকারক, পর্য্যায়নিবারক। ধৌতরূপে বাহ্য প্রয়োগে দাহক ও পচন নিবারক। অধিকমাত্রায় দাহক ও প্রাদাহিক বিষ ক্রিয়া করে। অধিক দিবস সেবন করিলে সাংগ্রাহিক (কিউমিউলেটিভ্ অ্যাক্সন্) বিষক্রিয়া করে। তখন ক্ষুধামান্দ্য, অজীর্ণ, বিবমিষা বা বমন, অনিদ্রা, উদরে বেদনা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। বাল্যাবস্থায়, তরুণ প্রাদাহিক জর ও অন্যান্য প্রদাহে আর্সেনিক অবিধেয়। বিবিধ পর্য্যায় জর, স্নায়ুশূল, রোগান্তে দৌর্ব্বল্য, পুরাতন বাত, সর্দ্দি ও কাশরোগে এবং অর্দ্ধ শিরঃশূল, উপদংশের দ্বৈবারিক ও ত্রৈবারিক অবস্থায়

বিবিধ চর্ম্মরোগ ক্ষতে, বক্ষঃশূল, কোরিয়া, মৃগী, উদরাময়, অতিসার, বিবমিষা, বুকজ্বালা, অজীর্ণ ইত্যাদিতে সিমুলক্ষার বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। লাইকর্ আর্সেনিকেলিস্, আর্সেনিকেল্ সোল্যুসন্। (লাইকর্ পটাসি আর্সেনাইটিস্, ফৌলার্স্ সল্যুসন্)। মাত্রা, ২—৮মিং, (১০০—১) আর্সেনিক্; কার্বনেট্ অব্ পটাশিয়ম্, প্রত্যেক ৮৭ গ্রেণ, কম্পাউণ্ড্ টিংচর্ অব্ ল্যাভেণ্ডার্ ৫ ড্রাম্, পরিশ্রুতজল ১ পাং পূর্ণার্থে যথা প্রয়োজন। আর্সেনিক্ ও কার্বনেট্ অব্ পটাশ্ ১০ আং জলে কাঁচ ভাণ্ডে উত্তপ্ত করিয়া, কম্পাউণ্ড্ টিংচর্ অব্ ল্যাভেণ্ডার্ ও জল মিশাইবে।

২। লাইকর্ আর্সেনিয়াই হাইড্রোক্লোরিকস্। মাত্রাদি লাইকর্ আর্সেনিকের ন্যায়। আর্সেনিক্ ৮৭ গ্রেণ, লবণ দ্রাবক ২ ড্রাং; পরিশ্রুতজল ১ পাং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৩। আর্সেনিয়াই আইওডাইডম্। (আর্সেনিয়স্ আইওডাইড্) আর্সেনিক্ (২) ও আইওডিন্ (৩) এই উভয় দ্রব্যের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। হরিদ্রাবর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত পদার্থ, জলে ও সুরায় দ্রবনীয়। মাত্রা, $\frac{1}{৩০}$ গ্রেণ।

প্রয়োগরূপ—১। লাইকর্ আর্সিনিয়াই এট্ হাইড্রার্জাই-রাই আইওডিডাই। (ডনোভান্স্ সোল্যুসন্) মাত্রা, ১০-৩০ মিং। আইওডাইড্ অব্ আর্সেনিক্; রেড্ আইওডাইড্ অব্ মার্কারি, প্রত্যেক ৫৫ গ্রেণ, পরিশ্রুত জল ১০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৪। ফেরি আর্সেনিয়াস্। মাত্রা $\frac{১}{১৬}$-$\frac{১}{২}$ গ্রেণ।

হিয়াকস, সোডি কার্বনাস,সোডি আর্সেনিয়াস্ ও স্ফুটিত পরি-
শ্রুত জল। ইহাদের সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়। গন্ধাস্বাদ
হীন, হরিদ্বর্ণ, সূক্ষ্ম চূর্ণ, লবণ দ্রাবকে দ্রব ও জলে অদ্রবনীয়।

৫। সোডি আর্সেনিয়াস্। ১/৬-১/২ গ্রেণ। আর্সেনিক্,
নাইট্রেট্ অব্ সোডা,কার্বনেট্ অব্ সোডা ও স্ফুটিত পরিশ্রুত
জল। এতদ্ সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, দানাযুক্ত,
স্বচ্ছ, জলে দ্রবনীয়। ইহার জলীয় দ্রবে সল্‌ফেট্ অব্ জিঙ্ক্
দ্বারা শ্বেত এবং নাইট্রিক্ এসিড্ বা নাইট্রেট্ অব্ সিল্‌ভার
দ্বারা লালবর্ণ (ব্রিক্‌রেড্) হইয়া অধঃস্থ হয়।

প্রয়োগরূপ—১। লাইকর্ সোডি আর্সেনিয়েটিস্। মাত্রা,
৫-১০ মিং। (১-১০০) নির্জ্জল্ আর্সেনিয়েট্ অব্ সোডা ৯
গ্রেণ, পরিশ্রুত জল ২ আং।

এসিডম্ বেঞ্জোইকম্; বেঞ্জোইক্ এসিড্।

(ফ্লোয়ার্স্ অব্ বেঞ্জোইন্; হাইড্রেট্ অব্ বেঞ্জোইল্)

মাত্রা, ৫-১৫ গ্রেণ।

লোবান ঊর্দ্ধপাতন করিয়া প্রস্তুত হয়। শুভ্র, সূচ্যাকার,
কোমল, লঘু, ঈষৎ অম্লাস্বাদবিশিষ্ট, সৌগন্ধযুক্ত চূর্ণ। জলে ও
সুরায় দ্রবনীয়।

ক্রিয়াদি—শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজক, কফনিঃসারক, পিত্ত-
নিঃসারক, স্থানিক উগ্রতা সাধক ও পচন নিবারক। সেবন
করিলে শোষিত হইয়া হিপিউরিক এসিড স্বরূপ নির্গত হয়।

বিবিধ কাস রোগে; প্রস্রাবে ক্ষারত্ব দোষ এবং ফস্ফেট্ জন্মিলে ও পাণ্ডুরোগ প্রভৃতিতে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। ট্রোচিসাই এসিডাই বেঞ্জোইসাই। বেঞ্জোইক্ এসিড্ ৩৬০ গ্রেণ, বিশুদ্ধ চিনি ২৫ আং, গম্ একেসিয়া চূর্ণ ১ আং, মিউসিলেজ্ অব্ একেসিয়া ২ আং, পরিশ্রুত জল যথা প্রয়োজন। লোবানাম্ল, শর্করা, আর্‌বিগঁদ একত্র মিশ্রিতান্তর মণ্ড ও জল মিশ্রিত করিয়া সমুদায় একত্র করিয়া ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। প্রতি চাক্তিতে ½ গ্রেণ এসিড্ আছে। মাত্রা ১-৬ চাক্তি।

এসিডম্ বোরিকম্; বোরিক্ বা বোরাসিক্ এসিড্।

মাত্রা, ৫-৩০ গ্রেণ।

সোহাগা ও গন্ধক দ্রাবক সহযোগে ইহা প্রস্তুত হয়। মুক্তার ন্যায় স্বচ্ছ, দানাযুক্ত, শুভ্র, ঈষৎ তিক্ত কষায়াস্বাদ, ২৫ অংশ শীতল ও ৬ অংশ উষ্ণ জলে, ৪ অংশ গ্লীসারিন্ ও ৩ অংশ এল্কোহলে দ্রবনীয়।

ক্রিয়াদি—দুর্গন্ধ ও পচন নিবারক, অন্তরুৎসেচনাপহ। বিবিধ অস্ত্রোপচারিত ও পচা ক্ষতে, কার্ব্বঙ্কল্, মুখাভ্যন্তরস্থ এফ্থস্ ক্ষত; কণ্ঠনালীর বিবিধ ক্ষতে, নানা প্রকার চর্ম্ম রোগে, পূয়োযুক্ত চক্ষু প্রদাহে ধৌত ও মলমাকারে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ এসিডাই বোরিসাই। বোরাসিক্ এসিড্ চূর্ণ ১; সফ্ট্ প্যারাফিন্ ৪; হার্ড্ প্যারাফিন্ ২। (১·৭)। উভয় প্যারাফিন্ অগ্নিসন্তাপে গলাইয়া বোরাসিক্ এসিড্ মিশাইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। লোসিও এসিডাই বোরিসাই। ১ আং জলে ২ গ্রেণ এসিড্ মিশাইবে।

২। গ্লাইসরাইনম্ এসিডাই বোরিসাই। ৫ ভাগে ১ ভাগ।

৩। পসিপিয়ম্ এসিডাই বোরিসাই। শতকরা ৫০ অংশ।

৪। লিণ্টম্ এসিডাই বোরিসাই। উগ্রদ্রবে কোচিনিয়েল্ বা লিটমস্ দ্বারা রং করা লিণ্ট্ ক্ষতাদি বন্ধনার্থে ব্যবহার্য্য।

৫। অয়েণ্ট্মেণ্ট্ অব্ বোরিক্ এসিড্। (লিষ্টার্)। শ্বেত মোম ১; প্যারাফিন্ ২; বোরিক্ এসিড্ ১ ভাগ। (মার্টিণ্ডেল্) প্যারাফিন্ ৫; ভেসেলিন্ ৫; ও এসিড্ ২ ভাগ।

৬। সপোজিটোরিয়া এসিডাই বোরিসাই। অয়েল্ অব্ থিয়েব্রোমার সহিত ৩ গ্রেন্ এসিড্ আছে।

৭। বোরোগ্লীসেরাইড্। ৬২ অংশ গ্লীসারিনে ৯২ অংশ বোরিক্ এসিড্ উত্তপ্ত করিয়া মিশাইবে। ইহা জলে ও সুরায় দ্রবনীয়। সুতরাং ধৌত রূপেও (১-৪০ জল) ব্যবহার করা যায়। মৎস্য, মাংস, দুগ্ধ ও অন্যান্য খাদ্য দ্রব্য রক্ষার্থে ব্যবহার্য্য।

৮। লাইকর্ ম্যাগ্নিশিয়াই বোরেটিস্। কার্বনেট্ অব্ ম্যাগ্নিশিয়া ২৩৩; বোরিক্ এসিড্ ১৫৫০; বয়েলিং ওয়াটার্ ৭৫০০। (১-৬)। ইহা ডিপ্থিরিয়া রোগে তুলির দ্বারা স্থানিক ব্যবহৃত হয়।

এসিডম্ কার্ব্বলিকম্ ; কার্ব্বলিক্ এসিড্।

(ফিনল্, ফেনিক্ বা ফিনাইলিক্ এসিড্ কিম্বা এল্কোহল্ ; হাইড্রেট্ অব্ ফেনিল্)। মাত্রা ১-৩ গ্রেণ্।

পাথুরিয়া কয়লা হইতে নির্ম্মিত টার্ অর্থাৎ আল্কাৎরা চুয়াইয়া ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, শুভ্র, ঈষৎ লাল বা ধূসরবর্ণাভ বিশেষ গন্ধ বিশিষ্ট, উগ্র ও কটু আস্বাদ, সুরা, ক্লোরোফর্ম্, গ্লীসারিন্, ইথর্ ও উষ্ণ জলে এবং ৪০ অংশ শীতল জলে দ্রবণীয় তরল পদার্থ। শীতপ্রধান দেশে জমিয়া যায়।

ক্রিয়াদি—উত্তেজক, বায়ুনাশক, বমন নিবারক, দুর্গন্ধ ও পচন নিবারক। বাহ্য প্রয়োগে, শোষক, দাহক, এবং উগ্রতা সাধক। নির্জ্জলাবস্থায় বা অধিকমাত্রায় দাহক বিষক্রিয়া করে। বিবিধ নালী, পচা ও দুষ্ট ক্ষতে, কার্ব্বঙ্কল্, ক্যান্সার্, গর্ভাবস্থায় বমন,বিসূচিকা ও ম্যালেরিয়া প্রভৃতি জ্বর,যক্ষ্মা,হুপিংকফ্, ব্রঙ্কাইটিস্, এফথি, কেরিজ্, ডিপথিরিয়া, অর্শ, পাঁচড়া, টিনিয়াক্যাপিটিস্, নাসিকা, কর্ণ ও যোনী মধ্যস্থ বিবিধ ক্ষতে, ল্যুপাস্, রুপিয়া, এক্জিমা, দদ্রু, কুষ্ঠ, কেশকীটাণু বিনাশার্থে, মধুমেহ, নিক্রোসিস্ এবং বিবিধ অস্ত্র চিকিৎসায় বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহৃত হয়। অস্ত্রোপচারার্থে কার্ব্বলিক্ এসিড্ নিম্নলিখিত উপায়ে ব্যবহার করিবে। অস্ত্র প্রয়োগের পূর্ব্বে কার্ব্বলিক্ এসিড্ ২০ অংশে ১ অংশ। (২) অস্ত্রোপচারকের হস্ত, স্পঞ্জ্ প্রভৃতি ২০ অংশে ১ অংশ। (৩) অস্ত্রোপচারিত স্থানে সিক্ত বস্ত্র আচ্ছাদনার্থে ২০ অংশে ১ অংশ। (৪) তৈল বা জলীয় দ্রবে (২০·১) ধৌত করিবে। ১। অস্ত্রচিকিৎসান্তে পূয়াদি

নির্গত হওনোদ্দেশে লিন্ট্ বা ড্রেনেজ্ টিউব্ তৈলাক্ত (১-১০) করিয়া ক্ষতাভ্যন্তরে প্রবিষ্ট করিয়া ক্ষতের উপরিস্থান পর্য্যন্ত বাহির করিয়া রাখিবে। ২। অয়েল্ সিল্কের উভয় পৃষ্ঠে কোপাল্ বার্ণিশ্ মাখাইয়া পরে ডেক্সট্রিন্ মাখাইয়া কার্ব্বলিক্ এসিড্ (৪০-১) সল্যুসনে আর্দ্র করিয়া লইবে; যেহেতু ইহার দ্বারা ক্ষতে কোনরূপ উগ্রতা জন্মে না, অধিকন্তু ইহা পাচন নিবারক।

৩। তদোপরি ৭ পুরু এন্টিসেপ্টিক্ গজ্। ৪। গজাপেক্ষা ১ ইঞ্চ্ ছোট ম্যাকিন্টস্ বা গটাপার্চা (অভাবে অয়েল্ পেপর্) টিশু স্থাপন করিবে। ৫। আর ১ স্তর গজ্ রাখিয়া। ৬। পরে কার্ব্বলিক (৪০-১) দ্রবে সিক্ত ব্যাণ্ডেজ্ বা ইল্যাষ্টিক্ ইণ্ডিয়া রবার্ নির্ম্মিত জালের আকার ব্যাণ্ডেজ্ দ্বারা ক্ষতাদি বন্ধন করিবে (মার্টিণ্ডেল্)।

প্রয়োগরূপ—১। এসিডম্ কার্ব্বলিকম্ লিকুইফ্যাক্টম্।

মাত্রা। ১-৪ মিং। শতকরা ১০ অংশ জলে দ্রবীভূত কার্ব্বলিক্ এসিড্।

২। গ্লাইসরাইনম্ এসিডাই কার্ব্বলিসাই। গ্লীসারিন্ ৪; কার্বলিক্ এসিড্ ১।

৩। সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্ সেপোনি। কার্ব্বলিক্ এসিড্ ১২ গ্রেণ; কার্ড্ সোপ্ চূর্ণ ১৮০ গ্রেণ; গ্লীসারিন্ অব্ ষ্টার্চ্ ৪০ গ্রেণ; বা ১২টি সপোজিটরি প্রস্তুতার্থে যথা প্রয়োজন।

৪। অঙ্গুয়েণ্টম্ এসিডাই কার্ব্বলিসাই। কার্ব্বলিক্ এসিড্ ১; সফট্ প্যারাফিন্ ১২; হার্ড্ প্যারাফিন্ ৬।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

লোসিও এসিডাই কার্ব্বলিসাই। এসিড্ ৩০ গ্রেণ ; জল ৮ আং। বা কার্ব্বলিক্ এসিড্ ১ ; জল ১৯ বা ততোধিক।

২। হাইড্রার্জিরাই কার্ব্বলাস্ (ফিনল্ মার্কারি)।

মাত্রা। ½-২ গ্রেণ। শ্বেতাভ, অস্বচ্ছ চূর্ণ। ক্লোরাইড্ অব্ মার্কারি ; এল্কোহলিক্ স্যোল্যুসন্ অব্ কার্ব্বলিক্ এসিড্ ও কষ্টিক্ পটাশ। এই দ্রব্য ত্রয়ের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়।

৩। ক্যাম্ফরেটেড্ কার্ব্বলিক্ এসিড্। এব্সল্যুট্ ফিনল্ ১২ ; কর্পূর ৪ ; জল ১। ইহা জলে দ্রবনীয়। ক্রিয়া। পচন নিবারক, অস্তরুৎসেচনাপহ ও স্থানিক স্পর্শ হারক। ইহা থাইসিস্ রোগে আভ্যন্তরিক ১০ মিং মাত্রায় ব্যবহার্য্য।

৪। কার্ব্বলিক্ অয়েল্। এসিড্ ১ ; অলিভ্ অয়েল্ ৯ ; বা ততোধিক। কার্ব্বলিক্ অয়েল্ প্রস্তুতার্থে সর্ষপ তৈল ব্যতীত অন্যান্য তৈলও ব্যবহার করা যায়।

৫। লণ্ডস্ অয়েল্। (ক্যাথিটার্)। এব্সল্যুট্ ফিনল্ ১ ; এরণ্ড তৈল ৪ ; জলপাইয়ের তৈল ১১।

৬। ক্যাথিটার্ অয়েল্। এব্সল্যুট্ ফিনল্ ১ ; এরণ্ড তৈল ৭ ; বাদাম তৈল্ ৮।

৭। সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই। ফিনল্ ১ গ্রেণ ; অয়েল্ অব্ থিয়োব্রোমা ১৪ গ্রেণ।

৮। কার্ব্বলাইজ্ড্ ক্যাট্গট্ লিগেচার্স্ এণ্ড্ সিল্ক্। কার্ব্বলিক্ এসিড্ ১ , পীতমোম ৯।

৯। কার্ব্বলাইজড্ টৌ। শতকরা ১০ অংশ। টুল্। ৬ অংশ। সোপ্। ২০ অংশ পর্য্যন্ত।

১০। কার্ব্বলাইজড্ আইওডিন্ সোল্যুশন্। সল্যুসন্ অব্, আইওডিন্ ২ ড্রাম্; কার্ব্বলিক্ এসিড্ ৪৪ গ্রেণ; উষ্ণজল পূর্ণার্থে এক পাইন্ট্। বিসূচিকা, অজীর্ণ ও ডিপথিরিয়া রোগে কুল্য ও শ্বাস রূপে ব্যবহার্য্য।

১১। আইওডাইজ্‌ড্ ফেনল্। আইওডিন্ ১; কার্ব্ব-লিক্ এসিড্ দ্রব ৪। একত্র মিশ্রিত করিবে। মস্তকের দক্র ও গর্ভাশয়স্থ বিবিধ পীড়ায় ব্যবহার্য্য।

১২। পাইল্যুলা এসিডাই কার্ব্বলিলাই। মাত্রা—১। এব্‌সল্যুট্ ফিনল্ ২ গ্রেণ; গ্লীসারিন্ ½ মিং; আল্‌থিয়া ৩ গ্রেণ।

১৩। ট্রোচিসাই। প্রতি চাক্তিতে ১ গ্রেণ এসিড্ আছে।

১৪। স্মেলিং সল্ট্। (কার্ব্বলাইজ্‌ড্) এব্‌সল্যুট্ ফিনল্; কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ প্রত্যেক ১৬; এমোনিয়ার উগ্র দ্রব ৪৪; অয়েল্ অব্ লেভেণ্ডার্ ১½; ক্যাম্ফর্ ৩; পাইন্ কাষ্ট চূর্ণ যথা প্রয়োজন। শিরঃপীড়া, কোরাইজা, হে ফিভার্, ইন্‌ফ্লুয়েঞ্জা প্রভৃতি রোগে ইহা ব্যবহৃত হয়।

১৫। ভেপার্ এসিডাই কার্ব্বলিসাই। এক পাইন্ট্ (১৪০°) জলে ২০ বিন্দু প্রয়োগ করিয়া যে বাষ্পোত্থিত হইবে তাহা শ্বাস দ্বারা গ্রহনীয়, ও ১ আউন্সে ৩ বিন্দু এসিড্ প্রয়োগ করিয়া স্প্রে রূপে হূপিং কফ প্রভৃতিতে ব্যবহার্য্য।

১৬। কার্ব্বলিক্ এসিড্ গজ্। (কার্ব্বেসস্ এসিডাই কার্ব্বলিসাই) কার্ব্বলিক্ এসিড্ ১; ধুনা ৪; প্যারাফিন্ ৪ সূক্ষ্ম তুলার বস্ত্র (অন্‌ব্লিচ্‌ড) উক্ত ঔষধের দ্রবে মিশাইয়া লইবে।

১৭। অয়েল্‌ড্‌ সিল্ক্‌ প্রোটেক্টিভ্‌। অয়েল্‌ সিল্কের উভয় পৃষ্ঠে কোপাল্‌ বার্ণিশ্‌ মাখাইয়া পরে ডেকষ্ট্রিন্‌ ১; ষ্টার্চ্‌ ২; কার্ব্বলিক্‌ লোসন্‌ (২০-১) ১৬ ভাগ মিশাইয়া লইবে।

১৮। প্রিজার্ভেটিভ্‌ সোল্যুশন্‌। (মৃতদেহাদি সংরক্ষণার্থে) কার্ব্বলিক্‌ এসিড্‌ ১ পৌং; গ্লীসারিন্‌ ৪ পাং; মেথিলেটেড্‌ স্পিরিট্‌ ৪ প্যাং। মিশ্রিত করিয়া এওয়ার্টা নামক বৃহৎ ধমনীতে পিচকারি করিবে।

১৯। কার্ব্বলিক্‌ এসিড্‌ পটি। (পুটিন্‌) এসিড্‌ ১; বয়েলিং লিন্সিড্‌ অয়েল্‌ ৪; খটিকা চূর্ণ যথা প্রয়োজন। কএমৃরাষ্ট্রম্‌—গালা ৭৫, এসিড্‌ ২৫। এসিডে গালা দ্রব করিয়া লিনেন্‌ বস্ত্রে মাখাইয়া পরে বাইসলফেট্‌ অব্‌ কার্ব্বনেটে দ্রবীকৃত গটা পার্চর সোল্যুশন্‌ মাখাইবে।

২০। উইকার্সিমার্স্‌ প্রিজার্ভিং লিকুইড।

দ্রব্য।			ইন্‌জেক্‌সন্‌।			ভিজাইবার দ্রব।
আর্সেনিক্‌।	„	„	১৬ গ্রাম্‌।*	„	„	১২ গ্রাম্‌।
ক্লোরাইড্‌ অব্‌ সোডিয়ম্‌।			৮০ ঐ	„	„	৬০ ঐ
সল্‌ফেট্‌ অব্‌ পটাশিয়ম্‌।			২০০ ঐ	„	„	১৫০ ঐ
নাইট্রেট্‌	ঐ	ঐ	২৫ ঐ	„	„	১৮ ঐ
কার্ব্বনেট্‌	ঐ	ঐ	২০ ঐ	„	„	১৫ ঐ
জল।	„	„	১০ লিটার্‌।†	„	„	১০ লিটার্‌।
গ্লীসারিন্‌।	„	„	৪ ঐ	„	„	৪ ঐ
উড্‌ ন্যাপ্‌থা।		„	¾ ঐ	„	„	¾ ঐ

* ১ গ্রাম্‌-প্রায় ১৫½ গ্রেণ। † ১ লিটার্‌-৩৫¼ আং এবং ১১ মিং।

সোডিয়াই সল্‌ফো কার্ব্বলাস্‌। মাত্রা, ৫০—১৫ গ্রেণ।

কার্ব্বলিক্‌ ও সল্‌ফিউরিক্‌ এসিড্‌, কার্ব্বনেট্‌ অব্‌ বেরিয়ম্‌ এবং কার্ব্বনেট্‌ অব সোডিয়ম্‌ সংযোগে ইহা প্রস্তুত হয়। বর্ণ ও গন্ধহীন, শুভ্র, দানাযুক্ত, দেখিতে প্রায় এপ্‌সম্‌ সল্টের ন্যায়, লাবণিকাস্বাদযুক্ত, ৫ অংশ জলে দ্রবণীয়।

ক্রিয়াদি—অন্তরুৎসেচনাপহ এবং পচন নিবারক। অজীর্ণ, বিসূচিকা, পেট ফাঁপা থাকিলে আহারের পর ব্যবস্থেয়। প্রমেহ, সূতিকাজ্বর, শ্বেত প্রদর, ডিপ্‌থিরিয়া ও থাইসিস্‌ প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

জিন্সাই সল্‌ফো কার্ব্বলাস্‌।

কার্ব্বলিক্‌ এসিড্‌ ও গন্ধকদ্রাবক অগ্নি সন্তাপ দ্বারা মিশ্রিতাস্তর অক্সাইড্‌ অব্‌ জিঙ্ক্‌ মিশ্রিত পূর্ব্বক উৎপাতিত করিয়া দানা বাঁধিয়া লইবে। বর্ণহীন, স্বচ্ছ, দানাযুক্ত, সুরাবীর্য্য ও জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—পচন নিবারক ও সঙ্কোচক। প্রমেহ ও শ্বেতপ্রদররোগে (২।৩ গ্রেণ এবং ১ আং জলে) ব্যবহার্য্য।

সল্‌ফোকার্ব্বলেট্‌স্‌ অব্‌ এমোনিয়ম্‌; ক্যালসিয়ম্‌; আয়রন্‌; ম্যাগ্নিসিয়ম্‌; পটাশিয়ম্‌ প্রভৃতি ঔষধার্থে ব্যবহৃত হয়।

এসিডম্‌ ক্রমিকম্‌। (ক্রমিক্‌ এন্‌ হাইড্রাইড্‌)

বাইক্রমেট্‌ অব্‌ পটাশ্‌ ৩০ আং, গন্ধকদ্রাবক ৫৭ আং,

পরিস্রুত জল যথা প্রয়োজন। লাল বর্ণ, দানা বিশিষ্ট, সূচ্যাকার, অধিক দিন রাখিলে বিকৃত হইয়া যায়। গন্ধবিহীন, জলশোষক ও জলে দ্রবণীয়। এল্কোহল্ ও গ্লীসারিন্ সংযোগে সহসা সশব্দে জ্বলিয়া উঠে।

ক্রিয়াদি—প্রবল দাহক, আভ্যন্তরিক ব্যবহার হয় না। ইহার পচন ও দুর্গন্ধ এবং সংক্রমাপহ গুণ আছে। আঁচিল্, কড়া, উপদংশ, ক্যান্সার্ ও অর্শ প্রভৃতি রোগের অপ্রকৃত বিবর্দ্ধন, কণ্ডিলোমাটা, এবং জরায়ু, জিহ্বা, গলনালী ও কণ্ঠনালী প্রভৃতির ক্ষতে স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। লাইকর্ এসিডাই ক্রমিসাই। ক্রমিক এসিড্ ১, পরিস্রুত জল ৩। মিশ্রিত করিয়া লইবে।

এসিডম্ ক্রাইসোফেনিকম্।

(ক্রাইসেরোবিনম্ দেখ)।

এসিডম্ সাইট্রিকম্। জম্বীরাম্ল।

মাত্রা, ১০—৩০ গ্রেণ।

লেবুর রস ৪ পাঁং, বিশুদ্ধ খটিকা ৪½ আং, গন্ধকদ্রাবক ২½ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। এতদ্সহযোগে জম্বীরাম্ল প্রস্তুত হয়। বর্ণহীন, স্বচ্ছ, দানা বিশিষ্ট, অম্লাস্বাদযুক্ত; জলে দ্রবণীয়।

ক্রিয়াদি—শৈত্যকারক, অবসাদক ও স্কার্বি রোগনিবারক। বিবিধ প্রাদাহিক জ্বরে, শৈত্য সম্পাদনার্থ বিশেষোপযোগী।

শরীরোত্তাপ, পিপাসা, বিবমিষা প্রভৃতিতে শর্করা ও ক্ষার সহযোগে উচ্ছলৎ পানীয় রূপে ব্যবহার্য্য।

এসিডম্ গ্যালিকম্, গ্যালিক্ এসিড্।

মাত্রা, ২—১০ গ্রেণ।

মাজুফল হইতে প্রস্তুত হয়। দেখিতে দানামুক্ত, সূচ্যাকার, কিঞ্চিৎ ধূসর বর্ণাভ, শুভ্র, জলে অল্প ও এল্কোহল্, গন্ধকদ্রাবক, ও উষ্ণ জলে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়াদি—রক্তরোধক, প্রবল সঙ্কোচক। আভ্যন্তরিক দূরস্থ ক্রিয়া প্রকাশে ইহা ট্যানিক্ এসিড্ অপেক্ষা সমধিকোপযোগী। গন্ধক দ্রাবকের সহিত ব্যবহারে ইহার ক্রিয়াধিক্য হয়। রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রস্রাব, দুগ্ধনিঃসরণাধিক্য, মেনোরেজিয়া, শ্বেতপ্রদর, প্রমেহ, আগুলালিক প্রস্রাব, পুরাতন উদরাময়, অতিসার, শোথ, টন্সিলাইটিস্ ও অর্শ ইত্যাদি রোগে বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। গ্লাইসরাইনম্ এসিডাই গ্যালিসাই। গ্লীসারিন্ ৪, গ্যালিক্ এসিড্ ১। উত্তাপ দ্বারা মিশাইবে।

এসিডম্ হাইড্রোব্রোমিকম্ ডাইল্যুটম্।

মাত্রা, ১৫—৫০ মিং।

শতকরা ১০ অংশ প্রকৃত হাইড্রোব্রোমিক্ এসিড্ আছে। বর্ণ ও গন্ধহীন, অম্লাস্বাদবিশিষ্ট তরল পদার্থ।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, স্নায়বীয় অবসাদক। ইহার ক্রিয়া অনেকাংশে ব্রোমাইড্ অব্ পটাশিয়মের ন্যায়। মৃগী, স্নায়বীয় উগ্রতা, কুইনাইন্ ও লৌহ সেবনে কর্ণে দপ্ দপ্ করা ও যে শিরঃপীড়া হয়, ইহার দ্বারা তাহার সাম্য হয়। অধিক পরিমাণে অহিফেন, চা এবং সুরাপানজনিত অসুখ নিবারিত হয়। এভিন্ন রক্তাল্পতা, অনিদ্রা, গর্ভাবস্থায় বমনও হুপিং কফ্ ইত্যাদি রোগে ব্যবহার্য্য।

এসিডম্ হাইড্রোক্লোরিকম্। লবণ দ্রাবক।

ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ (লবণ) ৩ পৌং, গন্ধক দ্রাবক ৪৪ আং, জল ৩৬ আং, পরিস্রুত জল ৫০ আং। এতদ্‌সংমিশ্রণে মিউরিয়েটিক্ এসিড্ প্রস্তুত হয়। বর্ণহীন বা ঈষৎ হরিদ্রাভ, তীক্ষ্ণ গন্ধাস্বাদযুক্ত তরল পদার্থ; বায়ুতে রাখিলে শ্বেতবর্ণ ধূম উত্থিত হয়, ইহাতে নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ সংযোগ করিলে শুভ্র দধিবৎ ক্লোরাইড্ অব্ সিল্‌ভার্ হইয়া অধঃস্থ হয় এবং উহা এমোনিয়ার দ্বারা দ্রব হয়।

ক্রিয়াদি—আগ্নেয়, পরিবর্ত্তক, বলকারক, ক্ষারনাশক। নির্জ্জলাবস্থায় বা অধিক মাত্রায় সেবনে দাহক বিষক্রিয়া করে। বাহ্য প্রয়োগে দাহক, দুর্গন্ধ ও পচন নিবারক। অজীর্ণ, টাইফস্ ও টাইফয়েড্ এবং পিউর্‌পারল্ ফিভার্, ক্ষুধামান্দ্য, যকৃৎ, ও মূত্রযন্ত্রের বিবিধ পীড়ায় ব্যবহার্য্য। মুখমধ্যস্থ বিবিধ ক্ষত ও ডিপথিরিয়া রোগে স্থানিক ব্যবহার হয়।

প্রয়োগরূপ—১। এসিডম্ হাইড্রোক্লোরিকম্ ডাইলুটম্।

লবণ দ্রাবক ৮ আং, পরিস্রুত জল ২৬২ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১০—৩০ মিং।

ক্লোরাইড্ অব্ এণ্টিমণি সোল্যুসন্, লাইকর্ আর্সেনিয়াই হাইড্রোক্লোরিকস্, এমোনি ক্লোরাইড্ ও ক্লোরাইড্ অব্ জিঙ্ক্, লাইকর্ মর্ফিয়া হাইড্রোক্লোরেটিস্ ও লাইকর্ ষ্ট্রিক্নিয়া হাইড্রোক্লোরেটিস্ প্রস্তুতার্থে লবণ দ্রাবক ব্যবহার্য্য।

এসিডম্ হাইড্রোসিয়ানিকম্ ডাইল্যুটম্।

(ডাইল্যুটেড্ প্রুসিক্ বা সায়েন্ হাইড্রিক্ এসিড্)।

ফেরো সায়েনাইড্ অব্ পটাশিয়ম্ ২½ আং, গন্ধকদ্রাবক ১ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট্, পূর্ণার্থে যথা প্রয়োজন। শতকরা ২ অংশ বিশুদ্ধ এসিড্ আছে। বর্ণহীন, বিশেষ গন্ধ বিশিষ্ট। আলোকে রাখিলে ইহার উপাদান বিযুক্ত হয়। অতএব নীল বা কৃষ্ণবর্ণ বোতলে রাখিবে।

ক্রিয়াদি—মাস্তিষ্ক অবসাদক, আক্ষেপ ও বমন নিবারক। স্থানিক স্পর্শহারক ও ঈষৎ উগ্রতা সাধক। অধিকমাত্রায় বিষ ক্রিয়া করে। বিবিধ কাশ, যথা—শ্বাসকাশ, শ্বাসনালী ও ফুস্ ফুস্ প্রদাহ, শ্বাসকষ্ট, যক্ষ্মা, রক্তোৎকাশ, হিক্কা, বিসূচিকা, গর্ভাবস্থায় বমন, পাকাশয় ও বক্ষঃশূল, বুক জ্বালা, পাকাশয় প্রদাহ, পাইরোসিস্, বাত, হৃৎকম্প, ধনুষ্টঙ্কার, স্নায়ুশূল, মূর্চ্ছা প্রভৃতি রোগে হাইড্রোসিয়ানিক্ এসিড্ ব্যবহার্য্য। এতদ্ভিন্ন বিবিধ চর্ম্মরোগে (½ ড্রাং ১ আং জলের সহিত) ব্যবস্থা করিলে জ্বালা ও যন্ত্রণাদি নিবারিত হয়।

প্রয়োগরূপ—১। ভেপর্ এসিডাই হাইড্রোসিয়েনিসাই। ডাইল্যুটেড্ এসিড্ ১০। ১৫ মিং; শীতল জল ১ ড্রাং। উপযুক্ত পাত্রে রাখিয়া উত্থিত ধূম শ্বাস দ্বারা গ্রহণ করিবে। টিংচর্ ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

এসিডম্ ল্যাক্টিকম্। (তক্রায়।)

দুগ্ধ হইতে প্রস্তুত হয়। শর্করা পাকের (সিরপি) ন্যায়, ঈষৎ পীতাভ, গন্ধ বিহীন, অম্লাস্বাদযুক্ত তরল পদার্থ। সুরা, ইথর্ ও জলে দ্রব ও ক্লোরোফর্মে অদ্রবণীয়।

ক্রিয়াদি—বলকারক, অপ্রকৃত ঝিল্লি দ্রাবক। সুতরাং ডিপ্-থিরিয়া, ক্রুপ্ প্রভৃতি রোগে তুলির দ্বারা লাগাইলে বিশেষ উপকার হয়। মধুমেহ, রোগান্তে দৌর্ব্বল্য, প্রস্রাবে ক্ষারত্ব দোষ জন্মিলে এবং বিবিধ কাশরোগে ইহার দ্রব ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এসিডম্ ল্যাক্টিকম্ ডাইল্যুটম্ (অ, ভা* ১০৪০) ল্যাক্টিক্ এসিড্ ৩ আং, পরিস্রুত জল এক পাইন্ট্ পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ½—২ ড্রাম্।

ফার্মাকোপিয়ায় গৃহিত নহে।

১। ক্যাল্‌সিয়াই ল্যাক্টাস্। মাত্রা, ১—৫ গ্রেণ। অস্বচ্ছ, শ্বেতবর্ণ, দানাযুক্ত চূর্ণ; জলে সম্পূর্ণ দ্রব হয় না।

২। ফেরি ল্যাক্টাস। (ফেরাস্ ল্যাক্টেট্)। মাত্রা, ২—১০ গ্রেণ। পীতাভ-শ্বেতবর্ণ, দানাযুক্ত; জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—বলকারক।

---

* আপেক্ষিক ভার।

৩। সিরাপস্ ক্যাল্সিস্ ল্যাক্টোফস্ফেটিস্। মাত্রা, ১-২ ড্রাং। ল্যাক্টেট্ অব্ ক্যাল্সিয়ম্ ৫; অরেঞ্জ্ ফ্লোয়ার্ ওয়াটার্ ১০; সিরাপ্ ৮০। মিশ্রিতান্তর কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ ৫; অরেল্ অব্ লিমন্ $\frac{1}{50}$; শোধিত সুরা, (লিমন্ অয়েলের সহিত মিশ্রিত করিয়া) $\frac{1}{50}$ ভাগ।

৪। সিরাপস্ ক্যাল্সিয়াই এট্ ফেরি ল্যাক্টোফস্ফেটিস্। মাত্রা, ১—২ ড্রাম্। ১ ড্রাম্ সিরাপ্ অব্ ল্যাক্টোফস্ফেট্ অব্ ক্যাল্সিয়মের সহিত ১ গ্রেণ করিয়া ল্যাক্টেট্ অব্ আয়রন্ মিশ্রিত সিরাপ্।

৫। কুইনাইনি ল্যাক্টাস্। মাত্রা, ১—৫ গ্রেণ বা ততোধিক। দানাযুক্ত, শ্বেতবর্ণ, অস্বচ্ছ চূর্ণ। ১০ অংশ জলে দ্রবনীয়। ইহা হাইপোডার্মিকরূপে ব্যবস্থা করিবার বিশেষ উপযোগী।

৬। জিঙ্কাই ল্যাক্টাস্। মাত্রা, ৩—১০ গ্রেণ পর্য্যন্ত। শ্বেতবর্ণ, দানাযুক্ত, তীক্ষ্ণ ধাতবাস্বাদ। জলে দ্রব ও এল্কোহলে অদ্রবনীয়। এপিলেপ্সি (মৃগী) রোগে ব্যবহার্য্য।

এসিডম্ মেকনিকম্।

অহিফেন হইতে প্রাপ্ত অম্ল বিশেষ। সল্কাকার, দানাযুক্ত, বর্ণহীন। ১৫০ অংশ জলে ও ৪৫ অংশ শোধিত সুরায় দ্রবনীয়। উষ্ণজলে ইহার উপদান বিযুক্ত হয়। লাইকর্ মর্ফাইনি বাইমেকনেটিস্ প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

এসিডম্ নাইট্রিকম্; যবক্ষার দ্রাবক।

(এজোটিক্ এসিড্; একোয়া ফর্টিস্।)

নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ (সোরা) ২ পাউণ্ড্; গন্ধক দ্রাবক ১৭ আং। এই উভয় দ্রব্যের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন বা ঈষৎ পীতবর্ণ, জান্তব বা ঔদ্ভিজ্য পদার্থে লাগিলে হরিদ্রাবর্ণ দাগ ধরে। বায়ুতে রাখিলে উগ্র, গন্ধযুক্ত ধূম নির্গত হয়। অম্লাস্বাদযুক্ত তরল পদার্থ। জলমিশ্র করিলে প্রথমে উষ্ণ ও পরে শীতল হয়। শর্করা, বাষ্প তৈল, ধুনা প্রভৃতি সংযোগে ইহার উপাদান বিযুক্ত হয় এবং মর্ফিয়া ও ব্রূসিয়া সংযোগে রক্তবর্ণ ধারণ করে।

ক্রিয়াদি—অল্প মাত্রায় জলমিশ্র করিয়া সেবনে বলকারক ও শৈত্যকারক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক ও ক্ষারনাশক। বাহ্য প্রয়োগে পচন নিবারক এবং দাহক। পরিপাক শক্তি বৃদ্ধি হইয়া ক্ষুধার উদ্রেক ও শরীরে বলাধান হয়, বহু দিবস সেবনে অজীর্ণ, উদরে বেদনা প্রভৃতি উপস্থিত হয়। নির্জ্জল বা অধিক মাত্রায় সেবনে প্রাদাহিক বিষক্রিয়া করে। রোগান্তে দৌর্ব্বল্য, অগ্নিমান্দ্য, অজীর্ণ, প্রস্রাবে অক্স্যালিক্ এসিড্ হইলে, প্লীহা ও যকৃৎ সংযুক্ত জ্বর, উদরাময়, উপদংশ রোগের দৈবারিকাবস্থায়, অর্শ, হুপিং কফ ও প্রমেহ রোগে ব্যবহার্য্য। মুখ মধ্যস্থ অ্যাফ্থি প্রভৃতি বিবিধ ক্ষত, ঔপদংশিক ক্ষত, ওয়ার্ট্ (আঁচিল), ক্যাংক্রম্ অরিস্, ক্যান্সার্, বিবিধ দুষ্টক্ষত, এবং বিষালুজন্তু বা সর্পদষ্ট স্থানে স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এসিডম্ নাইট্রিকম্ ডাইল্যুটম্। মাত্রা,

১০—৩০ মিং। নাইট্রিক্ এসিড্ ৬; পরিশ্রুত জল ৩১ অাং পূর্ণার্থে যথা প্রয়োজন।

এসিডম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকম্ ডাইল্যুটম্।

(এসিডম্ নাইট্রো-মিউরিয়াটিকম্ ডাইল্যুটম্)

মাত্রা, ৫—২০ মিং।

নাইট্রিক্ এসিড্ ৩; হাইড্রোক্লোরিক্ এসিড্ ৪; পরিশ্রুত জল ২৫ ভাগ মিশ্রিত করিয়া লইবে।

ক্রিয়াদি—নাইট্রিক্ ও হাইড্রোক্লোরিক্ এসিডের ন্যায়।

এসিডম্ ওলেইকম্; ওলিক্ এসিড্।

ওলেইন্ হইতে প্রাপ্ত অম্ল বিশেষ; দেখিতে খড়ের ন্যায়, ঈষৎ পীতবর্ণ, গন্ধাস্বাদহীন, তরল পদার্থ। ক্লোরোফর্ম্, ইথর্, এবং সুরাবীর্য্যে দ্রব ও জলে অদ্রবনীয়। ওলিয়েটম্ হাইড্রার্জ্, ও জিঙ্কাই এবং অঙ্গুয়েণ্টম্ জিঙ্কাই ওলিয়েটাই প্রস্তুতার্থে ব্যবহার্য্য।

ক্রিয়াদি—শোষক এবং দাহক।

এসিডম্ অক্‌জ্যালিকম্। (মাত্রা, ½-১ গ্রেণ)।

আম্রুল প্রভৃতি বিবিধ ঔদ্ভিজ্যে চুণ, সোডা, পটাশ্ ইত্যাদির সহিত অক্‌জ্যালেট্ অব্ সোডা ও পটাশ্ রূপে পাওয়া যায়। পরে রূপান্তরিত করিয়া ইহা প্রস্তুত হয়। শ্বেত-

বর্ণ, উজ্জ্বল, গন্ধহীন, সূক্ষ্ম দানাযুক্ত, তীক্ষ্ণ অম্লাস্বাদ বিশিষ্ট; জলে ও সুরাবীর্য্যে দ্রবণীয়। ইহা দেখিতে অনেকাংশে এপ্‌-সম্‌ সল্টের ন্যায়। চূণের জলের সহিত মিশ্রিত করিলে শ্বেতবর্ণ অক্‌জ্যালেট্‌ অব্‌ লাইম্‌ হইয়া অধঃস্থ হয়।

ক্রিয়াদি—অল্প মাত্রায় শৈত্যকারক, ও অবসাদক। আভ্যন্তরিক প্রায় ব্যবহার হয় না, যেহেতু মাত্রাধিক্য হইলে উগ্র বিষ ক্রিয়া করে। ইহার দ্বারা বিষাক্ত হইলে, পাকাশয় প্রদেশে জ্বালা ও রক্ত মিশ্রিত বমন, শরীর শীতল ও ঘর্ম্মাভিষিক্ত, নাড়ী-ক্ষীণ এবং কন্‌ভল্‌সন্‌ হইয়া মৃত্যু হয়। বমনকারক ঔষধ, ষ্টমাক্‌ পম্প, খটিকা, ম্যাগ্‌নিসিয়া ও প্রচুর পরিমাণে স্নিগ্ধ পানীয় ব্যবহার এবং প্রদাহের নিমিত্ত যথাবিধি চিকিৎসা করিবেক। কোয়ান্টিটেটিভ্‌ ও কোয়ালিটেটিভ্‌ এনালিসিসের নিমিত্ত ইহার দ্রব ব্যবহৃত হয়।

এসিডম্‌ ফস্ফরিকম্‌ কন্সেণ্টেটম্‌।

মাত্রা, ২—৫ মিং।

ফস্ফরাস্‌ ১৩ গ্রেণ, নাইট্রিক্‌ এসিড্‌ ৬ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন। বর্ণহীন, শর্করা পাকের ন্যায়, কটু আস্বাদ-বিশিষ্ট তরল পদার্থ।

ক্রিয়াদি—বলকারক, ধামনীক ও স্নায়বীয় উত্তেজক, কামোদ্দীপক, শৈত্যকারক। অধিক মাত্রায় প্রাদাহিক বিষ-ক্রিয়া করে। টাইফস্‌ ও টাইফয়েড্‌ জ্বর, স্ক্রফিউলা, মধুমেহ, ফস্ফেট্‌ অশ্মরি ও কেরিজ্‌ প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এসিডম্ ফস্ফরিকম্ ডাইলুটম্। মাত্রা, ১০-৩০ মিং। ফস্ফরিক্ এসিড্ ৩ আং, পরিশ্রুত জল ২০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। বর্ণহীন, অম্লাস্বাদযুক্ত, তরল পদার্থ।

এসিডম্ সেলিসিলিকম্ ; স্যালিসিলিক্ এসিড্।

মাত্রা, ৫—২০ গ্রেণ।

স্যালিসিন্ হইতে অথবা স্পাইরিয়া আল্মিরিয়া নামক পুষ্প হইতে ইহা প্রস্তুত হয়। লঘু, শ্বেত বা ঈষৎ লালবর্ণ, দানাযুক্ত, আঁইসাকার ; সল্ফেট্ অব্ কুইনাইনের ন্যায় দেখিতে। গন্ধহীন, অম্লাস্বাদযুক্ত ; সুরাবীর্য্য, ইথর্ ও উষ্ণ জলে দ্রব এবং শীতল জলে অল্প দ্রবনীয়। লাইকর্ এমোনিয়া এসিটেটিস্ বা সাইট্রেটিসেও দ্রব হয়।

ক্রিয়াদি—পচন নিবারক, উত্তাপহারক, অবসাদক, এবং অন্তরুৎসেচনাপহ ; বিবিধ জ্বর, নিউমোনিয়া ও তরুণ বাত রোগে ব্যবহার্য্য। বিবিধ ক্ষতাদিতে বাহ্যিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েন্টম্ এসিডাই স্যালিসিলিসাই। স্যালিসিলিক্ এসিড্ ১; সফ্ট্ প্যারাফিন্ ১৮ ; হার্ড্ প্যারাফিন্ ৯।

২। সোডিয়াই সেলিসিলাস্। মাত্রা, ১০—৩০ গ্রেণ। কার্ব্বনেট্ অব্ সোডা বা কষ্টিক্ সোডা এবং স্যালিসিলিক্ এসিড্ সহযোগে ইহা প্রস্তুত হয়। ক্ষুদ্র সঙ্কাকার, দানাযুক্ত, গন্ধহীন, ঈষৎ মিষ্ট ও লাবণিক আস্বাদ। জলে সম্পূর্ণ ও সুরাবীর্য্যে ঈষৎ দ্রবনীয়।

৩। স্যালিসিনম্। মাত্রা, ৩—২০ গ্রেণ। স্যালিক্সিস বৃক্ষের বকল হইতে ইহা প্রস্তুত হয়। শ্বেতবর্ণ, গন্ধহীন চূর্ণ।

ক্রিয়াদি—বলকারক, পর্য্যায়নিবারক। কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহার দ্বারা শিরঃপীড়া ও পাকাশয়ের উগ্রতা প্রকাশ পায় না। কম্পজ্বর, পর্য্যায় ও সপর্য্যায় জ্বরে, নিউর্যালজিয়া, তরুণ রিউমেটিজম্ প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। গ্র্যানিউলার্ এফার্ভেসেন্ট্ স্যালিসিলিক্ এসিড্। মাত্রা, ১ ড্রাম্। প্রতি ড্রামে ৫ গ্রেণ এসিড্ আছে।

২। পল ভিস্ স্যালিসিলিকাস্ কম্ টকো। সেলিসিলিক্ এসিড ৩, হুইটেন্ ষ্টার্চ্ (ময়দা) ১০, টক্ (Talk) ৮৭ ভাগ। অতি ঘর্ম্মাদি নিবারনার্থে স্থানিক ব্যবহার্য্য।

৩। স্যালিসিলেটেড্ ক্যাম্ফর্। মাত্রা, ১—৪ গ্রেণ। ৮৪ ভাগ কর্পূর ও ৬৫ ভাগ স্যালিসিলিক্ এসিড্, উত্তাপ দ্বারা মিশ্রিত করিয়া লইবে। জলে ও গ্লীসারিনে অদ্রব এবং ২০ অংশ চর্ব্বি ও তৈলে সম্পূর্ণ দ্রবণীয়। ক্ষার দ্রব্যে ইহার উপাদান বিযুক্ত হয়। উদরাময়, বিবিধ ক্ষত, ও চর্ম্মরোগে ব্যবহার্য্য।

৪। স্যালিসিলেটেড্ ক্যাম্ফর্ উল্। শতকরা ৮ অংশ। পচন নিবারক। ক্ষতাদিতে ড্রেসিং রূপে ব্যবহার্য্য।

৫। স্যালিসিলিক্ কলোডিয়ম্। (কলোডিয়ম্ দেখ)।

৬। সেলিসিলিক্ ক্রিম্। সেলিসিলিক্ এসিড্ ২; কার্ব্বলিক্ এসিড্ ১; গ্লীসারিন্ ১০। পচন নিবারক।

৭। স্যালিসিলিক্ সিল্ক্। (ম্যাকুগিল্) ১০ অংশ স্যালি-

সিলিক্ এসিড্ গ্লীসারিনের সহিত মিশ্রিতাম্বর সিল্কে মাখাইয়া লইবে। ক্ষতাদিতে ড্রেস্ করিবার জন্য ব্যবহার্য্য।

৮। স্যালিসিলিক্ উল্। ৪ অংশ ও ১০ অংশ স্যালিসিলিক্ এসিড্ মিশ্রিত তুলা। ক্ষতাদি বন্ধনার্থে ব্যবহার্য্য।

৯। বিস্মথাই সেলিসিলাস্। (বিস্মথ্ দেখ।)

১০। ফেরি স্যালিসিলাস্। মাত্রা, ৩—১০ গ্রেণ। ঈষৎ লালাভ ধূসর বর্ণ চূর্ণ, জলে ঈষৎ দ্রবণীয়। সন্ধিবেদনা নাশক। বলকারক, টন্সিলাইটিস্ রোগে ব্যবহার্য্য। ইহার পচন নিবারক ও সঙ্কোচক গুণ আছে। উদরাময় ও ক্ষত হইতে রক্তস্রাব রোধার্থে ব্যবহার্য্য।

১১। সোল্যুসিও সোডিয়াই সেলিসিলেটিস্। (১—৬)। সেলিসিলিক্ এসিড্ ৩১২ গ্রেণ, বাইকার্ব্বনেট্ অব সোডা ২৪০ গ্রেণ, পরিশ্রুত জল ৬ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মিশ্রিত করিলে ফুটিয়া উঠিবে, অনন্তর ছাঁকিয়া লইবে।

১৩। স্যালল্। (সেলিসিলেট্ অব্ ফেনিল্, ফেনিল্ ইথর্ অব্ সেলিসিলিক্ এসিড্।) মাত্রা, ৪—৩০ গ্রেণ। শ্বেতবর্ণ, দানাযুক্ত, দেখিতে ব্রোমাইড্ অব্ এমোনিয়মের ন্যায়। আস্বাদহীন, সৌগন্ধযুক্ত, জলে অদ্রবনীয়; এল্কোহল্ ইথর্, তৈল ও গ্লীসারিনে দ্রবণীয়।

ক্রিয়াদি—জ্বরঘ্ন, পচননিবারক। স্যালিসিলেট্ অব্ সোডিয়মের পরিবর্ত্তে ব্যবহার্য্য। বিবিধ জ্বরে, তরুণ বাত রোগে, অজীর্ণ, সাইটিকা, সমার্ ডায়েরিয়া, নিউর‍্যাল্জিয়া, বিসূচিকা, টাইফয়েড্ ফিভার্, ইণ্টেষ্টাইন্যাল্ ক্যাটার্ প্রভৃতি রোগে এবং বিবিধ ক্ষতে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১৪ স্যালল্ কম্ ক্যাম্ফোরা। স্যালল্ ৩, ক্যাম্ফর্ ২। উত্তাপ দ্বারা মিশ্রিত করিয়া লইবে। পচন নিবারক। আইয়োডোফর্মের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

এসিডম্ সল্ফিউরিকম্।

গন্ধক দ্রাবক। (অয়েল্ অব্ বিট্রিয়ল্)

গন্ধককে রূপান্তরিত করিয়া ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, গুরু, তৈলাকার, তীব্র অম্লাস্বাদ, গন্ধহীন, জল শোষক, জল মিশ্রিত করিলে তপ্ত হয়।

ক্রিয়াদি—অল্প মাত্রায় বলকারক, আগ্নেয়, শৈত্য ও মূত্র কারক, সঙ্কোচক, ক্ষার নাশক ও ঘর্ম্মনিবারক। অতিসার, উদরাময়, যক্ষ্মারোগে, অতিঘর্ম্ম, বিবিধ রক্তস্রাব, রক্ত বমন, রক্তোৎকাশ, সীস শূল, লেড্পল্জি (সীস পক্ষাঘাত) অবিরাম জ্বর, মেলিনা, পিউর্পারল্ ফিভার্, বসন্ত, পুরাতন বাত ইত্যাদি রোগে ব্যবহার্য্য। অধিক মাত্রায় সেবনে দাহিক ও প্রাদাহিক বিষক্রিয়া করে। চর্ম্মরোগে ও বিশালু জন্তুর দংশিত স্থানে স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এসিডম্ সল্ফিউরিকম্ ডাইল্যুটম্। মাত্রা, ৫—৩০ মিং। গন্ধকদ্রাবক ৭, পরিস্রুত জল ৮৩½ পূর্ণার্থে যথা প্রয়োজন (১২-১)। ইন্ফিউজম্ রোজি এসিডম্ প্রস্তুতার্থে ব্যবহার্য্য।

২। এসিডম্ সল্ফিউরিকম্ এরোমেটিকম্। (এলিক্সার্

অব্ বিট্রিয়ল্।) মাত্রা, ৫—৩০ মিং। সল্‌ফিউরিক্ এসিড্ ৩, শোধিত সুরা ৩৬, স্পিরিট্ অব্ সিনেমন্ ২, ষ্ট্রং টিংচর্ অব্ জিঞ্জার্ ২। সুরার সহিত প্রথমতঃ গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া অন্যান্য দ্রব্য মিশাইবে। ইন্‌ফিউজম্ সিঙ্কোনি এসিডম্ প্রস্তুতার্থে ইহা আবশ্যক হয়।

এসিডম্ ট্যানিকম্। (ট্যানিন্)

মাজুফল হইতে প্রস্তুত হয়। ঈষৎ হরিদ্রাভ শ্বেতবর্ণ চূর্ণ, চিক্কণ, কোমল, গ্যালিক্ এসিড্ অপেক্ষা লঘু; গন্ধহীন, তীব্র কষায়াস্বাদ। জল, ইথর্, গ্লীসারিন্ ও সুরায় দ্রবনীয়; তৈলে অদ্রবনীয়। স্থানিক সঙ্কোচনার্থে ইহা গ্যালিক্ এসিড্ অপেক্ষা শ্রেষ্ঠ। ধাতব অম্ল ও ক্ষার দ্বারা ইহার উপাদান নষ্ট হয়।

ক্রিয়াদি—বিশুদ্ধ সঙ্কোচক ও রক্তরোধক। দীর্ঘকাল সেবনেও কোন অনিষ্ট হয় না। যবক্ষার দ্রাবকের সহিত ব্যবহারে ইহার ক্রিয়া বৃদ্ধি হয়। কোষ্টবদ্ধ, প্রদাহ ও রক্তাধিক্য থাকিলে ট্যানিক্ এসিড্ অপ্রযোজ্য। বিবিধ রক্তস্রাব ও রক্তোৎকাশ এবং রক্ত বমন,প্রমেহ,গ্লিট্, ব্রঙ্কাইটিস্, অজীর্ণ, উদরাময়, নাসিকা ও দন্ত মাড়ি হইতে রক্তস্রাব, পূয়োযুক্ত চক্ষু প্রদাহ, পাকাশয়ের ক্যাটার্, প্রোল্যাপ্সস্ এনাই, মুখমধ্যস্থ ও চুচুক ক্ষতে ও বিবিধ চর্ম্ম রোগে ব্যবহার্য্য। পালাজ্বরে কখন কখনও পর্য্যায় নিবারক হইয়া উপকার করে।

প্রয়োগরূপ—১। গ্লাইসরাইনম্ এসিডাই ট্যানিসাই। ট্যানিক্ এসিড্ ১, গ্লীসারিন্ ৪। উত্তাপ দ্বারা মিশাইবে।

২। সপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই। ট্যানিক্ এসিড্ ৩ গ্রেণ, অয়েল্ অক্ থিয়েব্রোমা ১২ গ্রেণ। ইহা দ্বারা একটি সপোজিটারি প্রস্তুত করিবে।

৩। সপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই কম্ সেপোনি। ট্যানিক্ এসিড্ ৩৬ গ্রেণ, গ্লীসারিন্ অব্ ষ্টার্চ্ ৩০ গ্রেণ, কার্ড্ সোপ্ চূর্ণ ১০০ গ্রেণ, এমাইলম্ চূর্ণ যথা প্রয়োজন। সমুদায় দ্রব্য মিশ্রিত করিয়া ১২টী সপোজিটারি প্রস্তুত করিবে।

৩। ট্রোচিসাই এসিডাই ট্যানিসাই। ট্যানিন্ ৩৬০ গ্রেণ, টিংচর্ অব্ টোলু ½ আং, শর্করা চূর্ণ ২৫ আং, আরবি গঁদ চূর্ণ ১ আং, আরবি গঁদের মণ্ড ২ আং, পরিশ্রুত জল ১ আং। সমুদায় মিলাইয়া ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। প্রতি চাক্তিতে ½ গ্রেণ এসিড্ আছে। মাত্রা, ২—৬ চাক্তি।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সপোজিটোরিয়ম্ এসিডাই ট্যানিসাই কম্ ওপিও। ট্যানিন্ ৩, অহিফেন চূর্ণ ১, ষ্টিয়েরিন্ ১১। একত্র মিশ্রিত কর।

২। প্যাসারি বা ভেজাইন্যাল্ সপোজিটারি। এসিড্ ২০ গ্রেণ, ষ্টিয়েরিন্ ২ ড্রাং পূর্ণার্থে যথা প্রয়োজন। লিউকোরিয়া প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

৩। অঙ্গুয়েণ্টম্ এসিডাই ট্যানিসাই। ট্যানিক্ এসিড্ ১, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ৯।

৪। অঙ্গুয়েণ্টম্ এসিডাই ট্যানিসাই কম্ ওপিও। ট্যানিক্ এসিড্ ৩০ গ্রেণ, অহিফেন চূর্ণ ৩০ গ্রেণ, লার্ড ১ আং।

এসিডম্ সল্‌ফিউরোজম্। মাত্রা; ½—২ ড্রাং।

গন্ধক দ্রাবক ৪, কাষ্ঠাঙ্গার চূর্ণ ১, জল ২, পরিশ্রুত জল ৩০। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, উগ্র গন্ধবিশিষ্ট তরল পদার্থ।

ক্রিয়াদি—পরিবর্ত্তক; ঔদ্ভিজ্য কীটনাশক, দুর্গন্ধ ও পচন নিবারক। বিবিধ চর্ম্মরোগে, যথা—স্কেবিজ, পিটিরেসিস্, ফেবস্, প্ররাইগো প্রভৃতিতে স্থানিক ব্যবহার্য্য। টাইফয়েড্ ফিভার্, ইন্‌ফ্লুয়েঞ্জা, টন্সিল্ ও লেরিংস্ প্রদাহ এবং বিবিধ কাশরোগে ইহা ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। সোডি সল্‌ফিস্। কার্ব্বনেট্ অব্ সোডা ও সল্‌ফিউরাস্ এসিড্ সংযোগে ইহা প্রস্তুত হয়। বর্ণ ও গন্ধহীন, লবণাস্বাদ, দানাযুক্ত, জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, বিরেচক ও পচন নিবারক।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। হাইপোসল্‌ফাইট্ অব্ সোডিয়ম্। (থিয়ো সল্‌ফেট্ অব্ সোডিয়ম্।) মাত্রা, ১০—৬০ গ্রেণ।

ক্রিয়াদি—পচন নিবারক। দক্র, একজিমা প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

এসিডম্ টার্টারিকম্। (দ্রাক্ষাম্ল)

ডেক্সট্রো টার্টারিক্ এসিড্।

মাত্রা, ১০—৩০ গ্রেণ।

দ্রাক্ষা, তিন্তিড়িক প্রভৃতি ফলে পটাশ্ সংযুক্ত করিয়া ইহা

প্রস্তুত হয়। গন্ধহীন, শ্বেতবর্ণ, স্বচ্ছ, দানাযুক্ত, অম্লাস্বাদ বিশিষ্ট জলে ও সুরায় দ্রবনীয়।

ক্রিয়াদি—ধামনীক অবসাদক ও শৈত্যকারক। জম্বীরাম্লের পরিবর্ত্তে উচ্ছ্বলৎ পানীয় রূপে ব্যবহার্য্য।

একোনাইটম্। (মঙ্ক সুড)

একোনাইটম্ নেপেলাস্ নামক বৃক্ষের সরস পত্র, পুষ্প ও শুষ্ক মূল। ইহার মূল ২।৫ ইঞ্চ্ পর্য্যন্ত দীর্ঘ হয়, অঙ্গুলির ন্যায় স্থূল, মসৃণ, অভ্যন্তর শ্বেত ও বাহ্যপ্রদেশ কৃষ্ণ ও ধূসর বর্ণ; চর্ব্বণ করিলে কটু আস্বাদ; ওষ্ঠ ও জিহ্বা ঝিন্‌ঝিন্ করিয়া অবশ হয়। ইহার পুষ্প বৃহৎ ও নীল বর্ণ। ইহাতে একোনাইটিনা নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি—স্নায়বীয় ও ধামনীক অবসাদক। মাদক, বেদনা নিবারক, উত্তাপহারক, কচিৎ মূত্র ও স্বেদজনক। স্থানিক উগ্রতাসাধক, স্পর্শ ও বেদনা নিবারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। তরুণ বাত ও সর্দ্দি জ্বর এবং প্রদাহিক জ্বর, বিবিধ প্রদাহ, গাউট্, রিউমেটিজম্, স্নায়ুশূল, প্রমেহ, ধনুষ্টঙ্কার, হৃৎস্পন্দন, বিবিধ রক্তস্রাবে এবং কোন স্থানে আঘাতাদি দ্বারা থেৎলাইয়া গেলে জলের সহিত ইহার অরিষ্ট মিশাইয়া স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এক্‌ষ্ট্রাক্টম্ একোনিটাই। সরসপত্র এবং মঞ্জরী হইতে হরিৎ সার প্রস্তুত হয়। মাত্রা, ½-১ গ্রেণ।

২। লিনিমেণ্টম্ একোনিটাই। একোনাইট, মূল চূর্ণ

২০ আং, কর্পূর ১ আং, শোধিত সুরা ৩০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৩। টিংচ্যুরা একোনিটাই। একোনাইট্ মূল চূর্ণ ২½ আং, শোধিত সুরা ১ পাইন্ট্। ৪৮ ঘণ্টা ভিজাইয়া পরে ছাঁকিবে। মাত্রা, ৫—১৫ মিং।

৪। একোনাইটিনা (একোনিসিয়া।)

একোনাইট্ মূল হইতে প্রস্তুত হয়। শ্বেতবর্ণ, তিক্তাস্বাদ বিশিষ্ট চূর্ণ। জল, ইথর্ ও সুরায় দ্রবণীয়। আভ্যন্তরিক ব্যবহার হয় না, যেহেতু ইহা ভয়ানক বিষ ক্রিয়া করে।

ক্রিয়াদি—প্রবল স্পর্শহারক। বাত ও স্নায়ুশূল প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ একোনাইটিনি। একোনিসিয়া ৮ গ্রেণ, শোধিত সুরা ½ ড্রাম, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ১ আং।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সক্কস্ একোনিটাই। একোনাইট্ পত্রের রস ৩, শোধিত সুরা ১। সপ্তাহ পরে ছাঁকিবে। মাত্রা, ১৫—২০ মিং।

২। এক্‌ট্রাক্টম্ একোনিটাই র‍্যাডিসিস্ এল্কোহলিকম্। মাত্রা, ⅙—½ গ্রেণ।

৩। ট্রোচিসাই একোনিটাই। প্রতি চাক্তিতে ½ মিং অরিষ্ট আছে।

৪। ওলিয়েটম্ একোনাইটিনি। একোনিটিনা ৮ গ্রেণ, ওলিক্ এসিড ১ আং। (মার্টিণ্ডেল্। ২ গ্রেণে ১০০ মিং)।

৫। ইঞ্জেক্‌সিও একোনাইটিনি হাইপোডার্ম্মিকা। মাত্রা, ১—৪ মিং। একোনিটাইন্ ১ গ্রেণ, জলমিশ্র গন্ধক দ্রাবক দ্রব করিতে যথাপ্রয়োজন, পরিশ্রুত জল ½ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৭। ক্লোরোকর্ম্মম্ একোনাইটাই। একোনাইট্ মূল চূর্ণ ২০ আং, উগ্র এমোনিয়া দ্রব ১½ আং; পরিশ্রুত জল ২০ আং, ক্লোরোকর্ম্ ৩০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৭। পাইলুলা একোনিটাই। এল্কোহলিক্ সার ⅙ গ্রেণ, যষ্টি মধুর সার ৩ গ্রেণ। মাত্রা, এক বটিকা।

৮। পিল্ একোনিটিন্ এট্ কুইনাইনি। হাইড্রোব্রোমেট্-অব্ কুইনিন্ ১½ গ্রেণ ও একোনিটিনা $\frac{1}{২৫০}$ গ্রেণ মিশ্র বটিকা।

এডেপ্স্ প্রিপারেটস্। (এজঞ্জ্; শূকরের বসা।)

শূকরের উদর গহ্বরস্থ চর্ব্বি। কোমল, ঈষৎ পীতাভ, শ্বেতবর্ণ, ঘন, তৈলাক্ত ও গন্ধাস্বাদহীন। ইথর্ ও টার্পিণ তৈলে দ্রবণীয়।

ক্রিয়াদি—স্নিগ্ধকারক ও আবরক। হাম, স্কার্লেটিনা, বসন্ত, টাইফস্ ফিভার্ প্রভৃতি রোগে, লার্ড মর্দ্দন করিলে বিশেষ উপকার হয়।

প্রয়োগরূপ—১। এডেপ্স্ বেঞ্জোয়েটস্। (বেঞ্জোইন্ দেখ)। এম্প্লাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্; অঙ্গুয়েণ্টম্ আইওডাই; হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ ও টেরিবিন্থিনি প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

ইথর্। (সল্‌ফিউরিক্ ইথর্; অক্সাইড্ অব্ ইথিল্)

মাত্রা, ২০—৬০ মিনিম্।

শোধিত সুরা ৫০; গন্ধকদ্রাবক ১০, ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ ১০, আর্দ্র চুণ ½; পরিশ্রুত জল ১৩। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন; উৎপতিষ্ণু, বিশেষ উগ্র গন্ধ ও আস্বাদ যুক্ত, অগ্নিদাহ্য, তরল পদার্থ।

ক্রিয়াদি —উত্তেজক, মাদক, আক্ষেপ ও বেদনানিবারক, নিদ্রাকারক ও বায়ুনাশক। স্থানিক উগ্রতা সাধক এবং শৈত্য ও ফোস্কা কারক। ইহার ধূম শ্বাস দ্বারা গ্রহণে মাদক ও চৈতন্যহারক। মাত্রাধিক্য হইলে শ্বাস রোধ হইয়া মৃত্যু পর্য্যন্তও হইতে পারে। এতদ্বারা শ্বাস রোধোপক্রম হইলে, মুখ-মণ্ডলে শীতল জলাভিঘাত এবং কৃত্রিম শ্বাস ক্রিয়াদি ব্যবস্থা করিবে। বিবিধ জ্বর রোগ, উদরাময়, বিসূচিকা প্রভৃতি উৎকট রোগের অবসন্নাবস্থায় ও নাড়ী ক্ষীণ হইলে অন্যান্য উত্তেজক ঔষধের সহিত ব্যবস্থেয়। বিবিধ আক্ষেপজনক রোগে, যথা—বক্ষঃশূল, হিষ্টিরিয়া, ধনুষ্টঙ্কার, মৃগী, পাকাশয়, অন্ত্র ও লিঙ্গনালাক্ষেপ, শ্বাসকাশ, মূত্র ও পিত্তপ্রণালীমধ্যে অশ্মরী অবতরণ ও অন্ত্রাবদ্ধ প্রভৃতিতে আক্ষেপ ও বেদনা নিবারক স্বরূপ, শিরঃপীড়া, প্রসব বেদনা ও অস্ত্রচিকিৎসার যন্ত্রণাদিতে ইহার ধূম শ্বাস দ্বারা গ্রহণীয়। প্রত্যুগ্রতা ও শৈত্য করণার্থে স্থানিক স্প্রে রূপে ব্যবহৃত হয়। কলোডিয়ন্ ও লাইকর্ এপিস্প্যাষ্টিকস্ প্রস্তুতার্থে ইথর্ ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। স্পিরিটস্ ইথরিস্। মাত্রা, ½—১½ ড্রাম্।

ইথর, ১; শোধিত সুরা ২। টিংচুয়্যা লোবিলি ইথিরিয়া প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

২। স্পিরিটস্ ইথরিস্ কম্পজিটস্। (হফ্ম্যান্স্ অ্যানোডাইন্) মাত্রা, ½—২ ড্রাম্। শোধিত সুরা, গন্ধকদ্রাবক ও ইথর্। ইহাদের সহিত চুণের জল মিশ্রিত করিয়া চুয়াইয়া ইহা প্রস্তুত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। স্পিরিটস্ ইথরিস্ মিউরিয়েটিকস্। (স্পিরিটস্ স্যালিসিস্ ডল্সিস্; ক্রুটন্স্ ফেব্রিফিউজ্ স্পিরিট)। মাত্রা, ৩০—৬০ মিং।

২। ইথর্ ফস্ফরেটম্। (ফস্ফরাস্ দেখ।)

৩। ওলিয়ম্ মর্হ কম্ ইথিরি। কড্লিভার্ অয়েল্ ২ ড্রাম; পিওর্ ইথর্ ১০ মিং। এক মাত্রা। থাইসিস্ রোগে বলকারক ও উত্তেজক স্বরূপ ব্যবহার্য্য।

৪। কম্পাউণ্ড্ এনিস্থেটিক্ ইথর্। হাইড্রাইড্ অব্ এমিল্ ১, শোধিত ইথর্ ৪। স্থানিক স্পর্শ হারক।

ইথর্ এসিটিকস্। (এসিটেট্ অব্ ইথিল্)

মাত্রা, ২০—৬০ মিং।

এসিটেট্ অব্ সোডা; কার্ব্বনেট্ অব্ পটাশ্; শোধিত সুরা ও গন্ধক দ্রাবক সহযোগে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, ইথরের গন্ধবিশিষ্ট ও মিষ্টাস্বাদযুক্ত তরল পদার্থ।

ক্রিয়াদি—মূত্রকারক, উত্তেজক ও স্বেদজনক। উদরাধ্মান

ও অরাদি রোগে ব্যবহার্য্য। লাইকর্ এপিস্প্যাষ্টিকস্ প্রস্তু-
তার্থে এসিটিক্ ইথর্ ব্যবহৃত হয়।

ইথর্ পিউরস্। (অক্সাইড্ অব্ ইথিল্)

ইথর্ ২০; পরিস্রুত জল ২০; শুষ্ক চুর্ণ ১, ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ৪। এতদ্ সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। একোনি-সিয়া প্রস্তুতার্থে পিওর্ ইথর্ ব্যবহৃত হয়।

এল্কোহল্ ইথিলিকম্।

(এব্সল্যুট্ এল্কোহল্) বিশুদ্ধ সুরাবীর্য্য।

শোধিত সুরা ১ পাং; নির্জ্জল কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ২ আং; দগ্ধ ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ যথা প্রয়োজন। এতদ্ সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, উগ্র গন্ধযুক্ত তরল পদার্থ। ক্লোরোফর্ম্ ও লাইকর্ সোডি এথিলেটিস্ প্রস্তুত করিতে ইথিলিক্ এল্কোহল্ ব্যবহৃত হয়।

এল্কোহল্ এমাইলিকম্।

(ফুসিল্ অয়েল্ হাইড্রেট্ অব্ এমিল্।)

শর্করাক্ত দ্রবে অভিষব সংযোগে উৎস্বেচন দ্বারা অপরিশুদ্ধ সুরায় ইহা প্রাপ্ত হওয়া যায়। এই অপরিশুদ্ধ সুরাকে পরি-স্রুত করিবার কালীন বিশুদ্ধ এমাইলিক্ এল্কোহল্ পাওয়া যায়।

বর্ণহীন, উগ্র গন্ধাস্বাদ বিশিষ্ট, তৈলবৎ তরল পদার্থ। এমিল্ নাইট্রিস্ ও সোডি ভেলিরিয়েনাস্ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

এলো ; এলোজ্ ; মুসব্বর।

লিলিয়েসি জাতীয় বৃক্ষের পত্রের ঘনীভূত রস। সকট্রা ও বার্ব্বেডোজ্ উপদ্বীপ এবং ভারতবর্ষে জন্মে ; ঔষধার্থে বার্ব্বেডোজ্ ও সকট্রা মুসব্বর ব্যবহৃত হয়।

ক্রিয়াদি—বিরেচক। (বৃহদন্ত্রে বিশেষ প্রকাশ পায়) ঈষৎ উত্তেজক ও বলকারক, পাচক, পিত্ত নিঃসারক, রজনিঃসারক ও আগ্নেয়, ক্রিমি নাশক। অজীর্ণ, কোষ্ঠবদ্ধ, হিষ্টিরিয়া, এমেনোরিয়া, পুরাতন বাত, অর্শ ও আম্বাত, সূত্র খণ্ড বৎ ক্রিমি রোগে অন্যান্য উগ্রতাহারক ঔষধ সহযোগে ব্যবস্থেয়। মাত্রা, ২—৬ গ্রেণ।

১। সকট্রা মুসব্বর। এলো পেরিয়ি নামক বৃক্ষের পত্রের ঘনীভূত রস। দেখিতে লালাভ ধূসর বর্ণ, উগ্র গন্ধবিশিষ্ট ও তিক্তাস্বাদ যুক্ত।

প্রয়োগরূপ—১। ডিকক্টম্ এলোজ্ কম্পজিটম্। মাত্রা, ½—২ আং। সকট্রা মুসব্বরের সার ১ ; গন্ধবোল্ ½ ; জাফ্রান্ (কুঙ্কুম) ½ ; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ½ ; যষ্টি মধুর সার ৪ ; এলাদি অরিষ্ট ৩০ ; পরিশ্রুত জল ১০০ ভাগ পূর্ণার্থে যথা প্রয়োজন। মুসব্বর, গন্ধবোল, কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ও যষ্টি মধুর সার একত্রে মিশ্রিত করিয়া ৪০ ভাগ পরিশ্রুত জলের সহিত আবৃত পাত্র মধ্যে ৫

মিনিট্ পর্য্যন্ত সিদ্ধ করিয়া কুঙ্কুম মিশাইবে; পরে শীতল হইলে এলাদি অরিষ্ট সংযোগ পূর্ব্বক ২ ঘণ্টা কাল ভিজাইয়া রাখিয়া অনন্তর ফ্লানেল্ বস্ত্র দ্বারা ছাঁকিয়া জল সংযোগ দ্বারা ১০০ ভাগ পূর্ণ করিবে।

২। এনিমা এলোজ্। এলোজ্ (সকট্রা বা বার্বেডোজ্) ৪০ গ্রেণ; কার্বনেট্ অব্ পটাশিয়ম্ ১৫ গ্রেণ; মিউসিলেজ্ অব্ ষ্টার্চ্ ১০ আং। মিশ্রিত করিয়া লইবে।

৩। এক্‌ষ্ট্রাক্টম্ এলোজ্ সকট্রাইনি। মাত্রা, ২—৬ গ্রেণ। সকট্রা মুসব্বর ১ পৌং; স্ফুটিত পরিশ্রুত জল ১ গ্যালন্। জলীয় সার। এক্‌ষ্ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ কম্পজিটা ও ডিকক্সন্ এলোজ্ কম্পজিটা প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

৪। পাইল্যুলা এলোজ্ সকট্রাইনি। মাত্রা, ৫—১০ গ্রেণ। সকট্রা মুসব্বর চূর্ণ ২; হার্ডসোপ্ চূর্ণ ১; জায়ফলের বায়ি-তৈল ⅛; গোলাবের (Rose) খণ্ড ১। মর্দ্দন করিয়া মিশাইবে।

৫। পাইল্যুলা এলোজ্ এট্ অ্যাসাফিটিডি। মাত্রা, ৫—১০ গ্রেণ। সকট্রা মুসব্বর চূর্ণ; হিঙ্গু ও হার্ড্ সোপ্ চূর্ণ প্রত্যেক ১; গোলাবের খণ্ড ১ ভাগ বা যথা প্রয়োজন।

৬। পাইল্যুলা এলোজ্ এট্ মর্হি। মাত্রা, ৫—১০ গ্রেণ। সকট্রামুসব্বর ২; গন্ধবোল ১; শুষ্ক কুঙ্কুম ½; রাব গুড় ১; গ্লীসারিন্ যথা প্রয়োজন।

৭। টিংচ্যুরা এলোজ্। মাত্রা, ½—২ ড্রাম্।

সকট্রা মুসব্বর চূর্ণ ১; যষ্টিমধুর সার ৩; পরীক্ষিত সুরা ৪০ পূর্ণার্থে যথা প্রয়োজন। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

৮। ভাইনম্ এলোজ্। মাত্রা, ১—২ ড্রাম।

সকট্রামুসব্বর ১ ২ আং; শুণ্ঠি চূর্ণ ৮০ গ্রেণ; এলাচি চূর্ণ ৮০ গ্রেণ; সেরি ৪০ আং। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

১। বাবেডোজ্ মুসব্বর। অ্যালো ভল্‌গেরিয়া নামক বৃক্ষের পত্রের ঘনীভূত রস। দেখিতে পাটল বা পীত বর্ণ, দুর্গন্ধযুক্ত, তিক্তাস্বাদ বিশিষ্ট ও পিণ্ডাকার পদার্থ।

প্রয়োগরূপ—১। একষ্ট্রাক্টম্ এলোজ্ বার্বেডেন্সিস্। মাত্রা, ২—৬ গ্রেণ। সকট্রামুসব্বরের ন্যায় জলীয় সার।

২। পাইল্যুলা এলোজ্ বার্বেডেন্সিস্। মাত্রা, ৫—১০ গ্রেণ। বার্বেডোজ্ মুসব্বর চূর্ণ ২; হার্ড্ সোপ্ চূর্ণ ১; বিলাতী জিরার তৈল ১/৮; গোলাবের খণ্ড ১। সমুদায় একত্র মিশাইয়া লইবে।

৩। পাইল্যুলা এলোজ্ এট্ ফেরি। মাত্রা, ৫—১০ গ্রেণ। বার্বেডোজ্ মুসব্বর চূর্ণ ২; হিরাকস ১½; দারুচিন্যাদি চূর্ণ ৩; গোলাবের খণ্ড ৪। মিশাইয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পাইল্যুলা এলোজ্ ডাইল্যুটা। মাত্রা, ৩—৪ গ্রেণ। বার্বেডোজ্ মুসব্বর জলে দ্রবান্তর ছাঁকিয়া ৪; যষ্টিমধুর সার ৪; সফ্ট্ সোপ্ ৪; রাবগুড় যথা প্রয়োজন।

২। টিংচ্যুরা এলোজ্ কম্পজিটা। মাত্রা, ১—২ ড্রাম্।

সকট্রা মুসব্বর ২০, এগারিক্ ৩; জেন্সন্ ৩; রেউচিনি ৩; জেবরি ৩; কুঙ্কুম্ ২; ইলেকচুয়েরিয়ম্ ট্রিয়েকল্ ৩; এল্কোহল্ ১০০০।

৩। পাইল্যুলা এলোজ্ কম্পজিটা। মাত্রা, ৫—১৫ গ্রেণ। মুসব্বর ১ আং; একষ্ট্রাক্ট, অব্ জেন্সন্ ½ আং; বিলাতিজিরার তৈল ৪০ মিঃ; রাবগুড় যথা প্রয়োজন।

৪। পাইল্যুলা এলোজ্ এট্ হাইড্রার্জিরাই। মাত্রা, ৫—১০ গ্রেণ। মার্ক্যুরিয়েল্ পিল্ ও পিল্ এলোজ্ প্রত্যেক ½ ড্রাম্; সিরাপ্ যথা প্রয়োজন।

৫। পাইল্যুলা এলোজ্ এট্ ইপেকাকুয়ানি। মুসব্বর ২০ গ্রেণ; শুণ্ঠী ৩০ গ্রেণ; ইপেকাকুয়ানা ৮ গ্রেণ; সিরাপ্, ১৬ টি বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। দিবসে ২ বার আহারের পুর্ব্বে সেবনীয়।

৬। পাইল্যুলা এলোজ্ কম্‌রিয়ো। মাত্রা, ৩—১০ গ্রেণ। মুসব্বর, রেউচিনি, সাবান, প্রত্যেক সমভাগ। মিশ্রিত করিয়া লইবে।

৭। পাইল্যুলা এলোজ্ কম্ সেপোনি। বার্বেডোজ মুসব্বরের সার, কোমল সাবান ও যষ্টিমধুর সার প্রত্যেক ১ ভাগ, রাবগুড় যথা প্রয়োজন। মাত্রা, ৫—১৫ গ্রেণ।

৮। পাইল্যুলা এলোইটিকা। মাত্রা, ২—৪ গ্রেণ। এলোজ্ ৩; সোপ্ ১; অয়েল্ অব্ পিপারমিণ্ট্ ⅙; জল যথা প্রয়োজন।

৯। পাইল্যুলা এলোজ এট্ টেরিবিন্থিনী। উষ্ণ টার্পিন্ ২ ড্রাম; মুসব্বর ½ ড্রাম। ৪০টী বটিকা প্রস্তুত করিবে।

এলোইন্।

মাত্রা; ½—২ গ্রেণ।

এলোজ্ দ্রবান্তর শোধিত পূর্ব্বক দানা বাঁধিয়া লইলে ইহা প্রস্তুত হয়। পীত বর্ণ, সূচ্যাকার, গন্ধহীন, মুসব্বরের আস্বাদযুক্ত পদার্থ। শীতল জলে অল্প, উষ্ণ জলে ও ইথরে এবং

সুরায় সম্পূর্ণ দ্রবনীয়। ইহাকে বার্ব্যালোইন্; সকৃএলোইন্; জ্যান্এলোইন্ ও ন্যাট্এলোইন্ বলে। ক্রিয়াদি—মুসব্বরের ন্যায়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পাইল্যুলা এলোইন্ ষ্ট্রিক্নাইনি এট্ বেলাডনি। এলোইন্ ½ গ্রেণ; ষ্ট্রিক্নিয়া ১/৬০ গ্রেণ; বেলাডনার এল্কোহলিক্ সার ⅙ গ্রেণ। মাত্রা; ১ বা ২ বটিকা।

২। পিল্ এলোইনি কম্পজিটা। এলোইন্ ১ গ্রেণ; কুঁচিলার সার ¼ গ্রেণ; ইহার সহিত ই পিকাক্ যুক্ত করিলেও চলে।

৩। পাইল্যুলা এলোইন্এট্ ইউনিমিন্। এলোজ্ ½ গ্রেণ; ইউনিমিন্ ১½ গ্রেণ; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ ১ গ্রেণ।

অ্যাল্যুমেন্; অ্যালম্; ফট্‌কিরি।

মাত্রা, ১০—২০ গ্রেণ।

সল্‌ফেট্ অব্ অ্যামোনিয়া, সল্‌ফেট্ অব্ অ্যাল্যুমিনা সংযোগে ইহা প্রস্তুত হয়। দানাযুক্ত বা পিণ্ডাকার, স্বচ্ছ, শুভ্রবর্ণ, ঈষৎ মিষ্ট, কষায়াস্বাদ বিশিষ্ট, শীতল বা উষ্ণ জলে দ্রবনীয়। ক্ষার বা উহার কার্ব্বনেট্, ট্যানিন্, রসকর্পূর ও শীস্ শর্করা প্রভৃতি সংযোগে ইহার উপাদান বিযুক্ত হয়।

ক্রিয়াদি—প্রবল সঙ্কোচক, রক্তরোধক এবং ঈষৎ বলকারক ও বমনকারক। স্থানিক প্রয়োগে দাহক ও উগ্রতা সাধক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। টাইফয়েড্ জ্বর, পুরাতন উদরাময় ও অতিসার রোগে, শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষতাদি থাকিলে, পাইরোসিস্, শীস্‌শূল, রক্তোৎকাশ, ক্রুপ্, হুপিং কফ্, ডিপ্‌থিরীয়া প্রভৃতি রোগে বমন কারক স্বরূপ, রক্ত বমন, রক্ত

প্রস্রাব, রজোধিক, টন্সিলাইটিস্ প্রভৃতিরোগে আভ্যন্তরিক; এভিন্ন মুখ, জিহ্বা, গল ও কণ্ঠনালী, দন্তমাঢী, নাসাভ্যন্তর, কর্ণ বিবর, মূত্রযন্ত্র ও জননেন্দ্রিয়ের বিবিধ পীড়ায়, মেহ, প্রমেহ, যোনি-মুখ প্রদাহ, জলৌকা দংশিত স্থান হইতে রক্তস্রাব, শ্বেত প্রদর, জরায়ুস্থ বাহ্যিক ও আভ্যন্তরিক বিবিধ ক্ষতে, দন্তোৎপাটনের পর ও অস্ত্রাদি হইতে রক্তঃস্রাব এবং বিবিধ চর্ম্মরোগে, যথাঃ—একজিমা, একথাইমা, রূপিয়া, চিল্‌ব্লেন্ ও বিবিধ পুরাতন ক্ষতাদিতে রক্ত ও রসস্রাব নিবারণার্থে ইহার পিচ্‌কারী এবং মলম ও ধৌতা-দিরূপে ব্যবহৃত হয়। সামান্য চক্ষু প্রদাহে, যথাঃ—আইরাইটিস্, অপ্‌থ্যাল্মিয়া, কঞ্জংটিভাইটিস্ প্রভৃতিরোগে, কোলিরিয়ম্ অর্থাৎ চক্ষু ধৌত (২। ৪ গ্রেণ, ১ আং জলে) রূপে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। গ্লাইসরাইনম্ অ্যালুমিনিস্। ফট্‌কিরি চূর্ণ ১; গ্লীসারিন্ ৪। মৃদু সন্তাপে দ্রব করিবে।

২। অ্যালুমেন্ এক্সিকেটম্। (অ্যালুমেন্ অষ্টম্; ড্রায়েড্ অ্যালম্); দগ্ধ ফট্‌কিরি। পটাশ্ অ্যালম্‌কে অগ্নি সন্তাপে দগ্ধ করিয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। অ্যালম্ পুল্‌টিশ্। ফট্‌কিরি ৬০ গ্রেণ; ২টী ডিম্বের শ্বেত লালাংশ। চিলব্লেন্ রোগে প্রযোজ্য।

২। অ্যালম্ গার্গল্। রোজ্ পেটাল্ ৩ ড্রাম; জলমিশ্র গন্ধক দ্রাবক ৩ ড্রাম; পরিশ্রুত জল ১০ আং। ২ ঘণ্টা ভিজাইয়া ৮ আং ছাঁকিবে। অনন্তর ফটকিরি ২ ড্রাম,

শর্করা ৪ ড্রাম্ ও শোধিত সুরা ৪ ড্রাম্ মিশ্রিত করিয়া লইবে। ব্যবহার কালে সমপরিমানে জল মিশাইয়া লইবে। দন্তমাড়ি ক্ষতে কুল্যার্থে ব্যবহার্য্য।

৩। অ্যালম্ হোয়ে। মাত্রা, ১—২ আং। ফট্‌কিরি ২ ড্রাম; দুগ্ধ ১ পাং; সিদ্ধ করিলে দুগ্ধ ছিঁড়িয়া যাইবে, পরে ছানা ছাঁকিয়া ফেলিয়া দিবে। অন্তনর যে জল থাকে তাহা উদরাময় রোগগ্রস্ত রোগীকে পথ্যরূপে ব্যবস্থেয়।

৪। ফেরো এলুমেন্। (ফেরি দেখ)।

৫। গ্লাইসরাইনম্ এল্যুমিনিস্। (১—৫)।

৬। লাইকর্ এল্যুমিনিয়াই এসিটিসাই। সল্‌ফেট্ অব্ এল্যুমিনম্ ৩০০; এসিটিক্ এসিড্ (ওজনে) ৩৮৬; প্রিসি-পিটেটেড্ কার্বনেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ ১৩০; জল ১০০০। আটশত অংশ জলে ফট্‌কিরি দ্রবান্তর সির্কায় মিশ্রিত করিবে, পরে ২০০ অংশ জলে কার্বনেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ মিশ্রিত করিয়া উভয় দ্রব মিশ্রিত পূর্ব্বক উত্তম রূপে আবৃত পাত্র মধ্যে উষ্ণ স্থানে ২৪ ঘণ্টা কাল রাখিবে ও মধ্যে মধ্যে আলোড়িত করিবে। অনন্তর ছাঁকিয়া লইবে। ইহা পচন নিবারক ও ঈষৎ সঙ্কোচক।

৭। লাইকর্ এল্যুমিনিয়াই ক্লোরাইডাই। সলফেট্ অব্ এল্যুমিনম্ ও ক্লোরাইড্ অব্ বেরিয়ম্ সংযোগে ইহা প্রস্তুত হয়। পীত বর্ণ, স্বচ্ছ, তরল পদার্থ। ক্রিয়া—প্রবল সঙ্কোচক।

৮। ক্লোর‍্যালম্। ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্ ও পার্ ক্লোরাইড্ অব্ আয়রন্ ও উপরোক্ত দ্রব সংযোগে ইহা প্রস্তুত হয়। ক্রিয়া—সংক্রমাপহ ও পচন নিবারক।

৯। ল্যাপিস্ ডিভাইনস্। ফট্‌কিরি, তুঁতিয়া, সোরা প্রত্যেক ১ ভাগ, ইহাদের সমষ্টিতে $\frac{1}{50}$ অংশ কর্পূর মিশ্রিত করিয়া লইবে। ইহা ছাঁচে ঢালিয়া বর্ত্তিকাকারে প্রস্তুত হয়।

১০। ফেরি এট্ এমোনিয়াই সল্ফাস্। মাত্রা, ৫—১০ গ্রেণ। লৌহ ও ফট্‌কিরি সংযোগে ইহা প্রস্তুত হয়। ক্রিয়া—সঙ্কোচক। বিবিধ রক্তস্রাবে ব্যবহার্য্য।

এমোনায়েকম্।

মাত্রা, ১০—২০ গ্রেণ।

অম্বেলিফেরি জাতীয় ডোরিমাএমোনায়েকম্ নামক বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। ক্ষুদ্র পিণ্ডাকার খণ্ড, গাঢ় ধূসর বা লাল বর্ণ, বিশেষ গন্ধ ও উগ্র তিক্তাস্বাদ বিশিষ্ট; সুরা ও ইথরে দ্রবনীয়।

ক্রিয়াদি—ইহা গ্যাল্‌বেনমের ন্যায় স্নায়বীয় উত্তেজক, আক্ষেপ নিবারক ও কফ নিঃসারক। বিবিধ কাশ রোগে কফ নিঃসারক ও আক্ষেপ নিবারক হইয়া বিশেষ উপকার করে। বিবিধ গ্রন্থি বিবর্দ্ধনে স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। এম্‌প্ল্যাষ্ট্রম্ এমোনায়েসাই কম্ হাইড্রার্জিরো। এমোনায়াক্ ১২ আং; পারদ ৩ আং; অলিভ্ অয়েল্ ৫৬ গ্রেণ (বা ১ ড্রাম); ঊর্দ্ধ পাতিত গন্ধক ৮ গ্রেণ। তৈল উষ্ণ করিয়া গন্ধক মিলাইবে, পরে অন্যান্য দ্রব্য মিশ্রিত করিবে।

২। মিশ্চ্যুরা এমোনায়েসাই। মাত্রা, ১—২ আং। এমোনায়ক্ চূর্ণ $\frac{1}{4}$ আং; পরিশ্রুত জল ৮ আং। এম্প্লাষ্ট্রম্ গ্যাল্‌বেনম্,

পাইলুলা ইপেকাকুয়ানা কম্ সিলি ও কম্পাউণ্ড্ কুইন্‌পীল্ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা এমোনায়েসাই কম্পোজিটা। মাত্রা, ১ আং। কর্পূরাদি আরিষ্ট ৩০ মিং; অক্সিমেল্ সিলি ৩০ মিং; এমোনায়াক্ মিশ্র ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

২। মিশ্চ্যুরা এমোনায়েসাই ইপেকাকুয়ানা এট্ লোবিলি। মাত্রা, ১ আং। ইপিকাক্ ওয়াইন্ ১০ মিং; টিংচ্যুরা লোবিলি ইথিরি ১০ মিং; এমোনায়ক্ মিশ্র ½ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

এমোনিয়াই বেঞ্জোয়াস্।

মাত্রা, ১০—২০ গ্রেণ।

এমোনিয়া দ্রব ৩ আং; বেঞ্জোইক্ এসিড্ ২ আং; পরিশ্রুত জল ৪ আং। বর্ণহীন, সূচ্যাকার, দানাযুক্ত চূর্ণ; জলে ও সুরায় দ্রবনীয়।

ক্রিয়াদি—মূত্রকারক ও শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজক। মূত্রযন্ত্রের বিবিধ পুরাতন প্রদাহ, প্রস্রাবে ক্ষারত্ব দোষ জনিত ফস্ফেটাশ্মরী জন্মিলে ব্যবহার করা যায়।

এমোনিয়াই ব্রোমাইডম্। (এমোনিয়া ব্রোমেটম্।)

মাত্রা, ২—২০ গ্রেণ।

এমোনিয়া ও হাইড্রোব্রোমিক্ এসিড্ সংযোগে ইহা প্রস্তুত

হয়। বর্ণহীন, উগ্র লাবণিকাস্বাদ বিশিষ্ট, দানাযুক্ত পদার্থ। সুরায় অল্প ও জলে সম্পূর্ণ দ্রবনীয়। বায়ুতে রাখিলে ঈষৎ হরিদ্রা বর্ণ হয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, আক্ষেপ নিবারক, শোষক, স্পর্শহারক, শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা সাধক এবং কামনাশক। হুপিংকফ্, শ্বাসনালী প্রদাহ, মৃগী, গ্রন্থি বিবর্দ্ধন ও কামোন্মাদ এবং বাত রোগে ব্যবহার্য্য। শিরঃপীড়া, স্নায়ুশূল ও ক্রুরাইগো রোগেও ব্যবহৃত হয়।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ট্রোচিসাই। মাত্রা, ১—৩ চাক্তি। প্রতি চাক্তিতে ২ গ্রেণ করিয়া ব্রোমাইড্ অব্ এমোনিয়ম্ আছে।

এমোনিয়াই কার্ব্বনাস্; এমোনি সেস্কুই কার্ব্বনাস্।

নিশাদল এবং খটিকা একত্র মিশ্রিত করত ঊর্দ্ধ পাতন করিলে ইহা প্রস্তুত হয়। ঈষৎ স্বচ্ছ, দানা যুক্ত, তীক্ষ্ণ ও উগ্র গন্ধ বিশিষ্ট, উৎপতিষ্ণু; সুরায় অল্প ও জলে (মর্দ্দন করিয়া) সম্পূর্ণ দ্রবনীয়। ক্ষার গুণবিশিষ্ট; বায়ুতে ও অগ্নিসন্তাপে উড়িয়া যায়। সীস শর্করা; এসিড্; চূণ ও ফট্কিরি প্রভৃতিতে ইহার উপাদান পৃথক হয়।

ক্রিয়াদি—উত্তেজক, আক্ষেপ নিবারক, অম্লনাশক, ঘর্ম্ম ও কফ নিঃসারক এবং লিকুই ফেসিয়েট্ (তরলকারক) অর্থাৎ কিছু কাল সেবন করিলে ঘনীভূত রক্ত; ফাইব্রিন্ ও শ্লেষ্মাদি তরল হয়। অজীর্ণ, অম্ল, বুকজ্বালা, উদরাধ্মান, টাইফয়েড্ টাইফস্, রেমিটেণ্ট্ ও স্কার্লেট্ জ্বরে; এরিসিপেলাস্, বিসূচিকা,

ক্যান্সার্ অরিস্ ও বিবিধ শটিত ক্ষতে, বিবিধ কাশরোগে যথাঃ—নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস্, শ্বাস্‌কাশ, ইত্যাদি রোগে, মধুমেহ, আঘাত বা শিরঃপীড়া, সুতিকোন্মাদ, ডিজিটেলিস্, প্রুসিক্ এসিড্, টোব্যাকো প্রভৃতি সেবনে বিষাক্ত হইলে এবং বিবিধ বিশালু জন্তুর দংশনে উত্তেজনার্থ ও মার্ক্যুরিয়েল্ এরিথিজম্, রোজিওলা প্রভৃতি রোগে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ব্যবহৃত হয়। মাত্রা, ৩—১০ গ্রেণ। (বমন করনার্থে ৩০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহৃত হয়)।

প্রয়োগরূপ—১। স্পিরিটস্ এমোনিয়ি এরোমেটিকস্ (স্যাল্‌ভলেটাইল্)। মাত্রা, ½—১ ড্রাম্। কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ৪ আং; এমোনিয়ার উগ্র দ্রব ৮ আং; জায়ফলের বায়ি তৈল ৪ ½ ড্রাম্; জম্বির তৈল ৬½ ড্রাম্; শোধিত সুরা ৬ পাইন্ট্; জল ৩ পাইন্ট্। একত্র মিশ্রিতান্তর চুয়াইয়া লইবে। টিংচ্যুরা ভেলিরিয়েনি এমোনিয়েটা ও টিংচ্যুরা গোয়েসাই এমোনিয়েটা প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

এমোনিয়াই ক্লোরাইডম্। এমোনি হাইড্রোক্লোরাস্ বা মিউরিয়াস্; স্যাল্‌এমোনিয়াক্; নিশাদল।

লবণ দ্রাবক ও এমোনিয়া বা উহার কার্ব্বনেট্ সংযোগে ইহা প্রস্তুত হয়। গন্ধ ও বর্ণহীন, সৌত্রিক পরমানু সংযুক্ত, তীক্ষ্ণ লবণাস্বাদ বিশিষ্ট। সুরা ও জলে দ্রবনীয়। ইহার জলীয় দ্রবে নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ প্রয়োগে শ্বেতবর্ণ হইয়া ক্লোরাইড্ অব্ সিল্‌ভার্ অধঃস্থ হয়।

ক্রিয়াদি—~~পরিবর্ত্তক~~,—উত্তেজক, শোষক এবং স্রাবণ ক্রিয়া

বর্দ্ধক, অর্থাৎ মূত্র, পিত্তঃ, ঘর্ম্ম, কফ্ ও রজনিঃসারক। স্থানিক উগ্রতা সাধক ও শৈত্য কারক। বিবিধ প্রাদাহিক জ্বরে শৈত্য করণার্থে, শ্বাসনালী, ফুস্‌ফুস্ ও ফুস্‌ফুসাবরণ এবং অন্ত্রাবরণ, যকৃৎ ও মূত্র গ্রন্থি এবং মস্তিষ্ক প্রদাহে; রক্তোৎকাশ, রক্তবমন, নিউর‍্যাল্‌জিয়া, পেশীশূল, স্কেবিজ্, ইণ্ডোলেণ্ট্ টিউমার্, বাঘি এবং বিবিধ স্ফোটক, জরায়ুরক্ষীণতা প্রযুক্ত রজোলোপ ও আঘাত লাগিয়া কোন স্থান থেঁৎলাইয়া গেলে, কর্ণিয়ার অস্বচ্ছতা, স্তন প্রদাহ, এবং পাণ্ডুরোগাদিতে স্থানিক ও আভ্যন্তরিক ব্যবহার্য্য। লাইকর্ এমন্ ফোর্ট্ ও লাইকর্ হাইড্রাজ্ পার্ক্লোরাইড্ প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ড্রাফ্‌ট্—এমোনিয়াই ক্লোরাইডাই ১৫ গ্রেণ; টিংচর্ অব্ লিমন্ ৪ ৫ মিং; ক্লোরিক্ ইথর্ ১০ মিং; জল ১½ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

২। লোসন্—নিসাদল ১ আং; শোধিত সুরা ১ আং; জল ১০ আং। কোন স্থান থেঁৎলাইয়া গেলে ইহার সহিত সির্কাযুক্ত করিয়া স্থানিক ব্যবহার্য্য।

৩। ট্রোচিসাই এমোনিয়াই ক্লোরাইডাই। মাত্রা, ২—৪ চাক্তি। প্রতি চাক্তিতে ২ গ্রেণ। স্বরভঙ্গাদিতে ব্যবহার হয়।

৪। ভেপর্ এমোনিয়াই ক্লোরাইডাই। লবণ দ্রাবকেরসহিত ইহা সংমিশ্রিত করিয়া যথোপযুক্ত যন্ত্র মধ্যে জলের সহিত মিশ্রিত করিবে। অনন্তর যে বাষ্পোত্থিত হইবে তাহা শ্বাসদ্বারা গ্রহনীয়।

এমোনিয়াই নাইট্রাস্।

(মাত্রা, ১০—৩০ গ্রেণ।)

জল মিশ্র যবক্ষার দ্রাবক এবং কার্ব্বনেট্ অব্ এমোনিয়া বা এমোনিয়ার দ্রব সংযোগে সমক্ষারাম্ল পূর্ব্বক উর্দ্ধপাতন করিয়া দানা বাঁধিয়া লইবে। শুভ্র, দানাযুক্ত, শোধিত সুরায় অল্প ও জলে সম্পূর্ণ দ্রবনীয়। তীক্ষ্ণ, কটু আস্বাদ বিশিষ্ট পদার্থ। ক্রিয়াদি—অবসাদক, উত্তাপহারক এবং মূত্র কারক। বিবিধ জ্বর রোগে ব্যবহার্য্য।

এমোনিয়াই ফস্ফাস্।

মাত্রা, ৫—২০ গ্রেণ।

জলমিশ্র ফস্ফরিক্ এসিড্ ২০ আং ও এমোনিয়ার উগ্রদ্রব যথা প্রয়োজন। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। স্বচ্ছ, বর্ণহীন, স্তম্ভাকার, দানাযুক্ত, জলে দ্রব ও সুরায় অদ্রবনীয়। বায়ুতে রাখিলে ইহা অস্বচ্ছ হয়।

ক্রিয়াদি—শোষক, উত্তেজক এবং মূত্র ও ঘর্ম্ম কারক। প্রস্রাবে ইউরিক্ এসিড্ জন্মিলে এবং গাউট্ প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

এমিগ্ডেলা আমারা; বিটার্ আমণ্ড্; তিক্ত বাদাম।

প্রুনাস্ এমিগ্ডেলাস্ নামক বৃক্ষের পক্ক ফলের শস্য। ইহাতে মিষ্ট বাদামের ন্যায় স্থায়ী তৈল, শর্করা ও অন্যান্য দ্রব্য আছে। ইহা দেখিতে প্রায় মিষ্ট বাদামের অনুরূপ ও ইহাতে এমিগ্ডেলিন্ নামক বীর্য্য বিশেষ আছে। যাহা মিষ্ট বাদামে নাই; দেখিতে শুভ্র, দানাযুক্ত; সুরা ও ইথরে দ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক। ইহাতে হাইড্রোসিয়ানিক্ এসিড্ থাকা প্রযুক্ত আভ্যন্তরিক প্রয়োগ হয় না। যেহেতু মাত্রাধিক্য হইলে বিষক্রিয়া করিতে পারে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ওলিয়ম্ এমিগ্‌ডেলি আমারি।

২। মিশ্চ্যুরা এমিগ্‌ডেলি আমারি। মাত্রা, ১—২ আং। মিশ্চ্যুরা এমিগ্‌ডেলি ডল্‌সিসের ন্যায় প্রস্তুত করিবে। সর্দ্দি, চুল্‌কানি প্রভৃতিতে ব্যবহার হয়। কিন্তু ইহাতে প্রচুর পরিমাণে প্রুসিক্ এসিড্ আছে। সুতরাং ব্যবহার না করাই ভাল।

এমিগ্‌ডেলা ডল্‌সিস্। সুইট্ আমণ্ড্।

রোজেসি জাতীয় এমিগ্‌ডেলি কমিউনিস্ নামক বৃক্ষের পক্ব ফলাভ্যন্তরীয় শস্য। এসিয়া ও ইউরোপে জন্মে। প্রায় ১ ইঞ্চ্ দীর্ঘ, অণ্ডাকৃতি ও ইহাতে শতকরা ৫০ অংশ স্থায়ী তৈল ও শর্করাদি আছে। ইহাকে মিষ্ট বাদাম বলে।

ক্রিয়াদি—স্নিগ্ধ কারক, মৃদুবিরেচক এবং পোষক। বহুমূত্র রোগ গ্রস্ত রোগীকে রুটী ও বিস্কুটের সহিত আহার করিতে অনেকে ব্যবস্থা দেন। বিবিধ কাশ, সর্দ্দি ও প্রমেহাদি রোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। মিশ্চ্যুরা এমিগ্‌ডেলি। বাদামাদি চূর্ণ ১; পরিশ্রুত জল ৮। একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা; ১—২ আং।

২। ওলিয়ম্ এমিগ্‌ডেলি। বাদামকে নিষ্পেষিত করিয়া

প্রস্তুত হয়। ইহা জলপাইয়ের তৈলের পরিবর্ত্তে ব্যবহার করা-যায়। ওলিয়ম্ ফস্ফরেটম্; অঙ্গুয়েণ্টম্ সিটেসিয়ম্; অঙ্গুয়েণ্টম্ রেজিন্ ও সিম্পল্ অয়েণ্ট্মেণ্ট্ প্রস্তুতার্থে বাদামের তৈল ব্যবহৃত হয়। (মাত্রা, ১—৪ ড্রাম্। মৃদুবিরেচক।)

৩। পল্ভিস্ এমিগ্ডেলি কম্পজিটস্। মাত্রা; ৬০—১২০ গ্রেণ। মিষ্ট বাদাম ৮; বিশুদ্ধ শর্করা ৪; আরবি গঁদ ১। একত্র মর্দ্দন করিয়া লইবে। বাদাম মিশ্র প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

এমাইলম্; ষ্টার্চ্। শ্বেতসার।

বিবিধ ঔদ্ভিজ্য হইতে (যব, তণ্ডুল, গোধূম ইত্যাদি) ইহা প্রস্তুত হয়। শুভ্র, গন্ধাস্বাদহীন; সুরা ও জলে অদ্রব এবং উষ্ণ জলে দ্রবনীয়। ইহার দ্রবে আইওডিন্ সংযোগে নীলবর্ণ ও আইওডাইড্ অব্ ষ্টার্চ হয়। ষ্টার্চ্কে ৩০০ শত তাপাংশে উত্তপ্ত করিলে ইহা কটা বর্ণ হয়। তখন ইহা কিছুতেই দ্রব হয় না। এই অবস্থায় ইহাকে ডেক্ষ্ট্রিন্ বলে।

ক্রিয়াদি—স্নিগ্ধ কারক, পোষক, শিথিল ও আর্দ্র কারক। আইওডিন্ বা দস্তা ও রৌপ্য ঘটিত লবণ দ্বারা বিষাক্ত হইলে স্নিগ্ধ করনার্থে ও বিষ নাশার্থে, উদরাময়, অতিসার, দগ্ধ ক্ষত, এরিসিপেলাস্ এবং বিবিধ প্রাদাহিকাবস্থায়, অস্থি ভঙ্গ ও সন্ধি প্রদাহাদিতে ইহার মণ্ডের সহিত ব্যাণ্ডেজ্ বান্ধিলে বিশেষ উপকার হয়।

প্রয়োগরূপ—১। গ্লাইসরাইনম্ এমিলাই। শ্বেত সার ১ আং; গ্লীসারিন্ ৫ আং; পরিশ্রুত জল ৩ আং। একত্র মিলাইয়া অগ্নি সন্তাপে গলাইবে। এসিডাই কার্ব্বলিসাই কম্ সেপোনি;

এসিডাই ট্যানিসাই কম্ সেপোনি ও মর্ফহিনি কম্ সেপোনি সপোজিটারি প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

২। মিউসিলেগো এমিলাই। শ্বেত সার ১২০ গ্রেণ; পরিশ্রুত জল ১০ আং। একত্র মিশ্রিত করিয়া, পরে কিছুক্ষণ উত্তপ্ত করিয়া লইবে। মুসব্বর, ম্যাগ্নেসি সল্‌ফেটিস্, অহিফেন্ ও টার্পিণের পিচ্‌কারী (এনিমা) প্রস্তুত করিতে ইহা ব্যবহার্য্য।

এমিল্ নাইট্রিস্।

মাত্রা, ২—৫ মিং শ্বাস্। ½-১ মিং আভ্যন্তরিক।

যবক্ষার দ্রাবক বা নাইট্রাস্ এসিডের সহিত অ্যামিলিক্ এল্কোহল্ মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়। পীতবর্ণ, উগ্র গন্ধ বিশিষ্ট তরল পদার্থ। সুরায় দ্রব ও জলে অদ্রবনীয়। উত্তাপ দ্বারা বিন্দু বিন্দু করিয়া কষ্টিক্ পটাশ্ ইহার সহিত মিশ্রিত করিয়া ভেলিরিয়েনেট্ অব্ পটাশ্ প্রস্তুত হয়।

ক্রিয়াদি—উত্তেজক, অক্ষেপ ও বেদনা নিবারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। অ্যাঞ্জাইনা পেক্টোরিস্; হিষ্টিরিয়া, অ্যাস্মা, হুপিংকফ্, শ্বাসকৃচ্ছ্র; অপ্থ্যাল্মিয়া গাইটার্, সিঙ্কোপ্, সি সিক্‌নেস্, মৃগী এবং হৃৎপিণ্ডের বিবিধ পীড়ায় ব্যবহার্য্য। অপিচ, বিসূচিকা রোগে কোল্যাপ্স, কষ্টরজঃ, বিশেষতঃ বয়োধিক্য প্রযুক্ত বা বাধক এবং স্নায়ু শূল জনিত হইলে এবং বিবিধ আক্ষেপ জনক রোগে ইহা শ্বাস বা অভ্যন্তরিক ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা এমিল্ নাইট্রিটিস্। নাইট্রাইট্ অব্ এমিল্ ১৬

মিং, বিশুদ্ধ শর্করা ২ ড্রাম্। মিশ্রিতান্তর ট্র্যাগাকান্থ্ চূর্ণ ৬ গ্রেণ মিশাইয়া জল দ্বারা ৪ আং পূর্ণ করিবে। মাত্রা, ১ বা ২ ড্রাম্।

এনিথাই ফ্রুক্টস্ ; ডিল্ ফ্রুট্।

পিউসিডেনম্ গ্র্যাভিউলেন্স্ নামক বৃক্ষের শুষ্ক ফল। ইউরোপ দেশে বিস্তর জন্মে। বাদামাকার, চ্যাপ্টা, জিরার ন্যায় ক্ষুদ্র, পীতাভ ধূসর বর্ণ, সদ্‌গন্ধ যুক্ত ও সুস্বাদ বিশিষ্ট।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক। উদরাধ্মান, হিক্কা এবং বিরেচক ঔষধের উগ্রতা হ্রাসার্থে ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া এনিথাই। ডিল্‌ফ্রুট্ চূর্ণ ১; জল ২০। ইহার ১০ ভাগ চুয়াইয়া লইবে। (ঔষধ দ্রব্যের তৈল ১ মিং, জল ১ বা ২ আং। ওলিয়ম্ দেখ।) মাত্রা, ১-২ আং। ২। ওলিয়ম্ এনিথাই। ডিলফ্রুট চুয়াইয়া প্রস্তুত হয়। মাত্রা, ১—৪ মিং।

এনিসাই ফ্রুক্টস্ ; এনিসীড্ ; মৌরি।

পিম্পিনেলা এনিসম্ নামক বৃক্ষের শুষ্ক ফল। এসিয়া ও ইউরোপে জন্মে।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক ও ঈষৎ কফনিঃসারক। উদরাধ্মান, হিক্কা ও কাশ রোগে এবং বিরেচক ঔষধের উগ্রতা দমনার্থে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া এনিসাই। মৌরি চূর্ণ ১; জল ২০। ইহার ১০ ভাগ চুয়াইয়া লইবে। মাত্রা, ১—২ আং। ২। এসেন্সিয়া এনিসাই। মৌরির তৈল ১; শোধিত সুরা ৪। মাত্রা, ১০—২০ মিং।

৩। ওলিয়ম্ এনিসাই। মাত্রা, ১—৪ মিং। মৌরি চুয়াইয়া প্রস্তুত হয়।

এনিসাই ষ্টিলেটাই ফ্রুক্টস্; ষ্টার্ এনিসি ফ্রুট্।

ইলিসিয়ম্ এনিসেটম্ নামক বৃক্ষের শুষ্ক ফল। চিন রাজ্যে জন্মে। ক্রিয়া ও প্রয়োগরূপ মৌরির ন্যায়।

এন্থিমিডিস্ ফ্লোরিস্; ক্যামোমাইল্ ফ্লাওয়ার্।
বাবুনা পুষ্প।

এন্থিমিডিস্ নোবিলিস্ নামক বৃক্ষের শুষ্ক পুষ্প। পারস্য ও ইউরোপে জন্মে। বিশেষ উগ্র সৌগন্ধযুক্ত, তিক্তাস্বাদ বিশিষ্ট, ইহাতে বায়ি তৈল, ট্যানিন্ ও তিক্ত সারাদি আছে।

ক্রিয়াদি—বলকারক, আগ্নেয়, বায়ুনাশক, উত্তেজক এবং পর্য্যায়নিবারক। রোগান্তে দৌর্ব্বল্য; অজীর্ণ, উদরাধ্মান; পালাজ্বর প্রভৃতিতে প্রয়োজ্য। ইহার ফাণ্ট্ অধিক মাত্রায় (৫—১০আং) বমন কারক।

প্রয়োগরূপ—১। এক্‌ষ্ট্রাক্টম্ এন্থিমিডিস্। মাত্রা, ২—১০ গ্রেণ। বাবুনা পুষ্প ১৬ আং; বাবুনাতৈল ১৫ মিং; পরিশ্রুত জল ১ গ্যালন্।

২। ইন্‌ফিউজম্ এন্থিমিডিস্। মাত্রা, ১—৪ আং। বাবুনা পুষ্প ½ আং; স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং। আবৃত পাত্র মধ্যে ১৫ মিনিট্ ভিজাইয়া ছাঁকিবে।

৩। ওলিয়ম্ এন্থিমিডিস্। মাত্রা, ১—৪ মিং। বাবুনা পুষ্প চুয়াইয়া প্রস্তুত হয়।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। টিংচুয়া এম্থেমেডিস্। মাত্রা, ৩—১০ মিং। ক্যামোমাইল্ পুষ্প ১ পাং; শোধিত সুরা ২৪ আং; পরিশ্রুত জল ৮ আং। ২৪ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

এণ্টিমোনিয়াই অক্সাইডম্।

মাত্রা, ২—৪ গ্রেণ।

ক্লোরাইড্ অব্ এণ্টিমোনি দ্রব ১৬ আং; কার্ব্বনেট অব্ সোডা ২ আং; জল ১ গ্যালন্; পরিশ্রুত জল যথা প্রয়োজন। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। গন্ধাস্বাদহীন, শ্বেতাভ পাংশু বর্ণ চূর্ণ, লবণ দ্রাবকে দ্রব ও জলে অদ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক, মৃদু বিরেচক, ঘর্ম্ম ও কফনিঃসারক। বিবিধ জ্বর ও কাশ রোগে, অবসাদন ও কফ নিঃসরনার্থে ব্যবহৃত হয়। ইহাকে টার্টার্ এমেটিকের পরিবর্ত্তে ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ—১। পল্ভিস্ এণ্টিমোনিএলিস্। (জেম্স্ পাউডার্; পল্ভিস্ জেকোবাই ভিরাই।) অক্সাইড্ অব্ এণ্টিমনি ১; ফস্ফেট্ অব্ ক্যাল্সিয়ম্ ২। মিশ্রিত করিয়া লইবে।

এণ্টিমোনিয়ম্ নাইগ্রম্ পিউরিফিকেটম্।

(সুর্মা; রসাঞ্জন; এণ্টিমোনিয়াই সল্ফিউরেটম্ প্রিপারেটম্।)

সল্ফাইড্ অব্ এণ্টিমনি ১ পৌং; এমোনিয়া দ্রব ৮ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। গাঢ়, ধূসরবর্ণ চূর্ণ, স্ফুটিত লবণ দ্রাবকে দ্রবনীয়। এইদ্রবে

জল প্রয়োগ করিলে শ্বেত বর্ণ পদার্থ অধঃস্থ হয়। এণ্টিমোনিয়ম্ সল্‌ফিউরেটম্ এবং লাইকর এণ্টিমোনিয়াই ক্লোরাইডাই প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

এণ্টিমোনিয়াই সল্‌ফিউরেটম্।

মাত্রা, ১—৫ গ্রেণ।

(এণ্টিমোনিয়াই অক্সি সল্‌ফিউরেটম্; এণ্টিমোনিয়াই সল্‌ফিউরেটম্ অরম্ বা প্রিসিপিটেটম্।) বিশুদ্ধ সুর্‌মা ১০ আং; ঊর্দ্ধ পাতিত গন্ধক্ ১০ আং; সোডা দ্রব ৪½ পাং; জলমিশ্র গন্ধক দ্রাবক ও পরিশ্রুত জল যথা প্রয়োজন। কমলালেবুর ন্যায় বর্ণ বিশিষ্ট চূর্ণ; উষ্ণ লবণ দ্রাবক এবং কষ্টিক্ সোডা দ্রবে দ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক, পরিবর্ত্তক, কফ নিঃসারক, ঘর্ম্মকারক। অধিক মাত্রায় বমন (৫—২০ গ্রেণ) কারক এবং বিরেচক। বিবিধ চর্ম্মরোগে, বাত, গ্রন্থি বিবর্দ্ধন, উপদংশ এবং যকৃতের পীড়ায় ব্যবহৃত হয়। পাইল্যুলা হাইড্রার্জিরাই সব্ ক্লোরিডাই কম্পাজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

এণ্টিমোনিয়ম্ টার্টারেটম্।

(এণ্টিমোনিয়ম্ টার্টরাইজেটম্ টার্টার্ এমেটিক্)। মাত্রা, ১/১৬—১/৮ গ্রেণ ঘর্ম্মকারক। ১—২ গ্রেণ বমনকারক। অক্সাইড্ অব্ এণ্টিমনি ৫ আং; অ্যাসিড্ টার্ট্রেট্ অব্ পটাশ্ ৬ আং; পরিশ্রুত জল ২ পাইণ্ট্ ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়।

বর্ণহীন, স্বচ্ছ, দানাযুক্ত, গন্ধহীন, ঈষৎ কষায়াস্বাদ; জলে

দ্রবনীয়, কিন্তু সুরায় অদ্রবনীয়। অম্ল, ক্ষার বা উহার কার্ব্বনেট্ প্রভৃতির দ্বারা ইহার উপাদান নষ্ট হয়।

ক্রিয়াদি— ধামনীক অবসাদক, পরিবর্ত্তক, শৈত্য, মূত্র ও ঘর্ম্মকারক এবং কফ্ নিঃসারক, শোষক ও বিবমিষা জনক, বিরে-চক ও বমনকারক এবং স্থানিক উগ্রতা সাধক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বিবিধ প্রাদাহিক ও অন্যান্য জ্বরে, প্রদাহ ও কাশ রোগে, উন্মাদ, স্তন প্রদাহ, ক্রুপ্, মদাতঙ্ক, ডিপ্থিরিয়া, অঁন্ত্র প্রদাহ, অণ্ড প্রদাহ, চক্ষু প্রদাহ, কোরিয়া, সোরায়েসিস্ প্রভৃতি বিবিধ চর্ম্ম রোগে এবং নানা প্রকার যান্ত্রিক প্রদাহে ইহা ব্যবহার হয়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েন্টম্ এণ্টিমোনিয়াই টার্টারেটাই। টার্টার্ এমেটিক্ ¼ আং; মোমের মলম ১ আং।

২। ভাইনম্ এণ্টিমোনিয়েলিস্। মাত্রা, ৫—৬০ মিং। টার্টার্ এমেটিক্ ৪০ গ্রেণ; সেরি ১ পাইণ্ট্। দ্রব করিয়া লইবে।

অ্যাপোমর্ফাইনি হাইড্রোক্লোরাস্।

মর্ফিয়া বা কোডিয়াকে লবণ দ্রাবক সহযোগে আবদ্ধ নলমধ্যে উত্তপ্ত করিয়া ইহা প্রস্তুত হয়। ধূসর বর্ণাভ শ্বেতবর্ণ, উজ্জ্বল, সূচ্যাকার, দানাবিশিষ্ট, বায়ু ও আলোকে রাখিলে পীত বর্ণ হয়, গন্ধহীন। ইহাতে যবক্ষার দ্রাবক দিলে লাল বর্ণ হয়।

ক্রিয়াদি— বমন কারক ও কফনিঃসারক। ইহা দ্বারা ৫। ১০ মিনিটের মধ্যেই বমন হয়, এবং বমনান্তে বিবমিষা ও অব-সাদাদি প্রকাশ পায় না। বিবিধ বিষ সেবনে এবং গলদেশে কুলের

অাঁটি প্রভৃতি আটকাইলে ইহার দ্বারা বিশেষ উপকার হয়। বিবিধ আক্ষেপ, যথা—কোরিয়া, মৃগী, সর্দ্দিগর্ম্মি এবং বিবিধ কাশ রোগে কফনিঃসারক হইয়া উপকার করে।

প্রয়োগরূপ—১। ইঞ্জেক্সিও এপোমর্ফাইনি হাইপোডার্মিকা। মাত্রা, ৩—৮ মিং। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ ২ গ্রেণ; কর্পূরের জল ১০০ মিং। দ্রবান্তর ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরাপস্ এপোমর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্। মাত্রা, ½-১ ড্রাম্। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ ৫ গ্রেণ; জল মিশ্র লবণ দ্রাবক ২ ড্রাম্; শোধিত সুরা ৭ ড্রাম্; পরিশ্রুত জল ৭ ড্রাম্; সিরাপ্ ১৮ আং। একত্র মিশাইবে।

২। হাইপোডার্মিক্ ল্যামেল্। প্রতি ল্যামেলে ১/১০ গ্রেণ আছে।

একোয়া; ওয়াটার্; জল।

সচরাচার আমরা যে জল ব্যবহার করি তাহা অপরিশুদ্ধ। নদীর (ফ্লুভিএটিলিস্,) জল, ঝর্না‌র (ফণ্টেনা বা স্প্রিং) জল, সমুদ্র (মেরিনা বা সি) জল প্রভৃতি ভূমিতে সংস্পর্শিত হইলে পার্থিব লবণাদিতে সংমিশ্রিত হইয়া থাকে। সুতরাং ইহাকে বিশুদ্ধ জল বলা যায় না। অধিকন্তু লবণ মিশ্রিত জলকে হার্ড্ ওয়াটারও বলা যায়। বিশুদ্ধ (পিউরা) জল প্রস্তুতার্থে নিম্ন লিখিতোপায় সমুহ গ্রহণ করা হয়।

১। অগ্নি সন্তাপে জল স্ফুটিত (বুলিএন্স্) করিয়া ছাঁকা।

২। স্থিতাম (সব্ সাইডেন্স্) অর্থাৎ আবৃত পাত্র মধ্যে জল স্থির ভাবে রাখিয়া। ৩। ফিল্ট্রেসন্ অর্থাৎ ছাঁকা, ব্লটিং কাগজ (ফিল্টারিং পেপর্) অথবা ফ্লানেল্ কাপড়,জান্তবাঙ্গার,বালুকা,সৈকতান্ প্রস্তর-ভাণ্ড, স্পঞ্জ্ প্রভৃতি ব্যবহার। (৪) জলে ফট্‌কিরি বা নির্ম্মাল্য (ষ্ট্রিক্নপোটেটোরম্) প্রয়োগ পূর্ব্বক পরিষ্কার করা। (৫) অথবা ডিষ্টিলেসন্ অর্থাৎ বকযন্ত্রে চুয়াইয়া পরিশ্রুত করা ও নির্ম্মল (পিউরা) জলকে সফট্ ওয়াটার্ বলে অর্থাৎ ইহাতে সাবন মিশ্রিত করিলে ফেনিল্ হয়। পরিশ্রুত জল স্বচ্ছ, নির্ম্মল, আস্বাদ, বর্ণও গন্ধহীন।

ক্রিয়াদি—অবসাদক, বলকারক ও তরল কারক। ইহা ব্যবহারে শরীরের রক্ত এবং নিঃসরণ ক্রিয়া তরল হয়। বিবিধ প্রাদাহিক রোগে বরফ বা উহার জল (একোয়া নিভেলিস্ বা স্নো ওয়াটার্,) ব্যবহৃত হয়। নানাপ্রকার চর্ম্ম প্রদাহ, এরিসিপেলাস, এরিথিমা, মস্তিষ্ক ও উহার আবরন প্রদাহ,পচাক্ষত,নিউমোনিয়া, সিষ্টাইটিস্, ব্রণ, বাঘি, স্ফোটক, বিবিধ বিষসেবনে বিষাক্ত হইলে, মিট্রাইটিস্ অতিসার, অন্ত্রাক্ষেপ ও পাকাশয়, যকৃৎ ও মূত্র গ্রন্থি, প্রদাহ, উপদংশ রোগের ফ্যাজিডেনিক্ ক্ষত, এভিন্ন বিবিধ প্রকার প্রদাহ ও আক্ষেপ জনক রোগে ইহার ফোমেণ্টেসন্ এবং স্নানাদি ব্যবহৃত হয়। একোয়া, সার,ফাণ্ট্, ক্বাথ, লাইকর, মিশ্র, মণ্ড প্রভৃতির প্রয়োগরূপ প্রস্তুতার্থে জল ব্যবহৃত হয়। ১। বাথ; স্নান। ঔষধ দ্রব্য মিশ্রিত করিয়া বা অমিশ্র জলে, শরীরের সমুদায় অংশ বা শরীরাংশ ধৌত করণের নাম বাথ্ বা স্নান। নিম্ন লিখিত প্রনালী অনুসারে স্নান সকলের নাম হইয়া থাকে। যথা, (১) সমুদয় শরীর আর্দ্র করণকে জেনারাল্ বাথ্ অর্থাৎ

স্নান বলে। (২) বস্ত্রখণ্ড অথবা স্পঞ্জ ভিজাইয়া শরীর আর্দ্র করিলে তাহাকে স্পঞ্জিং বলে। (৩) নাভি হইতে উরু পর্য্যন্ত আর্দ্র করিলে, তাহাকে হিপ্ বাথ্ বা কটী স্নান বলে। (৪) জানু অবধি পদ পর্য্যন্ত স্নাত করাকে ফুট্ বাথ্ বা পেডেল্যুবিয়েম্ বা পদস্নান। এভিন্ন ঊর্দ্ধ হইতে বারিধারা (একধারে) পাতিত করিলে ডুশ। (৬) সহস্র ধারায় পাতিত করণের নাম শাওয়ার্ বাথ্। (৭) এককালে অধিক মাত্রায়, এফ্যুসন্ বলে। (৮) উপযুক্ত যন্ত্রের দ্বারায় বিন্দু ২ বারি পাতিত করার নাম ইরিগেসন্। (৯) শীতল জলে বস্ত্র ভিজাইয়া গাত্রাচ্ছাদিত করণের নাম প্যাকিং। ৩০। ৬০ তাপাংশ জল স্নানার্থে ব্যবহার করিলে, তাহাকে কোল্ড্ বাথ্ বা শীতল স্নান। ৯০। ১০০ তাপাংশে ওয়ার্ম বা শিতোষ্ণ। ১০০। ১১৫ তাপাংশে হট্‌বাথ বা উষ্ণ স্নান বলে।

২। ভেপর্ বাথ্, ভাপরা বা বাষ্পস্নান। স্ফুটিত জল পাত্রে ঔষধ প্রয়োগ পূর্ব্বক রোগীর গলদেশ হইতে পদ পর্য্যন্ত বস্ত্রাবৃত করাকে বাষ্প স্নান। উষ্ণ জলে বস্ত্রখণ্ড (ফ্লানেল্) সিক্ত করনান্তর নিঙ্গিড়াইয়া প্রদাহ স্থানে প্রয়োগ করাকে ফোমেণ্টেসন্ বলে।

ক্রিয়াদি—শীতল স্নান উত্তাপ হারক, পুনরুত্তেজক ও শৈত্য কারক। উষ্ণ স্নান শিথিল কারক, রক্ত সঞ্চালক অর্থাৎ চর্ম্মের ক্রিয়া বৈষম্য, স্নায়ু এবং শারিরীক উত্তাপাদির বৈষম্য নাশক। ভেপর্ বাথেরও উল্লিখিত ক্রিয়া জানিবে। অধিকন্তু ইহা ঘর্ম্ম-কারক। টাইফয়েড্ প্রভৃতি বিবিধ জ্বরীয় উত্তাপ লাঘবার্থে শীতল স্নান এবং বিবিধ আক্ষেপ, বেদনা ও নানাপ্রকার যান্ত্রিক প্রদাহে উষ্ণস্নান বা উষ্ণ জলের ফোমেণ্টেসন্ বিশেষ

ফলপ্রদ। অপিচ, বিবিধ যান্ত্রিক প্রদাহ, রজঃস্বলা স্ত্রীলোক, অতিবৃদ্ধ ও ক্ষীণাবস্থায় শীতল এবং পূর্ণ গর্ভাবস্থায়, হৃৎপিণ্ড এবং সংন্যাসাদি রোগে উষ্ণস্নান ব্যবহার করিবেনা।

এরারোবা। (ক্রাইসেরোবিন্ দেখ।)

আর্জেণ্টম্। রৌপ্য ধাতু।

বিবিধ প্রয়োগরূপ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

আর্জেণ্টাই নাইট্রাস্। (লুনার্ কষ্টিক্)

মাত্রা,—১/৬ ১/২ গ্রেণ।

বিশুদ্ধ রৌপ্য ৩ আং; যবক্ষার দ্রাবক ২১/২ আং; পরিশ্রুত জল ২১/২ আং সহযোগে প্রস্তুত হয়। শ্বেত বর্ণ, চ্যাপ্টা, দানাযুক্ত বা বর্ত্তিকাকার, তীক্ষ্ণ কষায়াস্বাদ বিশিষ্ট, সুরা ও পরিশ্রুত জলে দ্রবনীয়। (নির্ম্মল জলে দ্রব করিলে বিবর্ণ হয়।) এই দ্রবে লবণ দ্রাবক, ক্লোরিণ্ ও অন্যান্য লবণ সংযোগ করিলে শ্বেতবর্ণ দধির ন্যায় ক্লোরাইড্ অব্ সিল্ভার্ অধঃস্থ হয়। এই ক্লোরাইডে আলোক লাগিলে কৃষ্ণবর্ণ হয় ও ইহা এমোনিয়ায় দ্রবনীয়। বিবিধ দ্রাবক (যবক্ষার ভিন্ন) অম্ল, ক্ষার বা উহার কার্ব্বনেট্ ও ঔদ্ভিজ্জ সঙ্কোচক দ্বারা ইহার উপাদান বিযুক্ত হয়।

ক্রিয়াদি—অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক, অবসাদক, আক্ষেপ নিবারক ও সঙ্কোচক। অধিক মাত্রায় দাহক ও বিষক্রিয়া করে। স্থানিক, উত্তেজক, দাহক ও ফোস্কাকারক, সঙ্কো-

চক্ষ এবং আবরক। পুরাতন পাকাশয় শূল, কোরিয়া, উদারাময় ও অতিসার, অজীর্ণ, মৃগী, হুপিং কফ, মার্কুরিয়্যাল্ পল্জি প্রভৃতিতে আভ্যন্তরিক এবং পুরাতন প্রমেহ, শ্বেত প্রদর, জরায়ুস্থ বিবিধ ক্ষত, ডিপ্থিরিয়া, ক্যান্সার্, স্যাঙ্কার্, বসন্ত, এরিসিপেলাস্ দীর্ঘাঙ্কুর ও নিরঙ্কুর ক্ষত, শয্যাক্ষতের তরুণাবস্থা, বিশালু জন্তুর দংশিত স্থান, মুখ, তালু ও গলনলীর ক্ষত এবং প্রদাহে, যোনী ও গুহ্যাদি কুঞ্চন সন্ধি শোথ, (ড্রপ্সি অব্ দি জয়েণ্ট্‌স্) বিবিধ চর্ম্মরোগ, ব্রণ, বাঘি ও অর্ব্বুদাদির প্রদাহারম্ভে, দগ্ধ স্থান, হার্পিস্ জোষ্টা, পেম্ফাইগস্ প্রভৃতির ফোস্কা গলিয়া গেলে, টিনিয়া টার্সাই ও বিবিধ প্রদাহিক রোগে ইহার ধৌত মহোপকারক।

প্রয়োগরূপ—১। আর্জেণ্টাই এট্ পটাশিয়াই নাইট্রাস্ (মেটিগেটেড্ কষ্টিক্)। নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ ১ আং ও নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ ২ আং সহযোগে প্রস্তুত হয়। শ্বেত বা ধূসরবর্ণ, বর্ত্তিকাকার; সুরায় অল্প, পরিশ্রুত জলে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়াদি—নাইট্রেট্ অব্ সিল্‌ভারের ন্যায়। কিন্তু তদপেক্ষা মৃদু। ইহা স্থানিক ব্যবহার্য্য।

২। টাফোগু নাইট্রেট্ অব্ সিল্‌ভার্। নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ প্রস্তুত কালীন ৫ অংশ নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ প্রয়োগ করিয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ইঞ্জেক্সিও আর্জেণ্টাই হাইপোডার্মিক্স। মাত্রা, ২—১০ মিং। ক্লোরাইড্ অব্ সিল্‌ভার্ ৫০ গ্রাম; হাইপো সল্‌ফাইট্ অব্ সোডিয়ম্ ৩ গ্রাম্; পরিশ্রুত জল পূর্ণার্থে ১০০ কিউবিক্ সেণ্টিমিটার্। একত্র মিশ্রিত করিয়া লইবে।

২। হেয়ার্ ডাই। (ক) ১নং দ্রব। নাইট্রেট্ অব্ সিল্ভার্ ৮০ গ্রেণ; পরিশ্রুত জল ২ আং। ২ নং দ্রব। সল্ফিউরেটেড্ পটাশ্ ৪ ড্রাম্; পরিশ্রুত জল ৪আং। (খ) ১নং দ্রব। পাইরোগ্যালল্ ১/৪ আং; শোধিত সুরা ২ আং; পরিশ্রুত জল ১০ আং; প্রথমে ১নং মাথাইয়া পরে ২ নং দ্রব ব্যবহার্য্য। কষ্টিক্ ১/৪ আং; উগ্র এমোনিয়া দ্রব ১/৪ আং; পরিশ্রুত জল ২ আং পূর্ণার্থে যথাপ্রয়োজন। হেয়ার্ ডাই অর্থাৎ চুলের কলপ ব্যবহারের পূর্ব্বে মস্তক জলে উত্তম রূপে ধৌত পূর্ব্বক ১ নং দ্রব ব্যবহারান্তর ২ মিনিট্ পরে ২ নং দ্রব ব্যবহার করিয়া ৫ মিনিট্ পরে মস্তক ধৌত করিবে এবং বিশেষ সাবহিত হইবে যেন, ইহা অঙ্গে না লাগে; যেহেতু ইহার স্পর্শিত স্থান সমূহ কৃষ্ণবর্ণ হয়।

৩। পাইলুলা আর্জেণ্টাই নাইট্রাস্। কষ্টিক্ ১/২ গ্রেণ; এক্ষ্ট্রাক্ট্ অব্ হেন্বেন্ ৩ গ্রেণ। একত্রে মিশাও। মাত্রা, ১ বটিকা।

৪। অপ্থ্যাল্মিক্ ডিক্স্। জেলেটিন্ মিশ্রিত (১/৫০০ গ্রেণ) ক্ষুদ্র চাক্তি।

আর্জেণ্টাই অক্সাইডম্।

মাত্রা, ১/২—২ গ্রেণ।

লাইকর্ ক্যাল্সিস্ ৩১/২ পাং; পরিশ্রুত জল ও নাইট্রেট্ অব্ সিল্ভার্ সহযোগে ইহা প্রস্তুত হয়। পীতাভ ধূসরবর্ণ চূর্ণ, জলে অদ্রবনীয় এবং যবক্ষার দ্রাবকে দ্রবনীয়। অগ্নি সন্তাপ দ্বারা ইহার অক্সিজেন্ উড়িয়া যায়।

ক্রিয়াদি—স্নায়বীয় বলকারক, আক্ষেপনিবারক, সঙ্কোচক

ও দাহক। ইহার ক্রিয়া অনেকাংশে নাইট্রেট্ অব্ সিল্‌ভারের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু।

আর্মোরেসি র‍্যাডিক্স্; হর্স্ র‍্যাডিস্ রূট্।

কক্‌লিয়েরিয়া আর্মোরেসিয়া নামক বৃক্ষের শ্বেতবর্ণ, দীর্ঘ, বার্ত্তিকাকার, উগ্রগন্ধ বিশিষ্ট, তিক্তাস্বাদ যুক্ত মূল বিশেষ।

ক্রিয়াদি—উত্তেজক, মূত্র ও ঘর্ম্মকারক। অ্যাফোনিয়া নামক রোগে ইহার ফাণ্ট্ কুল্যরূপে ও মূত্রযন্ত্রের বিবিধ পীড়ায়, অজীর্ণ, রিউমেটিজম্ এবং শোথাদি রোগে ইহা ব্যবহৃত হয়। অপিচ, ইহা চর্ব্বণে লাল এবং স্থানিক প্রয়োগে ফোস্কা ও অধিক মাত্রায় ইহার ফাণ্ট্ পান করিলে বমন হয়।

প্রয়োগরূপ—১। স্পিরিটস্ আর্মোরেসি কম্পজিটস্। মাত্রা, ১—২ ড্রাম্। হর্স্ র‍্যাডিস্ কুট্টিত ২০; তিক্ত কমলার ত্বক্ চূর্ণ ২০; জায়ফল কুট্টিত ½; পরীক্ষিত সুরা ১৬০; জল ৬০। মিশ্রিত করিয়া ১৬০ ভাগ চুয়াইয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। কম্পাউণ্ড্ ইন্‌ফিউসম্। মাত্রা, ১—২ আং। সরস মূল ১; কৃষ্ণ সর্ষপ ১; কম্পাউণ্ড্ স্পিরিট্ অব্ হর্স্ র‍্যাডিস্ ১; স্ফুটিত পরিশ্রুত জল ২০। আবৃত পাত্র মধ্যে ২ ঘণ্টাকাল রাখিয়া ছাঁকিবে।

আর্ণিসি রিজোমা; আর্ণিকা রূট্।

আর্ণিকা মণ্টেনা নামক বৃক্ষের শুষ্ক নিরাট কন্দ ও মূল।

ইউরোপ দেশে বিস্তর জন্মে। স্থূল, বক্র, পাটল বর্ণ ১।ঐ ইঞ্চ দীর্ঘ, সৌগন্ধ বিশিষ্ট, ঈষৎ তিক্ত ও কটু আস্বাদযুক্ত এবং ইহাঁতে আর্নিসিনা নামক বীর্য্য ও বায়ীতৈল প্রভৃতি পাওয়া যায়। অপিচ, ঔষধার্থে ইহার পুষ্পও ব্যবহৃত হয়।

ক্রিয়াদি—মাস্তিষ্ক উত্তেজক, মাদক এবং মূত্র ও ঘর্ম্মকারক। বাহ্য প্রয়োগে বেদনা নিবারক ও অবসাদক। টাইফয়েড্ ও টাইফস্ জ্বর, পক্ষাঘাত, নিউমোনিয়া প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং ক্রুজ্, স্প্রেন্, ও বিবিধ ক্ষতে ইহার অরিষ্ট জলের সহিত মিশ্রিত করিয়া স্থানিক ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা আর্নিসি। মাত্রা; ১—২ ড্রাম্। আর্নিকা মূল চূর্ণ ১; শোধিত সুরা ২০। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। এক্ষ্ট্রাক্টম্ আর্নিসি র‍্যাডিসিস্ ফ্লুইডম্। মাত্রা, ৫—১০ বা ২০ মিং। সুরা ঘটিত সার।

২। লাইকর্ আর্নিসি। ৮ অংশ শোধিত সুরায় ১ অংশ অরিষ্ট দ্রব করিয়া লইবে।

৩। আর্নিকা অপোডেল্ডক্। শ্বেত মোম ৪; শোধিত সুরা ১০; টিংচর্ অব্ আর্নিকা ৫; কর্পূর ১।

অ্যাসাফিটিডা। হিঙ্গু।

নার্থেক্স্ অ্যাসাফিটেডা নামক বৃক্ষের মূলের গঁদ ও ধূনা-যুক্ত নির্য্যাস। আফ্গানিস্থান ও পঞ্জাব প্রদেশে ইহা জন্মে।

ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড সকল। পটাল্ বর্ণ, দুর্গন্ধযুক্ত, উগ্র ও তিক্তাস্বাদ বিশিষ্ট। সুরায় দ্রবনীয়; জলের সহিত মর্দ্দন করিলে শ্বেত বর্ণ হয়।

ক্রিয়াদি—স্নায়বীয় উত্তেজক, আক্ষেপ নিবারক, কফ্ ও রজোনিঃসারক, বায়ু এবং ক্রিমি নাশক, কামোদ্দীপক। বিবিধ আক্ষেপ জনক রোগ; যথা, হিষ্টিরিয়া,উদরাধ্মান, মৃগী, হুপিংকফ্, কোরিয়া; হৃৎস্পন্দন; ইন্‌ফ্যাণ্টাইল্ কন্‌ভল্‌সন্, সর্দ্দি ও শ্বাসকাশ, স্নায়ু শূল এবং অন্যান্য আক্ষেপজনক রোগে ইহা বিশেষ উপকারক। মহীলতার ন্যায় ক্রিমি রোগে ইহার পিচ্‌কারী করিলে বিশেষ ফল লাভ হয়।

প্রয়োগরূপ—১। এনিমা অ্যাসাফিটিডা। হিঙ্গু ৩০ গ্রেণ; পরিশ্রুত জল ১ আং। ইহাকে এনিমা ফেটিডম্‌ও বলে।

২। পাইল্যুলা অ্যাসাফেটিডি কম্পজিটা। (পাইল্যুলা গ্যাল্বেনাই কম্পজিটা) মাত্রা, ৫—১০ গ্রেণ। হিঙ্গু ২; গ্যাল্বেনম্ ২; গন্ধবোল ২; রাব গুড় ১। জলস্বেদন যন্ত্রে উত্তপ্ত করিয়া মিশ্রিত করিবে।

৩। টিংচ্যুরা অ্যাসাফিটিডি। মাত্রা, ৩০—৬০ মিং। হিঙ্গু ২½ আং, শোধিত সুরা ১ পাং। এক সপ্তাহ ভিজাইয়া ছাঁকিবে।

৪। স্পিরিটস্ অ্যামোনিয়ি ফেটিডম্। মাত্রা, ½—১ ড্রাম্। হিঙ্গু ১½ আং; এমোনিয়ার উগ্র দ্রব ২ আং; শোধিত সুরা ১ পাং; ১৫ আং সুরায় হিঙ্গু মিশাইয়া ২৪ ঘণ্টা ভিজাইবে, পরে সুরা চুয়াইয়া অ্যামোনিয়ার দ্রব মিলাইবে; অনন্তর সুরা সংযোগে ১ পাইণ্ট্ পূর্ণ করিবে।

৫। পাইল্যুলা এলোজ্ এট্ অ্যাসাফিটিডি। (১।৪) এলোজ্ দেখ।

এট্রোপিনা। (এট্রোপিয়া।)

বেলাডনার শুষ্ক মূল চূর্ণ ২ পৌং; শোধিত সুরা ১০ পাং; আর্দ্রচূণ ১ আং; ক্লোরোফর্ম্ ৩ আং; জলমিশ্র গন্ধক দ্রাবক, কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ও বিশুদ্ধ জান্তবাঙ্গার, প্রত্যেক যথা প্রয়োজন এবং পরিশ্রুত জল ১০ আং। ইহাদিগের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। শুভ্র, কোমল, সূচ্যাকার, দানা বিশিষ্ট, গন্ধহীন; ৫০০ অংশ জলে; ৩ অংশ শোধিত সুরায়; ২৫ অংশ ইথর্ এবং সমভাগ ক্লোরোফর্মে দ্রবনীয়।

ক্রিয়াদি—বেলাডনার ন্যায়, কিন্তু তদপেক্ষা অনেক প্রবল। অত্যল্প মাত্রাতেই বিষক্রিয়া করে, সুতরাং ইহা আভ্যন্তরিক ব্যবহার না করাই ভাল। কনীনিকা প্রসারণার্থে ও নিউর‍্যাল্‌-জিয়া (স্নায়ু শূল) প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ এট্রোপিনি। এট্রোপিয়া ৮ গ্রেণ; শোধিত সুরা ½ ড্রাম্; বেঞ্জোয়েটেড্ লার্ড্ ১ আং। সুরায় এট্রোপিয়া দ্রবান্তর লার্ড্ মিশাইবে। (১। ৬০)

২। এট্রোপিনি সল্‌ফাস্। ইহা প্রস্তুত করিতে নিম্ন লিখিত পদার্থ সমূহ আবশ্যক হয়। অ্যাট্রোপিন্ ১২০ গ্রেণ; পরিশ্রুত জল ৪ ড্রাম্ ও জলমিশ্র গন্ধক দ্রাবক যথা প্রয়োজন। বর্ণ ও গন্ধ হীন, সূচ্যাকার দানাযুক্ত এবং জলে দ্রবনীয়।

(ক) ল্যামেলি অ্যাট্রোপাইনি। (ডিস্ক্) জেলেটিন্ ও অল্প গ্লীসারিন্ সংযুক্ত (ওজনে $\frac{1}{50}$ গ্রেণ) ক্ষুদ্র চাক্তি বিশেষ। ইহার প্রতি চাক্তিতে $\frac{1}{5000}$ গ্রেণ সল্‌ফেট্ অব্ এট্রোপিন্ আছে।

(খ) লাইকর্ এট্রোপিনি সল্‌ফেটিস্। মাত্রা, ১—৪ মিং।

সল্‌ফেট্‌ অব্‌ এট্রোপিন্‌ ৯ গ্রেণ; কর্পূরের জল ১৬½ ড্রাম্‌। (১।১০০)।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ওলিয়েটম্‌ এট্রোপিনি। এট্রোপিন্‌ ৮ গ্রেণ; ওলিক্‌ এসিড্‌ ১ আং। (মার্টিণ্ডেল্‌।) এট্রোপিন্‌ ৫ গ্রেণ; ওলিক্‌ এসিড্‌ ২০০ মিং। জলস্বেদন যন্ত্রোত্তাপে মিশ্রিত করিয়া লইবে।

২। গটি এট্রোপি সল্‌ফেটিস্‌। সলফেট্‌ অব্‌ এট্রোপিন ১ গ্রেণ; পরিশ্রুত জল ১ আং।

৩। গটি এট্রোপি সল্‌ফেটিস ফর্সিয়র্‌। ১ আং পরিশ্রুত জলে ২ গ্রেণ এট্রোপিন্‌ মিশাইবে।

৪। ইঞ্জেক্সিও এট্রোপিনি হাইপোডার্মিকা। সল্‌ফেট্‌ অব্‌ এট্রোপিন্‌ ৪ গ্রেণ; পরিশ্রুত জল ১ আং। মাত্রা, ১—৪ মিং।

৫। ইঞ্জেক্সিও এট্রোপিনি এট্‌ মর্ফাইনি হাইপোডার্মিকা (এসিটেট্‌ অব্‌ মর্ফাইন্‌ দেখ)।

৬। লিনিমেণ্টম্‌ এট্রোপিনি। এট্রোপিন্‌ ৪ গ্রেণ; ওলিক্‌ এসিড্‌ ১ ড্রাম্‌; এরণ্ডতৈল ১ ড্রাম্‌; অয়েল্‌ অব্‌ ল্যাভেণ্ডার্‌ ৫ মিং; শোধিত সুরা ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। লম্বেগো ও বাতরোগে ব্যবহার্য্য।

৭। লাইকর্‌ এট্রোপি। মাত্রা, ১—৫ মিং। এট্রোপিয়া ৪ গ্রেণ; শোধিত সুরা ১ ড্রাম্‌; পরিশ্রুত জল ৭ড্রাম্‌।

৮। পেসারিজ্‌ অব্‌ এট্রোপিন্‌। অয়েল্‌ অব্‌ থিয়েব্রোমার সহিত $\frac{1}{২০}$ গ্রেণ প্রতি পেসারিতে মাখাইবে।

৯। পাইল্যুলা এট্রোপিনি। প্রতি বটিকাতে $\frac{1}{২০০}$ হইতে $\frac{1}{২০}$ গ্রেণ পর্য্যন্ত এট্রোপিন্‌ আছে।

১০। পাইল্যুলা এট্রোপিনি আর্সেনিসাই এট্ কুইনাইনি। সল্‌ফেট্ অব্ কুইনাইন্ ১৮ গ্রেণ; সোল্যুসন্ অব্ আর্সেনিক ১২ মিং, সল্যুসন্ অব্ সল্‌ফেট্ অব্ এট্রোপিন্ ১ মিং; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেন্সন্ ২০ গ্রেণ; অ্যাকেসিয়াচূর্ণ ১২টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। দিবসে ২—৪ বার; সর্দ্দিরোগে ব্যবহৃত হয়।

১১। অঙ্গুয়েণ্টম্ এট্রোপিনি কম্ বোরিকো। ১ আং এট্রোপিয়ার মলমের সহিত ৬০ গ্রেণ বোরাসিক্ এসিড্ আছে।

১২। অঙ্গুয়েণ্টম্ এট্রোপিনি কম্ কোকেইনা। এক আং মলমের সহিত ১০ গ্রেণ কোকেন্ আছে।

১৩। অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই অক্সাইডাই ফ্লেভাই কম্ এট্রোপিনা। ইয়েলো অক্সাইড্ অব্ মার্কারি ৪ গ্রেণ; এট্রোপিন্ ২ গ্রেণ; সফ্‌ট প্যারাফিন্ ১ আং।

১৪। অঙ্গুয়েণ্টম্ আইওডোফর্মাই কম্ এট্রোপিনা। আইওডোফর্ম্ ৬০ গ্রেণ; এট্রোপিন্ ২ গ্রেণ; সফ্‌ট্ প্যারাফিন্ ১ আং।

১৫। ভেসেলিনম্ এট্রোপিনি। ৬০ ভাগে এক ভাগ। এ ভিন্ন এট্রোপিয়ার স্যাণ্টোনেট্; স্যালিসিলেট্ ও ভেলিরিয়েনেট্ প্রভৃতি প্রয়োগরূপ আছে। নিম্নে স্যালিসিলেট্ অব্ অ্যাট্রোপিনের একটী প্রয়োগরূপ দেওয়া হইল।

এট্রোপিন্ ½ গ্রেণ; স্যালিসিলিক্ এসিড্ ¼ গ্রেণ; জল ১ আং। শ্বেত বর্ণ চূর্ণ।

অর‍্যান্সিয়াই কর্টেক্স; বিটার্ অরেঞ্জ্ পিল্।

কমলারত্বক্।

সাইট্রাস্ বিগারেডিয়া (তিক্ত কমলা) ও সাইট্রাস্

অর‍্যান্সিয়ম্ (মিষ্ট কমলা লেবু) নামক বৃক্ষের পক্ক ফলের ত্বক্। ইহাতে বায়বী তৈল (ওলিয়ম্ অর‍্যান্সিয়াই কর্টিসিস্) ও কিঞ্চিৎ গ্যালিক্ এসিড আছে।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয় ও বায়ুনাশক এবং ঈষৎ বলকারক। বিবিধ প্রদাহিক জ্বর; অজীর্ণ; স্কার্ভি; আধ্মান্ শূল; হিষ্টিরিয়া, গাউট্ এবং সদ্‌গন্ধের নিমিত্ত অন্যান্য ঔষধ সহযোগে ব্যবস্থেয়।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউজম্ অর‍্যান্সিয়াই। শুষ্ক কমলার ত্বক কুট্টিত ১; স্ফুটিত জল ২০ ভাগ। ১৫ মিনিট্ ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১—২ আং।

২। ইন্‌ফিউজম্ অর‍্যান্সিয়াই কম্পজিটম্। মাত্রা, ১—২ আং। তিক্ত কমলার ত্বক কুট্টিত ¼ আং; সরস জম্বীর ত্বক্ কুট্টিত ১১২ গ্রেণ; লবঙ্গ চূর্ণ ৫৬ গ্রেণ; স্ফুটিত পরিস্রুত জল ২০ আং। আবৃত পাত্রমধ্যে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিবে।

৩। সিরাপস্ অর‍্যান্সিয়াই। মাত্রা, ১ ড্রাম্। কমলা ত্বকের অরিষ্ট ১ আং; শর্করার পাক ৭০ ভাগ।

৪। টিংচ্যুরা অর‍্যান্সিয়াই। মাত্রা, ১—২ ড্রাম্। তিক্ত কমলার ত্বক্ কুট্টিত ২ আং; পরীক্ষিত সুরা ১ পাং। আবদ্ধ পাত্র মধ্যে সপ্তাহ কাল ভিজাইয়া, পরে ছাঁকিয়া লইবে।

অর‍্যান্সিয়াই ফ্লোরিস্; অরেঞ্জ্ ফ্লাওয়ার্; তিক্তকমলার পুষ্প।

ক্রিয়াদি—অর‍্যান্সিয়াই কর্টেক্সের ন্যায়।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া অরেন্সাই ফ্লোরিস্। কমলার পুষ্পকে চুয়াইয়া ইহা প্রস্তুত হয়। (মাত্রা, ১—২আং)

২। সিরাপস্ অর‍্যান্সিয়াই ফ্লোরিস্। মাত্রা, ১—২ ড্রাম্। কমলা পুষ্পের জল ৮; বিশুদ্ধ শর্করা ৪৮; পরিশ্রুত জল ১৬ বা যথা প্রয়োজন। জলে অগ্নি সন্তাপ দ্বারা শর্করা দ্রবান্তর কমলা পুষ্পের জল মিশাইবে। কমলা পুষ্পের জল পরিশ্রুত কালীন উপরে যে বায়ী তৈল ভাসে, তাহাকেই ওলিয়ম্ অর‍্যান্সিয়াই ফ্লোরম্ (ওলিয়ম্ নিরোলি) বলে। ইহার সদ্‌গন্ধের নিমিত্ত অন্যান্য ঔষধের (মলমাদি) সহিত ব্যবহার করা যায়।

অর‍্যান্সিয়াই ফ্রুক্টস্; বিটার্ অরেঞ্জ্। তিক্ত কমলা।

সাইট্রাস্ ভল্‌গেরিস্ নামক বৃক্ষের পক্ক ফল।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা অর‍্যান্সিয়াই ফ্লোরিস্। মাত্রা, ১—২ ড্রাম্। কমলা ত্বক (রংঙ্গিনাংশ বাদদিয়া) ৬ আং; শোধিত সুরা ১ পাইণ্ট্। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

বাল্‌সেমম্ পিরুভিয়ানম্; বাল্‌সাম্ অব্ পিরু।

মাত্রা, ৫—১৫ মিং।

মাইরক্‌সিলন্ পেরেরি নামক বৃক্ষের রস। রাবগুড়ের ন্যায় দেখিতে; পাটলবর্ণ, সদ্‌গন্ধ ও কটুআস্বাদ যুক্ত; সুরা ও ক্লোরোফর্মে দ্রব ও জলে অদ্রবনীয়।

ক্রিয়াদি—কফ্ নিঃসারক ও উত্তেজক। বিবিধ পুরাতন কাশ রোগে ব্যবস্থেয়।

পুরাতন ও পচা ক্ষতে, কর্ণে পূঁজ হইলে এবং শয্যাক্ষতাদিতে উত্তেজক হইয়া বিশেষ উপকার হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। অঙ্গুয়েণ্টম্। বাল্সাম্ পিরু ১; লার্ড ৭। চুচুকক্ষতে ব্যবহার্য্য।

২। অঙ্গুএণ্টম্ বাল্সেমম্ পিরুভিয়ানম্ রেজিনোসম্। বালসাম্ ১, ধূনার পলস্ত্রা ১। শয্যাক্ষতে ব্যবহার করা যায়।

বাল্সেমম্ টোলুটেনম্; বাল্সম্ অব্ টোলু।

মাইরক্সাইলম্ টলুফেরা নামক বৃক্ষের রস। বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাৎকরিলে পাওয়া যায়। ঘন, পীতবর্ণ, কোমল, সদ্গন্ধযুক্ত, সুস্বাদ বিশিষ্ট; অগ্নিসন্তাপে সুরা এবং ইথরে দ্রব ও বেঞ্জোইনে অদ্রবনীয়। ইহা কিছুদিন রাখিলে ধূনার ন্যায় কঠিন হয়। অপর ইহাতে বায়ী তৈল; সিনামিক্ এসিড্ ও ধূনা আছে।

ক্রিয়াদি—বাল্সাম্ অব্ পিরুর ন্যায়।

প্রয়োগরূপ—১। সিরাপস্ টলুটেনম্। বালসম্ অব্ টলু ১½; শর্করা ৩২; জল ২০। জলের সহিত বাল্সম্‌কে অর্দ্ধ ঘণ্টা কাল ফুটাইবে ও মধ্যে ২ আবর্ত্তন করিবে। অনন্তর নামাইয়া জল দ্বারা ১৬ ভাগ পূর্ণ করিয়া ছাঁকিবে। পরে শর্করা মিশ্রিত করিয়া জলস্বেদন যন্ত্র দ্বারা দ্রব করিবে। মাত্রা, ১ ড্রাম্।

২। টিংচ্যুরা টলুটেনা। বাল্সাম্ অব্ টোলু ২½ আং; শোধিত সুরা ১ পাইণ্ট্। আবদ্ধ পাত্রমধ্যে ভিজাইয়া টলু দ্রব করিয়া লইবে। মাত্রা, ২০—৪০ মিং।

টিংচ্যুরা বেঞ্জোইনি কম্পোজিটা, ট্রোচিসাই এসিডাই ট্যানিসাই, মর্ফিনি, ওপিয়াই ও মর্ফিনি এট্ ইপেকা-কুয়ানিপ্রভৃতির চাক্তি এবং পাইল্যুলা ফস্ফরাই প্রস্তুতার্থে টোলু ব্যবহৃত হয়।

বেবীরিনি সল্ফাস্; সল্ফেট্ অব্ বেবিরিয়া।

মাত্রা, ১—১০ গ্রেণ।

বেবীরু বার্ক চূর্ণ ১ পৌং; গন্ধক দ্রাবক ½ আং; আর্দ্র চূণ ¼ আং; শোধিত সুরা ১৬ আং; জল ১ গ্যালন্; এমোনিয়ার দ্রব, জল মিশ্র গন্ধক দ্রাবক ও পরিস্রুত জল প্রত্যেক, যথা প্রয়োজন। এই সমুদায় দ্রব্যের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। দেখিতে ঈষৎ স্বচ্ছ, ঘোর পাটল বর্ণ, পাতলা, সল্কাকার; চূর্ণ করিলে হরিদ্রা বর্ণ হয়। জলে ও সুরায় দ্রবনীয় এবং কটু ও তিক্তস্বাদ বিশিষ্ট পদার্থ।

ক্রিয়াদি—বলকারক, জ্বরঘ্ন, পর্য্যায় নিবারক,আগ্নেয়, আক্ষেপ নিবারক ও ঈষৎ সঙ্কোচক। কুইনাইনের পরিবর্ত্তে ইহা ব্যবহৃত হয়। কিন্তু তদপেক্ষা মৃদু; ইহার দ্বারা শিরঃ পীড়া, ধমনীর চাঞ্চল্য ও পাকাশয়ের উগ্রতাদি জন্মে না। রোগান্তে দৌর্ব্বল্য; মেনেরোজিয়া, স্নায়ুশূল ও পর্য্যায় জ্বরাদিতে ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। বেবীরিনি হাইড্রোক্লোরাস্। মাত্রা, ১—১০ গ্রেণ। স্বরূপ ও ক্রিয়াদি প্রায় সল্ফেট্ অব্ বেবীরিনের ন্যায়।

বেলি ফ্রুক্টস্ ; বেল্ ফ্রুট্; বিল্ব।

ইগল্ মার্মেলস্ নামক বৃক্ষের শুষ্ক অর্দ্ধ পক্ক ফল। ইহাতে ট্যানিন্, তিক্তসার ও শর্করাদি পাওয়া যায়।

ক্রিয়াদি—মৃদুবিরেচক, পোষক এবং সঙ্কোচক। কোষ্ঠ বদ্ধ, অজীর্ণ, উদরাময়, অতিসার প্রভৃতি রোগে ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ—১। এক্‌ষ্ট্রাক্টম্ বেলি লিকুইডম্। মাত্রা, ১—২ ড্রাম্। বেল ১ পোং; শোধিত সুরা ৩ আং ও পরিস্রুত জল ১২ পাইণ্ট্।

বেলাডনা ফোলিয়া ; ডেড্‌লি নাইট্‌সেড্।

এট্রোপা বেলাডনা নামক বৃক্ষের সরস ও শুষ্ক, তরুণ শাখা ও পত্র। ৩।৬ ইঞ্চ্ দীর্ঘ, অখণ্ড, অণ্ডাকার, মসৃণ ও সূক্ষ্মাগ্র বিশিষ্ট। ক্ষার ও চূণ প্রভৃতির দ্বারা ইহার গুণ নষ্ট হয়।

ক্রিয়াদি—স্নায়বীয় ও মাস্তিষ্ক উত্তেজক, মাদক, আক্ষেপ, প্রদাহ, বেদনা এবং ঘর্ম্ম নিবারক। মূত্র কারক ও নিদ্রাকারক, কনীনিকা প্রসারক। স্থানিক স্পর্শ হারক, বেদনা নিবারক ও দুগ্ধ রোধক। ইহার দ্বারা গ্রন্থিবর্গের নিঃসরণ ক্রিয়ার হ্রাস হয়। অল্প মাত্রায়, অন্ত্রের সঙ্কোচন বৃদ্ধি করিয়া ঈষৎ বিরেচক এবং ধমনীর গতিবৃদ্ধি, হৃৎস্পন্দন সবল ও দ্রুত করে এবং শরীর উষ্ণ হয়, কিন্তু শ্বাস গতি বৃদ্ধি হয় না। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। ক্ষার দ্বারা ইহার উপাদান নষ্ট হয়। সুতরাং বিষাক্ত হইলে বিষঘ্নের স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। তরুণ প্রদাহ রোগে বেলাডনা নিষিদ্ধ। বিবিধ বেদনা জনক রোগে, যথাঃ—স্নায়ুশূল, সায়েটিকা, শীরঃশূল, অ্যাঞ্জাইনা পেক্টোরিস্, টিক্‌ডলোরু, প্লুরোডিনিয়া, পেশীশূল

ইত্যাদিতে, এ ভিন্ন বিবিধ প্রদাহে, যথাঃ—অর্কাইটিস্, গ্যাষ্ট্রোডিনিয়া, এরিসিপেলাস্, পেরিটোনাইটিস্, গাউট্, ক্যান্সার, টন্সিলাইটিস্, স্ক্রফিউলযুক্ত অর্ব্বুদ, জরায়ু ও মূত্রাশয় প্রভৃতির পৈশীক আক্ষেপ, এ ভিন্ন নানা প্রকার প্রদাহে স্থানিক ব্যবহার করা যায়। পারদ দ্বারা মুখ আসিলে, প্যাল্পিটেসন্ অব্ দি হার্ট্, মদাতঙ্ক, কোরিয়া ও বিবিধ কাশ রোগে, যথা—শ্বাসকাশ, হুপিংকফ্ ইত্যাদি। অতি ঘর্ম্ম, অন্ত্রবদ্ধ, সূতিকাস্তম্ভ, উন্মাদ, স্কার্লেট্ জ্বর, মূত্রবেগ ধারনে অক্ষমতা, অনৈচ্ছিক বীর্য্য পতন, বিবিধ শিরঃপীড়া, পুরাতন এল্‌বুমিন্যুরিয়া ও কোষ্ঠ বদ্ধ, আইরাইটিস্, কর্নিয়ার ক্ষত ও ক্যাটারাক্ট্ অর্থাৎ ছানি প্রভৃতি রোগে কনীনিকা প্রসারিত রাখিয়া বিশেষ উপকার করে। বাত রোগেও ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। একষ্ট্রাক্টম্ বেলাডনি। মাত্রা, ¼—১ গ্রেণ তরুণ পত্র ও শাখাগ্র হইতে হরিৎ সার প্রস্তুত হয়।

২। সক্কস্ বেলাডনি। মাত্রা, ৫—১৫ মিং। তরুণ শাখাগ্র ও পত্রের নিষ্পীড়িত রস ১ ভাগ; শোধিত সুরা ৩ ভাগ। মিশ্রিত করিয়া শীতল স্থানে আবৃত পাত্র মধ্যে সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া পরে ছাঁকিবে।

৩। টিংচ্যুরা বেলাডনি। মাত্রা, ৫—২০ মিং। শুষ্ক পত্র চূর্ণ ১ ভাগ, পরীক্ষিত সুরা ২০ ভাগ। পার্কোলেসন্ দ্বারা ছাঁকিবে।

বেলাডনা র‍্যাডিক্স্।

এট্রোপা বেলাডনা নামক বৃক্ষের মূল। ১।২ ফিট্ দীর্ঘ ও ২।৩ ইঞ্চি স্থূল শাখা বিশিষ্ট, পাটলবর্ণ, বন্ধুর; ইহা হইতে এট্রোপিয়া প্রস্তুত হয়। ক্রিয়াদি পত্রের ন্যায়।

প্রয়োগরূপ—১। এম্প্লাষ্ট্রম্ বেলাডনি। এল্‌কহলিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডনা ১; রজন পলস্ত্রা ২; সাবান পলস্ত্রা ২। জলস্বেদন যন্ত্রোত্তাপে উভয় পলস্ত্রা গলাইয়া পরে বেলাডনার সার মিশাইবে।

২। এক্‌ষ্ট্রাক্টম্ বেলাডনি এল্‌কহলিকম্। মাত্রা, ১/১৬—১/৪ গ্রেণ। সুরাঘটিত সার।

৩। লিনিমেণ্টম্ বেলাডনি। বেলাডনার মূল চূর্ণ ২০; কর্পূর ১; শোধিত সুরা যথাপ্রয়োজন। বেলাডনার মূলকে শোধিত সুরায় ৩ দিবস ভিজাইয়া পরে পার্কোলেসনের সময় কর্পূর মিশাইয়া লইবে। বাত রোগে ব্যবহার্য্য।

৪। অঙ্গুয়েণ্টম্ বেলাডনি। বেলাডনার এল্কহলিক্ সার ৫০ গ্রেণ; বেঞ্জোয়েটেড্ লার্ড্ ১ আং। মিশাইয়া লইবে।

৫। এট্রোপিনা। (এট্রোপিয়া দেখ)

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্লোরোফর্ম্মম্ বেলাডনি। (ক)। মূল চূর্ণ ২০; ক্লোরোফর্ম্, পার্কোলেট্ দ্বারা ২০ ভাগ পূর্ণ করিতে যথাপ্রয়োজন। (খ) মূল চূর্ণ ২০; উগ্র এমোনিয়া দ্রব ১২; পরিস্রুত জল ২০; ক্লোরোফর্ম্ যথা প্রয়োজন। জল ও এমোনিয়ার সহিত বেলাডনা মিশ্রিত করিয়া ৪ ঘণ্টা পরে শুষ্ক পূর্ব্বক চূর্ণ করণান্তর ২০ আং ক্লোরোফর্মে নিক্ষেপ করিয়া ৩০ আং পার্কোলেট্ করিবে। (১। ২ অংশ জল পাইয়ের তৈল মিশ্রিত করিয়া বাত রোগে মর্দ্দন রূপে ব্যবহার করিলে বিশেষ উপকার হয়।

২। প্ল্যাষ্টার্ মল্‌স্। ৩০ অংশ সার মাথাইয়া লইবে।

৩। ফোমেণ্টম্। ১ পাং উষ্ণ জলে ১ ড্রাম্ সার মিশাইবে।

৪। গ্লাইসরাইনম্—বেলাডনার সার ১ আং; উষ্ণ পরিস্রুত

জল্ ১ ড্রাম্ বা যথা প্রয়োজন। উত্তমরূপে নাড়িয়া, পরে ১ আং গ্লীসারিন্ মিশাইবে। বয়েল্ (স্ফোটক) কার্ব্বঙ্কল্, স্তন প্রভৃতির প্রদাহে স্থানিক প্রয়োগ করিয়া পুলটিস্ প্রয়োগ করিবে।

৫। লিনিমেণ্টম্ বেলাডনি কম্পজিটম্। লিনিমেণ্ট্ অব্ বেলাডনা ৭ ; ক্লোরোফর্ম্ অব্ বেলাডনা ১। লম্বেগো রোগে স্থানিক প্রয়োগ করা যায়।

৬। এক্‌ষ্ট্রাক্টম্ বেলাডনি ফ্লুইডম্ (রুট্)। মাত্রা, ১—৫ মিং।

৭। পাইল্যুলা কুইনাইনি কম্ বেলাডনা। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডনা ⅙ গ্রেণ ; সল্‌ফেট অব্ কুইনাইন্ ১ গ্রেণ ; গোলাবের খণ্ড যথা প্রয়োজন। মাত্রা, ১—৩ বটিকা।

৮। পিল্ বেলাডনা কম্ ইপিকাক্। বেলাডনার সার ⅛ গ্রেণ ; ইপিকাক্ চূর্ণ ½ গ্রেণ ; এক্‌ষ্ট্রাক্টম্ ট্যারাক্সেসাই যথা প্রয়োজন। মাত্রা, ১—৩ বটিকা।

৯। পিল্ বেলাডনা কম্ জিঙ্কো। বেলেডনার সার ½ গ্রেণ ; জিঙ্কাই অক্সাইড্ ১ গ্রেণ ; কর্পূর ½ গ্রেণ। ১টী বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১—৪ বটিকা।

১০। লাইকর্ বেলাডনি। ১ অংশ অরিষ্ট, ৭ অংশ পরীক্ষিত সুরায় দ্রব করিয়া লইবে।

১১। পল্‌ভিস্ হাইড্রার্জিরাই কম্ ক্রিটা এট্ বেলাডনি। মাত্রা, ৫ গ্রেণ। পারদ ও খটিকা চূর্ণ ২ ; বেলাডনার পত্র চূর্ণ ১ ; শর্করা ২ ভাগ একত্র মিশাইবে।

১২। সপোজিটোরিয়ম্ বেলাডনি। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডনা রুট্ ½ গ্রেণ ; অয়েল্ অব্ থিয়েব্রোমা ১৫ গ্রেণ। ১টী সপোজিটারি প্রস্তুত করিবে।

১৩। পেসারিজ্। (½—১ গ্রেণ, মুলীর সার প্রতিতে)।

বেঞ্জোইনম্ (বেঞ্জামিন্)। লোবান।

ষ্টাইরাক্স্ বেঞ্জোইন্ নামক বৃক্ষের ধুনা যুক্ত রস। পাটলবর্ণ, ক্ষুদ্র খণ্ড সকল, ঈষৎ কটু আস্বাদ বিশিষ্ট, সদগন্ধযুক্ত, পটাস্ দ্রব ও শোধিত সুরায়দ্রবনীয়। মাত্রা, ৫-১৫ গ্রেণ।

ক্রিয়াদি—উত্তেজক, কফনিঃসারক, ক্ষুৎকারক, পিত্তনিঃসারক ও মূত্র কারক। সেবন করিলে হিপিউরিক্ ও বেঞ্জোইক্ এসিড্ রূপে মূত্র গ্রন্থি দ্বারা নির্গত হয়। বাহ্য প্রয়োগে উত্তেজক। পুরাতন কাশ রোগে, মূত্রাশয়ের উগ্রতা এবং প্রস্রাবে ক্ষারত্ব দোষ জন্মিলে আভ্যন্তরিক ও বিবিধ শটিত এবং পুরাতন ক্ষতে (মলমাকারে) স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। এসিডম্ বেঞ্জোইকম্ (এসিড্ দেখ।)

২। এডেপ্স্ বেঞ্জোয়েটস্। (এডেপ্স্ দেখ।)

৩। অঙ্গুয়েণ্টম্ সিটেসিয়াই। (স্পার্মাসিটি দেখ।)

৪। টিংচ্যুরা বেঞ্জোইনি কম্পজিটা। (ফ্রায়াস্ বাল্সাম্) মাত্রা, ½—১ ড্রাম্। বেঞ্জোইন্ ৮; প্রিপেয়ার্ড্ ষ্টোরাক্স্ ৬; বাল্সাম্ অব্ টোলু ২; সকট্রা মুসব্বর ১½; শোধিত সুরা ৮০। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে। এক আউন্সে ৪৪ গ্রেণ লোবান আছে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। টিংচ্যুরা বেঞ্জোইনি। বেঞ্জোইন্ ১; শোধিত সুরা ১৫। সুরায় লোবানকে ৪ দিবস ভিজাইয়া, পরে ছাঁকিবে।

২। লোসিও বেঞ্জোইনি। টিংচর্ অব্ বেঞ্জোইন্ ১; গোলাব জল ৪০। মুখ মণ্ডলে সূর্য্যোত্তাপ নিবারনার্থে ইহা ব্যবহার্য্য।

বিস্মথম্ পিউরিফিকেটম্।

ইহা বিবিধ প্রয়োগরূপ প্রস্তুতার্থে ব্যবহৃত হয়।

বিস্মথাই কার্বনাস্; কার্বনেট্ অব্ বিস্মথ্।

মাত্রা, ৫—২০ গ্রেণ।

বিশুদ্ধ বিস্মথ্ ২ আং; যবক্ষারদ্রাবক ৪ আং; কার্বনেট্ অব্ এমোনিয়ম্ ৬ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন। অধঃপাতিত করিয়া প্রস্তুত হয়। শ্বেত বর্ণ চূর্ণ; জলে অদ্রবনীয়, এবং যবক্ষার দ্রাবকে উচ্ছ্বলিত হইয়া দ্রব হয়।

ক্রিয়াদি—বলকারক। অজীর্ণ ও উদরাময়াদি রোগে ব্যবহার্য্য।

বিস্মথাই সাইট্রাস; সাইট্রেট্ অব্ বিস্মথ্।

মাত্রা, ২—৫ গ্রেণ।

সব্নাইট্রেট্ অব্ বিস্মথ্ ৫½ আং; যবক্ষার দ্রাবক ১১ আং; জম্বীরাম্ল ৪ আং; বাইকার্বনেট্ অব্ সোডিয়ম্ ৮ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন। একত্র মিশ্রিত করিয়া প্রস্তুত হয়। গন্ধাস্বাদ হীন, শ্বেত বর্ণ চূর্ণ এমোনিয়ার দ্রবে দ্রবনীয়।

ক্রিয়াদি—সব্নাইট্রেট্ অব্ বিস্মথের ন্যায়।

প্রয়োগরূপ—১। বিস্মথাই এট্ এমোনিয়াই সাইট্রাস্। মাত্রা,

২—৫ গ্রেণ। সোল্যুসন্ অব্ সাইট্রেট্ অব্ বিস্মথ্ ও এমোনিয়া দ্রব ১ পাইণ্ট্ বা যথা প্রয়োজন। জলস্বেদন যন্ত্রোত্তাপে শর্করার পাকের ন্যায় গাঢ় করিয়া পরে চীন পাত্রে ঢালিয়া ১০০ তাপাংশে শুষ্ক করিবে। ক্ষুদ্র, শল্কাকার, স্বচ্ছ, ধাতবাস্বাদ বিশিষ্ট, জলে ও শোধিত সুরায় দ্রবনীয়।

২। লাইকর্ বিস্মথাই এট্ এমোনিয়াই সাইট্রাস্ (লাইকর্ বিস্মথ্)। মাত্রা, ½—১ ড্রাম্। সাইট্রেট্ অব্ বিস্মথ্ ৮০০ গ্রেণ; অল্প জলে কর্দ্দমাকারে মিশ্রিতান্তর, ক্রমশঃ এমোনিয়া সংযোগে ১ পাইণ্ট্ পূর্ণ করিবে।

বিস্মথাই অক্সাইডম্; অক্সাইড্ অব্ বিস্মথ্।

মাত্রা, ৫—১৫ গ্রেণ।

সব্নাইট্রেট্ অব্ বিস্মথ্ ১ পৌং; সোল্যুশন্ অব্ সোডা ৪ পাং। এই উভয় দ্রব্যের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। ঈষৎ পীতাভ শ্বেতবর্ণ চূর্ণ। ক্রিয়াদি কার্বনেট্ অব্ বিস্মথের ন্যায়।

বিস্মথাই সব্নাইট্রাস্।

অক্সিনাইট্রেট্ অব্ বিস্মথ্; বিস্মথাই ট্রিস্নাইট্রাস্; বিস্মথম্-এল্বম্। মাত্রা, ৫—২০ গ্রেণ।

বিশুদ্ধ বিস্মথ্ ২ আং; যবক্ষার দ্রাবক ৪ আং, পরিস্রুত জল ১ গ্যাং। এই কএক দ্রব্যের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। শ্বেতবর্ণ চূর্ণ, গুরু, গন্ধাস্বাদ হীন, যবক্ষার দ্রাবকে দ্রব ও জলে অদ্রবনীয়, সল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্ দ্বারা কৃষ্ণ বর্ণ হয়।

ক্রিয়াদি—স্নায়বীয় বলকারক, সঙ্কোচক, পরিবর্ত্তক, আক্ষেপ নিবারক, অবসাদক ও আগ্নেয়। অজীর্ণ, উদারাময়, অতিসার, পাইরোসিস্, পাকাশয়ের শূল, আক্ষেপ ও ক্ষত থাকিলে, এবং হিক্কা, বমন, স্বরযন্ত্র প্রদাহ, মৃগী প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং প্রমেহ (৪ ড্রামে ২ আং গ্লীসারিন্ ও জল ২ আং) পিচ্‌কারি রূপে এবং অর্শ, একৃজিমা ও দদ্রু, প্রভৃতি চর্ম্ম রোগে মলমাকারে স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ট্রোচিসাই বিস্মথাই। মাত্রা, ১—৬ চাক্তি। সব্‌নাইট্রেট্ অব্ বিস্মথ্ ৩ আং; কার্ব্বনেট্ অব্ ম্যাগ্‌নিসিয়ম্ ৪ আং; প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ ৬ আং; শর্করা ২৯ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; মিউসিলেজ্ অব্ গম্ একেসিয়া ২ আং; গোলাব জল যথা প্রয়োজন। সমুদায় দ্রব্য মিশ্রিত করিয়া ৭২০ চাক্তি প্রস্তুত পূর্ব্বক মৃদু সন্তাপে শুষ্ক করিয়া লইবে। প্রতি চাক্তিতে ২ গ্রেণ করিয়া বিস্মথ্ আছে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। লোসিও বিস্মথাই। সব্‌নাইট্রেট্ অব্ বিস্মথ্ ১০ গ্রেণ; জল ১ আং। একৃজিমা রোগে ধৌত রূপে ব্যবহার্য্য।

২। পল্‌ভিস্ বিস্মথাই কম্পোজিটাস্ (ফেরাস্ স্নফ্)। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ২ গ্রেণ; একেসিয়া চূর্ণ ২ ড্রাম্; সব্ নাইট্রেট অব্ বিস্মথ্ ৬ ড্রাম্। একত্র মিশাইবে।

৩। পীল্ বিস্মথাই কম্পোজিটা। বিস্মথ্ ২ গ্রেণ; ড্রায়েড্ কার্ব্বনেট্ অব্ সোডা ২ গ্রেণ; রেউচিনির সার ১ গ্রেণ। ১ বটিকা।

৪। পীল্ বিস্মথাই কম্ কুইনাইনি। বিস্মথ্ ১২ গ্রেণ;

রেড চিনি চূর্ণ ১ গ্রেণ; মুসব্বর ½ গ্রেণ; ক্রিয়েজোট্ ½ মিং; কুইনাইন্ ½ গ্রেণ; কুঁচিলার সার ½ গ্রেণ। মাত্রা, ১ বটিকা।

৫। অঙ্গুয়েণ্টম্ বিস্মথাই। বিস্মথ্ ১; মোমের মলম ৪।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে, বিস্মথ্ সকল।

১। বিস্মথাই নাইট্রাস্। বর্ণহীন, স্বচ্ছ, দানাযুক্ত; গ্লীসারিনে দ্রবনীয় ও জলে ইহার উপাদান নষ্ট হয়। ১ আং গ্লীসারিনে ১০ গ্রেণ্ নাইট্রেট্ অব্ বিস্মথ্ মিশ্রিত করিয়া বিবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়।

২। বিস্মথাই অক্সি ক্লোরাইডম্। মাত্রা, ৫—২০ গ্রেণ। এসিড্ সোল্যুশন্ অব্ ট্রাই ক্লোরাইড্ অব্ বিস্মথের সহিত জলমিশ্র করিয়া অথবা নাইট্রেট্ অব্ বিস্মথের সহিত সোল্যুশন্ অব্ ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ মিশ্রিতান্তর রূপান্তরিত করিয়া ইহা প্রস্তুত হয়। শ্বেত বর্ণ চূর্ণ; জলে অদ্রবনীয়।

ক্রিয়াদি—সব্ নাইট্রেট্ অব্ বিস্মথের ন্যায়। ইহা গলনলী, যোনী, রেক্টম্ ও শ্লৈষ্মিক ঝিল্লি প্রভৃতির উগ্রতা হ্রাস করে।

প্রয়োগরূপ—১। পেশারিজ্ অথবা সপোজিটরী। ১০ গ্রেণ্ অক্সি ক্লোরাইড্ অব্ বিস্মথ্, অয়েল্ অব্ থিয়েব্রোমার সহিত মিশ্রিত সপোজিটারী ও পেশারি।

২। অঙ্গুয়েণ্টম্ বিস্মথাই অক্সিক্লোরাইডাই। অক্সিক্লোরাইড্ অব্ বিস্মথ্ ৩০ গ্রেণ; ভেসেলিন্ ১ আং। মিশাইয়া লইবে।

প্রয়োগরূপ—১। বিস্মথ্ হেয়ার্ ডাই। ১০০ মিং জলে ৭৫ গ্রেণ টার্টারিক্ এসিড্ ও ২৩০ গ্রেণ, নাইট্রেট্ অব্ বিস্মথ দ্রব করিয়া ১ পাইণ্ট্ জলদ্বারা পূর্ণ করিবে; পরে ছাঁকিয়া জল দ্বারা

উহার অম্লত্ব নাশ করিয়া পরে এমোনিয়ার উগ্র দ্রব ২ ড্রাম্; গ্লীসারিন্ ২০ মিং; হাইপো সল্‌ফাইট্ অব্ সোডিয়ম্ ৭৫ গ্রেণ; জল ৬ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। সমুদায় একত্র মিশ্রিত করিবে। প্রথমে চুল ধৌত করিয়া পরে ইহা ব্যবহার্য্য।

৩। বিস্মথাই অক্সি আইওডিডম্। মাত্রা, ৫—১০ গ্রেণ। গন্ধাস্বাদহীন; সুরা, ইথর্ ও জলে অদ্রবনীয়। লালাভ, অস্বচ্ছ, ধূসর বর্ণ চূর্ণ।

ক্রিয়াদি—পচন নিবারক। আইওডোফর্মের পরিবর্ত্তে মলমাকারে ক্ষতাদিতে ব্যবহার্য্য। ১০০ অংশ জলে দ্রব করিয়া প্রমেহরোগে, পিচকারী ও পাকাশয়ের ক্ষতাদিতে আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

৪। বিস্মথম্ পেপ্টোনেটম্। মাত্রা, ৮০ গ্রেণ বা ন্যূন্যাধিক। ধূসর বর্ণ চূর্ণ, ইহাতে ৩৫ ভাগ অক্সাইড্ অব্ বিস্মথ্ আছে।

৫। বিস্মথাই স্যালিসিলাস্ (বসিক্ স্যালিসিলেট অব্ বিস্মথ)। মাত্রা, ৫—২০ গ্রেণ। ধূসরাভ শ্বেত বর্ণ চূর্ণ; যাহা নাইট্রেট্ অব্ বিস্মথ্ ও সোলুশন্ অব্ স্যালিসিলেট্ অব্ সোডিয়ম্ সহযোগে প্রস্তুত হয়। ইহা সুরাবীর্য্য, গ্লীসারিন্ ও জলে অদ্রবনীয়। উদরাময়, অতিসার, টাইফয়েড্ জ্বর, পাকাশয় সর্দ্দি প্রভৃতিতে ইহা বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১ম পীল্ বিস্মথাই কম্ মর্ফাইনা। কর্ব্বনেট্ অব্ বিস্মথ্ ২ গ্রেণ; হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিয়া ⅛ গ্রেণ; রেউ চিনি চূর্ণ ১ গ্রেণ। একত্রে মিশাইবে মাত্রা, ১ বটিকা।

৬। বিস্মথাই ট্যানাস্। মাত্রা, ১০—৩০ গ্রেণ। অক্সাইড্

অব্ বিস্মথ্ ও ট্যানিন্ সহযোগে প্রস্তুত হয়। উদরাময় রোগে ব্যবহার্য্য।

৭। বিস্মথাই ভেলিরিয়েনাস্। মাত্রা, ১০—২০ গ্রেণ। নাইট্রেট্ অব্ বিস্মথ্ দ্রবে ভেলিরিয়েনেট্ অব্ সোডা সংযোগে ইহা প্রস্তুত হয়। অজীর্ণ, উদরাময় ও পাকাশয়শূল রোগে ইহা ব্যবহার্য্য।

বোরাক্স্; (বাইবোরেট্ বা পাইরোবোরেট্ অব্ সোডিয়ম্) সোহাগা।

মাত্রা, ৫—৪০ গ্রেণ।

পারশ্য দেশের হ্রদের পার্শ্বস্থ ভূমি হইতে পাওয়া যায়। বোরাসিক্ এসিড্ এবং কার্ব্বনেট্ অব্ সোডা সংযোগে অথবা বাই-বোনেট্ অব্ লাইম্ হইতেও প্রস্তুত হয়। বর্ণহীন, স্বচ্ছ, ক্ষারযুক্ত, দানাবিশিষ্ট, গন্ধহীণ, লাবণিক আস্বাদযুক্ত; সুরায় অদ্রব ও জলে দ্রবনীয় পদার্থ। ধাতবাম্ল ও মিউসিলেজ্ অব্ একেসিয়ায় ইহার উপাদান বিযুক্ত হয়।

ক্রিয়াদি—শৈত্য ও মূত্র কারক, রজোনিঃসারক, অম্লনাশক, জরায়ু সঙ্কোচক এবং কফ নিঃসারক। স্থানিক উগ্রতা সাধক। জরায়ু সঙ্কোচনের অক্ষমতা হেতু প্রসব বিলম্বে এবং জরায়ু হইতে রক্তস্রাব রোধার্থে, প্রস্রাবে ইউরিক্ এসিড্ হইলে, রজোল্পতা, রজঃকৃচ্ছ্রতা, যোনিকুণ্ডয়ন প্রভৃতিতে; এভিন্ন প্রমেহ, শ্বেত-প্রদর, মুখ মধ্যস্থ য়্যাফ্থি নামক ক্ষতে, প্ররাইগো, অণ্ডকুণ্ডয়ন, এক্জিমা, পিট্রিয়েসিস্ প্রভৃতি চর্ম্মরোগে ইহা ব্যবহৃত হয়। বোরাসিক্ এসিড্ প্রস্তুত করিতে ইহা আবশ্যক হইয়া থাকে।

প্রয়োগরূপ—১। গ্লাইসরাইনম্ বোরেসিস্। সোহাগা চূর্ণ ১ ভাগ ; গ্লীসারিন্ ৪ ভাগ ; পরিস্রুত জল ২ ভাগ। উত্তমরূপে মর্দ্দন করিয়া অথবা মৃদু সন্তাপে সোহাগা দ্রব করিয়া লইবে।

২। মেল্ বোরেসিস্। সোহাগা চূর্ণ ২ ভাগ ; গ্লীসারিন্ (ওজনে) ১ ভাগ ; শোধিত মধু ১৬ ভাগ। একত্রে মিশাইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। গার্গারিস্মা—বোরাক্স ৫০ গ্রেণ ; মধু ২ ড্রাম্ ; জল পূর্ণার্থে ৫ আং। একত্রে মিলাইয়া কুল্য রূপে ব্যবহার্য্য।

২। লোসিও—বোরাক্স ১ ভাগ ; গোলাব জল ২৪ ভাগ অথবা সোহাগা ১ ভাগ ; গ্লীসারিন্ ১ ভাগ ; গোলাব জল ১৬ ভাগ।

৩। টিংচ্যুরা মর্হি এট্ বোরেসিস্। মাত্রা, ½—২ ড্রাম্ বা ক্ষতোবিক। গন্ধবোল ১ ভাগ ; ইউডিকলোন্ ১৬ ভাগ ; সোহাগা ১ ভাগ ; সিরাপ ৩ ভাগ ও জল ৩ ভাগ।

৪। অঙ্গুয়েণ্টম্—বোরাক্স ১ ; মোমের মলম ৮। চুচুক ক্ষত এবং চিল্‌ব্লেন্ নামক রোগে ব্যবহার্য্য।

৫। ইঞ্জেক্সিও—বোরাক্স ৫ ; জল ৮ ॥ (প্রমেহাদি রোগে)।

ব্রোমম্ ; ব্রোমিন্।

সামুদ্রিক ঔদ্ভিজ্যে এবং জলে অন্যান্য ধাতু সহযোগে ইহা পাওয়া যায়। লোহিত বর্ণ, উগ্র গন্ধ বিশিষ্ট ও কটু আস্বাদযুক্ত দ্রবল পদার্থ। গুরু উৎপতিষ্ণু ; ইহাতে ফস্ফরাস্ ও পটশিয়ম্ সংযোগে ভয়ানক শব্দ হয়। জলে অল্প এবং সুরা ও ইথরে

অধিক দ্রব হয়। ইহার দ্রবে মিউসিলেজ্ অব্ ষ্টার্চ্ সংযোগে সুন্দর লাল বর্ণ হয়।

ক্রিয়াদি—বিশুদ্ধ ব্রোমিন্ ব্যবহারে দাহক এবং জল মিশ্র করিয়া সেবনে পরিবর্ত্তক,বলকারক, মূত্রকারক এবং কামনাশক। অধিক মাত্রায় সেবন করিলে বিষ ক্রিয়া করে। প্লীহা ও যকৃৎ বিবর্দ্ধন, স্ক্রফিউলা জনিত অর্ব্বুদ ও ক্ষতে, ইরিসিপেলাস্, ঔপদংশিক্ চর্ম্মরোগে, কার্ব্বঙ্কল্, ডিপ্থিরিয়া, হস্পিট্যাল্ গ্যাংগ্রিন্ প্রভৃতি রোগে ১০ অংশ জলে ইহা দ্রব করিয়া স্থানিক এবং ৪০ অংশে দ্রব করিয়া আভ্যন্তরিক ব্যবহার করিবে। এসিডম্ হাইড্রোব্রোমিকম্ ডাইল্যুটম্; এমোনি ব্রোমাইডম্; পটাশি ব্রোমাইডম্; সোডি ব্রোমাইডম্ এবং অন্যান্য ব্রোমাইডম্ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

বুকু ফোলিয়া। (ডায়স্মা)।

ব্যারস্মা বেট্যুলিনা ও ক্রেন্যুলেটা, সেরাটিফোলিয়া নামক বৃক্ষের শুষ্কপত্র। ইহা উত্তমাশা অন্তরীপে জন্মে। ১।১½ ইঞ্চ দীর্ঘ, মসৃণ, পীতবর্ণ, উগ্র গন্ধযুক্ত, তিক্ত ও মিষ্টাস্বাদ বিশিষ্ট পত্র। ইহাতে বায়ী তৈল ও বার্জমিন্ এবং ডায়স্মিন্ নামক তিক্ত পদার্থ আছে।

ক্রিয়াদি—মূত্র ও ঘর্ম্মকারক, উত্তেজক, আগ্নেয়, বলকারক ও বায়ুনাশক। পুরাতন মূত্র গ্রন্থি ও মূত্রাশয় প্রদাহ এবং প্রমেহ, লিঙ্গনাল প্রদাহ, রিউমেটিজম্ ও প্রস্রাবে লিথিক্ এসিডাধিক্য হইলে ইহা প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ—১। ইন্ফিউজম্ বুকু। মাত্রা, ১—৪ আং।

বুকু পত্র চূর্ণ ১ ভাগ; ফুটিত পরিস্রুত জল ২০ ভাগ। এক ঘণ্টা কাল আবৃত পাত্র মধ্যে ভিজাইয়া ছাঁকিবে।

২। টিংচ্যুরা বুকু। মাত্রা, ১-২ ড্রাম। বুকু লীভ্‌স্ (পত্র) চূর্ণ ১ ভাগ; পরীক্ষিত সুরা ৮ ভাগ। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

বিউটিল্ ক্লোরাল্ হাইড্রাস্।

ক্রোটন্ ক্লোরাল্ হাইড্রেট্। মাত্রা, ৫—১৫ গ্রেণ।

অ্যান্ডিহাইড্‌কে ১৪ ফার্ণ্ হীট্ তাপাংশে শীতল করিয়া ক্লোরিন্ বাষ্প সংযোগ পূর্ব্বক ইহা প্রস্তুত হয়। শ্বেতবর্ণ, সূচ্যাকার, তীব্রগন্ধ ও কটু আস্বাদ বিশিষ্ট। গ্লীসারিন্, শোধিত সুরা, জলপাইয়ের তৈল এবং জলে দ্রব ও ক্লোরোফর্ম্মে প্রায় অদ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক ও নিদ্রাকারক। স্নায়ুশূল, শ্বাসকাশ, শিরঃপীড়া, টিকৃডলেরু, লেরিঞ্জাইটিস্ এবং বিবিধ আক্ষেপজনক রোগে ইহা ব্যবহার্য্য।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা—বিউটিল্ ক্লোরাল্ হাইড্রেট্ ৪ গ্রেণ; গ্লীসারিন্ ১৫ মিং; ক্লোরোফর্ম্ম্ ওয়াটার্ ½ আং; জল ১আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—১ আং।

২। পাইল্যুলা—বিউটিল্ ক্লোরাল্ হাইড্রেট্ ৪ গ্রেণ; ট্রাগাকান্থাদি চূর্ণ ১ গ্রেণ; ট্রাগাকান্থে অল্প জল মিশ্রিত করিয়া ১ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ২। ৪ বটিকা।

৩। পাইল্যুলা বিউটিল্ ক্লোরাল্ কম্ জেল্‌সিমিনা।

পাইল্যুলা বিউটিল্ ক্লোরালের সহিত ১/২৫ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ জেল্সিমিন্ মিশ্রিত বটিকা। স্নায়ুশূল রোগে ব্যবহার্য্য।

৪। সিরাপস্—বিউটিল্ ক্লোরাল্ হাইড্রেট্ ১৬ গ্রেণ; সিরাপ্ ১ আং। উত্তাপ দ্বারা মিশ্রিত করিবে। মাত্র, ১-৪ ড্রাম।

ক্যাফিনা। (কেফিয়া; থেয়িনা; গোয়ারেনিনা)।

মাত্রা, ১—৫ গ্রেণ।

ক্যামেলিয়া থিয়া বা কফিয়া এরেবিকা নামক শুষ্ক পত্র ও বীজ হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষ। বর্ণ ও গন্ধহীন, সন্ধা-কার ও দানাযুক্ত; শোধিত সুরা, ইথর, ক্লোরোফর্ম্ম্ ও জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—স্নায়বীয় উত্তেজক, বলকারক, ঈষৎ বিরেচক, আগ্নেয় ও ক্ষুৎকারক। বিবিধ শিরঃপীড়া, অজীর্ণ, যকৃতের বা হৃৎপিণ্ডের বিকার জনিত রোগে মূত্র কারক স্বরূপ ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ—১। ক্যাফিনি সাইট্রাস্। মাত্রা; ২-১০ গ্রেণ। জম্বীরাম্ল ১; পরিস্রুত জল ২; ক্যাফিন্ ১। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। শ্বেতবর্ণ, ঈষৎ তিক্তাস্বাদ বিশিষ্ট; গন্ধ-বিহীন; শোধিত সুরা ও ক্লোরোফর্মে দ্রবনীয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্যাফিনি অ্যামোনি সাইট্রাস্। মাত্রা; ১-১০ গ্রেণ। স্বচ্ছ, শ্বেত বর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ। জলে অল্প দ্রবনীয়।

২। গ্র্যানুলার ক্যাফিনি সাইট্রাস—এপারভেসেণ্ট্। ১ ড্রামে ১ গ্রেণ।

৩। গ্র্যানুলার্ এপার্ভেসেণ্ট্ সাইট্রেট্ অব্ ক্যাফিন্ উইথ্ ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্। প্রতি ড্রামে ২ গ্রেণ ব্রোমাইড্ আছে।

৪। ক্যাফিনি হাইড্রোব্রোমাস্। মাত্রা, ½—৫ গ্রেণ। শ্বেত বর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ।

৫। গ্রানুলার্ এপার্ভেসেণ্ট্ হাইড্রোব্রোমেট্ অব্ ক্যাফিন্। প্রতি ড্রামে ১ গ্রেণ।

৬। ক্যাফিনি সোডিয়ো স্যালিসিলাস্। মাত্রা, ১—৪ গ্রেণ। (হাইপোডার্মিক্)। অস্বচ্ছ, শ্বেতবর্ণ চূর্ণ। শতকরা ৬২০৫ অংশ কেফিন্ আছে। ইহা জলে দ্রবনীয়। ক্রিয়া—ডিজি-টেলিসের ন্যায়।

৭। হাইপোডার্মিক্ ইন্জেক্সন্ অব্—কেফিন্ ২০ গ্রেণ; স্যালিসিলেট্ অব্ সোডিয়ম্ ১৭ ½ গ্রেণ; পরিস্রুত জল ১ ড্রাম্। মাত্রা, ১—৬ মিং। এল্কোহল্ এবং মর্ফিয়া সেবনে অবসন্নাবস্থায়, বিবিধ রক্ত স্রাবে ও ইউকেলিপ্টস্ দ্বারা বিষাক্ত হইলে ইহা ব্যব-হার করা যায়। হাইপোডার্মিক ল্যামেল্ (¼ গ্রেণ প্রতিতে)।

৮। ক্যাফিনি সল্ফাস্। মাত্রা, ½—৫ গ্রেণ। শ্বেতবর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ। ইহা ৪০ অংশ জলে দ্রব হয়।

৯। ক্যাফিনি ট্রাই আইওডাইডম্। মাত্রা, ২—৪ গ্রেণ। বর্ণহীণ, দানাযুক্ত পদার্থ।

১০। ক্যাফিনি ভেলিরিয়েনাস্। মাত্রা, ½—৩ গ্রেণ। ভেলেরিয়েনের গন্ধ বিশিষ্ট সুচ্যাকার দানাযুক্ত পদার্থ।

ক্যালামিনা প্রিপারেটা।

লেপিস্ ক্যালামিনেরিস্ প্রিপারেটা।

খনিজ কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ হইতে প্রস্তুত হয়। ঈষৎ হরিদ্রাভ, ধূসর বর্ণ চূর্ণ। এসিডে উচ্ছ্বলিত হইয়া দ্রব হয়।

ক্রিয়াদি—ঈষৎ সঙ্কোচক। চুচুক্, মুখমণ্ডল ও অন্যান্য ক্ষতে এবং একজিমারোগে ব্যবহার হইয়া থাকে।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ ক্যালামিনি। প্রিপেয়ার্ড্ ক্যালমিন্ ১ আং; বেঞ্জোয়েটেড্ লার্ড ৫ আং। একত্র মিশাইবে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরেটম্ ক্যালামিনি (টর্ণাস্ সিরেট্)। ক্যালামিন্ ও পীত মোম্ ১৫; জল পাইয়ের তৈল ৪০। দগ্ধ ক্ষতে ব্যবহার্য্য।

২। লোসিও ক্যালামিনি। লেভিগেটেড্ ক্যালামিন্ ৪০ গ্রেণ; অক্সাইড্ অব্ জিঙ্ক্ ২০ গ্রেণ; গ্লীসারিন্ ২০ মিং; জল (গোলাব জল) ১ আং। একজিমা, একনি প্রভৃতি রোগে (১/৮ গ্রেণ করোসিভ্ সব্লিমেট্ মিশাইয়া) ব্যবহার করা যায়।

ক্যাল্সিয়াই কার্ব্বনাস্ প্রিসিপিটেটা।

অধঃপাতিত খটিকা।

ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ৫; কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ১২; স্ফুটিত পরিস্রুত জল ৪০। শ্বেত বর্ণ চূর্ণ।

ক্রিয়াদি—অম্ল নাশক ও সঙ্কোচক। ইহা জল মিশ্র যবক্ষার, দ্রাবকে উচ্ছ্বলিত হইয়া দ্রব হয়। ট্রোচিসাই বিস্মথাই প্রস্তুতার্থে ইহা ব্যবহার হয়।

ক্যাল্সিয়াই ক্লোরাইডম্।

মাত্রা, ৩—১০ গ্রেণ।

লবণ দ্রাবকে কার্ব্বনেট্ অব্ লাইম্ সংযোগ পূর্ব্বক লাইকর্ ক্যাল্সিস্ ক্লোরিনেটি ও আর্দ্র চূণ মিশ্রিত করিয়া প্রস্তুত হয়। শ্বেত বর্ণ, পিণ্ডাকার, জলশোষক, উগ্র তিক্তাস্বাদ যুক্ত পদার্থ। সুরা ও জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, স্রাবণ ক্রিয়া বর্দ্ধক। স্ক্রফিউলা ও গ্রন্থি বিবর্দ্ধন এবং একজিমা, ল্যুপাস্, ইম্পিটাইগো প্রভৃতি চর্ম্ম-রোগে ব্যবহৃত হইয়া থাকে।

প্রয়োগরূপ—১। লাইকর্ ক্যাল্সিয়াই ক্লোরিডাই। মাত্রা, ১৫—৫০ মিং। ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ১; পরিস্রুত জল ৫। টিউবার্ কিউলার রোগে ব্যবহার্য্য।

ক্যাল্সিয়াই হাইড্রাস্। শ্লেকড্ লাইম্; আর্দ্র চূণ।

শ্বেত বর্ণ চূর্ণ। দ্রাবক দ্বারা উচ্ছ্বলিত হয়।

ক্রিয়া—দাহক।

প্রয়োগরূপ ১। লাইকর্ ক্যাল্সিস্ (চূণের জল)। আর্দ্র চূণ ১; পরিস্রুত জল ৮০। জলে চূণ মিশাইয়া, ১২ ঘণ্টা পরে যে স্বচ্ছ নির্ম্মলাংশ জলের উপরে ভাসে তাহা ছাঁকিয়া লইবে। বর্ণ ও গন্ধহীণ, ক্ষার আস্বাদ বিশিষ্ট। ব্লাক্ ওয়াস্ ও ইয়েলো ওয়াস্ প্রস্তুতার্থে চূণের জল আবশ্যক হয়। মাত্রা, ১—৪ আং।

২। লাইকর ক্যাল্সিস্ স্যাকারেটস্। আর্দ্র চূণ ১; বিশুদ্ধ শর্করা ২; পরিস্রুত জল ২০। শর্করাকে চূণের সহিত একত্র

মর্দ্দন করিয়া জলের সহিত কিছু ক্ষণ ভিজাইয়া পরে ছাঁকিবে। মাত্রা, ১৫—৬০ মিং।

৩। লিনিমেণ্টম্ ক্যাল্‌সিস্। সল্যুসন্ অব্ লাইম্ ১; জল-পাইয়ের তৈল ১। ইহাকে ক্যারণ্ অয়েল্ বলে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। লিনিমেণ্ট্ ফর ফ্রেক্‌লেস্। চূণের মর্দ্দন ৮; এমো-নিয়া দ্রব ১। একত্র মিশাইবে।

ক্যাল্‌সিয়াই হাইপোফস্‌ফিস্।

মাত্রা, ৫—১০ মিং।

আর্দ্র চূণ ও ফস্‌ফরাস্ জলে মিশ্র করিয়া ইহা প্রস্তুত হয়। শ্বেত বর্ণ, দানাযুক্ত, উজ্জ্বল, কটুআস্বাদযুক্ত লবণ বিশেষ।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, বলকারক এবং উত্তেজক। স্ক্রুফিউলা; ক্লোরোসিস্; যক্ষ্মা; শুক্রমেহ প্রভৃতি রোগে ব্যাবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরাপস্ ক্যাল্‌সিয়াই হাইপোফস্ফেটিস্। (ক) হাইপো ফস্ফাইট্ অব্ লাইম্ ১৬০ গ্রেণ; পরিস্রুত জল ৯ আং (মিশ্রিতা-ন্তর) শর্করা ১ পৌং; হাইপোফস্ফরাস্ এসিড্ ২০ মিং, পরিস্রুত জল পূর্ণার্থে ১ পাইণ্ট্। (খ) হাইপো ফস্ফাইট্ অব্ লাইম্ ৩; জল ৩০; শর্করা ৩৬ একত্র মিলাইবে। মাত্রা, ১ ড্রাম্।

২। সিরাপস্ ক্যাল্‌সিয়াই ম্যান্‌গেনিসাই এট্ পটাশিয়াই হাইপোফস্ফাইটম্। মাত্রা, ½—১ ড্রাম্। হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্‌সিয়ম্ ২ গ্রেণ, হাইপোফস্ফাইট্ অব্ ম্যান্‌গেনিস্ ও পটা-

শিরম্ প্রত্যেক ১ গ্রেণ; স্ফুটিত পরিস্রুত জল ১২মিং; সিরাপ্ ১ ড্রাম্ পূর্ণার্থে যথা প্রয়োজন। সমুদায় দ্রব্য একত্র দ্রব করিবে।

ক্যাল্সিয়াই ফস্ফাস্।

মাত্রা, ১০—২০ গ্রেণ।

অস্থি ভস্ম ৪ আং; লবণ দ্রাবক ৬ আং; জল ২ পাং; য়্যামোনিয়া দ্রব ও পরিস্রুত জল যথা প্রয়োজন। লঘু,শ্বেত বর্ণ চূর্ণ; জল মিশ্র যবক্ষার দ্রাবকে দ্রব ও জলে অদ্রবণীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক ও অম্লনাশক। রেকাইটিস্, উপদংশ, স্ক্রফিউলার ক্ষত এবং উদরাময় রোগে ব্যবহার্য্য। পল্ভিস্ য়্যাণ্টিমোনিয়েলিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্যাল্সিয়াই সল্ফাস্। (সল্ফেট্ অব্ লাইম্)।

ক্যালক্স্ সল্ফিউরেটা প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

ক্যালক্স্; লাইম্; চূণ। (কুইক্ লাইম্)।

শ্বেত বর্ণ, পিণ্ডাকার, গন্ধহীণ,তীক্ষ্ণ ক্ষার আস্বাদযুক্ত পদার্থ; প্রয়োগরূপ—১। ক্যাল্সিয়াই হাইড্রাস। ১১৩ পৃষ্ঠা দেখ।

ক্যালক্স্ ক্লোরিনেটা।

চূণের সহিত ক্লোরিন্ বাষ্প মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়। কটু আস্বাদ ও ক্লোরিণের গন্ধ বিশিষ্ট শ্বেতবর্ণ চূর্ণ; জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—অম্লনাশক, সঙ্কোচক, পরিবর্ত্তক, দাহক, দুর্গন্ধ হারক ও পচন নিবারক। ডিপথিরিয়া, ক্যান্সার, এবং মুখ, তালু, জিহ্বা, গলনলী, গুহ্য, ও যোনী, প্রভৃতির ক্ষতে এবং বিবিধ চর্ম্ম-রোগে, এরিসিপেলাস্ এবং অন্যান্য পচিত ক্ষতে, স্থানিক ও হাই-ড্রোসিয়ানিক্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে, টাইফস্ ও টাইফয়েড জ্বর, স্ক্রফিউলা এবং পূরাতন যক্ষ্মা ও শ্বাস নালী প্রদাহ প্রভৃতিতে ব্যবহার্য্য। অপিচ, চিকিৎসালয়, কারাগার প্রভৃতি জনাকীর্ণ স্থানের বায়ু সংশোধন ও দুর্গন্ধ নিবারণার্থে যথাযোগ্য জল মিশ্র করিয়া ইহা ছড়ান হয়।

প্রয়োগরূপ—১। লাইকর ক্যাল্সিস্ ক্লোরিনেটি। মাত্রা, ১৫—৫০ মিং। ক্লোরিনেটেড্ লাইম্ ১; পরিস্রুত জল ১০।

২। ভেপর ক্লোরাই। ক্লোরিনেটেড্ লাইম্ ২ আং; শীতল জল যথা প্রয়োজন। যথোচিত পাত্র মধ্যে ক্লোরিনেটেড্ লাই-ম্‌কে জল দ্বারা আদ্র করিবে; পরে যে বাষ্পোত্থিত হইবে, তাহা শ্বাস দ্বারা গ্রহণীয়। ক্লোরোফর্ম্ম্ প্রস্তুতার্থে ক্লোরিনেটেড্ লাইম্ ব্যবহার হয়।

ক্যালক্স্ সল্ফিউরেটা। (ক্যাল্সিয়ায় সল্ফাইডম্; ক্যান্টন্স্ ফস্ফরাস্।)

মাত্রা, ১/১০—১ গ্রেণ।

সল্ফেট্ অব্ ক্যাল্সিয়ম্ চূর্ণ ৭ আং; কাষ্ঠাঙ্গার চূর্ণ ১ আং; অগ্নি সন্তাপ দ্বারা প্রস্তুত করিবে। ধূসর মিশ্রিত শ্বেত

বর্ণ; সল্‌ফিউরেটেড্‌ হাইড্রোজেনের গন্ধ বিশিষ্ট। ইহা জলে অদ্রবনীয়।

ক্রিয়া—পরিবর্ত্তক। স্ফোটক ও গ্রন্থি বিবদ্ধনে ব্যবহার্য্য।

ক্যাম্বোজিয়া; গ্যাম্বোজ্‌।

মাত্রা, ১—৪ গ্রেণ।

গার্শিনিয়া মোরেলা নামক বৃক্ষের ধুনাযুক্ত রস ও গঁদ। ভারতবর্ষ ও ব্রহ্ম রাজ্যে জন্মে। কঠিন, উজ্জ্বল, হরিদ্রাবর্ণ, গন্ধহীন, কটু আস্বাদযুক্ত; জলে দ্রবনীয়; ইহাতে পটাশ্‌ সংযোগে লাল বর্ণ হয়।

ক্রিয়াদি—অতি বিরেচক ও কৃমিনাশক। দুর্ব্বল, বাল্য ও গর্ভাবস্থায় এবং অন্নবহানালীতে প্রদাহ থাকিলে ইহা নিষিদ্ধ। ফিতার ন্যায় কৃমি, শোথ ও উদরী রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ ১।—পাইলুলা ক্যাম্বোজি কম্পজিটা। গ্যাম্বোজ ১; বার্বেডোজ্‌ মুসব্বর ১; দারুচিনি চূর্ণ ১; কঠিন সাবান ২; সিরাপ্‌ যথা প্রয়োজন। একত্র মর্দ্দন করিয়া লইবে। মাত্রা, ৫—১০ গ্রেণ।

ক্যাম্ফোরা; ক্যাম্ফর্‌। কর্পূর।

লরেসি জাতীয় সিনেমোমম্‌ ক্যাম্ফোরা নামক বৃক্ষের কাষ্ঠখণ্ড হইতে উর্দ্ধপাতিত ঘনিভূত বায়ি তৈল বিশেষ। শ্বেত বর্ণ দানাযুক্ত, দুশ্চূর্ণেয়, বিশেষ সদগন্ধযুক্ত, রুক্ষ আস্বাদ বিশিষ্ট, উৎপতিষ্ণু; সুরা ইথর্‌ ও ক্লোরোফর্মে সম্পূর্ণ ও জলে অল্পদ্রবনীয়।

ক্রিয়াদি—মাস্তিষ্ক উত্তেজক, আক্ষেপ ও বেদনা নিবারক, মাদক, দুগ্ধরোধক, কামনাশক, ঘর্ম্মকারক। বাহ্য প্রয়োগে প্রত্যুগ্রতা সাধক। জ্বর রোগে নাড়ী ক্ষীণ, অস্থিরতা, প্রলাপ, অনিদ্রা, আক্ষেপ ও আবল্যাদি থাকিলে, বিবিধ যান্ত্রিক প্রদাহ, টাইফস্ ও টাইফয়েড্ জ্বর, উদরাময়, অতিসার, বিবিধ কাশ, মৃগী, কোরিয়া, বিসূচিকা, বমন, হিক্কা, সূতিকোন্মাদ, কামোন্মাদ রজঃকৃচ্ছ্র, হেঁতাল ব্যথা, স্ত্রীলোক দিগের ঋতু বন্ধ কালে যে বেদনা, শুক্রমেহ, লিঙ্গোচ্ছাস, পুরাতন বাত ও সর্দ্দি, ডিসে-ক্টিংউণ্ড্ এবং বিবিধ দুষ্ট ক্ষত ও একজিমা প্রভৃতি চর্ম্মরোগে স্থানিক ব্যবহৃত হয়। মাত্রা, ১—১০ গ্রেণ।

প্রয়োগরূপ ১। একোয়া ক্যাম্ফরি। (মিশ্চুরা ক্যাম্ফরি)। মাত্রা, ১—২ আং। কর্পূর ½ আং; পরিস্রুত জল ১ গ্যাং। কর্পূরকে কাপড়ে বাঁধিয়া ১ দিবস জলে ভিজাইয়া লইবে। ইঞ্জেক্সিও অ্যাপোমর্ফাইনি ও আর্গটিনি হাইপোডার্মিকা প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

২। লিনিমেণ্টম্ ক্যাম্ফরি। কর্পূর ১; জলপায়ের তৈল ৪। একত্র মিশাইয়া লও। বাতরোগে মর্দ্দনরূপে ব্যবহার্য্য।

৩। লিনিমেণ্টম্ ক্যাম্ফরি কম্পজিটম্। কর্পূর ৫, অয়েল্ অব্ লাভেণ্ডার ⅛; শোধিত সুরা ৩০ (মিশ্রিতান্তর); উগ্র এমো-নিয়া দ্রব ১০। একত্র মিশাইয়া লইবে।

৪। স্পিরিটস্ ক্যাম্ফরি। কর্পূর ১; শোধিত সুরা ৯। মাত্রা, ১০—৩০ মিং।

৫। টিংচ্যুরা ক্যাম্ফার্ কম্পজিটা। মাত্রা, ১৫—৬০ মিং। কর্পূর ৩০ গ্রেণ, অহিফেন চূর্ণ ও বেঞ্জোইক্ এসিড্ প্রত্যেক

মৌরীর তৈল ½ ড্রাম্, পরীক্ষিত সুরা ২০ আং। ভিজাইয়া সপ্তাহান্তর ছাঁকিবে। ইহার প্রতি ড্রামে ⅛ গ্রেণ অহিফেন আছে। ইহাকে প্যারিগরিক্ এলিক্সার্ কহে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্যাম্ফোরা মোনোব্রোমেটা (মোনোব্রোমাইড্ অব্ ক্যাম্ফর্)। মাত্রা, ২—১০ গ্রেণ্। কর্পূর ও ব্রোমিন্ একত্র করিয়া হাইড্রোজেন্ বাষ্প সংযোগে ইহা প্রস্তুত হয়। বর্ণহীণ; সুরা, ইথর্ ও তৈলাদিতে দ্রব ও জলে অদ্রবনীয়।

ক্রিয়া—নিদ্রাকারক। স্নায়বীক দৌর্ব্বল্য এবং বিবিধ আক্ষেপজনক রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এলিক্সার্—মোনোব্রোমেটেড্ ক্যাম্ফর্ ২০ গ্রেণ্; স্পিরিট্ অব্ সিনেমন্ ১৫ ড্রাম্ (দ্রবান্তর); রেড্ এলিক্সার্ ২০ ড্রাম্; সিরাপ্ ৫ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—৪ ড্রাম্। প্রতি আউন্সে ৪ গ্রেণ।

২। ক্যাম্ফোরা স্যালিসিলেটা। মাত্রা, ১—৫ গ্রেণ্। ৮৪ অংশ কর্পূর এবং ৬৫ অংশ স্যালিসিলিক্ এসিড্ উত্তাপ দ্বারা দ্রব করিয়া মিশাইবে। জলে ও গ্লীসারিনে অল্প এবং ২০ অংশ বসা ও তৈলে দ্রবনীয়। উষ্ণ ক্ষার দ্রবে ইহার উপাদান বিযুক্ত হয়।

ক্রিয়া—পচননিবারক। মলমাকারে ল্যুপাস্ ও পচিত ক্ষতে স্থানিক এবং উদরাময় প্রভৃতিরোগে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়। ক্ষতাদি বন্ধনার্থে ইহা স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—(১) স্যালিসিলেটেড্ ক্যাম্ফর উল্। (শতকরা ৮ অংশ)।

৩। ক্যাম্ফর্ বল্। স্পার্মাসিটি ৪ ; শ্বেত মোম্ ১২ ; বাদাম তৈল ৫ (উত্তাপ দ্বারা মিশ্রিত করিয়া) ; ফ্লোয়ার্স্ অব্ ক্যাম্ফর্ ৪। একত্র মিশ্রিত করিয়া ছাঁচে ঢালিয়া লইবে।

৪। ক্যাম্ফরেটেড্ চক্। ফ্লোয়ার্স্ অব্ ক্যাম্ফর্ ১ ; প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ ক্যাল্‌সিয়ম্ ৭ (মতান্তরে ৮)। খলে কর্পূরকে কয়েক বিন্দু সুরার সহিত মিশ্রিত করিয়া চূর্ণ পূর্ব্বক খটিকা মিলাইবে। ইহা দন্ত মঞ্জন রূপে ব্যবহার্য্য।

৫। কার্ব্বলেট্ অব্ ক্যাম্ফর্। কার্ব্বলিক্ এসিড্ দেখ।

৬। সিরেটম্ ক্যাম্ফরি। কর্পূর ২ ; শ্বেতমোম্ ৩ ; লার্ড ৪ ; বাদামের তৈল ৩। অগ্নিসন্তাপে একত্রে মিলাইবে।

৭। এলিক্সার্ ক্যাম্ফরি। মাত্রা, ½—১ ড্রাম্। স্পিরিট্ অব্ ক্যাম্ফর্ ১০ ড্রাম্ ; সিরাপ্ ৫ ড্রাম্ ; পরিস্রুত জল ১ ড্রাম্।

৮। এসেন্সিয়া ক্যাম্ফরি। কর্পূর ১ ; শোধিত সুরা ২০ অথবা কর্পূর ১ ; শোধিত সুরা ১৮ ; গন্ধবোলের অরিষ্ট ২। উদরাময়াদিতে ব্যবহার্য্য। মাত্রা, ৫। ১০ মিং।

৯। ন্যাপ্‌থল্ কম্ ক্যাম্ফরি। (ন্যাপ্‌থল্ দেখ)।

১০। স্যালল্ কম্ ক্যাম্ফোরা। (স্যালল্ দেখ)।

১১। স্পিরিটস্ ক্যাম্ফরি ফোর্সিয়র্। (রুবিনিস্ সল্যুসন্ অব্ ক্যাম্ফার্)। মাত্রা, ২—৫ মিং (শর্করার সহিত)। অ্যাব্‌সল্যুট্ অ্যাল্কোহলে যথা পরিমানে কর্পূর দ্রব করিয়া লইবে।

১২। পাইল্যুলা ক্যাম্ফরেটা। এক্‌ষ্ট্রাক্ট অব ভেলিরিয়ন্ ২ ড্রাম্ ; হিঙ্গু ১ ড্রাম্ ; কর্পূর ২০ গ্রেণ। মাত্রা, ৫—১০ গ্রেণ। আক্ষেপ নিবারক।

১৩। পাইল্যুলা ক্যাম্ফরি কম্ থ্রিডেস্। মাত্রা, ৫—১৫ গ্রেণ।

কর্পূর ও একষ্ট্রাক্ট্ অব্ লেট্যুসি (ল্যাক্টুকেরিয়ম্) প্রত্যেক ৫০ গ্রেণ। একত্রে মিশাইয়া লইবে। কামনাশক।

১৪। পীল্ ক্যাম্ফরিকম্ হায়োসায়েমাই। কর্পূর এবং হেন্-বেনের সার প্রত্যেক ১¼। মাত্রা, ১—৩ গ্রেণ্।

১৫। ভিনিগার্ অব্—ক্যাম্ফর্ ১; অ্যাল্কোহল্ ৬০; ভিনি-গার্ ১৮০।

১৬। অঙ্গুয়েণ্টম্ ক্যাম্ফরি। কর্পূর ২৫; শ্বেত মোম্ ৮; লার্ড্ ৬৭। সমুদায় একত্রে মিশাইয়া লইবে।

১৭। ট্রোচিসাই ক্যাম্ফরি। কর্পূর চূর্ণ ১ ড্রাম্; শর্করা ১ আং; মিউসিলেজ্ অব্ ট্রাগাকান্থ্ ৬০ চাক্তি প্রস্তুতার্থে যথাপ্রয়োজন।

১৮। ভাইনম্ ক্যাম্ফরেটম্। কর্পূর ও গম্ একেসিয়া চূর্ণ প্রত্যেক ২ ড্রাম্; হোয়াইট্ ওয়াইন্ ১৬ আং।

ক্যানিলি কর্টেক্স্।

ক্যানেলা অ্যাল্বা নামক বৃক্ষের বল্কল। কলমের ন্যায় নলা-কারে গুটিত। বাহ্য প্রদেশ পীত এবং অভ্যন্তর পাণ্ডু বর্ণ, সদ্-গন্ধ ও কটু আস্বাদযুক্ত। ইহাতে বায়ী তৈল ও তিক্ত সার আছে।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয় এবং ঈষৎ বলকারক। ভাইনম্ রিয়াই প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

ক্যানাবিস্ ইণ্ডিকা; ইণ্ডিয়ান্ হেম্প্। গাঁজা।

ক্যানাবিস্ স্যাটাইভা নামক বৃক্ষের শুষ্ক মুঞ্জরিত শাখা। ভারতবর্ষ ও ইউরোপ দেশে জন্মে। গাঁজার জটা ১। ২ ইঞ্চ্ দীর্ঘ,

ধূসর বর্ণ, বিশেষ উগ্র ও সদ্গন্ধযুক্ত এবং ঈষৎ তিক্তাস্বাদ বিশিষ্ট। ইহার জটাতে পুষ্প কলিকা, ক্ষুদ্র পত্র (সিদ্ধি বা ভাঙ্গ) ও পক্ক ফল থাকে। ইহা হইতে এক প্রকার ধুনাযুক্ত রস নিঃসৃত হয়, যাহাকে চরশ (ক্যানাবিন্) কহে।

ক্রিয়াদি—মাস্তিষ্ক উত্তেজক, আক্ষেপ ও বেদনা নিবারক, মূত্র ও নিদ্রা কারক, কামোদ্দীপক, মাদক এবং জরায়ু সঙ্কোচক ; অল্প মাত্রায় সেবন করিলে সমুদায় শরীর উত্তেজিত,মন আনন্দিত, ক্ষুধা বৃদ্ধি ও কামোদ্দীপন হয় ; অধিক মাত্রায়, মাদকতা ও নিদ্রা উপস্থিত হয়। বিসূচিকা রোগে নাড়ী সতেজ, বমন নিবারণ ও শরীর উত্তেজিত হইয়া উপকার করে। ধনুষ্টঙ্কার, মদাতঙ্ক, শ্বাসকাশ, শিরঃ পীড়া, হুপিংকফ্, উন্মাদ, হিষ্টিরিয়া, স্নায়ুশূল, বাত, জরায়ুর শিথিলতা প্রযুক্ত প্রসব বিলম্ব অথবা প্রসবান্তে জরায়ু হইতে রক্তস্রাব প্রভৃতিতে সঙ্কোচক স্বরূপ, কষ্টরজঃ, কোরিয়া, পূরাতন ব্রাইটাময়, মেহ প্রভৃতি রোগে ইহার দ্বারা উপকার হয়।

প্রয়োগরূপ—১। একৃষ্ট্রাক্টম্ ক্যানাবিস্ ইণ্ডিসি। মাত্রা, ¼—১ গ্রেণ্। সুরাঘটিত সার।

২। টিংচ্যুরা ক্যানাবিস্ ইণ্ডিসি। মাত্রা, ৫—২০ মিং। একৃষ্ট্রাক্ট্ অব্ হেম্প্ ১ আং ; শোধিত সুরা ১ পাইণ্ট্। দ্রব করিয়া লইবে। ইহা জলের সহিত মিশ্রিত করিলে শ্বেত বর্ণ হইয়া ইহার ধুনা অধঃস্থ হয়। অতএব মণ্ডাদির সহিত প্রযোজ্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্যানাবিন্ ট্যানাস্। মাত্রা, ২—১০ গ্রেণ্। গাঁজা

হইতে প্রস্তুত হয়। ধুসরাভ পীত বর্ণ, তিক্তাস্বাদ বিশিষ্ট, ক্ষারাক্ত জলে ও সুরাবীর্য্যে দ্রব ও জল এবং ইথরে অদ্রবনীয়। ক্রিয়া—গাঁজার ন্যায়। ইহা উত্তম নিদ্রাকারক।

২। ক্যানাবিনা। মাত্রা, ১—৫ গ্রেণ। ধূসর বর্ণ, শর্করার পাকের ন্যায় তরল পদার্থ। ক্রিয়া—নিদ্রাকারক।

৩। ক্যানাবিনন্। মাত্রা, ½—১ গ্রেণ। গাঢ়, ধূসর বর্ণ, রাব্ গুড়ের ন্যায়; বিশুদ্ধ ধূনা বিশেষ। ক্রিয়া—অবসাদক।

৪। পাইলুলি ক্যানাবিস্ ইণ্ডিসি। একৃষ্ট্রাক্ট্ অব্ হেম্প্ ½ গ্রেণ; একৃষ্ট্রাক্ট্ অব্ জেন্সন্ ২ গ্রেণ; একত্রে মিলাইয়া ১ গ্রেণ। করিয়া বটিকা প্রস্তুত করিবে। (চেষ্ট্ হস্পিট্যাল্)।

৫। কম্পাউণ্ড্ পাল্ অব্—ক্যানাবিস্ ইণ্ডিকার সার ⅓ গ্রেণ। কুইনাইন্ সল্ফ্ ½ গ্রেণ; পীল্ রিয়াই কোঃ ১½ গ্রেণ্। (প্রকারান্তর) সার ½ গ্রেণ; হিঙ্গু আদি বটিকা ২ গ্রেণ; কুইনাইন্ ১ গ্রেণ্; ফিনল্ ১½ গ্রেণ্, অয়েল্ অব্ ক্যাজুপুটী ½ মিং।

ক্যান্থারিস্; ক্যান্থারাইডিস্।

লিটা; স্পেনিস্ বা ব্লিষ্টারিং বিটল্ বা ফ্লাই।

ক্যান্থারিস্ ভেসিকেটোরিয়া নামক শুষ্ক পতঙ্গ, দেখিতে ½। ১ ইঞ্চ দীর্ঘ, উজ্জ্বল, হরিদ্বর্ণ পক্ষযুক্ত। তিক্তাস্বাদ ও উগ্রগন্ধ যুক্ত। ইহাতে ক্যান্থারিডিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি—মূত্রকারক, উত্তেজক, কামোদ্দীপক। স্থানিক প্রয়োগে ফোস্কাকারক ও উগ্রতা সাধক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। শোথ, এমিনোরিয়া, শ্বেতপ্রদর, প্রমেহ, প্লীহা,

লিঙ্গোচ্ছাস্, ধ্বজভঙ্গ, প্রস্রাবের বেগ ধারনে অক্ষমতা, কুষ্ঠ, অনৈচ্ছিক বীর্য্য পতন, সোরীয়েসিস্, একজিমা, প্রুরাইগো প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং বাত, স্নায়ুশূল, চক্ষু প্রদাহ, টাক রোগ, এবং বিবিধ প্রদাহাদিতে স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এসিটম্ ক্যান্থারাইডিস্; (লাইকর্-লিটি)। ক্যান্থারিস্ চূর্ণ ২; গ্লেসিয়েল্ এসেটিক্ এসিড্ ২; এসিটিক্ এসিড্ ২০ ভাগ পূর্ণার্থে যথা প্রয়োজন।

২। চার্টা এপিস্প্যাষ্টিকা (ব্লিষ্টারিং পেপার)। শ্বেত মোম ৪; স্পার্মাসিটি ১½; অলিভ্ অয়েল্ ২; ধুনা ¾; ক্যানাডা বাল্সাম্ ¾; ক্যান্থারিস্ চূর্ণ ১; পরিস্রুত জল ৬। ক্যানাডা বাল্সাম্ ভিন্ন সমুদায় দ্রব্য একত্রে জল স্বেদন যন্ত্রোত্তাপে ২ ঘণ্টা কাল আলোড়নপূর্ব্বক তপ্ত করিবে। পরে জল ছাঁকিয়া, অগ্নি সন্তাপে ক্যানেডা বাল্সাম্ মিশাইয়া কাগজে মাখাইবে।

৩। কলোডিয়ম্ ভেসিকান্স্। ব্লিষ্টারিং লিকুইড্ ২০; পাইরক্সিলিন্ ১। উভয়কে মিশ্রিত পূর্ব্বক আলোড়নে দ্রব করিবে।

৪। এম্প্লাষ্ট্রম্ ক্যান্সিফেসিয়েন্স্; ওয়ার্ম্ প্লাষ্টর্। ক্যান্থারিস্ স্থূল চূর্ণ ১; স্ফুটিত জল ৫; জায়ফলের বায়ি তৈল ১; পীত মোম ১; ধুনা ১; সাবানের পলস্ত্রা ১৩½ ধুনার পলস্ত্রা ৮। ক্যান্থারাইডিস্কে ৬ ঘণ্টা স্ফুটিত জলে ভিজাইয়া পরে ছাঁকিয়া, জলস্বেদন যন্ত্রোত্তাপে সমুদায় একত্র করিবে।

৫। এম্প্লাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্। ক্যান্থারিস্ চূর্ণ ১২; পীত মোম ৭½; মেষের বসা ৭½; লার্ড্ ৬; ধুনা ৩। একত্র, অগ্নি সন্তাপে গলাইয়া পরে শীতল হইবার সময় ক্যান্থারিস্ মিলাইবে।

৬। লাইকর্ এপিস্প্যাষ্টিকস্; (লিনিমেণ্ট্ ক্যান্থারাই-ডিস্)। ক্যান্থারিস্ চূর্ণ ৫; অ্যাসেটিক্ ইথর্ ২০।

৭। টিংচ্যুরা ক্যান্থারিডিস্। মাত্রা, ৫—২০ মিং। ক্যান্থা-রিস্ চূর্ণ ¼ আং; পরীক্ষিত সুরা ২০ আং। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

৮। অঙ্গুয়েণ্টম্ ক্যান্থারিডিস্। ক্যান্থারিস্ ১; জল পাইয়ের তৈল ৬; পীত মোম ১। ক্যান্থারিস্‌কে ১২ ঘণ্টা পর্য্যন্ত তৈলে ভিজাইয়া পরে ১১২ তাপাংশে উত্তপ্ত করিয়া, পরে অন্যান্য দ্রব্য মিলাইবে। ব্লিষ্টারের ক্ষত সরস রাখিতে ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্যান্থারিডিন্। শ্বেত বর্ণ, উজ্জ্বল, দানাযুক্ত চূর্ণ। ক্লোরো-ফর্ম্, ইথর্, অ্যাসেটিক্ এসিড্, সুরা ও তৈলে দ্রব এবং জলে অদ্রবনীয়। ইহা টাক রোগে স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—(১) লিনিমেণ্টম্ ক্রিনেল্। ক্যান্থারিডিন্ ১ গ্রেণ্; অ্যাসেটিক্ ইথর্ ৬ ড্রাম্ (দ্রবান্তর); শোধিত সুরা ৩ আং; ক্যাষ্টর্ অয়েল্ ১ আং; অয়েল্ অব্ ল্যাভেণ্ডার্ ১৫ মিং।

২। হেয়ার্ ওয়াস্। ভিনিগার্ অব্ ক্যান্থারিডিস্ ১; গ্লীসা-রিন্ ১; টিংচর্ অব্ বার্ক্ ½; অরেঞ্জ্ ফ্লোয়ার্ ওয়াটার্ ৮; রোজ্ ওয়াটার্ ৮। (মতান্তরে) টিংচর্ ক্যান্থারিস্; শোধিত সুরা; পরিস্রুত ভিনিগার; লাইম্ ওয়াটার্ প্রত্যেক ৫ আং; সল্‌ফেট্ অব্ কুইনাইন্ ৬ গ্রেণ্; অ্যারোমেটিক্ ভিনিগার্ ১ ড্রাম্। ইহা টাক রোগে ব্যবহার্য্য।

৩। অঙ্গুয়েণ্টম্ ষ্টিমিউল্যান্স্ (এরাস্মাস্ উইল্‌সন্স্)। ক্যান্থা-রিস্ ৩; লার্ড্ ১২। উষ্ণ স্থানে ২৪ ঘণ্টা রাখিয়া পরে ব্যবহার্য্য।

৪। অ্যানোডাইন্ ভেসিকাণ্ট্। কর্পূর ২০; হাইড্রেট্ অব্ ক্লোরাল্ ৩০। মৃদু জলস্বেদন যন্ত্রোত্তাপে ১০ ভাগ ক্যান্থারিস্ চূর্ণ মিশ্রিত করিয়া ১ ঘণ্টা কাল ১৪০। ১৬০ তাপাংশে রাখিয়া ছাঁকিয়া লইয়া পরে বক্রি ক্যান্থারিস্ মিলাইবে।

ক্যাপ্সিসাই ফ্রুক্টস্; লঙ্কা মরিচ।

(গিনি, চিলী ও কাইন্ পিপর্)। মাত্রা, $\frac{1}{2}$—১ গ্রেণ্।

ক্যাপ্সিকম্ ফ্যাষ্টিজিয়েটম্ নামক বৃক্ষের শুষ্ক পক্ব ফল।

ক্রিয়াদি—ধামনীক উত্তেজক ও আগ্নেয়। বাহ্য প্রয়োগে প্রত্যুগ্রতা সাধক। বিবিধ জ্বর রোগে প্রলাপ ও শৈত্য এবং অবসন্নাবস্থায় উত্তেজক হইয়া উপকার করে। উদরাধ্মান, অজীর্ণ, এভিন্ন টন্সিলাইটিস্, তালু ও গল মধ্যের বিবিধ ক্ষতে, স্বরভঙ্গ প্রভৃতি রোগে ইহার কুল্য ব্যবহার করিলে বিশেষ উপকার হয়।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা ক্যাপ্সিসাই। মাত্রা, ১০—২০ মিং। লঙ্কা মরিচ চূর্ণ $\frac{1}{8}$; শোধিত সুরা ২০। মিশ্রিতান্তর ৪৮ ঘণ্টা ভিজাইয়া পরে ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। গার্গরিস্মা—টিংচ্যুরা ক্যাপ্সিসাই ৩০। ৬০ মিং; ইন্ফিউজন্ অব্ রোজ্ ৮ আং। কুল্যার্থে ব্যবহার্য্য।

২। ক্যাপ্সিসিন্। (ওলিও রেজিন্ অব্ ক্যাপ্সিকম্)। মাত্রা, $\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ্। ইথরের সহিত পার্কোলেশন্ দ্বারা এই তৈলাক্ত পদার্থ পাওয়া যায়।

৩। এম্প্লাষ্ট্রম্ ক্যাপ্সিসাই। ষ্টিকেন্ প্লাষ্টারের উপর ওলিও রেজিন্ অব্ ক্যাপ্সিকম্, ব্রস্ (তুলি) দ্বারা মাথাইয়া লইবে।

৪। লিনিমেণ্টম্ ক্যাপ্সিসাই। লঙ্কা মরিচ চূর্ণ ১½ আং; শোধিত সুরা ৮½ আং পূর্ণার্থে যথাপ্রয়োজন। ওলিক্এসিড্ ৯½ ড্রাম্; অয়েল্ অব্ ল্যাভেণ্ডার্ ½ ড্রাম্। চর্ম্মে লাগাইয়া উষ্ণ বস্ত্র দ্বারা আবৃত করিবে; পরে আরক্ত হইলে খুলিয়া ভেসেলিন্ মাথাইবে। সাইটিকা, ও বাত প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

৫। টিংচ্যুরা ক্যাপ্সিসাই ফোর্সিয়র্। মাত্রা, ১—৩ মিং। লঙ্কা মরিচ চূর্ণ ১০ আং; শোধিত সুরা ৩০ আং। ২৪ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। ইহা স্থানিক্ ব্যবহৃত হয়।

। অঙ্গুয়েণ্টম্—ওলিওরেজিনি ক্যাপ্সিসাই ১ আং; পীত মোম ½ আং; বেঞ্জোয়েটড্ লার্ড ৪ আং। বাত প্রভৃতি রোগে স্থানিক ব্যবহার্য্য।

কার্ব্বো এনিমেলিস্। (বোন্ ব্ল্যাক্)

জান্তবাঙ্গার।

আবৃত স্থানে অস্থিকে দগ্ধ করিতে হয়। কার্ব্বোএনিমেলিস্ পিউরিফিকেটস্ প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

কার্ব্বোএনিমেলিস্ পিউরিফিকেটস্।

জান্তব অঙ্গারকে জল মিশ্র লবণ দ্রাবক ও পরিস্রুত জলদ্বারা শুষ্ক করিয়া পরে চূর্ণ করিয়া লইবে। গন্ধাস্বাদ হীন, কৃষ্ণ বর্ণ ও ক্ষার গুণ বিশিষ্ট কয়লা বিশেষ।

ক্রিয়াদি—অম্লনাশক,দুর্গন্ধ ও পচননিবারক, বায়ুনাশক এবং বর্ণ সংহারক (ডিকলর‍্রাইজর)। বিসূচিকা, অজীর্ণ, উদিরাময় অতসার,আধ্মানশূল ও স্নায়ুশূল প্রভৃতিতে ব্যবহার্য্য। ঔদ্ভিজ্য বিষ যথাঃ- মর্ফিয়া; একোনিসিয়া, ষ্ট্রিক্নিয়া প্রভৃতির দ্বারা বিষাক্ত ইহলে বিষঘ্ন স্বরূপ ও বিবিধ পচা ক্ষতের দুর্গন্ধনিবারণার্থে ইহার পুল্টিশ ব্যবহার্য্য। অপর, চিকিৎসালয়, ব্যারাক্ এবং কারাগার প্রভৃতির দুর্গন্ধনাশ ও বায়ু সংস্কার করণার্থে অঙ্গার চূর্ণ ছড়াইয়া বা ঝুড়ি করিয়া টাঙ্গাইয়া রাখা হয়। মাত্রা, ২০—৬০ গ্রেণ।

কার্ব্বো লিগ্নাই ; উড্ চার্কোল্। কাষ্ঠাঙ্গার।

মাত্রা, ২০—৬০ গ্রেণ।

কাষ্ঠ খণ্ড দগ্ধ করিয়া আবৃত স্থানে (কলসাদিতে) রাখিয়া ইহা প্রস্তুত হয়।

ক্রিয়াদি—কার্ব্বোএনিমেলিসের ন্যায়।

প্রয়োগরূপ ১। ক্যাটাপ্লাস্মা কার্ব্বনিস্। কাষ্ঠাঙ্গার চূর্ণ ½ আং ; পাঁউরুটী ২ আং ; তিসির থলি ১½ আং ; স্ফুটিত জল ১০ আং। সমুদায় একত্রে কর্দ্দমাকারে মিশাইবে।

কার্ডেমোমাই সেমিনা। ছোট এলাচি।

জিঞ্জিবেরেসি জাতীয় ইলেটেরিয়া কার্ডেমোমম্ নামক বৃক্ষের পক্ক ফলের বীজ।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয় ও বায়ুনাশক। ইহাতে

এক প্রকার তৈল পাওয়া যায়। উদরাধ্মান এবং সৌগন্ধার্থে অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা কার্ডেমোমাই কম্পোজিটা। মাত্রা, $\frac{১}{২}$—২ ড্রাম্। কার্ডেমম্ সীড্ চূর্ণ ১ আং; বিলাতী জিরা চূর্ণ ১ আং; বীজ রহিত কিস্‌মিস্ ৮ আং; দারুচিনি কুট্টিত ২ আং; ক্রিমি দানা চূর্ণ ২২০ গ্রেণ; পরীক্ষিত সুরা ৮০ আং। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

কারুই ফ্রুক্টস্; বিলাতী জিরা।

ক্যারম্ কারুই নামক বৃক্ষের শুষ্ক ফল। $\frac{১}{৮}$। $\frac{১}{৪}$ ইঞ্চ্ দীর্ঘ, মধ্যভাগ স্থূল, ও বক্র, সুস্বাদ ও সদ্‌গন্ধ বিশিষ্ট পদার্থ।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয় ও বায়ুনাশক। আধ্মান শূল প্রভৃতি রোগে উপকারক।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া কারুই। মাত্রা, ১—২ আং। বিলাতী জিরা কুট্টিত ১ পৌং; জল ২ গ্যালন। ১ গ্যালন চুয়াইয়া লইবে।

২। ওলিয়ম্ কারুই। বিলাতী জিরা চুয়াইয়া ইহা প্রস্তুত হয়। মাত্রা, ১—৪ মিং।

ক্যারিওফাইলম্; ক্লোভ্‌স্; লবঙ্গ।

ক্যারিওফাইলস্ অ্যারোমেটিকস্ নামক বৃক্ষের শুষ্ক কলিকা।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক; আগ্নেয় এবং বায়ুনাশক। ইহাতে

বারী তৈল আছে। অজীর্ণ, উদরাম্মান, গর্ভাবস্থায় বমন ও দন্ত গহ্বরস্থ বেদনায় তুলির দ্বারায় স্থানিক লাগান যায়।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউজম্ ক্যারিওফাইলি। মাত্রা, ১—২ আং। লবঙ্গ চূর্ণ ১; স্ফুটিত পরিস্রুত জল ৪০। ½ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

২। ওলিয়ম্ ক্যারিওফাইলি। মাত্রা, ১—৪ মিং। লবঙ্গ চুয়াইয়া ইহা প্রস্তুত হয়। কন্‌ফেক্‌সিও স্ক্যামোনি; ইন্দ্রবারুণ্যাদি বটিকা ও ইন্দ্রবারুণী ও হেন্‌বেনের বটিকা প্রস্তুতার্থে ইহা-ব্যবহৃত হইয়া থাকে।

ক্যাস্কারিলি কর্টেক্স্।

ক্রোটন্ ইলিটিরিয়া নামক বৃক্ষের বল্কল্। ২। ৩ ইঞ্চ দীর্ঘ, কলমাকার, কঞ্চির ন্যায় স্থূল, ব্যাহ্য প্রদেশ ধূসর বর্ণ স্থানে ২ শ্বেতবর্ণ শৈবালাচ্ছাদিত, সৌগন্ধযুক্ত; ইহাতে ক্যাস্কারিলিন্ নামক বীর্য্য বিশেষ আছে। বিবিধ ধাতু ঘটিত লবণ সংযোগে ইহার উপাদান নষ্ট হয়।

ক্রিয়াদি—আগ্নেয়; বলকারক, বয়ুনাশক। অজীর্ণ, রোগান্তে দৌর্ব্বল্য, অতিসার, উদরাময় ও কাশ রোগে, কফনিঃসরণাধিক্য লাঘবার্থে ইহা ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউজম্ ক্যাস্কারিলি। মাত্রা, ১—২ আং। ক্যাস্কারিলা চূর্ণ ১; স্ফুটিত পরিস্রুত জল ১০। অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

২। টিংচ্যুরা ক্যাস্কারিলি। মাত্রা, ½—২ ড্রাম্। ক্যাস্কারিলি বার্ক্ চূর্ণ ১; পরীক্ষিত সুরা ৮। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ক্যাসিয়া পল্পা ; (আরগ্বধ ; সোনালি)।

ক্যাসিয়া ফিষ্ট্যুলা নামক বৃক্ষের ফলাভ্যন্তরস্থ শস্য।

ক্রিয়া। মৃদু বিরেচক। কন্‌ফেক্সিও সেনী প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। টিংচ্যুরা ক্যাসিয়া। ক্যাসিয়া ৩½ আং ; পরীক্ষিত সুরা ৪০ আং। ১২ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১—৪ ড্রাম্।

ক্যাটিকিউ ; (খদির)।

১। ক্যাটিকিউ নাইগ্রম্ (কৃষ্ণ খদির)। ইহা অ্যাকেসিয়া ক্যাটিকিউ নামক বৃক্ষের আভ্যন্তরিক কাষ্ঠের জলীয় সার। ২; ক্যাটিকিউ প্যালিডম্ (পাণ্ডু খদির)। ইহা অঙ্কেরিয়া গ্যাম্বরি নামক বৃক্ষের পত্র ও তরুণ শাখাগ্রের জলীয় সার। ইহারা ঔষধার্থে ব্যবহার্য্য। কৃষ্ণ খদির কঠিন, গুরু ; জলে ডুবিয়া যায়। পাণ্ডু খদির, পাটলবর্ণ, অপেক্ষাকৃত লঘু এবং জলে ভাসে। চূণ, মর্ফিয়া, ইপেকাকুয়ানা, ক্ষার ও ধাতব লবণ প্রভৃতি সংযোগে ইহার উপাদান বিযুক্ত হয়। খদিরে ক্যাটিকিন্ নামক বীর্য্য বিশেষ আছে।

ক্রিয়াদি—বিশুদ্ধ সঙ্কোচক, ঈষৎ বলকারক ও পর্য্যায় নিবারক। উদরাময়, অতিসার, অজীর্ণ প্রভৃতি রোগে আভ্যন্তরিক্ এবং মুখাভ্যন্তরস্থ ও চুচুক ক্ষতে এবং অন্যান্য পুরাতন ক্ষতে পূয়োনিঃসরণ হ্রাসার্থে স্থানিক ও প্রমেহ,জরায়ু হইতে রক্তস্রাব ও শ্বেত প্রদর প্রভৃতি রোগে ইহার কাথের পিচ্‌কারী ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউজম্ ক্যাটিকিউ। মাত্রা, ১—২ আং। খদির চূর্ণ ১৬০ গ্রেণ্; দারুচিনি কুট্টিত ৩০ গ্রেণ্; স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। আবদ্ধ পাত্রে অর্দ্ধঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

২। পল্‌ভিস্ ক্যাটিকিউ কম্পোজিটাস্। খদির ৪; কাইনো ২; র‍্যাটানি রুট্ ২; দারুচিনি কুট্টিত ১; জায়ফল ১। স্বতন্ত্র ২ চূর্ণ করিয়া একত্র মিলাইবে। মাত্রা, ২০—৪০ গ্রেণ্।

৩। টিংচ্যুরা ক্যাটিকিউ। মাত্রা, ½—২ ড্রাম্। খদির স্থূল চূর্ণ ২½; দারুচিনি কুট্টিত ২½; পরীক্ষিত সুরা ২০। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছঁকিবে।

৪। ট্রোচিসাই ক্যাটিকিউ। মাত্রা, ১—৬ চাক্তি। খদির চূর্ণ ৭২০ গ্রেণ্; শর্করা ১৫ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; আরবি গঁদের মণ্ড ২ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন। একত্র মিশ্রিত করিয়া ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। প্রতি চাক্তিতে ১ গ্রেণ্ খদির আছে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরাপ্ ক্যাটিকিউ। ক্যাটিকিউ ১২৮ গ্রেণ্; জল ২ আং (দ্রবান্তর); সিরাপ্ ১৬ আং। মাত্রা, ১ ড্রাম্।

২। টিংচ্যুরা ক্যাটিকিউ জিঞ্জিভেলিস্। খদির ও গন্ধবোল্ প্রত্যেক ৪ ড্রাম্; বাল্‌সম্ অব্ পিরু ১ ড্রাম্; স্পিরিট্ অব্ স্কর্ভিগ্র্যাস্ ৮ আং।

৩। ট্রোচিসাই ক্যাটিকিউ এট্ ম্যাগ্‌নিসি। ম্যাগ্নিসিয়া ২ ড্রাম্; খদির চূর্ণ ১ আং; শর্করা চূর্ণ ১৩ আং; মিউসিলেজ্ অব্ ট্রাগাক্যান্থ্ ও দারুচিনির জল ৪৮০ চাক্তি প্রস্তুতার্থে যথা প্রয়োজন।

৪। অঙ্গুয়েণ্টম্ ক্যাটিকিউ। খদির ৪ আং; ফট্‌কিরি ১০ ড্রাম্; ধুনা ৪ আং; জলপাইয়ের তৈল ১০ আং; জল যথা প্রয়োজন।

৫। ভাইনম্ ক্যাটিকিউ। খদিরের অরিষ্ট ১; রেড্ ওয়াইন্ ১২। একত্র মিশাইয়া লইবে।

সিরা অ্যাল্বা এট্ ফ্লেভি; হোয়াইট্ ও ইয়েলো ওয়াক্স্।

শিকৃথ্; শ্বেত ও পীত মোম।

পীত মোম্‌কে রূপান্তরিত করিয়া শ্বেত মোম প্রস্তুত হয়; ইহাতে মাইরিসিন্ ও সিরোলিন্ নামক পদার্থ পাওয়া যায় পীত মোম্ মধুচক্র হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া—স্নিগ্ধ কারক ও আবরক। চার্টা এপিস্প্যাষ্টিকা; এবং বিবিধ পলস্ত্রা, যথা—ক্যান্থারিডিস্, ক্যালিফেসিএন্স্, গ্যাল্বেনাই, সেপোনিস্ ফস্কম্ এবং বিবিধ মলম, যথা—ক্যান্থারিডিস্; হাইড্রার্জিরাই কম্পোজিটস্; পাইসিস্ লিকুইডি; রেজিনি; স্যাবাইনি; টেরিবিন্থিনি প্রভৃতির মলম প্রস্তুত করিতে ও পাইল্যুলা ফস্ফরাই প্রস্তুতার্থে মোম আবশ্যক হয়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ সিম্প্লেক্স্ (মোমের মলম)। শ্বেত মোম্ ২; বেঞ্জোয়েটেড্ লার্ড ৩; বাদাম তৈল ৩। জলস্বেদন যন্ত্রোত্তাপে দ্রব করিয়া লইবে। বিবিধ মলম প্রস্তুতার্থে সিম্পল্ অয়েণ্ট্‌মেণ্ট্ ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। কোল্ড্ ক্রিম্। শ্বেত মোম্ ১; স্পার্মাসিটি ১; বাদাম

তৈল ৬ ; গোলাব জল ৯। ইহার সহিত কিঞ্চিৎ অটোড্রিরোজ্ (সৌগন্ধার্থে) মিশান যায়। ইহাকে অঙ্গুয়েণ্টম্ একুইরোজি বলে।

সেরেভাইসি ফার্মেণ্টম্; বিয়ার্ ইয়েষ্ট্; ব্র্যাম্।

অভিষব ; খমীরা। মাত্রা, ½—১ আং।

বিয়ার্ নামক আসব প্রস্তুতকালে উপরে যে গাদ ভাসে, তাহাকে অভিষব (টোরিয়ুলা সেরেভিসি) কহে। গাঢ়, ফেনা-যুক্ত, ধূসর বর্ণ বিশিষ্ট, দুর্গন্ধযুক্ত ও তিক্তাস্বাদ বিশিষ্ট ঔদ্ভিজ্য পদার্থ বিশেষ।

ক্রিয়াদি—পচননিবারক ও উত্তেজক। টাইফস্ ও টাই-ফয়েড্ জ্বর, অতিসার ও মধুমেহ রোগে আভ্যন্তরিক এবং বিবিধ স্ফোটক, ব্রণ ও পচাক্ষতে পুল্টিশ্ রূপে ব্যব্যহার্য্য।

প্রয়োগরূপ—১। ক্যাটাপ্লাজ্মা ফার্মেণ্টাই। ইয়েষ্ট্ (ব্রাম্) ৬ আং ; হুইটেন্ ফ্লোয়ার্ (গোধূম) ১৪ আং ; জল (১০০ তাপাংশে) ৬ আং। মৃদুসন্তাপে একত্র মিশ্রিত করিবে।

সিরিয়াই অক্সালাস্।

মাত্রা, ১—২ গ্রেণ্।

অক্সালেট্ অব্ এমোনিয়ার দ্রব, সিরিয়ম্ ধাতু ঘটিত লবণঃ দ্রবের সহিত মিশ্রিত করিলে ইহা অধঃস্থ হয়। দেখিতে শ্বেতবর্ণ চূর্ণ ; জলে অদ্রবনীয়।

ক্রিয়াদি—স্নায়বীয় বলকারক, বমন নিবারক, আক্ষেপ নিবা-রক ও অবসাদক। কোরিয়া, মৃগী, হিষ্টিরীয়া, গর্ভাবস্থায় বা

পাকাশয়ের উগ্রতা জনিত বমন এবং বিবিধ আক্ষেপ জনিত কাশরোগে বিশেষ উপযোগী।

সিটেসিয়ম্ ; স্পার্মাসিটি। তিমির বসা।

স্পার্ম্ হোয়েল্ বা ফাইজিটর্ ম্যাক্রোকেফেলস্ নামক মৎস্যের মস্তক হইতে ইহা পাওয়া যায়। উজ্জ্বল, শ্বেত বর্ণ, দানাযুক্ত, গন্ধাস্বাদহীন তৈলাক্ত পদার্থ। ইহা জলে ও সুরায় অদ্রবনীয় কিন্তু উষ্ণ ইথর্ বা সুরা ও ক্লোরফর্মে দ্রবনীয়।

ক্রিয়াদি—শিথিল কারক, আবরক এবং স্নিগ্ধ কারক।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ সিটেসিয়াই। স্পার্মাসিটি ৫ ; শ্বেত মোম্ ২ ; বাদাম তৈল ২০ ; বেঞ্জোইন্ চূর্ণ ½। অগ্নি সন্তাপে বসাদি দ্রবান্তর লোবান মিশাইবে। ইহার সহিত কিঞ্চিৎ গোলাব জল মিশ্রিত করিলে, তাহাকে কোল্ড্ ক্রীম্ (অঙ্গুয়েণ্টম্ অ্যাকুই রোজি) বলে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা সিটেসিয়াই। স্পার্মাসিটি ৬০ গ্রেণ্ ; সিটেসিয়ম্ ৬০ গ্রেণ্ ; পরীক্ষিত সুরা ১৫ মিং। (সুরার সহিত তিমির বসা মিশ্রিত পূর্ব্বক উত্তম রূপে চূর্ণ প্রস্তুত করিয়া); একটি ডিম্ব কুসুম তাহার সহিত মর্দ্দন করিয়া জল দ্বারা ৪ আং পূর্ণ করিবে। মাত্রা, ১½ আং।

২। ইমল্সিও সিটেসিয়াই। স্পার্মাসিটি ২ ড্রাম্ ; ডিম্বকুসুম (একত্র মিশ্রিত করিয়া) ১টী ; জল ৭½ আং ; সিরাপ্ অব্ টলু ৪ ড্রাম্ ; স্পিরিট্ অব্ নট্মেগ্ ২ ড্রাম্। মাত্রা, ২ আং বা ততো-

ধিক। কাশ ও গর্ভাবস্থায় শ্লৈষ্মিক্ ঝিল্লিতে উগ্রতাদি থাকিলে ব্যবহার করা যায়।

সিট্রেরিয়া ; আইস্‌ল্যাণ্ড্ মস্।

সিট্রেরিয়া আইল্যাণ্ডিকা নামক শৈবাল বিশেষ। ইউরোপের উত্তর প্রদেশে বিস্তর জন্মে। পত্রের ন্যায় ধূসর বর্ণ, শাখাবিশিষ্ট গন্ধহীন ও তিক্তাস্বাদ যুক্ত পদার্থ। ইহাতে শ্বেতসার, গঁদ ও শর্করাদি পাওয়া যায়।

ক্রিয়াদি—স্নিগ্ধ কারক, পোষক, এবং ঈষৎ বলকারক। পুরাতন উদরাময় ও অতিসার এবং কাশ রোগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ডিকক্টম্ সিট্রেরিয়া। মাত্রা, ১—৪ আং। আইস্‌ল্যাণ্ড্ মস্ ১; পরিস্রুত জল ২০। লপ্রথমে শীতল জলে সিট্রেরিয়া ধৌত করিয়া পরে ১০ মিনিট্ সিদ্ধ করিয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। জেলি অব্—আইস্‌ল্যাণ্ড্ মস্ ১; জল ১২। সিদ্ধ করিয়া ৬ অংশ থাকিতে নামাইয়া ছাঁকিবে। পরে ইহার সহিত ২ অংশ শর্করা মিশ্রিত করিয়া লইবে।

চিরাটা ; চিরেটা ; চিরতা।

আফিলিয়া চিরাটা নামক ক্ষুদ্র শুষ্ক বৃক্ষ বিশেষ।

ক্রিয়াদি—আগ্নেয় ও বলকারক। রোগান্তে দৌর্ব্বল্য ও অজীর্ণ রোগে জেন্সিয়েনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউজম্ চিরাটি। চিরতা কুট্টিত ১";

পরিস্রুত জল (১২০ তাপাংশে) ৪০। আবদ্ধ পাত্র মধ্যে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১—২ আং।

২। টিংচ্যুরা চিরাটি। মাত্রা, ½—২ ড্রাম্। চিরতা কুট্টিত ১; পরীক্ষিত সুরা ৮। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ক্লোরাল্ হাইড্রাস্।

মাত্রা, ৫—৩০ গ্রেণ্।

ক্লোরিন্ বাষ্প, বিশুদ্ধ সুরা বীর্য্য, গন্ধক দ্রাবক, শুষ্ক চূণ ও পরিস্রুত জল। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। বর্ণ হীণ বা শুভ্র দানাযুক্ত, বিশেষ উগ্র গন্ধাস্বাদ বিশিষ্ট। শোধিত সুরা, ইথর্, গ্লীসারিন্, ক্লোরোফর্ম্, জল পাইয়ের তৈল এবং জলে দ্রবনীয়। ইহাতে অগ্নি সন্তাপ দিলে উড়িয়া যায়।

ক্রিয়াদি—অবসাদক, বেদনা, আক্ষেপ এবং বমন নিবারক, নিদ্রাকারক এবং স্নায়বীয় উগ্রতা সাধক। ইহা দ্বারা হৃৎপিণ্ডের অবসাদন হয়; সুতরাং হৃৎপিণ্ডের পীড়া থাকিলে ইহার পরিবর্ত্তে বিউটিল্ ক্লোরাল্ ব্যবহার করিবে। বিবিধ আক্ষেপ জনক ও বেদনা জনক রোগে, স্নায়ুশূল, শ্বাসকৃচ্ছ্র, হুপিংকফ্, ধনুষ্টঙ্কার, ডিলিরিয়ম্ ট্রিমেন্স্, উন্মাদ,কোরিয়া,কন্ভল্সন্, বাত, টাইফয়েড্ ও স্কার্লেট্ জ্বর, অনিদ্রা, যক্ষা ও প্রসবের সময় ইহা ব্যবহৃত হয়। ষ্ট্রিক্নীয়া প্রভৃতির বিষঘ্ন স্বরূপও ইহা প্রয়োগ করা যায়। বিসূচিকা রোগে ইহা বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। সিরাপস্ ক্লোরাল্। মাত্রা, ½—২ ড্রাম্।

হাইড্রেট্ অব্ ক্লোরাল্ ৮০ গ্রেণ্; পরিস্কৃত জল ১½ ড্রাম্; সিরাপ্ ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্লোরাল্ কম্ ক্যাম্ফরা। কর্পূর এবং হাইড্রেট্ অব্ ক্লোরাল্ প্রত্যেক ১আং। খলে উত্তমরূপে মর্দ্দন করিয়া ছাঁকিবে। ইহা ইথর, সুরাবীর্য্য এবং চর্ব্বি ও তৈলে মিশ্রিত হয়, কিন্তু গ্লীসারিন্ ও জলে দ্রব হয় না। বাত, স্নায়ুশূল প্রভৃতির বেদনা নিবারণার্থে স্থানিক ব্যবহৃত হয়। অপিচ, ইহার সহিত অ্যাট্রোপিয়া, মর্ফিয়া, ভিরেট্রিন্ (১—১৩০) প্রভৃতি ব্যবহৃত হয়। অধিকন্তু মেন্থল্ ১; ক্লোরাল্ হাইড্রেট্ ১। ফিনল্ ৩; ক্লোরাল্ হাইড্রেট্ ১। থাইমল্ ১, ক্লোরাল্ হাইড্রেট্ ১। প্রভৃতি স্থানিক ব্যবহৃত হয়।

২। সপোজিটরি অব্—ক্লোরাল্ হাইড্রেট্ ৫ গ্রেণ্, অয়েল্ অব্ থিয়োব্রোমা ১০ গ্রেণ্। বালকদিগের ক্রতাক্ষেপ (তড়কা) রোগে ইহা বিশেষোপকারক।

৩। ব্রোমিডিয়া। কথিত আছে যে, ব্রোমিডিয়ার প্রতি ড্রামে নিম্নলিখিত দ্রব্য সকল আছে। ক্লোরাল্ হাইড্রেট্ ও ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ প্রত্যেক ১৫ গ্রেণ্; গাঁজার সার ও অ্যাল্কোহলিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ প্রত্যেক ⅛ গ্রেণ্। মাত্রা, ½—১ ড্রাম্।

৪। ক্লোরেলামাইড্। (ক্লোরাল্ ফর্মামাইড্)। মাত্রা, ২০—৫০ গ্রেণ্। বর্ণহীন, স্বচ্ছ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ ও ঈষৎ তিক্তাস্বাদ বিশিষ্ট। জলে ও সুরায় দ্রবনীয়। নিদ্রাকারক।

৫। ইউরেলিয়ম্। (ইউর‍্যাল্)। মাত্রা, ১৫—৪৫ গ্রেণ্। হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ ও ইউরিথেন্ সহযোগে ইহা প্রস্তুত হয়। শুভ্র, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ। নিদ্রা কারক।

৬। সম্ন্যাল্। মাত্রা, ৩০ মিং। ক্লোর‍্যাল্ অ্যাল্কোহলেট্ ও ইউরিথেন্ সংযোগে এই দ্রব প্রস্তুত হয়।

ক্লোরোফর্ময্; ক্লোরোফর্ম্; (টাক্লোরাইড্ অব্ ফর্মিল্)

মাত্রা, ১—১০ মিং।

ক্লোরিনেটেড্ লাইম্ ১০ পৌং; শোধিত সুরা ৩০ আং; আর্দ্র চূণ ও গন্ধক দ্রাবক এবং ইথিলিক্ অ্যাল্কোহল্ প্রত্যেক যথা প্রয়োজন; ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ ২ আং ও পরিস্রুত জল ৯ আং। বর্ণহীন, স্বচ্ছ, উৎপোতিষ্ণু, তীক্ষ্ণ গন্ধযুক্ত ও মিষ্টাস্বাদ বিশিষ্ট তরল পদার্থ। জলে অল্প এবং সুরা বীর্য্য ও ইথরে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক, বেদনা, আক্ষেপ ও পর্য্যায় নিবারক, মাদক; স্থানিক, স্পর্শহারক, বেদনানিবারক ও উগ্রতাসাধক। শ্বাসদ্বারা ইহার ধুম গ্রহণে চৈতন্যহারক। নানা প্রকার অস্ত্রোপচারের সময় রোগীকে অচেতন করিবার নিমিত্ত ব্যবহৃত হয়। বিবিধ বেদনা ও আক্ষেপজনক রোগে, বিসূচিকা, সূতিকাক্ষেপ ও ক্রতাক্ষেপ এবং লিঙ্গনালাক্ষেপ, কোরিয়া, মৃগী, হিষ্টিরিয়া, হিক্কা, উদরাধ্মান, বিবিধ স্নায়ুশূল, মদাতঙ্ক, উদরাময়, অতিসার এবং বিবিধ চর্ম্মরোগে ও দন্ত গহ্বরস্থিত ক্ষতে তুলির দ্বারা ইহা স্থানিক প্রয়োগে যন্ত্রণা নিবারণ হয়।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া ক্লোরোফর্মাই। মাত্রা, ½—২ আং। ক্লোরোফর্ম্ ১ ড্রাম্; পরিস্রুত জল ২৫ আং। উত্তম-রূপে আলোড়ন করিয়া মিশ্রিত করিবে।

২। লিনিমেণ্টম্ ক্লোরোফর্মাই। ক্লোরোফর্ম্ ১; কর্পূরের মর্দ্দন ১। একত্রে মিশ্রিত করিবে।

৩। স্পিরিটস্ ক্লোরোফর্মাই। মাত্রা, ২০—৬০ মিং। ক্লোরোফর্ম্ ১; শোধিত সুরা ১৯। একত্রে মিশাইয়া লইবে।

৪। টিংচ্যুরা ক্লোরোফর্মাই কম্পোজিটা। মাত্রা, ২০—৬০ মিং। ক্লোরোফর্ম ২; শোধিত সুরা ৮, এলাদি অরিষ্ট ১০।

৫। টিংচ্যুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি। মাত্রা, ৫—১০ মিং।

দ্রব্যের নাম।		পরিমাণ।		১০ মিনিমে।
ক্লোরোফর্ম্।	...	১আং	...	১¼ মিং।
ইথর্।	...	২ ড্রাম্	...	¼ মিং।
শোধিত সুরা।	...	১আং	...	১¼ মিং।
হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিয়া।		৮ গ্রেণ্	..	১/৮ গ্রেণ্।
ডাইল্যুটেড্ প্রুসিক্ এসিড্।		½ আং	...	১/৮ মিং।
অয়েল্ অব্ পিপারমিণ্ট্।		৪ মিং	...	১/৮০ মিং।
যষ্টিমধুর তরল সার।	...	১আং	...	১¼ মিং।
রাব্ গুড় (ট্রিয়েকল্)।	...	১আং।	...	১¼ মিং।

সিরাপ্। ৮ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

মর্ফিয়া ও পিপারমেণ্ট্ অয়েল্ সুরায় দ্রব করিয়া ক্লোরোফর্ম ও ইথর্ সংযোগ করিবে। অনন্তর যষ্টিমধুর তরল সার, রাব্-গুড়, হাইড্রোসিয়ানিক্ এসিড্, শর্করার পাক একত্র মিশ্রিত

করিয়া উভয় দ্রব একত্র মিশাইবে। ইহা ক্লোরোডাইনের অনুরূপ।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্লোরামিল্। ক্লোরোফর্ম্ ১ পাং; নাইট্রাইট্ অব্ এমিল্ ২ ড্রাম্। শ্বাস দ্বারা হৃদপিণ্ড রোগে ব্যবহৃত হয়।

২। ক্লোরোফর্মম্ ক্যাম্ফরেটম্। ক্লোরোফর্ম্ ২; কর্পূর ৪। দন্তরোগে স্থানিক ব্যবহার্য্য।

৩। লাইকর্ ক্লোরোফর্মাই। কর্পূর ১, ক্লোরোফর্ম্ ২।

৪। লাইকর্ ক্লোরোফর্মাই কম্পজিটাস্। ক্লোরোফর্ম্ ৪ আং; ইথর্ ১ আং; শোধিত সুরা ৪ আং; ট্রিয়েকল্ ৪ আং; যষ্টি মধুর সার ২½ আং; মিউরিয়েট অব্ মর্ফিয়া ৮ গ্রেণ্; অয়েল্ অব্ পিপারমিণ্ট্ ১৬ মিং; সিরাপ্ ১৭½ আং; প্রুসিক্ এসিড্ ২ আং। মাত্রা, ৫—১০ মিং।

৫। লাইকর্ ক্লোরিমর্ফিই। মাত্রা, ৫—২০মিং। ক্লোরোফর্ম, ২ পাং; শোধিত সুরা ২ আং; ট্রিয়েকল্ ৪ আং; যষ্টি মধুর তরল সার ৪ আং; হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিন্ ৪০ গ্রেণ্; সল্‌ফেট্ অব্ এট্রোপিন্ ১ গ্রেণ্; অয়েল্ অব্ পিপারমিণ্ট্ ৮ মিং; ডাইল্যুটেড্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ১৬০ মিং; ট্রাগাকাস্থ্ চূর্ণ ২০ গ্রেণ্; পরিস্রুত জল ১০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৬। মিশ্চ্যুরা কোরোফর্মাই। ক্লোরোফর্ম্ ১৫। ২০ মিং; শোধিত সুরা ৩০। ৪০ মিং; সিরাপ্ ১ আং; জল ৩ আং। মাত্রা, ½ আং।

৭। মিশ্চ্যুরা ক্লোরোফর্মাই কম্‌ এমোনিয়া। স্পিরিট্‌ অব্‌ ক্লোরোফর্ম্‌ ১৫ মিং ; কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়া ৩ গ্রেণ্‌ ; ইন্‌-ফিউজম্‌ জেন্সিয়ান্‌ ১ আং। মাত্রা, ১ আং।

৮। অঙ্গুয়েণ্টম্‌ ক্লোরোফর্মাই। ক্লোরোফর্ম্‌ ১ ; লার্ড্‌ ২। ব্যবহারকালীন মিশ্রিত করিয়া লইবে।

৯। ভেপর্‌-ক্লোরোফর্ম্‌। ১৫ মিং ; (প্রতিবারে)।

ক্রাইসেরোবিনম্‌। (এরারোবা পাউডার্‌ ; গোয়া পাউডার্‌)।

মাত্রা, ১/৬-১/৩ গ্রেণ্‌।

অ্যাণ্ডাইডা অ্যারারোবা নামক বৃক্ষের শাখাগ্রের আভ্যন্তরিক শুষ্ক, চূর্ণীকৃত পদার্থ। ধূসর মিশ্রিত পীত বর্ণ, গন্ধাস্বাদহীন চূর্ণ। ইহা হইতে ক্রাইসোফেনিক্‌ এসিড্‌ প্রস্তুত হয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, উত্তেজক ও অন্তরুৎসেচনাপহ। বিবিধ চর্ম্মরোগে (দদ্রু, সোরায়েসিস্‌, একজিমা) মলমাকারে স্থানিক প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্‌ ক্রাইসেরোবিনাই। ক্রাইসেরোবিন্‌ ২০ গ্রেণ ; বেঞ্জোয়েটেড্‌ লার্ড্‌ ৪৮০ গ্রেণ্‌। চর্ব্বিকে মৃদু মন্তাপে দ্রবান্তর ক্রাইসেরোবিন্‌ মিশাইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্রাইসেরোবিনম্‌ পিউরম্‌। (ক্রাইসোফেনিক্‌ এসিড্‌)। মাত্রা ও ক্রিয়াদি গোয়াপাউডারের ন্যায়।

২। পিগ্‌মেণ্টম্‌—ক্রাইসেরোবিন্‌ (পিত্তর্‌) ১ আং; লাইকর্‌ গটাপার্চা ৯ আং অথবা ক্রাইসেরোবিন্‌ ১; পাইরো-গ্যাল্কল্‌ ১; কলোডিয়ন ১২০; ইথর্‌ এবং অ্যাল্কোহল্‌ (সমভাগে), প্রত্যেক দ্রব করিতে যথা প্রয়োজন।

৩। অঙ্গুয়েণ্টম্‌ ক্রাইসেরোবিনাই পিউরিফিকেটা। ক্রাইসোফেনিক্‌ এসিড্‌ ২০ গ্রেণ্‌; বেঞ্জোয়েটেড্‌ লার্ড্‌ ১৪০ গ্রেণ্‌।

সিমিসি ফিউজি রিজোমা।

(অ্যাক্টিয়া র‍্যাডিক্স্‌; ব্ল্যাক্‌ স্নেক্‌ রুট্‌)।

সিমিসিফিউগা (অ্যাক্টিয়া) রেসিমোসা নামক ক্ষুদ্র বৃক্ষের শুষ্ক কন্দ ও মূল। ২।৬ ইঞ্চ্‌ দীর্ঘ; ২/১। ১ ইঞ্চ্‌ স্থূল, কঠিন, নলাকার বা ঈষৎ চ্যাপ্টা, ঘোর ধূসর বর্ণ, গন্ধহীন, ও তিক্তাস্বাদ বিশিষ্ট। ইহাতে সিমিসিফিউগিন্‌ (মাত্রা, ১—৬ গ্রেণ্‌) নামক পীতাভ, ধূসরবর্ণ পদার্থ পাওয়া যায়।

ক্রিয়াদি—স্নায়বীয় অবসাদক, বেদনা ও আক্ষেপ নিবারক, কফনিঃসারক, রজোনিঃসারক ও জরায়ু সঙ্কোচক। অনেকে অনুমান করেন যে, ইহার দুগ্ধরোধক গুণ আছে। ইহা ডিজি-টেলিসের ন্যায় কার্য্য করে। বাত, কোরিয়া, সায়েটিকা, লম্বেগো প্রভৃতি রোগে বিশেষ উপকারক। অ্যামেনোরিয়া, ইন্‌ফ্লুয়েঞ্জা, সর্দ্দি, বসন্ত, স্তনপ্রদাহ, প্লুরোডিনিয়া ও প্রসব বেদনা কালীন জরায়ু সঙ্কোচনার্থে ইহা আর্গটাপেক্ষা বিশেষোপযোগী। এ ভিন্ন হৃদরোগে ও জরায়ুর বিবিধ পীড়ায় ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ ১।—এক্‌ষ্ট্রাক্টম্‌ সিমিসিফিউজি লিকুইডম্‌। মাত্রা, ৩—৩০ মিং। ইথর ঘটিত (ইথিরিয়েল্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌) সার।

২। টিংচ্যুরা সিমিসিফিউগা। সিমিসিফিউগা ২½ আং; পরীক্ষিত সুরা ২০ আং। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

সিন্‌কোনি কর্টেক্স্‌; সিন্‌কোনা বার্ক্‌।

সচরাচর তিন প্রকার সিন্‌কোনা ঔষধার্থে ব্যবহৃত হয়।

১। রক্তবল্‌কল সিন্‌কোনা ক্যালিসিয়া অফিসিনেলিস্‌, সক্সিরুব্রা, ও অন্যান্য সিন্‌কোনার শুষ্ক বল্কল। চ্যাপ্টা, ১।৩ ইঞ্চ্‌ প্রস্থ বিশিষ্ট ও কয়েক ইঞ্চ্‌ হইতে ২ ফুট্‌ পর্য্যন্ত দীর্ঘ হয় এবং বাহ্য অভ্যন্তরপ্রদেশ লালবর্ণ এবং তিক্ত কষায়াস্বাদবিশিষ্ট। ৩ প্রকার সিঙ্কোনাতেই সিন্‌কোনিডাইনি সল্‌ফাস্‌; সিন্‌কোনাহিনি সল্‌ফাস্‌, কুইনাইনি হাইড্রোক্লোরাস্‌, প্রভৃতি প্রয়োগরূপ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

২। পীত বল্কল। ইহাতে কুইনাইন্‌ অধিক পাওয়া যায়।

৩। প্যালিডা অর্থাৎ পাণ্ডু বল্‌কল। সিঙ্কোনা কণ্ডামিনিয়া হইতে পাওয়া যায়। সিঙ্কোনা রূব্রা ভিন্ন এক্ষণে অন্য প্রকার সিঙ্কোনা ব্যবহৃত হয় না।

ক্রিয়াদি—বলকারক, পর্য্যায়নিবারক, ঈষৎ উত্তেজক, সঙ্কোচক ও আগ্নেয়। অধিক মাত্রায় উগ্রতা সাধন করে। ইহাতে ট্যানিন্‌ থাকা প্রযুক্ত বাহ্যিক ও আভ্যন্তরিক সঙ্কোচনার্থে ব্যবহৃত হয়। কোষ্ঠবদ্ধ, প্রবল জ্বর এবং অন্ত্র ও পাকাশয়ে প্রদাহ থাকিলে ইহা ব্যবহার করা উচিত নহে। রোগান্তে দৌর্ব্বল্য,

পর্য্যায় জ্বর, স্নায়ুশূল, পূয়জ জ্বর, অজীর্ণ, বক্ষঃশূল, বসন্ত, হাম, স্কার্লেটিনা, গণ্ডমালা এবং বিবিধ পচা ক্ষতে, মুখমধ্যস্থ অ্যাফ্‌থি নামক ক্ষত, উদরাময়, শ্বেতপ্রদর, একজিমা নামক চর্ম্মরোগে পূয় ও রস নিঃসরণ রোধার্থে ইহার চূর্ণ স্থানিক প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ—১। ডিকক্টম্ সিন্‌কোনি। মাত্রা, ১—২ আং। রেড্ সিন্‌কোনা বার্ক্ ১¼ আং; পরিস্রুত জল ২০ আং। ১০ মিনিট সিদ্ধ করিয়া শীতল হইলে ছাঁকিয়া পরে শীতল জল দ্বারা ২০ ভাগ পূর্ণ করিবে।

২। এক্‌ষ্ট্রাক্টম্ সিন্‌কোনি লিকুইডম্। মাত্রা, ৫—১০ মিং। রেড্ সিঙ্কোনা বার্ক্ চূর্ণ ২০ আং; লবণ দ্রাবক ৫ ড্রাম্; গ্লীসারিন্ ২½ আং; পরিস্রুত জল ও শোধিত সুরা প্রত্যেক যথা প্রয়োজন। জলীয় সার।

৩। ইন্‌ফিউসম্ সিন্‌কোনি এসিডম্ (ইন্‌ফিউসন্ সিন্‌কোনি)। মাত্রা, ১—২ আং। বার্ক্ কুট্টিত ১; সুগন্ধ গন্ধক দ্রাবক ⅛; স্ফুটিত পরিস্রুত জল ২০। এক ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

৪। টিংচ্যুরা সিন্‌কোনি। মাত্রা, ½—২ ড্রাম্। রক্তবল্কল চূর্ণ ৪; পরীক্ষিত সুরা ২০। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

৫। টিংচ্যুরা সিন্‌কোনি কম্পজিটা (হক্স্ হ্যাম্‌স্ টিংচর্ অব্ বার্ক্)। মাত্রা, ½—২ ড্রাম্। রক্তবল্কল চূর্ণ ৪ আং; তিক্ত কমলার ত্বক্ কুট্টিত ২ আং; সার্পেন্টারি মূল চূর্ণ ১ আং; স্যাফ্রান্ ১১০ গ্রেণ্; কোচিনিয়েল্ চূর্ণ ৫৬ গ্রেণ্; পরীক্ষিত সুরা ৪০ আং। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

তিন প্রকার সিন্‌কোনাতেই কোয়াইনা, সিঙ্কোনিয়া, কোয়া-

ইনিডিয়া নামক উপক্ষার আছে। এতদ্ভিন্ন কিছু পরিমানে ট্যানিন্ (সিঙ্কোট্যানিক্), কাইনিক্ এসিড্ প্রভৃতি পাওয়া যায়। রৌপ্য, সীসা, লৌহ ও আর্সেনিক দ্বারা ইহার উপাদান বিযুক্ত হয়, অপিচ, রক্ত বল্কল হইতে সিন্‌কোনাইনি সল্‌ফাস্ এবং হাইড্রোক্লোরেট্ ও সল্‌ফেট্ অব্ কুইনিন্ ইত্যাদি প্রস্তুত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ডিকক্টম্ সিন্‌কোনি প্যালিডি। মাত্রা ও প্রস্তুত প্রণালী রক্তবল্কলের ন্যায়।

২। ডিকক্টম্ সিন্‌কোনি এসিড্যুলেটম্। মাত্রা, ১। ২ আং। সিন্‌কোনা বার্ক ১; জলমিশ্র গন্ধক দ্রাবক ১; পরিস্রুত জল ২। দশ মিনিট সিদ্ধ করিয়া ছাঁকিবে।

৩। ডিকক্টম্ সিন্‌কোনি কম্ সার্পেন্টেরিয়া। মাত্রা, ২ আং। পিরুভিয়ান্ বার্ক ৩ ড্রাম্; জল ২০ আং। ১০ আং সিদ্ধ করিয়া পরে ডিকক্সন্ অব্ সার্পেন্টারি ৩ ড্রাম্ ইহার সহিত মিশাইবে। (Sir J. Priwgle)

৪। একৃষ্ট্রাক্টম্ সিন্‌কোনি। মাত্রা ১০—২০ গ্রেণ্। (জলীয় সার প্রস্তুত করিয়া লইবে)।

৫। একৃষ্ট্রাক্টম্ সিন্‌কোনি সিক্কম (Siccum)। মাত্রা, ৫—২০ গ্রেণ্। পীত বা রক্ত বল্কল, আর্বি গঁদ, পরিস্রুত জল ও শর্করার পাক সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়।

৬। একষ্ট্রাক্টম্ সিন্‌কোনি কম্ রেজিনা। মাত্রা ও প্রস্তুত প্রণালী একৃষ্ট্রাক্ট্ অব্ জ্যালাপের ন্যায়।

৭। একৃষ্ট্রাক্টম্ সিন্‌কোনি ফ্লেভি লিকুইডম্। মাত্রা, ১০—৩০ মিং। প্রস্তুত প্রণালী একষ্ট্রাক্টম্ সিন্‌কোনি লিকুইডমের ন্যায়।

৮। ইন্‌ফিউজম্ সিন্‌কোনি ফ্লেভি এট্ প্যালিডি। মাত্রা, ১—২ আং। পীত বল্কল কুট্টিত ½; ফুটিত পরিস্রুত জল ১০। দুই ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

৯। ইন্‌ফিউজম্ সিন্‌কোনি স্পিসেটম্। মাত্রা, ১—২ আং। (প্রস্তুত প্রণালী এক্‌ষ্ট্রাক্টম্ সিঙ্কোনি ফ্লেভি লিকুইডের ন্যায়)।

১০। হক্স্‌ সিঙ্কোনি। (ক) ডিকক্সন্ অব্ বার্ক্ ১½ আং; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বার্ক্ ১৫ গ্রেণ্; টিংচর্ অব্ বার্ক্ ১ ড্রাম্; এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া ৩০ মিং। (খ) ইন্‌ফিউজম্ অব্ বার্ক্ ১০ ড্রাম্; সল্‌ফেট্ অব্ কুইনিন্ ১ গ্রেণ্; কম্পাউণ্ড্ টিংচর্ অব্ বার্ক্ ½ ড্রাম্; সিরাপ্ অব্ পপিজ্ ½ ড্রাম্। (গ) ডিকক্সন্ অব্ ইয়েলো বার্ক্ ৬ ড্রাম্; ইন্‌ফিউসন্ অব্ রোজ্ ৬ ড্রাম্; জলমিশ্র গন্ধক দ্রাবক্ ৫ মিং। মাত্রা, ১। ২ আং।

১১। ইন্‌ফিউজম্ সিন্‌কোনি কম্ অ্যাকোয়া ক্যাল্‌সিস্। মাত্রা, ১—২ আং। বার্ক্ চূর্ণ ১ আং; চূণের জল ১৬ আং। ২৪ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

১২। ইন্‌ফিউসন্ সিঙ্কোনি কম্ ম্যাগ্নিসিয়া। মাত্রা, ১—২ আং। বার্ক্ চূর্ণ ১ আং; ক্যাল্‌সাইণ্ড্ ম্যাগ্নিসিয়া ১ ড্রাম্; সিদ্ধ করিয়া পরে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

১৩। ইন্‌ফিউজম্ সিঙ্কোনি কম্পোজিটম্। (ক) বার্ক্ ৬ আং; কমলার ত্বক ২ ড্রাম্; রক্ত গোলাব ৩ ড্রাম্; ফুটিত জল ২০ আং। ২ ঘণ্টা ভিজাইয়া পরে ১½ ড্রাম্ জল মিশ্র গন্ধক দ্রাবক মিশাইবে। (খ) বার্ক্ চূর্ণ ১ আং; সুগন্ধ গন্ধক

দ্রাবক ১ ড্রাম্; জল ১৬ আং। ১২ ঘণ্টা কাল ভিজাইয়া (মধ্যে মধ্যে আলোড়ন পূর্ব্বক) ছাঁকিবে। মাত্রা, ১—২ আং।

১৪। মিশ্চ্যুরা সিন্‌কোনি। গোলাবের খণ্ড ½ আং; উষ্ণ সিন্‌কোনার কাথ ৮ আং; (মিশ্রিতান্তর) জলমিশ্র গন্ধক-দ্রাবক ১½ ড্রাম্; স্পিরিট্ অব্ নট্‌মেগ্ ৪ ড্রাম্। ইহার সহিত প্রয়োজনানুসারে সল্‌ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া মিশ্রিত করা যায়।

১৫। মিশ্চ্যুরা সিঙ্কোনি ওপিয়েটা। মাত্রা, ½—২ আং। গ্রেড্ সিঙ্কোনা ½ আং, অহিফেনের খণ্ড ১ ড্রাম্; লিমন্ জুস্ ২ ড্রাম্; পোর্ট ওয়াইন্ ৪ আং। একত্রে মিশাইয়া লইবে।

১৬। এলিক্সার্ অব্ সিঙ্কোনি। মাত্রা, ৩০—৬০ মিং। সিঙ্কোনার তরল সার ১; সিম্প্‌ল্ এলিক্সার্ ৭।

১৭। পাইল্যুলা সিন্‌কোনি কম্ অ্যাণ্টিমোনিও। (পল্‌ভিস্ ফেব্রিফিউগস্)। মাত্রা, ½—২ ড্রাম্। ইয়েলো পিরুভিয়ান্ বার্ক্ ১ আং; টার্টার্ এমেটিক্ ২ গ্রেণ্; অহিফেন্ ১ গ্রেণ্।

১৮। পল্‌ভিস্ সিঙ্কোনি ল্যাক্সান্স্। মাত্রা, ½—২ ড্রাম্। পিরুভিয়ান্ বার্ক্ ৪ ড্রাম্; সল্‌ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া ৬ ড্রাম্।

১৯। পল্‌ভিস্ সিন্‌কোনি কম্পজিটস্। (ক) পিরুভিয়ান্ বার্ক্ ১ আং; রেউচিনি ২½ ড্রাম্; মিউরিয়েট্ অব্ অ্যামোনিয়া ১½ ড্রাম্। (খ) সিঙ্কোনা ৪ ড্রাম্; সার্পেণ্টারি ১ ড্রাম্; কার্ব্বনেট্ অব্ সোডা ½ ড্রাম্। এ ভিন্ন অন্যান্য প্রকারের প্রয়োগমতও আছে। যথাঃ—সিঙ্কোনা, ম্যাগ্নিসিয়া, রেউচিনি; কার্ব্বনেট্ অব্ সোডা প্রত্যেক ১ ভাগ; ভেলিরিয়ন্ ½ ভাগ; কর্পূর ১½ এবং ¼ বা ⅛ ভাগ জিঞ্জার্ বা দারুচিনি মিশাইয়া লইবে।

২০। পল্‌ভিস্ সিন্‌কোনি কম্ মর্হা। বার্ক্ ও গন্ধবোল্ প্রত্যেক সমভাগে মিশাইয়া স্থানিক প্রয়োগার্থে ব্যবহার্য্য।

২১। স্যাকারম্ সিঙ্কোনি। একৃষ্ট্রাক্ট্ অব্ সিঙ্কোনা বার্ক্ ২ ড্রাম্; বিশুদ্ধ শর্করা ২০ ড্রাম্। অল্প পরিমাণে সুরায় সার দ্রব করিয়া চিনি মিশাইয়া লইবে। মাত্রা, ৫—২০ গ্রেণ্।

২২। সিরাপস্ সিঙ্কোনি। (ক) সিঙ্কোনার সার ২ ড্রাম্; সিরাপ্ অব্ অরেঞ্জ্ পীল্ ২ আং। (খ) গ্রে সিঙ্কোনা বার্ক্ ৩ আং; জল ২৮ আং; (½ ঘণ্টা সিদ্ধ করিয়া ছাঁকিবে); শুভ্র চিনি ১৬ আং; উষ্ণাবস্থায় উত্তমরূপে মিশ্রিত করিয়া লইবে। (গ) ৩ আং বার্ক্ এবং পরীক্ষিত সুরা ১২ আং ও জল ১৫ আং পূর্ণার্থে যথা প্রয়োজন, পরে ছাঁকিয়া ইহার সহিত ১৬ আং শর্করা মিশাইয়া লইবে। মাত্রা, ১—৪ ড্রাম্।

২৩। সিরাপস্ সিন্‌কোনি কন্সেণ্ট্রেটম্। (ক) পীত বল্কল ৮ আং; পরীক্ষিত সুরা ২ পাইণ্ট্ মিশ্রিত করিয়া ছাঁকিবে। পরে এক পাইণ্ট্ জলের সহিত ½ ঘণ্টা সিদ্ধ করিয়া মৃদু সন্তাপে উত্তপ্ত করিয়া ৮ আং থাকিতে নামাইবে, পরে অক্‌জ্যালিক্ এসিড্ ৫৫ গ্রেণ্; কুইনাইন্ ২৮৪ গ্রেণ্; শর্করা ২১ আং; আর্বি গঁদ ৪ আং, জল ৩২ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। (খ) সিরাপ্ ৯ আং; ডিকক্সন্ অব্ সিঙ্কোনা ৩ বা ৪ আং।

২৪। সিরাপস্ সিঙ্কোনি ভিনোসাস্। একৃষ্ট্রাক্ট্ অব্ বার্ক্ ৭ ড্রাম্; হোয়াইট্ ওয়াইন্ ১৬ আং; শর্করা ৩২ আং।

২৫। টিংচ্যুরা সিঙ্কোনি ফ্লেভি এট্ প্যালিডি। মাত্রা, ১—৩ ড্রাম্। পীত বা পাণ্ডু বল্কল ৪ আং; পরীক্ষিত সুরা ১৬ আং।

২৬। টিংচ্যুরা সিঙ্কোনি এমোনিয়েটা। মাত্রা, ½—১ ড্রাম্।

পিরুভিয়ান্ বার্ক্ ৪ আং; অ্যারোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া ৩২ আং। ১০ দিবস ভিজাইয়া ছাঁকিবে।

২৭। অঙ্গুয়েন্টম্ সিঙ্কোনি। রক্ত বঙ্কল ২ ড্রাম্; বাদামের তৈল ২ ড্রাম্; বীফ্ ম্যারো (marrow) ৬ ড্রাম্। প্ররাইগো প্রভৃতি চর্ম্মরোগে বাহ্য প্রয়োগ করা যায়।

২৮। ভাইনম্ সিঙ্কোনি। পিরুভিয়ান্ বার্ক্ ২ আং; পরীক্ষিত সুরা ৪ আং; (২৪ ঘণ্টা ভিজাইয়া পরে); রেড্ ওয়াইন্ ৩২ আং। ৮ দিবস ভিজাইয়া ছাঁকিবে।

২৯। ভাইনম্ সিঙ্কোনি এট্ ভেলিরিয়েনি। মাত্রা, ৩ আং পর্য্যন্ত। ইয়েলো পিরুভিয়ান্ বার্ক্ ৩ আং; ভেলিরিয়ন্ ১ আং; শোধিত সুরা ৪ আং; হোয়াইট্ ওয়াইন্ (acidulous) ১৬ আং। ৮ দিবস ভিজাইয়া ছাঁকিবে। মিশ্চ্যুরা ফেরি অ্যারো-মেটিকা প্রস্তুতার্থে রেড্ সিঙ্কোনা বার্ক্ ব্যবহৃত হয়।

সিন্কোনিডাইনি সল্ফাস্। মাত্রা, ১—১০ গ্রেণ্।

সিন্কোনার বঙ্কল হইতে সংগৃহীত বীর্য্য বিশেষ। সল্ফেট্ অব্ কুইনাইন্ প্রস্তুত হইলে পর যে অবশিষ্ট দ্রব্য থাকে, তাহাকে গাঢ় করনান্তর সুরা বীর্য্য ও পরিশেষে উষ্ণ জল দ্বারা শোধিত করিয়া দানা বাঁধিয়া ইহা প্রস্তুত হয়। ইহা দেখিতে শুভ্র, সৌত্রিক, কোমল, গন্ধহীন, তিক্তাস্বাদ বিশিষ্ট ও ক্লোরোফর্মে অদ্রবনীয়।

ক্রিয়াদি—সল্ফেট্ অব্ কুইনাইনের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু।

সিঙ্কোনিনি সল্ফাস্। মাত্রা, ১—১০ গ্রেণ্।

বিবিধ সিন্কোনা বার্ক্ হইতে সল্ফেট্ অব্ কুইনাইন্, কুইনিডিন্ প্রভৃতি প্রস্তুতান্তর যে তরল পদার্থ অবশিষ্ট থাকে, তাহাতে কষ্টিক্ সোডা সংযোগে সিঙ্কোনিন্‌কে অধঃপাতিত করিয়া প্রথমে সুরা দ্বারা ধৌত ও গন্ধক দ্রাবকে দ্রব করিয়া আন্তবাঙ্গার দ্বারা এই দ্রব শোধিত পূর্ব্বক দানা বান্ধিয়া লইলে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন, স্তম্ভাকার, কঠিন, ক্ষুদ্র দানাযুক্ত, তিক্ত পদার্থ। ইহা ক্লোরোফর্ম্ সুরা ও জল মিশ্র দ্রাবকে দ্রব ও ইথরে অদ্রবনীয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিন্কোনিনা। মাত্রা, ১—১০ গ্রেণ্। সিন্কোনার বল্কল হইতে প্রস্তুত হয়। শীতল জলে প্রায় অদ্রবনীয় ও গন্ধাস্বাদ হীন, দানাযুক্ত, অস্বচ্ছ শ্বেত বর্ণ পদার্থ। ক্রিয়া—জ্বরঘ্ন।

প্রয়োগরূপ—(১) পল্ভিস্ সিন্কোনিনি কম্পজিটস্। মাত্রা, ৩—১২ গ্রেণ্। সিন্কোনিন্ ১২; বাইকার্বনেট্ অব সোডিয়ম্ ১; সুগার্ অব্ মিল্ক্ ৬০ ভাগ। চূর্ণ করিয়া লইবে।

২। সিন্কোনিনি হাইড্রোক্লোরাস্। মাত্রা, ১½—১০ গ্রেণ্ বা ততোধিক। স্বরূপ ও ক্রিয়াদি সল্ফেট্ অব্ কুইনাইনের ন্যায়। কিন্তু তদপেক্ষা মৃদু।

৩। সিরাপস্ সিঙ্কোনিন্। সল্ফেট্ অব্ সিঙ্কোনিন্ ২০ গ্রেণ্; সিরাপ্ ১৬ আং। মাত্রা, ১—৮ ড্রাম্।

৪। টিংচ্যুরা সিঙ্কোনিনি (অ্যাল্কোহল্ ডি সিঙ্কোনিনু)। সল্ফেট্ অব্ সিন্কোনিন্ ১২ গ্রেণ্; শোধিত সুরা ১½ আং।

সিনেমোমাই কর্টেক্স্। দারুচিনি।

সিনেমোমম্ জিলানিকম্ নামক বৃক্ষের বল্কলের অভ্যন্তরাংশ। পাতলা, নলাকারে গুটিত, পাটল বর্ণ, ভঙ্গুর এবং সদ্গন্ধযুক্ত, তীক্ষ্ণ মিষ্টাস্বাদ বিশিষ্ট পদার্থ। ইহাতে বায়ি তৈল ও ট্যানিন্ আছে।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক এবং ঈষৎ সঙ্কোচক। এ ভিন্ন আক্ষেপ ও বমন নিবারক; স্থানিক প্রয়োগে ঈষৎ উগ্রতাসাধক। উদরাধ্মান, উদরাময়, অজীর্ণ, বমন, জরায়ুর ক্ষীণতাপ্রযুক্ত প্রসব বিলম্ব, এবং রজোধিক রোগে আভ্যন্তরিক ও দন্ত ক্ষতে তুলির দ্বারা ইহার তৈল স্থানিক প্রয়োগে বিশেষ উপকার হয়। সুগন্ধ গন্ধক দ্রাবক, পল্ভিস্ ক্রিটা অ্যারোমেটিকস্, পল্ভিস্ কাইনো কম্পজিটস্, পল্ভিস্ ক্যাটিকিউ কম্পজিটস্, ডিকক্টম্ হিমেটক্সিলাই, টিংচর্ ল্যাভেণ্ডার্ ও কার্ডেমম্ কম্পাউণ্ড্ এবং ইন্ফিউজম্ ও টিংচর্ ক্যাটিকিউ ও অহিফেনাসব প্রস্তুতার্থে দারুচিনি ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। অ্যাকোয়া সিনেমোমাই; (দারুচিনির জল)। মাত্রা, ১—২ আং। দারুচিনি কুট্টিত ২০ আং; জল ২ গ্যালন্। এক গ্যালন্ চুয়াইয়া লইবে।

২। ওলিয়ম্ সিনেমোমাই। মাত্রা, ১—৪ মিং। দারুচিনি চুয়াইয়া প্রস্তুত হয়। ইহা জলে ডুবিয়া যায়।

৩। পল্‌ভিস্ সিনেমোমাই কম্পাজিটস্ (পল্‌ভিস্ অ্যারো-মেটিকস্)। মাত্রা, ৩—১০ গ্রেণ। দারুচিনি ১; এলাচের বীজ ৩; শুণ্ঠিচূর্ণ ১। পৃথক পৃথক চূর্ণ করিয়া একত্র মিলাইবে।

৪। স্পিরিটস্ সিনেমোমাই। মাত্রা, ½—১ ড্রাম্। দারু-চিনির তৈল ১; শোধিত সুরা ৪৯। দ্রব করিয়া লইবে।

৫। টিংচ্যুরা সিনেমোমাই। মাত্রা, ½—২ ড্রাম্। দারু-চিনি স্থূল চূর্ণ ২½ আং; পরীক্ষিত সুরা ১ পাইণ্ট্। ৪৮ ঘণ্টা ভিজাইয়া পার্কোলেসন্ দ্বারা ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। অ্যাকোয়া সিনেমোমাই স্পিরিটোসা; (অ্যাকোয়া সিনেমোমাই ভাইনোসা)। মাত্রা, ১—২ আং। দারুচিনি ৩২ আং; পরীক্ষিত সুরা ৩২ আং; জল যথা প্রয়োজন। ১৬০ আউন্স্ চুয়াইয়া লইবে।

২। এসেন্সিয়া সিনেমোমাই। প্রস্তুত প্রণালী এসেন্স্ অব্ এনিসাইয়ের ন্যায়।

৩। সিরাপস্ সিনেমোমাই ভাইনোসস্। ভাইনম্ সিনা-মন্ ২ ভাগ; বিশুদ্ধ শর্করা ৩ ভাগ। উত্তাপ না করিয়া দ্রব করিয়া ছাঁকিয়া লইবে। মাত্রা, ১—৪ ড্রাম্।

৪। টিংচ্যুরা সিনেমোমাই কম্পাজিটস্। দারুচিনি ১ আং; কার্ডেমম্ ৪ ড্রাম্; লং পিপর্ ২½ ড্রাম্; জিঞ্জার্ ২½ ড্রাম্; পরীক্ষিত সুরা ৩২ আং। সপ্তাহ পরে ছাঁকিবে। মাত্রা, ১।৪ ড্রাম্।

৫। ভাইনম্ সিনেমোমাই। দারুচিনি ১ আং; এলি-কাণ্ট্ ওয়াইন্ (Alicant) ১৬ আং। ভিজাইয়া ছাঁকিবে।

সময়ে সময়ে ইহার সহিত শর্করা মিশ্রিত যায়। মাত্রা, ১—৪ ড্রাম্।

কোকা; (কিউকা)। মাত্রা, ½—২ ড্রাম্।

কোকা এরিথ্রক্সিলন্ নামক বৃক্ষের ক্ষুদ্র শুষ্ক পত্র। ১½২ ইঞ্চ্ দীর্ঘ, ইহার অন্ত প্রায় স্থূল হয়, সৌগন্ধযুক্ত এবং তিক্তাস্বাদবিশিষ্ট পদার্থ। ইহাতে কোকেইন্ ও হাইগ্রাইন্ নামক উপক্ষার আছে।

ক্রিয়াদি—উত্তেজক ও বলকারক। রোগান্তে দৌর্ব্বল্যাদিতে এবং ইহা সেবনে মূত্রে ইউরিয়া নিঃসরণ লাঘব ও উত্তেজনার্থে ইহার চা করিয়া সেবন করা যায়।

প্রয়োগরূপ—১। এক্‌ষ্ট্রাক্টম্ কোকি লিকুইডম্; (এক্‌ষ্ট্রাক্টম্ এরিথ্রক্সিলাই ফ্লুইডম্)। মাত্রা, ½—২ ড্রাম্।

২। কোকেইনি হাইড্রোক্লোরাস্। কিউকা পত্র হইতে প্রস্তুত হয়। তিক্তাস্বাদ, শুভ্র, সূচ্যাকার, দানাবিশিষ্ট। জলে, সুরাবীর্য্যে এবং ইথরে দ্রবনীয়। মাত্রা, ½—১ গ্রেণ।

ক্রিয়াদি—প্রবল স্থানিক স্পর্শ হারক, কনীনিকা প্রসারক, অবসাদক এবং বেদনা নিবারক। চক্ষু, জিহ্বা প্রভৃতি স্থানে অস্ত্রোপচার ও স্থানিক স্পর্শ হরনার্থে, স্নায়ুশূল, বিবিধ চর্ম্মরোগ ও কোন স্থান বোল্‌তা প্রভৃতি কীট দ্বারা দংশিত হইলে এবং কোন স্থান থেঁৎলাইয়া ও পুড়িয়া গেলে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ল্যামেলি কোকেয়িনি। জিলেটিন ও

অল্প গ্লীসারিন্ মিশ্রিত ক্ষুদ্র চাক্তি (ডিস্ক্) বিশেষ। ইহা ওজনে $\frac{1}{50}$ গ্রেণ্ ও প্রতি চাক্তিতে $\frac{1}{200}$ গ্রেণ্ কোকেন্ আছে। চক্ষু-রোগে অস্ত্রোপচারার্থে স্থানিক ব্যবহার্য্য।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। এলিক্সার্ কোকি। মাত্রা, ১—৪ ড্রাম্। কোকা ১; সিম্পল্ এলিক্সার্ ৫। একত্র মিশাইয়া লইবে।

২। এক্‌ষ্ট্রাক্টম্ কোকি। মাত্রা, ২—১৫ গ্রেণ।

৩। ইন্‌ফিউসম্ কোকি। কোকি ১; স্ফুটিত জল ৪৯। ইহা টন্সিলাইটিস্ রোগে (উষ্ণ) কুল্যরূপে ব্যবহৃত হয়।

৪। প্যাষ্টিলস্ কোকি এক্‌ষ্ট্রাক্টাই। ($২\frac{1}{2}$ গ্রেণ্ প্রতিতে)। মাত্রা, ১ প্যাষ্টিল্। দিবসে ৪। ৬ বার। হে ফিভার্, আক্ষেপযুক্ত শ্বাস কাশ এবং সর্দ্দি রোগে ব্যবহার্য্য।

৫। ভাইনম্ কোকি। মাত্রা, $\frac{1}{2}$—১ আং। কোকা ১; সেরি (সময়ে সময়ে পোর্ট বা রেড্ ওয়াইন্) ৩০ ভাগ।

কোকেয়িনের প্রয়োগরূপ।

১। বুজিস্ অব্ কোকেয়িন্। $\frac{1}{2}$ গ্রেণ্ কোকেয়িন্, অয়েল্ অব্ থিয়েব্রোমার সহিত মিশ্রিত বুজি। মূত্রনালীর বেদনা হ্রাসার্থ মূত্রনালী মধ্যে স্থানিক প্রয়োজ্য।

২। সিরেটম্ কোকেয়িনি। পেট্রলিয়ম্ সিরেট্ ২৯; কোকেন ১। দগ্ধ ক্ষত, প্রুরাইটস্, স্কল্ড্‌স্ ও অর্শ্বঃ রোগে ব্যবহার্য্য।

৩। কলোডিয়ম্ কোকেয়িনি। ফ্লেক্সিবল্ কলোডিয়মের সহিত শত করা ২ অংশ কোকেন্ আছে। চিল্‌ব্লেন্ নামক রোগে স্থানিক ব্যবহৃত হয়।

৪। এম্‌প্লাষ্ট্রম্ কোকেয়িনি। ৫০ অংশ লেড্ প্লাষ্টারের সহিত ১ অংশ কোকেয়িন্ আছে। স্নায়ুশূল, সায়েটিকা ও থেঁৎলাইয়া গেলে যে ক্ষত হয়, তাহাতে ইহা প্রয়োগ করা যায়।

৫। ওলিয়েটম্ কোকেয়িনি। কোকেয়িনের উগ্রদ্রব ১, ওলিক্ এসিড্ ২ ; উত্তাপ দ্বারা মিশ্রিত করিবে।

৬। ওলিয়ম্ কম্ কোকেয়িনা। কোকেয়িনের উগ্রদ্রব বাদাম বা এরণ্ড তৈলের সহিত শত করা ২ অংশ মিশাইয়া লইবে। স্থানিক স্পর্শহারক।

৭। সপোজিটরিস্ এবং পেসারিস্ অব্ কোকেয়িন্। অয়েল্ অব্ থিয়েব্রোমার সহিত $\frac{1}{4}$ গ্রেণ্ কোকেন্ মিশ্রিত করিয়া প্রতি সপোজিটরি প্রস্তুত করিবে বা পেসারিতে মাখাইয়া লইবে।

৮। ট্যাব্বেলি কোকেয়িনি। চকোলেট্ ($\frac{1}{20}$ গ্রেণ্) মিশ্রিত ক্ষুদ্র চাক্তি। ক্লোরোফর্ম্, অ্যাল্কোহল্ ও সি সক্‌নেস্ এবং গর্ভাবস্থায় (সিক্‌নেস) বমনাদি নিবারনার্থে ইহা ব্যবহার্য্য।

৯। অঙ্গুয়েণ্টম্ কোকেয়িনি। ৩০ অংশ লার্ড্ বা ল্যানোলিনে (ঈষদুষ্ণ) ১ অংশ কোকেয়িন্ মিশাইয়া লইবে। মুখমণ্ডলস্থ স্নায়ুশূল, একৃজিমা, ইরিসিপেলাস, আর্টিকেরিয়া (আম্বাত) ও প্রুরাইটস্ রোগে ইহা স্থানিক ব্যবহৃত হয়।

১০। ভেসেলিনম্ কোকেয়িনি। শত করা ৪ অংশ কোকেন্। স্থানিক স্পর্শহরণার্থে ব্যবহার্য্য।

১১। কোকেয়িনি সাইট্রাস। মাত্রা, $\frac{1}{8}$—১ গ্রেণ্ বা তত্রোধিক। স্বচ্ছ, শ্বেতবর্ণ, দানাযুক্ত ক্ষুদ্র চূর্ণ। দন্তচিকিৎসকেরা ইহা বিস্তর ব্যবহার করেন। ক্রিয়া হাইড্রোক্লোরেটের ন্যায়।

১২। কোকেয়িনি হাইড্রোব্রোমাস্। মাত্রা, ১/১০—১ গ্রেণ্। শ্বেতবর্ণ, কঠিন, স্বচ্ছ, দানাযুক্ত ক্ষুদ্র চূর্ণ।

হাইড্রোক্লোরেট্ অব্ কোকেয়িনের প্রয়োগরূপ।

১। বুজিনেরিয়া কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস্। জিলেটো গ্লীসারিন মিশ্রিত বুজি। ইহার প্রতিতে ১/২ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ আছে।

২। হাইপোডার্মিক্ ল্যামেলস্ অব্—কোকেন্ ১/২ গ্রেণ্।

৩। ইনজেক্সিও কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস্ হাইপো-ডর্মিকা। (২০ মিং—১ গ্রেণ্)। মাত্রা, ২—১০ মিং। সায়েটিকা ও বিবিধ বেদনাজনক রোগে ব্যবহার্য্য।

৪। লাইকর্ কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস। শত করা ২—৫০ অংশ পর্য্যন্ত স্ফুটিত জলে হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ দ্রব করিয়া লইবে।

৫। প্যাষ্টিলস্ কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস্। ১/২০ গ্রেণ্ হইতে ২ গ্রেণ পর্য্যন্ত প্রতিতে।

৬। প্যাষ্টিলস্ কোকেয়িনি এট্ মর্ফাইনি। ১/৬০ গ্রেণ্ কোকেন্ এবং ১/৬০ গ্রেণ্ মর্ফাইন্ প্রতিতে।

৭। পাইল্যুলা—কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস্ ১/২ গ্রেণ্ (বা ততোধিক) এবং সুগার্ অব্ মিল্ক্ ও সিরাপ্ মিশ্রিত করিয়া ১ গ্রেণ্ ওজনে একটী বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১—৫ গ্রেণ্ বা ১।৫ বটিকা।

৮। ট্যাব্লইড্স্ অব্ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ ১/২০ হইতে ১/৪ গ্রেণ্ প্রতিতে। ত্বকনিম্নে পিচ্কারী করণার্থে ইহা ব্যবহার্য্য।

৯। ট্রেচিসাই—কোকেয়িনি হাইড্রোক্লোরেটিস্ $\frac{1}{12}$ গ্রেণ্।

১০। কোকেয়িনি স্যাকারিস্। মাত্রা, $\frac{1}{2}$—১ গ্রেণ্। স্যাকারিনের সহিত কোকেইন্ মিশ্রিত শ্বেত বর্ণ, অস্বচ্ছ, লব বিশেষ; ইহা জলে দ্রবনীয়।

১১। কোকেয়িনি স্যালিসিলাস্। মাত্রা, $\frac{1}{2}$—১ গ্রেণ্ বা ততোধিক। শ্বেত বর্ণ, দানাযুক্ত ক্ষুদ্র চূর্ণ। আক্ষেপযুক্ত শ্বাস-কাশ রোগে ব্যবহার্য্য।

কক্কাস্; কচিনিয়েল্। ক্রিমিদানা।

কক্কস্ ক্যাক্টাই নামক শুষ্ক স্ত্রীপতঙ্গ। ইহাকে উষ্ণ জলে নিক্ষেপ করিয়া পরে শুষ্ক করিয়া লইতে হয়। ইহার বিশেষ কোন ক্রিয়া নাই। কখন কখন আক্ষেপ নিবারক স্বরূপ ব্যবহৃত হইয়াছে। সুন্দর লাল বর্ণের নিমিত্ত টিংচর্ সিন্‌কোনা কম্পাউণ্ড্ ও টিংচ্যুরা কার্ডেমোমাই কম্পজিটা প্রস্তুতার্থে ব্যবহৃত হয়। হুপিংকফ্ রোগে বেদনা নিবারক স্বরূপ পূর্ব্বে ব্যবহৃত হইত।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা কক্কাই। মাত্রা, (৩০—৯০ মিং)। ক্রিমিদানা চূর্ণ ১; পরীক্ষিত সুরা ৮। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে। সুন্দর লাল বর্ণের নিমিত্ত ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা—কোচিনিয়েল্ ১০ গ্রেণ্; কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ ২০ গ্রেণ্; শর্করা ১০ ড্রাম্; জল ৪ আং। মাত্রা, ১৫—৬০ মিং। দুগ্ধের সহিত হুপিংকফ্ রোগে প্রয়োজ্য।

২। টিংচ্যুরা কোকাই এমোনিয়েটা। মাত্রা, ৫ মিং।

কোচিনিয়েল্ ½ আং ; ওয়াটার্ অব্ এমোনিয়া ½ আং। শোধিত স্থরা ৮ আং। হুপিংকফ্ রোগে ব্যবহার্য্য।

৩। কার্মাইন্। কোচিনিয়েল্ হইতে প্রস্তুত হয়। জলে অদ্রব ও অ্যামোনিয়া দ্রবে দ্রবনীয়। ঔষধার্থে ইহা ব্যবহার হয় না।

(ক) গ্লাইসরাইনম্ কার্মিনাই। কার্মাইন্ ৬০ গ্রেণ্ ; পরিস্রুত জল ১ ড্রাম্ ; সল্যুশন্ অব্ এমোনিয়া ৮০ মিং। সমুদায় দ্রব করিয়া ৬ ড্রাম্ গ্লীসারিন্ ধীরে ধীরে মিশাইবে। অনন্তর জলস্বেদন যন্ত্রোত্তাপে এমোনিয়া উৎপাতিত করিয়া লইবে। পরে শীতল হইলে ২০ মিং সল্যুশন্ অব্ এমোনিয়া এবং পরিস্রুত জল দ্বারা ১ আং পূর্ণ করিবে।

(খ) লাইকর্ কার্মিনাই। কার্মাইন্ ৪০ গ্রেণ্ ; এমোনিয়ার উগ্র দ্রব ৪০ মিং ; পরিস্রুত জল ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। অন্যান্য ঔষধ রং করিবার জন্য ব্যবহার হয়।

(গ) লাইকর্ কোকাই (লিকুইড্ কোচিনিয়েল্)। চূর্ণ ক্রিমিদানা ও কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ প্রত্যেক ১ আং ; পরিস্রুত জল ৮ আং। জলস্বেদন যন্ত্রোত্তাপে ½ ঘণ্টা পর্য্যন্ত উত্তপ্ত করিয়া পরে ধীরে ধীরে অ্যাসিড্ টার্ট্রেট্ অব্ পটাশিয়ম্ ১ আং এবং পটাশ্ অ্যালম্ ১ আং মিশ্রিত করিবে। ৫ মিনিট্ উত্তপ্ত করিয়া ছাঁকিয়া ৮ আং পূর্ণার্থে পরিস্রুত জল মিশাইবে। পরে শীতল হইলে ১৫ মিং ক্লোরোফর্ম্ ইহার সহিত যুক্ত করিবে।

কোডেয়িনা ; কোডেয়িয়া।

অহিফেন্ হইতে এই উপকার পাওয়া যায়। বর্ণহীন, তিক্তা-স্বাদযুক্ত, দানাবিশিষ্ট। জলে অল্প এবং সুরা, জল মিশ্র দ্রাবক ও অ্যামোনিয়ার দ্রবে সম্পূর্ণ দ্রবনীয়।

ক্রিয়াদি—অবসাদক ও নিদ্রাকারক। ইহার দ্বারা কশেরুকা-মজ্জার উত্তেজন বৃদ্ধি হয়। স্নায়বীয় অনিদ্রা, কাশ (যক্ষ্মা), বাত, ক্যান্সার প্রভৃতি রোগের যন্ত্রণা নিবারণার্থে এবং মধুমেহ (ডায়াবিটিস্) রোগে ইহা বিশেষ উপকারক। ব্যবহার করিলে প্রস্রাবে শর্করা নির্গমন হ্রাস হয়। মাত্রা, ¼—২ গ্রেণ্।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। হাইপোডার্মিক্ ল্যামেল্স্। জেলেটিনের সহিত ½ গ্রেণ্ কোডিয়া প্রতি ল্যামেলে আছে।

২। কোডিয়িন্ এণ্ড্ গ্লীসারিন্ জেলি। মাত্রা, ১ ড্রাম্। কোডিয়া ৭২ গ্রেণ্; সাইট্রিক্ এসিড্ ৭২০ গ্রেণ্; বিশুদ্ধ জেলে-টিন্ ৬ আং; গ্লীসারিন্ ৩৬ আং; অয়েল্ অব্ লিমন্ ১ ড্রাম্; বাল্সাম্ অব্ টোলু এবং পরিস্রুত জল প্রত্যেক, যথা প্রয়োজন। সিরাপ্ অব্ টলু প্রস্তুতের ন্যায় জলে টলুকে সিদ্ধ করিয়া ৩০ আং লইবে। পরে উহাতে ২৫ আউন্স্ জেলেটিন্ ও পরে গ্লীসারিন্ মিশ্রিত করিবে। অনন্তর বক্রি ৫ আং দ্রবের সহিত কোডিয়া ও অম্বিরাম্ল মিলাইয়া উভয় দ্রব একত্র পূর্ব্বক লিমন্ অয়েল্ মিশাইবে। লেরিঞ্জাইটিস্ ও থাইসিস্ রোগে ব্যবহার্য্য।

৩। প্যাষ্টিলস্ কোডেয়িনি। ⅙ গ্রেণ্ প্রতিতে।

৪। পাইল্যুলা কোডেয়িনি কম্পজিটা। কোডিনা ½ হইতে

গ্রেণ্ পর্য্যন্ত ; কুঁচিলার সার $\frac{১}{২}$ গ্রেণ্ ; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ল্যাক্টুক্যাসি $\frac{১}{২}$ গ্রেণ্ বা ততোধিক। একত্রে ১ বটিকা প্রস্তুত করিবে। বহুমূত্র রোগে দিবসে ২।৩ বটিকা সেবনীয়।

৫। সিরাপস্ কোডিয়িনি। মাত্রা, $\frac{১}{২}$—২ ড্রাম্। (ক) কোডিয়া ২০ গ্রেণ্ ; পরীক্ষিত সুরা ও পরিস্রুত জল প্রত্যেক ১০ ড্রাম্ ; মিশ্রিতান্তর সিরাপ্ দ্বারা ১ পাইণ্ট্ পূর্ণ করিবে। (খ) কোডিয়িন্ ৮ গ্রেণ্ ; জল ১ আং ; সিরাপ্ ৭ আং। কোডিয়া চূর্ণ করত জল ও সিরাপ্ মিশ্রিত করিয়া উত্তাপ দ্বারা মিলাইবে।

৬। ট্রোচিসাই কোডেয়িনি। প্রতি চাক্তিতে $\frac{১}{৪}$ গ্রেণ্ কোডেয়িন্ আছে। মাত্রা, ১ চাক্তি। দিবসে ৪।৫ বার।

কল্‌চিকম্। (মেডো স্যাফ্রন্)।

কর্ম্মের মাত্রা, ২—৮ গ্রেণ্।

কল্‌চিকম্ অটম্নেলি নামক বৃক্ষের শুষ্ক কন্দ ও বীজ ঔষধার্থে ব্যবহৃত হয়। ইউরোপ দেশে জন্মে। ইহার কন্দ ১$\frac{১}{২}$ ইঞ্চ্ লম্বা, ১ ইঞ্চ্ চওড়া। এক পার্শ্ব চ্যাপ্টা ও অপর পার্শ্ব গোল; বাহ্য প্রদেশ পাটল বর্ণ ও অভ্যন্তর প্রদেশ শুভ্র, কাটিলে দুগ্ধবৎ রস নির্গত হয় এবং উহা কদর্য্য তিক্তাস্বাদ বিশিষ্ট; ইহার কন্দ এক একটী ক্ষুদ্র আলুর ন্যায়; উহাকে চাকা চাকা করিয়া কাটিয়া ১৫০ তাপাংশে অনধিকোত্তাপে শুষ্ক করিয়া লওয়া হয়। ইহার বীজ দেখিতে কৃষ্ণ শর্ষপের ন্যায়। কল্‌চিকম্ হইতে কল্‌চিসিন্ নামক (মাত্রা, $\frac{১}{১২০}$—$\frac{১}{৬০}$ গ্রেণ্) বীর্য্য,

আছে। ইহা দেখিতে ঈষৎ পীতবর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ এবং, ট্যানিক্ এসিড্ ভিন্ন অপর এসিডের সহিত মিশ্রিত হয় না, সুরাবীর্য্য ক্লোরোফর্ম, ইথর্ ও জলে দ্রবনীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, অবসাদক, বেদনা নিবারক, মূত্র ও ঘর্ম্মকারক ও পিত্ত নিঃসারক। অধিক মাত্রায় বিরেচক ও বমনকারক এবং অত্যধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। রিউমেটিসম্, গাউট্ রোগে ইহার দ্বারা প্রদাহাদি নিবারিত হইয়া বিশেষ উপকার হয়। এ ভিন্ন তরুণ প্রাদাহিক জ্বর, পুরাতন শ্বাসনালী ও হৃদাবরণ প্রদাহ, শোথ, উদরী, পাণ্ডুরোগ, পুরাতন যকৃৎ প্রদাহ ও যকৃৎ বিবর্দ্ধনে ইহা ব্যবহৃত হয়।

কল্চিসাই কর্ম্মের প্রয়োগরূপ।

১। একৃষ্ট্রাক্টম্ কল্চিসাই। মাত্রা, ½—২ গ্রেণ্। হরিৎসার।

২। একষ্ট্রাক্টম্ কল্চিসাই অ্যাসিটিকম্। মাত্রা, ½—২ গ্রেণ্। সরস মূলের সহিত সির্কা মিশাইয়া লইবে। হরিৎসার।

৩। ভাইনম্ কল্চিসাই। মাত্রা, ১০—৩০ মিং। কল্চিকম্ কর্ম্ম্ চূর্ণ ৪; সেরি ২০; সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

কল্চিসাই সেমিনার প্রয়োগরূপ।

১। টিংচ্যুরা কল্চিসাই সেমিনম্। মাত্রা, ১০—৩০ মিং। ১ আউন্সে ৪৪ গ্রেণ্। কল্চিকম্ বীজ চূর্ণ ১; পরীক্ষিত সুরা ৮। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা কল্চিসাই। মাত্রা, ১ আং। ওয়াইন্ অব্ কল্চিকম্ ২০ মিং; কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিশিয়া ১০ গ্রেণ্; পাই-

মেণ্ট্রো ওয়াটার্ ১ আং। ভাইনমের পরিবর্ত্তে ১৫ মিং অরিষ্ট্ মিশ্রিত করিলেও চলে।

২। মিশ্চুয়া কল্‌চিসাই অ্যাপারিয়েন্স্। মাত্রা, ১ আং। টিংচর্ অব্ কল্‌চিকম্ ১৫ মিং; কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া ৬ গ্রেণ্; সল্‌ফেট্ অব্ ম্যাগ্নিসিয়া ৩০ গ্রেণ্; পাইমেণ্ট্ ওয়াটার্ ১ আং।

৩। টিংচুয়া কল্‌চিসাই কম্পজিটা। কল্‌চিকম্ সীড্ ১; অ্যারোমেটিক্ স্পিরিট্ অব্ অ্যামোনিয়া ৮। দুই সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১৫ মিং—১ ড্রাম্।

৪। ভাইনম্—কল্‌চিসাই বীজ চূর্ণ ১; সেরি ৮। দুই সপ্তাহ ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ½—১ ড্রাম্।

৫। টিংচুয়া কল্‌চিসাই ফ্লোরম্। মাত্রা, ১০—৩০ মিং। সরস পত্র ২; শোধিত সুরা (ওজনে) ১। এক সপ্তাহ ভিজাইয়া ছাঁকিবে।

৬। এসিডোটম্ কল্‌চিসাই। মাত্রা, ৩০—৯০ মিং।

৭। ভাইনম্ কল্‌চিসাই ওপিয়েটম্। ওয়াইন্ অব্ কল্‌চিকম্ সিড্ ৩ ড্রাম্; টিংচর্ অব্ ওপিয়ম্ ½ ড্রাম্। মাত্রা, ২০—৩০ মিং।

কলোডিয়ম্। (কণ্ট্রাক্টাইল্ কলোডিয়ন্)।

পাইরক্সিলিন্ ১; ইথর্ ৩৬; শোধিত সুরা ১২। ইথর্ ও সুরা একত্র মিশ্রিত করিয়া তাহাতে গন্ কটন্ ভিজাইয়া রাখিবে; পরে দ্রব হইলে ছাঁকিয়া লইবে। বর্ণহীন, স্বচ্ছ, ইথরের গন্ধবিশিষ্ট এবং সিরাপের ন্যায় তরল পদার্থ।

ক্রিয়াদি—আবরক ও সঙ্কোচক। বিবিধ ক্ষতে যথাঃ—আহত ও দগ্ধ ক্ষতে, শয্যাক্ষত, এরিসিপেলাস্, বসন্ত, ওষ্ঠ ও চুচুক বিদীর্ণ হইলে যে ক্ষত, ফিসর্ অব্ দি এনস্ এবং জলৌকা দংশিত ক্ষত ও দন্তোৎপাটনের পর দন্তগহ্বর হইতে যে রক্তস্রাব হয় তাহা রোধার্থে ও বিবিধ চর্ম্মরোগে কলোডিয়ন্ স্থানিক প্রয়োগ করা যায়। উপদংশিক ক্ষতেও ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। কলোডিয়ম্ ফ্লেক্সাইল্। কলোডিয়ম্ ১২ আং; ক্যানেডা বাল্‌সম্ (ওজনে) ½ আং; এরণ্ড তৈল ½ আং। একত্র মিশ্রিত করিয়া লইবে। বিশুদ্ধ কলোডিয়ন্ প্রয়োগে স্থানিক যে পর্দ্দা পড়ে, তাহা শীঘ্র ফাটিয়া যায়; কিন্তু ইহা ব্যবহারে সেরূপ হয় না। এ নিমিত্ত ইহা অধিক ব্যবহৃত হয়।

২। কলোডিয়ন্ ভেসিক্যান্স্। ক্যান্থারাইডিস্ দেখ।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। কলোডিয়ম্ কোকেয়িনি। কোকেন্ দেখ।

২। কলোডিয়ম্ কম্ ওলিও ক্রোটোনিস্। জলপাইয়ের তৈল ১; ফ্লেক্সিবল্ কলোডিয়ন্ ৭ ভাগ। একত্রে মিশাও।

৩। কলোডিয়ম্ ইক্থাইয়ল্। (২ য় খণ্ড দেখ)

৪। কলোডিয়ম্ আইওডাই। ফ্লেক্সিবল্ কলোডিয়ন্ ১ আং; আইওডিন্ ৩০ গ্রেণ্। একত্রে মিশাইয়া লইবে।

৫। কলোডিয়ম্ কম্ আইওডোফর্ম্। আইওডোফর্ম্ দেখ।

৬। কলোডিয়ম্ স্যালিসিলিকম্। স্যালিসিলিক্ এসিড্ ১০০ গ্রেণ; ফ্লেক্সিবল্ কলোডিয়ন্ ১ আং। একত্রে মিশাও।

৭। কলোডিয়ম্ কলোসম্। স্যালিসিলিক্ এসিড্ ৬০ গ্রেণ্,

গাঁজার সার ৮ গ্রেণ্; ফ্লেক্সিবল্ কলোডিয়ন্ ১ আং। কর্ণস্ এবং ওয়ার্ট্ প্রভৃতি রোগে স্থানিক ব্যবহার্য্য।

৮। কলোডিয়ম্ স্যালিসিলিকম্ কম্ জিঙ্কাই ক্লোরাইড্। স্যালিসিলিক্ অ্যাসিড্ ৬০ গ্রেণ্; ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ ৩০ গ্রেণ্; কলোডিয়ন্ ১ আং। সমুদায় একত্রে মিলাইবে।

৯। কলোডিয়ম্ স্যালিসিলিকম্ এট্ ল্যাক্টিকম্। স্যালিসিলিক্ এবং ল্যাক্টিক্ অ্যাসিড্ প্রত্যেক ১০; কলোডিয়ন্ ৮০।

১০। কলোডিয়ম্ ষ্টিপ্টিকম্। (ষ্টিপ্টিক্ কোলইড্)। ট্যানিন্ ১০; শোধিত সুরা ১০; লোবান ১ (দ্রবান্তর); ইথর্ ৪০; গন্ কটন্ ২। বিবিধ রক্তস্রাব রোধার্থে স্থানিক ব্যবহার্য্য।

১১। হেমষ্টেটিক্—কলোডিয়ন্ ১০০; কার্ব্বলিক্ এসিড্ ১০; ট্যানিন্ ৫; বেঞ্জোয়িক্ অ্যাসিড্ ৫। একত্রে মিলাইবে।

১২। কলোডিয়ন্ টিঙ্ক্‌টম্। কলোডিয়ন্ ১ আং; পাম্ অয়েল্ ½ ড্রাম্; এল্কানেট্ রুট্ দ্বারা রং করিয়া লইবে।

১৩। অ্যানোডাইন্ কোলইড্। (এমিল্ কোলইড্)। হাইড্রাইড্ অব্ অ্যামিল্ ১ আং; একোনিটিন্ ১ গ্রেণ্; ভিরেট্রিন্ ৬ গ্রেণ্; কলোডিয়ম্ ২ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। স্নায়ুশূল, সায়েটিকা, লম্বেগো ও পৈশিক্ বেদনায় ব্যবহার্য্য।

কলোসিন্থিডিস্ পল্পা। ইন্দ্রবারুণী।

সাইট্রলস্ কলসিন্থিস্ নামক বৃক্ষের শস্য। ভারতবর্ষ, স্পেন্ ও ফ্রান্স্ প্রভৃতি দেশে জন্মে। শ্বেতবর্ণ, লঘু, গন্ধহীন ও তিক্তাস্বাদবিশিষ্ট পদার্থ। ইহাতে কলোসিন্থিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি—অতি বিরেচক। ইহা ক্ষুদ্রান্ত্রে বিশেষ প্রকাশ পায়। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। উদরী, শোথ, সংন্যাস, অন্ত্রাবদ্ধ, কোষ্ঠবদ্ধ ও শিরোরোগে ব্যবহৃত হয়। মাত্রা, ২—৮ গ্রেণ্।

প্রয়োগরূপ—১। একষ্ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ কম্পজিটম্। মাত্রা, ৩—১০ গ্রেণ্। ইন্দ্রবারুণীর শস্য ৬; সকট্রামুসব্বরের সার ১২; রেজিন্ অব্ স্ক্যামনি চূর্ণ ৪; কার্ড সোপ্ চূর্ণ ৩; এলাচি চূর্ণ ১; পরীক্ষিত সুরা ১৬০। সুরা ঘটিত সার।

২। পাইলুল্যা কলসিন্থিডিস্ কম্পাজিটা। মাত্রা, ৫—১০ গ্রেণ্। ইন্দ্রবারুণীর শস্য চূর্ণ ১; বার্বেডোজ মুসব্বর চূর্ণ ২; রেজিন্ অব্ স্ক্যামনি চূর্ণ ২; সল্‌ফেট্ অব্ পটাসিয়ম্ চূর্ণ ¼; লবঙ্গের তৈল ¼; পরিস্রুত জল যথা প্রয়োজন; একত্র মিশাও।

২। পাইলুলা কলোসিন্থিডিস্ এট্ হায়োসায়েনাই। মাত্রা, ৫—১০ গ্রেণ্। কম্পাউণ্ড্ পিল্ অব্ কলোসিন্থ্ ২; একষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ ১। একত্র উত্তমরূপে মিশাইয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

টিংচ্যুরা কলোসিন্থিডিস্। মাত্রা, ৫—২০ মিং। (ক) ইন্দ্রবারুণীর শস্য ১ আং; মৌরি ১ ড্রাম্; পরীক্ষিত সুরা ১৬ আং। (খ) ইন্দ্রবারুণীর শস্য চূর্ণ ১; শোধিত সুরা ১০। ৮ দিবস ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ৬—২০ মিং।

২। অঙ্গুয়েণ্টম্ কলোসিন্থিডিস্। ইন্দ্রবারুণীর শস্য চূর্ণ ১; লার্ড ৮। বিরেচনার্থে উদরে মর্দ্দন করিবে।

৩। ভাইনম্ কলোসিন্থিডিস্। কলোসিন্থ্ ২ আং; হোয়াইট্ ওয়াইন্ ২৪ আং। ৮ দিবস ভিজাইয়া ছাঁকিবে। বিরেচক স্বরূপ উদরে মর্দ্দন করিবে। মাত্রা, ১—২ ড্রাম্।

৪। ডিকক্টম্ কলোসিন্থিডিস্। মাত্রা, ১—১২ আং। ইন্দ্রবারুণীর শস্য ১ ড্রাম্; জল ৮ আং। ১০ মিনিট সিদ্ধ করিয়া ছাঁকিয়া পরে সিরাপ্ অব্ অরেঞ্জ্ পিল্ ১ আং; ইথর ১ ড্রাম্। সমুদায় একত্রে মিশাইয়া লইবে। উদরীরোগে ব্যবহার্য্য।

৫। একষ্ট্রাক্টম্ কলোসিন্থিডিস্। মাত্রা, ৪—১৫ গ্রেণ্।

৬। একষ্ট্রাক্টম্ কলোসিন্থিডিস্ অ্যাল্কোহলিকম্। মাত্রা, ২—৮ গ্রেণ্। (এল্কোহলিক্ অর্থাৎ সুরাঘটিত সার)

৭। পাইল্যুলা কলোসিন্থিডিস্ এট্ ক্যালোমিলেনস্। (ক) ইন্দ্রবারুণ্যাদির সার ১ ড্রাম্; ক্যালোমেল্ ১২ গ্রেণ্; ট্রিয়েকল্ ১২ টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। (খ) ইন্দ্রবারুণ্যাদি সার ৪ ড্রাম্; ক্যালোমেল্ ১ ড্রাম্। একত্রে মিশ্রিতপূর্ব্বক ৬০ টী বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১—৫ বটিকা।

৮। পাইল্যুলা কলোসিন্থিডিস্ এট্ কল্‌চিসাই। (ক) ইন্দ্রবারুণ্যাদি সার ২০ গ্রেণ্; একষ্ট্রাক্ট্ অব্ কল্‌চিকম্ ২০ গ্রেণ্। একষ্ট্রাক্ট্ অব্ ওপিয়ম্ ১ গ্রেণ্। প্রতি বটিকা ৩ গ্রেণ্ ওজনে প্রস্তুত করিবে। (খ) অ্যাসেটিক্ একষ্ট্রাক্ট্ অব্ কল্‌চিকম্ ১½ গ্রেণ্; ডোভার্স্ পাউডার্ ও ইন্দ্রবারুণ্যাদি সার প্রত্যেক ১½ গ্রেণ্। সমুদায় একত্র করিয়া এক বটিকা প্রস্তুত করিবে।

৯। পাইল্যুলা কলোসিন্থিডিস্ কম্ ওলিও ক্রোটোনিস্। ইন্দ্রবারুণ্যাদি সার ৫০ গ্রেণ্; সাবান ১০ গ্রেণ্; জয়পালের তৈল ১ বিন্দু। একত্রে মিশাইয়া ১২ টী বটিকা প্রস্তুত করিবে।

১০। পাইল্যুলা কলোসিন্থ্ কম্ স্ক্যামোনিও। ইন্দ্রবারুণী ১০ গ্রেণ্; স্ক্যামোনি ১০ গ্রেণ্; গোলাবের খণ্ড ১২ টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—৩ বটিকা।

১১। পাইল্যুলা কলোসিন্থিডিস্ ফেরোসা (Ferrosa)। ইন্দ্রবারুণ্যাদি সার ৩ ড্রাম্; হিঙ্গু, সাবান; ইন্‌স্পিসেটেড্ অক্স্-গল্; এমোনিয়ো ক্লোরাইড্ অব্ আয়রন্ ও এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সিল্যা-গুাইন্ (celandine) প্রত্যেক ১ ড্রাম্; টার্টারাইজড্ অ্যান্টি-মোনি ৯ গ্রেণ্; অয়েল্ অব্ ক্যামোমাইল্ ৩০ মিং; সিরাপ্ যথা প্রয়োজন। ২ গ্রেণ্ করিয়া প্রতি পিল্ প্রস্তুত করিবে।

কোনিয়াই ফোলিয়া এট্ ফ্রুক্টস্।

হেম্‌লক্ লীব্‌স্ এণ্ড্ হেম্‌লক্ ফ্রুট্।

কোনায়ম্ ম্যাক্যুলেটম্ নামক বৃক্ষের সরস বা শুষ্ক পত্র ও তরুণ শাখাগ্র এবং শুষ্ক ফল ঔষধার্থে ব্যবহৃত হয়। ইহা এসিয়া ও ইউরোপ দেশে জন্মে। ইহার পত্র হরিৎবর্ণ, ত্রিকোণ বিশিষ্ট ও উগ্র গন্ধযুক্ত। ফল ⅛ ইঞ্চ্ দীর্ঘ অণ্ডাকৃতি এবং চ্যাপ্টা। ইহাতে কোনিন্ ও কোনায়িক্ এসিড্ নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি—স্নায়বীয় অবসাদক, মাদক, আক্ষেপ নিবারক, বেদনা নিবারক, পরিবর্ত্তক, দুগ্ধরোধক ও কামনাশক এবং শোষক। স্থানিক প্রয়োগে, উত্তেজক এবং স্পর্শহারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। পুরাতন বাতরোগে, স্নায়ুশূল, ক্যান্সার্, স্ক্রুফিউলা, হুপিংকফ্ ও শ্বাসকাশ, উন্মাদ, মৃগী, কোরিয়া, ধনুষ্টঙ্কার, মার্কুরিয়েল্ ট্রেমর্, দন্তশূল, কামোন্মাদ, গলগণ্ড ও গোদ এবং বিবিধ ক্ষতের বেদনা নিবারণার্থে ইহার পুল্টিশ্ ব্যবহার্য্য। এ ভিন্ন, অধিক দুগ্ধ নিঃসরণ রোধার্থে ও শুক্রমেহরোগেও ব্যবহৃত হয়। হেম্‌লক্ পত্র চূর্ণের মাত্রা, ২—৮ গ্রেণ্।

প্রয়োগরূপ—১। ক্যাটাপ্লাজ্মা কোনিয়াই। হেম্‌লক্ জুস্ ১ আং; তিসির খলি ৪ আং; স্ফুটিত জল ১০ আং। জুস্‌কে গাঢ় করতঃ খলি ও জল একত্রে কর্দ্দমাকারে মিশ্রিত করিয়া লইবে।

২। একষ্ট্রাক্টম্ কোনিয়াই। মাত্রা, ২—৬ গ্রেণ্। হরিৎসার।

৩। পাইল্যুলা কোনিয়াই কম্পজিটা। মাত্রা, ৫—১০ গ্রেণ্। একষ্ট্রাক্ট্ অব্ হেম্‌লক্ ৫; ইপেকাকুয়ানা ১; ট্রিয়েকল্ যথা প্রয়োজন। সমুদায় একত্রে মিশাইয়া লইবে।

৪। সকস্ কোনিয়াই। মাত্রা, ½—১ ড্রাম্। সরস পত্র ও শাখাগ্রের রস ৩ ভাগ; শোধিত সুরা ১ ভাগ। এক সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিবে।

৫। ভেপর্ কোনিনি। হেম্‌লক্ জুস্ ১ আং; সোল্যুশন্ অব্ পটাশ্ ২ ড্রাম্; পরিস্রুত জল ২ আং। ইহার ২০ মিনিম্ স্পঞ্জের উপর ঢালিয়া উপযুক্ত পাত্র মধ্যে রাখিবে, পরে উষ্ণ জলের ধুম স্পঞ্জের উপর লাগিয়া যে ধূমোত্থিত হইবে, তাহা শ্বাস-প্রশ্বাস দ্বারা গ্রহণীয়।

৬। টিংচ্যুরা কোনিয়াই। মাত্রা, ২০—৬০ মিং। হেম্‌লক্ ফল চূর্ণ ১, পরীক্ষিত সুরা ৮। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা কোনিয়াই কম্ হাইয়োসায়েমো। জুস্ অব্ কোনিয়ম্ ৩০ মিং; একষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ ৩ গ্রেণ্; মিউসিলেজ্ ২ ড্রাম্; জল ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১ আং।

২। লিনিমেণ্ট্—কোনিয়াই সার ২; শোধিত সুরা ৮।

৩। কন্‌ফেক্সিয়ো কোনিয়াই। সরস হেম্‌লক্ পত্র ও ট্রিয়েকল্ সমান ভাগে মিশাইবে। মাত্রা, ২—৫ গ্রেণ্।

৪। এম্‌প্লাষ্ট্রম্ কোনিয়াই। (ক) মোম ৮ আং; জল-পাইয়ের তৈল ৪ আং; এমোনায়েকম্ ½ আং; অগ্নি সন্তাপে একত্র মিশ্রিত করিয়া হেম্‌লক্ চূর্ণ ৮ আং মিলাইবে। (খ) লেড্-প্লাষ্টার্ ১৬৪; পীত মোম্ ১৬; অলিভ্ অয়েল্ ৮; হেম্‌লক্ চূর্ণ ১৬। সমুদায় একত্রে উত্তমরূপে মিশাইয়া লইবে।

৫। লোসিও কোনিয়াই এট্ ওপিয়াই। একষ্ট্রাক্ট্ অব্ হেম্‌লক্ ৩ ড্রাম্; অহিফেন ১ ড্রাম্; স্ফুটিত জল ২০ আং।

৭। পাইল্যুলা কোনিয়াই। একষ্ট্রাক্ট্ অব্ হেম্‌লক্ ½ আং ও শুষ্ক হেমলক্ চূর্ণ ইহার সহিত মিশ্রিত করিয়া ৩ গ্রেণ্ ওজনে প্রতি বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১—২ বটিকা।

৮। গুইস্ চিকিৎসালয়ে নিম্নলিখিত প্রয়োগরূপ ব্যবহৃত হয়। ১ ড্রাম্ অনুসারে ১২ টী বটিকা প্রস্তুত করিয়া ডিজিটেলিস্ চূর্ণ কিম্বা সল্‌ফেট্ অব্ জিঙ্ক্ বা স্কুইল্ চূর্ণ ১ গ্রেণ্ মিশাইবে।

৯। পাইল্যুলা কোনিয়াই কম্ হাইড্রার্জ্জিরো। হেম্‌লকের সার ৪ গ্রেণ্; মার্ক্যুরিয়েল্ পিল্ ১ গ্রেণ্। মাত্রা, ১ বটিকা।

১০। পাইল্যুলা কোনিয়াই কম্ ইপেকাকুয়ানা। একষ্ট্রাক্ট্ অব্ কোনিয়াই ৪ গ্রেণ্; চূর্ণ ইপেকাকুয়ানা ½ গ্রেণ্; ম্যাগ্নি-শিয়া ½ গ্রেণ্। সমুদায় একত্রে মিশাইয়া লইবে।

১১। টিংচ্যুরা কোনিয়াই ইথিরিয়া। হেম্‌লক্ চূর্ণ ৪ আং, সল্‌ফিউরিক্ ইথর্ ১৬ আং। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

১২। অঙ্গুয়েণ্টম্ কোনিয়াই। সরস হেম্‌লক্ ১ পৌং; লার্ড্ ১ পৌং। একত্রে উত্তমরূপে মিশাইয়া লইবে।

১৩। কোনিনা (সাইকুটিন্; কোনিসিন্)। মাত্রা, ½—১ গ্রেণ্ পর্য্যন্ত। বর্ণহীন, হেমলকের দুর্গন্ধযুক্ত, তরল-বীর্য্য বিশেষ। ইহা জলে অল্প দ্রব হয়। ক্রিয়াদি—কোনায়মের ন্যায়।

১৪। কোনিনি হাইড্রোব্রোমাস্। মাত্রা, ½—২ গ্রেণ্ পর্য্যন্ত। বর্ণহীন, দানাযুক্ত; দেখিতে সল্‌ফেট্ অব্ ম্যাগ্নিশিয়ার ন্যায়।

১৫। ইঞ্জেক্সিয়ো কোনিনি হাইড্রোব্রোমেটিস্ হাইপো ডার্মিকা। মাত্রা, ১—৩ মিং। হাইড্রোব্রোমেট্ অব্ কোনিন্ ১ গ্রেণ্; পরিস্রুত জল ২০ মিং। একত্রে দ্রব করিয়া লইবে।

১৬। পেসস্ কোনিনি। কোনিন্ ½ মিং; জেলেটিন্ ২০ গ্রেণ্। একত্র মিশাইয়া পেশারিতে লাগাইয়া লইবে।

১৭। পাইলুলা কোনিনি হাইড্রোব্রোমেটিস্। প্রতি বটিকায় ½ গ্রেণ্ করিয়া হাইড্রোব্রোমেট্ অব কোনিন্ আছে।

১৮। সিরাপস্ কোনিনি। সিরাপ্ ১৩ ড্রাম্; কোনিন্ ১ মিং; অ্যাল্কোহলাইজড্ সল্‌ফিউরিক্ অ্যাসিড্ ১ মিং। মাত্রা, ১ ড্রাম্।

কোপেবা। মাত্রা, ½—১ ড্রাম্।

কোপেফিরা মল্টিযুগা ও অন্যান্য প্রকার কোপাইফেরা বৃক্ষের স্কন্ধে অস্ত্রাঘাৎ করিলে এই তৈলাক্ত ধুনাযুক্ত রস নির্গত হয়। দেখিতে গাঢ়, স্বচ্ছ, ঈষৎ পীতবর্ণ, সদ্গন্ধযুক্ত ও কটু আস্বাদবিশিষ্ট তরল পদার্থ। সুরাবীর্য্য, ইথর্ এবং তৈলাদিতে দ্রবণীয়।

ক্রিয়াদি—মূত্রকারক, শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজক, বিশেষতঃ মূত্রযন্ত্র ও জননেন্দ্রিয়ে, সুতরাং মেহ, প্রমেহ এবং শ্বেতপ্রদর প্রভৃতি রোগের পুরাতনাবস্থায় এ ভিন্ন পুরাতন শ্বাসনালী প্রদাহ ও শ্বাসকাশ, অর্শ, সিষ্টাইটিস্ প্রভৃতি রোগে উপকারক।

প্রয়োগরূপ—১। ওলিয়ম্ কোপেবি। মাত্রা, ৫—২০ মিং। কোপেবা চুয়াইয়া প্রস্তুত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। (ক) বোলাস্-কোপেবি ১; ক্যাল্‌সাইণ্ড্ ম্যাগ্নিসিয়া ১/১৬। ½ ড্রাম্ ওজনে বটিকা প্রস্তুত করণান্তর উষ্ণ করিয়া ওয়েফার্ (Wafer) পেপার্ দ্বারা আবৃত করিবে। পরে ব্যবহারকালীন ১ মিনিট্ জলে ভিজাইয়া লইবে। (খ) কোপেবা ৫ ড্রাম্; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ র‍্যাটানি; অয়েল্ অব্ স্যাসাফ্রাস্ ১৫ মিং; ৮০ টী বোলাস্ (বড় বটিকা) প্রস্তুতার্থে ম্যাগ্নিশিয়া যথা প্রয়োজন। মাত্রা, ১। ৪ বটিকা।

২। হষ্টস্ কোপেবি। কোপেবা ½ ড্রাম্; মিউসিলেজ্ অব্ অ্যাকেসিয়া ৪ ড্রাম্; জল ৫ ড্রাম্; পাইমেণ্টো ওয়াটার্ ১ আং। মাত্রা, ১ আং।

৩। এক্‌ষ্ট্রাক্টম্ কোপেবি। মাত্রা, ৫—১৫ গ্রেণ; ব্যাল্‌সম্‌কে পরিস্রুত করিয়া ইহা প্রস্তুত হয়।

৪। (ক) মিশ্চুরা কোপেবি। মাত্রা, ১—২ আং। কোপেবা ২০ মিং; টিংচর্ অব্ কুইলিয়া ২০ মিং; নাইট্রিক্ ইথর্ ৩০ মিং, কর্পূরের জল ১ আং। (খ) কোপেবা ৩ ড্রাম্; সল্যুশন্ অব্ কার্ব্বনেট্ অব্ পটাশ্ ১½ ড্রাম্; নাইট্রিক্ ইথর্

৩ ড্রাম্; ডিকক্শন্ অব্ বার্লি ৮ আং। (গ) কোপেবা ৩ ড্রাম্; মিউসিলেজ্ ৩ আং; জল ৪ আং; পাইমেন্টো ওয়াটার্ ২ আং। (ঘ) কোপেবা ½ আং; কাবাব্ চিনি চূর্ণ ½ আং; নাইট্রিক্ ইথর্ ২ ড্রাম্; সোল্যুশন্ অব্ পটাশ্ ১½ ড্রাম্; হেন্‌বেনের অরিষ্ট ৩ ড্রাম্; জল ৮ আং। (ঙ) কোপেবা ½ আং; গম্ (Gum) চূর্ণ ১ ড্রাম্; টিংচর্ অব্ কিউবেব্ ৫ ড্রাম্; সিরাপ্ ৪ ড্রাম্ অথবা কোপেবা ২ ড্রাম্; মিউসিলেজ্ ৬ ড্রাম্; মিণ্ট্ ওয়াটার্ ৫ আং; টিংচর্ অব্ ক্যাপ্সিকম্ ১২ মিং।

৫। মিশ্চ্যুরা কোপেবি বেঞ্জোয়িনেটা। মাত্রা, ১—২ আং। বেঞ্জোয়িক্ অ্যাসিড্ ১ ড্রাম্; কোপেবা ½ আং; কর্পূরের জল ৭ আং; ডিম্ব কুসুম যথা প্রয়োজন।

৬। মিশ্চ্যুরা কোপেবি কম্ হেমিডেস্মো। মাত্রা, ২ ড্রাম্। কোপেবা ২ আং; ২ টী ডিম্বের কুসুম; অনন্তমূলের পাক ২ আং; হোয়াইট্ ওয়াইন্ ৪ আং। সমুদায় একত্রে মিশাইয়া লইবে।

৭। মিশ্চ্যুরা কোপেবি ভাইনোসা (Vinosa)। কোপেবা ২ আং; ২ টী ডিম্বকুসুম (একত্রে মিশ্রিতান্তর); সিরাপ্ অব্ টোলু ২ আং; হোয়াইট্ ওয়াইন্ ৪ আং। মাত্রা, ২—৪ ড্রাম্।

৮। পাইল্যুলা কোপেবি। (ক) কোপেবা চূর্ণ ৯৪ ভাগ; ম্যাগ্নিসিয়া ৬ ভাগ। ৮। ১০ ঘণ্টা রাখিয়া ½ ভাগ জল দ্বারা বটিকা প্রস্তুত করিবে। (খ) কোপেবা ২ আং; ক্যাল্‌সাইণ্ড্ ম্যাগ্নিশিয়া ১ ড্রাম্। একত্রে মিশাইয়া লইবে।

৯। পাইল্যুলা কোপেবি কম্ সিরা। শ্বেতমোম্ ১ ড্রাম্;

কোপেবা ১ ড্রাম্। একত্র গালাইয়া ৩ ড্রাম্ কাবাব্ চিনি চূর্ণ ইহার সহিত মিশাইবে। মাত্রা, ½—১ ড্রাম্।

১০। সপোজিটোরিয়ম্ কোপেবি। গাঢ় (Solidified) কোপেবা ১ ড্রাম্; অহিফেনের সার ½ গ্রেণ্; অয়েল্ অব্ থিয়োব্রোমা ১ ড্রাম্।

১১। সিরাপস্ কোপেরি। মাত্রা, ২—৮ ড্রাম্। কোপেবা ২ আং; আরবি গঁদ্ চূর্ণ ½ আং; জল ১½ আং। একত্র মিশ্রিত করিয়া ৩২ মিং এসেন্স্ অব্ পিপার্‌মিণ্ট এবং ১২ আং সিরাপ্ মিশ্রিত করিবে।

কোরিয়াণ্ড্রাই ফ্রুক্টস্ (ধনিয়া)।

কোরিয়াণ্ড্রম্ সেটাইভম্ নামক বৃক্ষের শুষ্ক পক্ক ফল; এদেশে ও ব্রিটেন্ রাজ্যে জন্মে। ক্ষুদ্র গোলাকার, পীতাভ, পাটলবর্ণ; দেখিতে মরিচের ন্যায়, সদ্‌গন্ধ ও সুস্বাদবিশিষ্ট ফল বিশেষ।

ক্রিয়াদি—সুগন্ধোত্তেজক, আগ্নেয় ও বায়ুনাশক। উদরাধ্মান প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। কন্‌ফেক্সিও ও টিংচ্যুরা সেনি, মিশ্চ্যুরা জেন্সিয়েনি, টিংচ্যুরা ও সিরাপ্ রিয়াই প্রস্তুত করিতে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ওলিয়ম্ কোরিয়াণ্ড্রাই। ধনিয়াকে জলের সহিত চুয়াইলে ইহা প্রস্তুত হয়। মাত্রা, ১—৪ মিং। সিরাপ্ সেনি প্রস্তুতার্থে ইহা ব্যবহার্য্য।

ক্রিয়েজোটম্। মাত্রা, ১—৩ মিং।

ক্রাষ্ঠ হইতে প্রস্তুত টার্ (আল্কাতরা) চুয়াইলে ইহা প্রস্তুত হয়। বর্ণহীন বা ঈষৎ পীতবর্ণ, স্বচ্ছ, উগ্রগন্ধ ও কটু আস্বাদ-বিশিষ্ট তরল পদার্থ। ইহা জলাপেক্ষা গুরু। সুরাবীর্য্য, ইথর্ এবং ক্ষার দ্রবে সম্পূর্ণ দ্রবনীয়। ক্রিয়েজোট্ অণ্ডলাল সংযত করে।

ক্রিয়াদি—কফনিঃসারক, উত্তেজক, মূত্রকারক, বমন ও আক্ষেপ নিবারক এবং বায়ুনাশক। বাহ্য প্রয়োগে, পচন নিবারক, উগ্রতাসাধক ও রক্তরোধক। পুরাতন শ্বাসনালী প্রদাহ ও রক্তোৎকাশরোগে কফ নিঃসরণার্থে, বিবমিষা বা বমন, মধুমেহ, মেহ এবং প্রমেহ, উদরাময় প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং দন্তগহ্বরস্থ ক্ষত, জলৌকা দষ্ট স্থান হইতে রক্তস্রাব, বিবিধ পুরাতন ও পচা ক্ষতে এবং বিবিধ চর্ম্মরোগে; যথাঃ—দক্রু, সোরা-এসিস্, একৃজিমা, স্কেবিজ্, প্রুরাইগো ও ইম্পিটাইগো প্রভৃতি রোগে ইহা স্থানিক (মলম) ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। মিশ্‌চ্যুরা ক্রিয়েজোটাই। মাত্রা, ১—২ আং। ক্রিয়েজোট্ ১৫ মিং; গ্লেশিয়েল্ অ্যাসিটিক্ এসিড্ ১৫ মিং; স্পিরিট্ অব্ জুনিপর্ ½ ড্রাম্; শর্করার পাক ১ আং; পরিস্রুত জল ১৫ আং। একত্রে উত্তমরূপে মিশাইবে।

২। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই। ক্রিয়েজোট্ ১ ড্রাম্; মোমের মলম্ ১ আং। উত্তমরূপে মিশাইয়া লইবে।

৩। ভেপর্ ক্রিয়েজোটাই। ক্রিয়েজোট্ ১২ মিং; ফুটিত জল ৮ আং। উপযুক্ত পাত্রে রাখিয়া শ্বাস দ্বারা গ্রহণ করিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পল্‌ভিস্ ক্রিয়েজোটাই এট্ এমিলাই। ক্রিয়েজোট্ ১০ মিং; ষ্টার্চ ১ আং একত্র মিশ্রিত করিবে। এরিসিপেলাস্ রোগে স্থানিক প্রযোজ্য।

২। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই ফোর্টিস্। ক্রিয়েজোট্ ৬ ড্রাম্; পীত মোম ১৮০ গ্রেণ্। সোরায়েসিস্ রোগে ব্যবহার্য্য।

৩। গুয়োনেজাল্ ইন্‌হেলেসন্। কার্ব্বলিক্ এসিড্ ও ক্রিয়েজোট্ সমভাগে মিশাইয়া থাইসিস্ রোগে শ্বাস দ্বারা গ্রহণীয়।

৪। অ্যাকোয়া ক্রিয়েজোটাই। (ক) ক্রিয়েজোট্ ১; জল ৯৯। (খ) ক্রিয়েজোট্ ১½ ড্রাম্; পরিশ্রুত জল ১৫ আং।

৫। পাইল্যুলা ক্রিয়েজোটাই। মাত্রা, ১—৬ গ্রেণ্।

(ক) ক্রিয়েজোট্ ২ ড্রাম্; হার্ড্ সোপ্ চূর্ণ ১২০ গ্রেণ্।

(খ) ক্রিয়েজোট্ ১ ড্রাম্; আল্‌থিয়া মূল চূর্ণ ১ ড্রাম্, যষ্টিমধুর সার বা চূর্ণ ১ ড্রাম্; ১২০ টী বটিকা প্রস্তুতার্থে জল যথা প্রয়োজন। কফনিঃসারক সুতরাং বিবিধ কাশরোগে ব্যবহার্য্য।

(গ) ক্রিয়েজোট্ ৩ গ্রেণ্; হেন্‌বেনের সার ১২ গ্রেণ্। ১২টী বটিকা প্রস্তুত করিবে। দিবসে ৩ বটিকা। বমননিবারক।

৬। লাইকর্ কার্ব্বনিস্ ডিটার্‌জেন্স্। কোল্টারের সহিত সুরা মিশ্রিত করিয়া ইহা প্রস্তুত হয়। কৃষ্ণবর্ণ, উগ্রগন্ধাস্বাদবিশিষ্ট তরল পদার্থ। বিবিধ চর্ম্মরোগে ব্যবহার্য্য।

৭। মিশ্চ্যুরা ক্রিয়েজোটাই কম্ ওলিও। ক্রিয়েজোট্ ২ মিং; অহিফেনের অরিষ্ট ২ মিং; ক্লোরিক্ ইথর্ ১৫ মিং; গ্লীসারিন্ ১ মিং; জল ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

৮। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই কম্ হাইড্রার্জিরো। উগ্র পারদের মলম ৪ ড্রাম্; ক্রিয়েজোট্ ১০। ৩০ মিং।

৯। অঙ্গুয়েণ্টম্ ক্রিয়েজোটাই কম্পজিটম্। ক্রিয়েজোট্ ২ ড্রাম্; পাম্ অয়েল্ ৭ আং। অগ্নি সন্তাপে গলাইয়া মিশাইবে।

১০। কল্যুটোরিয়ম্ ক্রিয়েজোটাই। ক্রিয়েজোট্ ½ ড্রাম্; ইন্‌ফিউজম্ অব্ সেজ্ (Sage) ২০ আং। উপদংশ রোগে নিঃসরণ লাঘবার্থে ব্যবহার্য্য।

ক্রিটা প্রিপারেটা; প্রিপেয়ার্ড্ চক্।

শোধিত খটিকা। মাত্রা, ১০—৬০ গ্রেণ্।

শ্বেতবর্ণ চূর্ণ; অম্লের সহিত মিশ্রিত করিলে উচ্ছ্বলিত হয়। জলে অদ্রবনীয়। মণ্ডের সহিত মিশ্রিত হয়।

ক্রিয়াদি—অম্লনাশক, ধারক, সঙ্কোচক ও শুষ্ককারক। অম্লজনিত উদরাময় ও অজীর্ণরোগে এবং বিবিধ চর্ম্মরোগে অধিক রস নিঃসরণ লাঘবার্থে স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। মিশ্চ্যুরা ক্রিটি। মাত্রা, ১—২ আং। শোধিত খটিকা ১; অ্যারবি গঁদ চূর্ণ ১; সিরাপ্ ২; দারুচিনির জল ৩০। একত্রে উত্তমরূপে মিশাইয়া লইবে।

২। পল্‌ভিস্ ক্রিটি অ্যারোমেটিকস্। মাত্রা, ১০—৬০ গ্রেণ্। শোধিত খটিকা ১১; দারুচিনি ৪; জায়ফল ৩; জাফ্রান্ ৩; লবঙ্গ ১½; এলাচি চূর্ণ ১; বিশুদ্ধ শর্করা ২৫। উত্তমরূপে চূর্ণ করিয়া একত্রে মিলাইবে।

৩। পল্‌ভিস্ ক্রিটি অ্যারোমেটিকস্ কম্ ওপিও। মাত্রা

১০—৪০ গ্রেণ্। অ্যারোমেটিক্ পাউডার্ অব্ চক্ ৩৯; অহি-
ফেন্ চূর্ণ ১। ইহার ৪০ গ্রেণে ১ গ্রেণ্ অহিফেন আছে।

হাইড্রার্জিরাই কম্ ক্রিটা প্রস্তুতার্থে শোধিত খটিকা ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। কলেরামিক্শ্চার্। অ্যারোমেটিক্ পাউডার্ ৩ ড্রাম্; স্পিরিট্ অ্যামোনিয়া অ্যারোমেটিক্ ৩ ড্রাম্; টিংচর্ অব্ ক্যাটিকিউ ১০ ড্রাম্; এলাদি অরিষ্ট ৬ ড্রাম্; অহিফেনের অরিষ্ট ১ ড্রাম্; খটিকামিশ্র ২০ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—২ আং।

২। সিরেটম্ ক্রিটি কম্পজিটম্। সীস পলস্ত্রা ৮ আং; জলপাইয়ের তৈল ৪ আং; শোধিত খটিকা ৪ আং; পরিস্রুত ভিনিগার্ ৪ আং; ডাইএসিটেট্ অব্ লেড্ ৪ ড্রাম্।

৩। হষ্টস্ ক্রিটি এট্ ফেরি। খটিকামিশ্র ৭ ড্রাম্; লৌহাদি মিশ্র ৩ ড্রাম্; কার্ব্বনেট্ অব্ অ্যামোনিয়া ৫ গ্রেণ্।

৪। হষ্টস্ ক্রিটি কম্ ওপিয়ো। অহিফেন্ যুক্ত সুগন্ধ খটিকা চূর্ণ ১০ গ্রেণ্; রেউচিনি ১৫ গ্রেণ্; এলাদি অরিষ্ট ½ ড্রাম্; ক্যারাওয়ে ওয়াটার্ ১½ আং। মাত্রা, ১ আং।

৫। মিশ্চ্যুরা ক্রিটি অ্যাষ্ট্রীঞ্জেন্স্। শোধিত খটিকা ½ আং; মিউসিলেজ ১½ আং; জল ৮ আং; ইন্ফিউজন্ অব্ ক্যাটিকিউ ৮ আং; টিংচর অব্ কাইনো ১ আং। মাত্রা, ১ আং।

৬। মিশ্চ্যুরা ক্রিটি কম্পাউণ্ড্ কম্ ওপিও। অ্যারোমেটিক্ পাউডার্ অব্ চক্ ২০ গ্রেণ্; অহিফেনের অরিষ্ট ৫ মিং;

ক্লোরিক্ ইথর্ ২০ মিং ; টিংচর্ অব্ ক্যাপ্সিকম্ ২ মিং ; পাই-মেণ্টো ওয়াটার্ পূর্ণার্থে ১ আং।

৭। মিশ্চুরা ক্রিটি ওপিয়েটা। অহিফেনযুক্ত সুগন্ধ খটিকা চূর্ণ ৩ ড্রাম্ ; মিণ্ট্ ওয়াটার ৬ আং ; জল ৩ আং। মাত্রা, ১ আং।

৮। পল্‌ভিস্ ক্রিটি কম্পজিটস্। শোধিত খটিকা ৬ আং ; দারুচিনি ৪ আং ; টর্মেণ্টিল্ (Tormentil) ৩ আং ; আরবি গঁদ ৩ আং ; লং পিপর্ ½ ড্রাম্। মাত্রা, ২০—৪০ গ্রেণ্।

৯। পল্‌ভিস্ ক্রিটি কম্পজিটস্ কম্ ওপিও। কম্পা-উণ্ড্ চক্ পাউডার্ ৬½ আং ; অহিফেন ৮০ গ্রেণ্। মাত্রা, ১০—৪০ গ্রেণ্।

১০। পল্‌ভিস্ প্রো মিশ্চুরা ক্রিটি। শোধিত খটিকা ৪ আং ; শর্করা ৩ আং ; আরবি গঁদ ৪ আং ; দারুচিনির তৈল ১½ ড্রাম্। ইহার ½ ড্রামে ১ আং জল মিশ্রিত করিলে খটিকা মিশ্রের ন্যায় হয়। মতান্তরে, শোধিত খটিকা ৪ আং ; আরবি গঁদ ৪ আং ; শর্করা ৩ আং। ইহার ১৪ ড্রামের সহিত ২০ আং জল মিশাইলে খটিকা মিশ্র প্রস্তুত হয়।

১১। ট্রোচিসাই ক্রিটি। (ক) শোধিত খটিকা ৪ আং ; আরবি গঁদ ১ আং ; জায়ফল ১ ড্রাম ; শর্করা ৬ আং ; জল যথা প্রয়োজন। (খ) শোধিত খটিকা ৪ আং ; প্রিপেয়ার্ড্ ক্র্যাব্স্ ক্লজ্ (Crab's Claws) ২ আং ; বোল্ (Bole) ½ আং ; জায়ফল ২০ গ্রেণ্ ; শর্করা ৩ আং ; জল যথা প্রয়োজন।

১২। অঙ্গুয়েণ্টম্ ক্রিটি। শোধিত খটিকা ১ ; ভিমির বসার মলম ৪। একত্রে উত্তমরূপে মিশাইয়া লইবে।

১৩। অঙ্গুয়েণ্টম্ ক্রিটি কম্পজিটম্। শোধিত খটিকা ৬ আং ;

জলপাইয়ের তৈল ৩২ আং; শীস পলস্তা ৩৺পৌং একত্র মিশ্রিত করিয়া ৬ আং জলমিশ্র সির্কায় প্রয়োগ করিবে।

ক্রোকস্; স্যাফ্রন্। কুঙ্কুম্ বা জাফ্রান্।

ক্রোকস্ স্যাটাইভস্ নামক বৃক্ষের পুষ্পের শুষ্ক গর্ভ কেশর। কমলা লেবুর ন্যায় লালবর্ণ বিশিষ্ট, কোমল, সূত্রেখণ্ডবৎ, সদগন্ধযুক্ত ও তিক্তাস্বাদবিশিষ্ট পদার্থ।

ক্রিয়াদি—উত্তেজক, বায়ুনাশক, ঘর্ম্ম ও রজোনিঃসারক এবং আক্ষেপনিবারক। ক্লোরোসিস্, মৃগী ও বিবিধ স্নায়বীয় রোগে জাফ্রান ব্যবহৃত হয়। সুন্দর বর্ণের নিমিত্ত ইহা অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। টিংচ্যুরা ক্রোসাই। মাত্রা, ½—২ ড্রাম্। জাফ্রান্ ১; পরীক্ষিত সুরা ২০। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরাপস্ ক্রোসাই। কুঙ্কুম ১০ ড্রাম্; স্ফুটিত পরিস্রুত জল ২০ আং। ১২ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া পরে ইহার দ্বিগুণ ওজনে শর্করা মিশ্রিতপূর্ব্বক মৃদু সন্তাপে দ্রব করিয়া ইহার প্রতি আউন্সে ½ ড্রাম্ শোধিত সুরা মিশাইবে। মাত্রা, ২—৪ ড্রাম্।

২। সিরাপস্ ক্রোসাই "ভাইনোসস্"। কুঙ্কুম ১ আং; ম্যালেগা (Malaga) ওয়াইন্ ১৬ আং; শর্করা ২৪ আং।

মুসব্বরাদি কাথ, পাইল্যুলা এলোজ্ এট্ মর্হি, সুগন্ধ খটিকা চূর্ণ, টিংচর্ সিন্কোনা কম্পাউণ্ড, টিংচ্যুরা ওপিয়াই অ্যামো-

নিয়েটা এবং রেউচিনির অরিষ্ট প্রস্তুত করিতে জাফ্রান্ ব্যবহৃত হয়।

ক্রোটোনিস্ ওলিয়ম্। জয়পালের তৈল।

ক্রোটন্ টিগ্লিয়ম্ নামক বৃক্ষের বীজের নিষ্পীড়িত তৈল। গাঢ়, পাটলবর্ণ, দুর্গন্ধযুক্ত ও কটু আস্বাদ বিশিষ্ট। ইহা ইথর, টার্পিণ ও জলপাইয়ের তৈলে দ্রবনীয়।

ক্রিয়াদি—অতি বিরেচক এবং স্থানিক প্রত্যুগ্রতাসাধক। ইহা সেবনে অন্ত্রাদিতে উগ্রতা প্রকাশ পায়। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। অন্ত্রাদিতে প্রদাহ থাকিলে ও ক্ষীণ ব্যক্তিকে ইহা প্রয়োগ করিবে না। শোথ, উদরী, সংন্যাস, উন্মাদ, ধনুষ্টঙ্কার প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং বিবিধ পূরাতন কাস, বাত এবং সন্ধি বেদনাদিতে ইহার মর্দ্দন স্থানিক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। লিনিমেণ্টম্ ক্রোটনিস্। অয়েল্ অব্ ক্রোটন্ ১ ; অয়েল্ অব্ ক্যাজুপটী ৩½ ; শোধিত সুরা ৩½। একত্র মিশ্রিত করিয়া লইবে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। সিরেটম্ ক্রোটনিস্। লার্ড ২½ ; মোম ½ (উত্তাপ দ্বারা গলাইয়া) ; জয়পালের তৈল ½। স্থানিক উগ্রতাসাধক।

২। এম্প্লাষ্ট্রম্ ক্রোটনিস্। সীস পলস্তা ৪ ; জয়পালের তৈল ১। পলস্তা অগ্নি সন্তাপে গলাইয়া পরে তৈল মিশাইবে।

৩। পাইল্যুলা ক্রোটনিস্ কম্ কুইনিয়া। ক্রোটন্ অয়েল্

সোপ্ ২০ গ্রেণ্; সল্‌ফেট্ অব্ কুইনাইন্ ২০ গ্রেণ্; এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ড্যাণ্ডেলিয়ন্ ২০ টী বটিকা প্রস্তুতার্থে যথাপ্রয়োজন। মাত্রা, ১ বটিকা।

৪। টিংচ্যুরা ক্রোটনিস্। (ক) জয়পালের তৈল ১৬ মিং; শোধিত সুরা ১ আং। (খ) জয়পালের বীজ চূর্ণ ১ ড্রাম্; শোধিত সুরা ১½ আং। (গ) জয়পালের তৈল ৪ মিং; গন্ধ-বোলের অরিষ্ট ১ আং। (ঘ) জয়পালের তৈল ৮ মিং; শোধিত সুরা ১ আং। মাত্রা, ½—১ ড্রাম্।

৫। অঙ্গুয়েণ্টম্ ক্রোটনিস্। (ক) জয়পালের তৈল ১০ মিং; লার্ড্ ½ আং। (খ) লার্ড্ ২½; মোম ½; জয়পালের তৈল ১। লার্ডকে অগ্নিসন্তাপে গলাইয়া পরে তৈল মিশাইবে।

কিউবেবা; কিউবেব্‌স্। কাবাবচিনি।

মাত্রা, ৩০—১২০ গ্রেণ্।

পাইপর্ কিউবেবা নামক লতার শুষ্ক অপক্ক ফল। যাবা উপদ্বীপে জন্মে। ইহা দেখিতে প্রায় গোলমরিচের ন্যায়। পরন্তু, ইহাতে একটী ক্ষুদ্র বৃন্ত সংযুক্ত থাকে। রুক্ষ আস্বাদবিশিষ্ট ও ঈষৎ উগ্র মদগন্ধযুক্ত। ইহাতে বায়বী তৈল, ধুনা ও কিউবেবিন্ নামক বীর্য্য বিশেষ পাওয়া যায়।

ক্রিয়াদি—শ্লৈষ্মিক ঝিল্লি উত্তেজক, কফনিঃসারক, আগ্নেয় ও বায়ুনাশক। প্রমেহ, শ্বেতপ্রদর, শুক্রমেহ, অর্শ, প্রষ্টেট্ গ্রন্থির পুরাতন প্রদাহ ও মূত্রাশয় প্রদাহ রোগে ইহা বিশেষোপযোগী। কথিত আছে যে, ইহা অর্শরোগে গোলমরিচের পরিবর্ত্তে এবং অগ্নিদোষ রোগ নিবারণার্থে প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ—১। ওলিয়ম্ কিউবেবি। মাত্রা, ৫—২০ মিং। কাবাব্‌চিনি চুয়াইয়া প্রস্তুত হয়।

২। ওলিয়ো রেজিনা কিউবেবি। কাবাবচিনি স্থূল চূর্ণ ২ পাউণ্ড্; ইথর্ ৪ পাইণ্ট্ বা যথা প্রয়োজন। পার্কোলেটার নামক যন্ত্র মধ্যে কাবাবচিনি রাখিয়া ইথর্ প্রয়োগ করিবে। পরে যখন দেখিবে যে, বর্ণহীন ইথর্ নির্গত হইতেছে, তখন জল-স্বেদন যন্ত্রোত্তাপে ইথর্ উৎপাতিত করিবে। অনন্তর দানাযুক্ত বা মোমের ন্যায় পদার্থ অধঃস্থ হওন স্থগিত হইলে ওলিয়ো রেজিন্ ঢালিয়া লইবে। মাত্রা, ৫—৩০ মিং।

৩। টিংচ্যুরা কিউবেবি। মাত্রা, ½—২ ড্রাম্। কাবাব্‌চিনি ১ ভাগ; শোধিত সুরা ৮ ভাগ। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ইলেক্‌চুয়েরিয়ম্ কিউবেবি এট্ কোপেবি। কোপেবা ১ আং; কাবাবচিনি চূর্ণ ১½ আং; অয়েল্ অব্ পিপারমিণ্ট্ ৮ মিং; নাইট্রিক্ ইথর্ ১৫ মিং; শর্করা চূর্ণ যথা প্রয়োজন।

২। ইমল্‌সিয়ো কিউবেবি। মাত্রা, ৪ ড্রাম্। (ক) এসেন্স্ অব্ কিউবেব্ ৪ আং; মিউসিলেজ্ ৪ আং। (খ) ওলিও—রেজিনস্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কিউবেব্ ২ ড্রাম্; গম্ অ্যাকেসিয়া ½ আং; শর্করা ১ ড্রাম্ এবং জল ৩½ আং।

৩। এনিমা কিউবেবি। ডিকক্সন্ অব্ ম্যালো ৬ আং; কাবাব্‌চিনি চূর্ণ ৬ ড্রাম্।

৪। এসেন্সিয়া কিউবেবি। (ক) ওলিও—রেজিনস্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কিউবেব্ ১ আং; ব্রাণ্ডি ৩ পাইণ্ট্। (খ) ২০ আং

কন্‌সেণ্ট্রেটেড্ টিংচর্ অব্ কিউবেবের সহিত ৮ আং কাবাব্ চিনি মিশ্রিত করিবে। মাত্রা, ২—৪ ড্রাম্।

৫। একষ্ট্রাক্টম্ কিউবেবি। মাত্রা, ১৫। ৩০ গ্রেণ্। সুরা ঘটিত সার।

৬। একষ্ট্রাক্টম্ কিউবেবি ফ্লুইডম্। মাত্রা, ১০—৩০ মিং।

৭। একষ্ট্রাক্টম্ কিউবেবি ওলিয়ো রেজিনোসম্। ক্রিয়াদি—ওলিয়ো রেজিন্ অব্ কিউবেবের ন্যায়।

৮। ইঞ্জেক্সিয়ো কিউবেবি। গ্রাউণ্ড্ কিউবেব্ ১ আং; বেলাডনার সার ১ ড্রাম্; ফুটিত জল ১৬ আং। ভিজাইয়া ছাঁকিবে।

৯। পল্‌ভিস্ কিউবেবি কম্ অ্যালুমিনি। কাবাব্ চিনি ২ আং; ফট্‌কিরি ৪ ড্রাম্। মাত্রা, ১—২ আং।

কুপ্রম্; কপার্। তাম্র ধাতু

বিবিধ প্রয়োগরূপ প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

কুপ্রাই নাইট্রাস্; (কুপ্রিক্ নাইট্রেট্)।

জলমিশ্র যবক্ষার দ্রাবকে তাম্র সংযুক্ত করিয়া প্রস্তুত হয়। দেখিতে প্রায় তুঁতিয়ার ন্যায়।

ক্রিয়াদি—তীক্ষ্ণদাহক। উপদংশ, ল্যুপস্ ও বিবিধ পচিত ক্ষতে স্থানিক ব্যবহৃত হয়। ইহা আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

কুপ্রাই সল্‌ফাস্‌; তুঁতিয়া।

(ব্লুষ্টোন্ বা ব্লু বিট্রিয়ল্)।

তাম্র ধাতু বা উহার অক্সাইডে গন্ধক দ্রাবক সংযোগ করিয়া ইহা প্রস্তুত হয়। দেখিতে নীলবর্ণ, স্তম্ভাকার, গন্ধহীন ও তীক্ষ্ণ কষায়াস্বাদ বিশিষ্ট। জলে দ্রব, সুরা ও গ্লীসারিনে অদ্রবনীয়। ক্ষার বা উহার কার্ব্বনেট্, গন্ধকদ্রাবক ভিন্ন সমুদায় দ্রাবক, সীস, রৌপ্য, পারদ, চুণের জল এবং উদ্ভিজ্য সঙ্কোচক দ্বারা ইহার উপাদান নষ্ট হয়।

ক্রিয়াদি—বলকারক, সঙ্কোচক, অগ্নেয় ও আক্ষেপ নিবারক। অধিক মাত্রায় বমনকারক এবং অত্যধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। স্থানিক প্রয়োগে দাহক, রক্তরোধক, উত্তেজক ও সঙ্কোচক। পুরাতন উদরাময় ও অতিসার, কোরিয়া, এপিলেপ্সি, ক্রুপ্ প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং মাদক দ্রাবক দ্বারা বিষাক্ত হইলে বমনকারক স্বরূপ; পুরাতন ও নিরঙ্কুর ক্ষতে উত্তেজক স্বরূপ এবং পুরাতন চক্ষুপ্রদাহে ইহার দ্রব (১ আং জলে ১ গ্রেণ্) শু প্রমেহ এবং শ্বেতপ্রদর রোগে ইহার পিচ্‌কারী (১ আং জলে ১। ৪ গ্রেণ্) ও জলৌকা দংশিত স্থান হইতে রক্তস্রাব রোধার্থে ইহা স্থানিক প্রয়োগ করা যায়। মাত্রা, ¼—২ গ্রেণ্ সঙ্কোচক ও ৫—১০ গ্রেণ্ বমনকারক্।

ফার্ম্মাকোপিয়ার গৃহীত নহে।

১। ল্যাপিস্ ডিভাইনস্। ফট্‌কিরী দেখ।

২। কুপ্রাই ওলিয়াস্। ওলিয়েট্ দেখ।

৩। কোলিরিয়ম্ কুপ্রাই সল্ফেটিস্। (ক) তুঁতিয়া ২ গ্রেণ্; জল ১ আং। (খ) তুঁতিয়া ৮ গ্রেণ্; বোল্ (Bole) ৮ গ্রেণ্; কর্পূর ২ আং; উষ্ণ জল ৮ আং। (গ) লোসিও কুপ্রাই সল্ফেটিস্ ক্যাম্ফরেটা ২ ড্রাম্; পরিস্রুত জল ৮ আং।

৪। লাইকর্ কুপ্রাই সল্ফেটিস্ কম্পোজিটস্; (অ্যাকোয়া ষ্টিপ্টিকা)। তুঁতিয়া ৩ আং; ফট্কিরী ২ আং; গন্ধকদ্রাবক ২ আং; জল ২৪ আং। স্থানিক প্রয়োগে রক্তরোধক।

৫। লোসিও কুপ্রাই (সল্ফেটিস্) ক্যাম্ফরেটা। কর্পূর ½ ড্রাম্; বোল্ (Bole) ১ ড্রাম্; তুঁতিয়া ৪০ গ্রেণ্; স্ফুটিত জল ২০ আং। একত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৬। লোসিও কুপ্রাই সল্ফেটিস্। (ক) তুঁতিয়া ১০ গ্রেণ্; জল ১ আং। (খ) তুঁতিয়া ১ আং; জল ২০ আং। প্রুরাইগো, চিল্ব্লেন্, চুলকানি প্রভৃতিতে স্থানিক ব্যবহৃত হয়।

৭। মিশ্চ্যুরা কুপ্রাই সল্ফেটিস্। মাত্রা, ১—২ ড্রাম্। তুঁতিয়া ১ গ্রেণ্; সিরাপ্ অব্ পপিস্ ১ আং; মৌরির জল ৩ আং।

৮। পাইল্যুলা কুপ্রাই সল্ফেটিস্। (ক) তুঁতিয়া ৩ গ্রেণ্; পাঁউরুটী ১ ড্রাম্। ২৪ টী বটিকা প্রস্তুত করিবে। (খ) তুঁতিয়া ১৬ গ্রেণ্; পাঁউরুটী ৮০ গ্রেণ্; সল্যুসন্ অব্ কার্ব্বনেট্ অব্ অ্যামোনিয়া ৯৬ টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন।

৯। পাইল্যুলা কুপ্রাই কম্পজিটা। তুঁতিয়া ¼ গ্রেণ্; অহিফেন্ ¼ গ্রেণ্; গোলাবের খণ্ড যথা প্রয়োজন।

কস্পেরাই কর্টেক্স্। (আঙ্গোষ্টিয়ুরা বার্ক্)।

গ্যালিপিয়া কস্পেরিয়া নামক বৃক্ষের শুষ্ক বল্কল। আমেরিকা দেশে জন্মে। চ্যাপ্টা বা নলাকারে গুটিত; বাহ্যদেশ ধূসর বর্ণ এবং অভ্যন্তর প্রদেশ পাটল বর্ণ। ইহাতে বায়ি তৈল ও কস্পেরিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি—উত্তেজক, বলকারক, আগ্নেয় এবং জ্বরঘ্ন। পর্য্যায় ও অনুপর্য্যায় জ্বর, উদরাময়, অতিসার ও অজীর্ণ রোগে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউসম্ কস্পেরাই। কস্পেরিয়া স্থূল চূর্ণ ১; পরিস্রুত জল (১২০ তাপাংশে) ২০। ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১—২ আং। ধাতবাম্ল, ক্ষার ও পার্ক্লোরাইড্ অব্ আয়রন্ সংযোগে ইহার উপাদান নষ্ট হয়। অপিচ, ইহা অধিক মাত্রায় সেবন করিলে ভেদ ও বমন উপস্থিত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। একষ্ট্রাক্টম্ কস্পেরাই। মাত্রা, ২—৮ গ্রেণ্।

কসো; কুসো।

ব্রায়েরা এন্থিল্‌মেণ্টিকা নামক বৃক্ষের শুষ্ক পুষ্প। লালবর্ণ, কটু আস্বাদ ও বিশেষ গন্ধবিশিষ্ট পদার্থ।

ক্রিয়াদি—ক্রিমিনাশক। ফিতার ন্যায় (টেপ্ ওয়ার্ম) ক্রিমি রোগে প্রয়োজ্য। মাত্রা, ২—৪ ড্রাম্।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউসম্ কুসো। মাত্রা, ৪—৮ আং।

কুসো চূর্ণ ১ ; স্ফুটিত পরিস্রুত জল ১৬। ১৫ মিনিট ভিজাইয়া পরে ছাঁকিয়া ব্যবহার করিবে।

ডিজিটেলিস্ ফোলিয়া ; ফক্স্ গ্লভ্ লীভ্স্।

মাত্রা, ½—১½ গ্রেণ্।

ডিজিটেলিস্ পর্পিউরিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র। ইউরোপ দেশে জন্মে। দীর্ঘ, তীক্ষ্ণাগ্র বিশিষ্ট পত্র। তিক্ত ও কদর্য্য আস্বাদ বিশিষ্ট। ইহাতে ডিজিটেলিন্ নামক বীর্য্য বিশেষ পাওয়া যায়। লৌহ, সীস, ট্যানিন্ সংযুক্ত ঔদ্ভিজ্য সংযোগে ইহার উপাদান বিযুক্ত হয়।

ক্রিয়াদি—স্নায়বীয় অবসাদক, শৈত্য ও মূত্রকারক। ইহা দ্বারা হৃদ্‌পিণ্ড ও ধমনীর স্পন্দন ও দ্রুততার সাম্য হয়। অধিক মাত্রায় সেবন করিলে বিষক্রিয়া করে। হৃদ্‌পিণ্ডের বিবিধ রোগে, ধমনী প্রদাহ ও ধমন্যার্ব্বুদ, শোথ, স্নায়ুশূল, মদাতঙ্ক, শ্বাসকাশ, ফুস্‌ফুস্ প্রদাহ, এরিসিপেলাস্, সন্ধি প্রদাহ, প্রমেহ ও শুক্রমেহ, মৃগী, রক্তোৎকাশ ও অন্যান্য রক্তস্রাবে, উন্মাদ ও স্নায়বীয় শিরঃপীড়াদিতে ডিজিটেলিস্ বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। ইন্‌ফিউসম্ ডিজিটেলিস্। ডিজিটেলিস্ পত্র ২৮ গ্রেণ্; স্ফুটিত পরিস্রুত জল ১০ আং। ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে। মাত্রা, ২—৪ ড্রাম্।

২। টিংচ্যুরা ডিজিটেলিস্। মাত্রা, ১০—৩০ মিং। ডিজিটেলিস্ পত্র চূর্ণ ১ ; পরীক্ষিত সুরা ৮। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। একষ্ট্রাক্টম্ ডিজিটেলিস্। মাত্রাদি,—বেলাডনার সারের ন্যায়।

২। লিনিমেণ্টম্ ডিজিটেলিস্। ডিজিটেলিসের ফাণ্ট ২ আং; ওয়াটার অব্ অ্যামোনিয়া ২ ড্রাম্; অয়েল্ অব্ পপিসীড্ ৪ ড্রাম্। মূত্রকারক স্বরূপ মর্দ্দনরূপে (উদর প্রদেশে) ব্যবহার্য্য।

৩। ওলিয়ম্ ডিজিটেলিস্। সরস পত্র হইতে প্রস্তুত হয়।

৪। পাইল্যুলা ডিজিটেলিস্ কম্পজিটা। ডিজিটেলিস্ চূর্ণ ½ গ্রেণ্; স্কুইল্ ১ গ্রেণ্; ব্লু পীল্ ৩ গ্রেণ্। মাত্রা, ১—৪ গ্রেণ্।

৫। পাইল্যুলা ডিজিটেলিস্ এট্ সিলি। ডিজিটেলিস্ ১; স্কুইল্ ১, অ্যারোমেটিক্ ইলেক্চ্যুয়েরি ২; গোলাবের খণ্ড ৪ গ্রেণ্ করিয়া বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন।

৬। পীল্ ডিজিটেলিস্ ওপিয়াই এট্ কুইনিই। ডিজিটেলিস্ চূর্ণ ½ গ্রেণ্; অহিফেন্ চূর্ণ ¼ গ্রেণ্; সল্ফেট্ অব্ কুইনিন্ ১ গ্রেণ্; পল্ভ্ ইপিক্যাক্ ¼ গ্রেণ্।

৭। সক্কস্ ডিজিটেলিস্। মাত্রা, ৫—১৫ মিং। সরস পত্রের রস ৩; শোধিত সুরা ১।

৮। সিরাপস্ ডিজিটেলিস্। (ক) ডিজিটেলিস্ ১৬০ গ্রেণ্; স্ফুটিত জল ১৬ আং। ৬ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। পরে ১২ আং শর্করা মিশ্রিত করিয়া পাক প্রস্তুত করিবে। (খ) ডিজিটেলিসের সুরাঘটিত সার ১ ভাগ ৮ অংশ জলে দ্রবান্তর ৩০০ অংশ উষ্ণ সিরাপের সহিত মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, ১০—৩০ মিং।

৯। টিংচ্যুরা ডিজিটেলিস্ ইথিরিয়া। মাত্রাদি—টিংচ্যুরা অ্যাকোনিটাই ইথিরিয়ার ন্যায়।

১০। অঙ্গুয়েণ্টম্ ডিজিটেলিস্। প্রস্তুত প্রণালী অঙ্গুয়েণ্টম্ কোনিয়াইয়ের ন্যায়।

১১। ভাইনম্ ডিজিটেলিস্। শুষ্ক ডিজিটেলিস্ ১ আং; হোয়াইট্ ওয়াইন্ ৩২ আং। ৪ দিবস ভিজাইয়া ছাঁকিবে।

১২। ডিজিটেলিনম্। মাত্রা, $\frac{১}{৬০}$—$\frac{১}{৩০}$ গ্রেণ্। শ্বেতবর্ণ, অস্বচ্ছ চূর্ণ। ক্রিয়াদি—ডিজিটেলিসের ন্যায়। কিন্তু তদপেক্ষা অনেক প্রবল।

প্রয়োগরূপ—(১) পাইল্যুলা ডিজিটেলিন্। মাত্রা, ৪। ৬ বটিকা। ডিজিটেলিন্ ১৫ গ্রেণ্; বিশুদ্ধ শর্করা ১২½ ড্রাম্। একত্র উত্তমরূপে মিশ্রিত করিয়া ১০০০ সহস্র বটিকা প্রস্তুত করিবে।

১৩। ডিজিটক্সিন্। শ্বেতবর্ণ, অস্বচ্ছ দানাযুক্ত চূর্ণ। ইহা সেবন করিলে ভয়ঙ্কর বিষক্রিয়া করে। জলে অদ্রবনীয় ও ইথরে দ্রবনীয়।

একবেলিয়াই ফ্রক্টস্; স্কোয়ার্টিং কুকাম্বার ফ্রুট্।

(ইলেটিরিয়া ফ্রক্টস্)

একবেলিয়ম্ ইলেটিরিয়ম্ নামক বৃক্ষের প্রায় পক্ব ফল।

প্রয়োগরূপ—১। ইলেটিরিয়ম্ (একষ্ট্রাক্টম্ ইলেটিরিয়াই)। মাত্রা, $\frac{১}{১৬}$—$\frac{১}{২}$ গ্রেণ্। একবেলিয়ম্ ইলেটিরিয়ম্ নামক ফলের রসের শুষ্ক গাদ। হরিদ্রাভ ধূসর বর্ণ পাতলা খণ্ড সকল; তিক্ত ও কদর্য্যাস্বাদ বিশিষ্ট। ইহাতে ইলেটিরিন্ নামক বীর্য্য পাওয়া যায়।

ক্রিয়াদি—অতিবিরেচক। ইহার দ্বারা অত্যন্ত জলবৎ ভেদ শোথ, উদরী ও সংন্যাসাদি রোগে প্রয়োগ করা যায়।

ইলেটিরিনম্।

মাত্রা, $\frac{১}{৪০}$—$\frac{১}{১০}$ গ্রেণ্।

ইহা ইলেটিরিয়ম্ হইতে প্রস্তুত হয়। ক্রিয়াদি ইলেটিরিয়মের ন্যায়, কিন্তু তদপেক্ষা অনেক প্রবল।

প্রয়োগরূপ—১। পল্‌ভিস্ ইলেটিরিনাই কম্পজিটস্। ইলেটারিন্ ১, ক্ষীরশর্করা (সুগার্ অব্ মিল্ক্) ৩৯। মাত্রা, $\frac{১}{২}$—৫ গ্রেণ্। অন্ত্রবদ্ধ রোগে ব্যবহার্য্য।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পাইল্যুলা ইলেটিরিয়াই। ইলেটিরিয়ম্ $\frac{১}{২}$ গ্রেণ্, হেন্‌বেনের সার ৪ গ্রেণ্। ১ বটিকা প্রস্তুতার্থে।

২। টিংচুরা ইলেটিরিয়াই কম্পজিটা। মাত্রা, ১০—৩০ মিং। ইলেটারিনম্ ১ গ্রেণ্; কম্পাউণ্ড্ টিংচর্ অব্ ক্লোরোফর্ম ১ আং।

এলিমাই।

ক্যানেরিয়ম্ কম্যুনি নামক বৃক্ষের গাঢ় ধুনাযুক্ত নির্য্যাস্। ইহা ম্যানিলা হইতে আনিত হয়। সদগন্ধযুক্ত, ঈষৎ পীত বর্ণ, প্রথমে কোমল ও পরে শুষ্ক হইলে কঠিন হয়। সুরায় দ্রবনীয়।

ক্রিয়া—টার্পিন তৈলের ন্যায় স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েন্টম্ এলিমাই। এলিমাই ১; মোমের মলম ৪। পুরাতন ক্ষতাদি উত্তেজনার্থে স্থানিক ব্যবহার্য্য।

আর্গটা।

মাত্রা, ২০—৩০ গ্রেণ্।

সিকেলি সিরেয়েলি (রাই) নামক ঔষধীর শস্য। ইহাকে সিকেলি কর্নিউটম্ বা আর্গট্ অব্ রাই বলে। ½। ১ ইঞ্চ্ দীর্ঘ, পাটল বর্ণ, দুর্গন্ধ ও কটু আস্বাদযুক্ত পদার্থ। ইহাতে আর্গটিন্ নামক বীর্য্য পাওয়া যায়। আর্গট্ অধিক দিবস রাখিলে নষ্ট হইয়া যায়। কিন্তু কর্পূর সংযোগপূর্ব্বক উত্তমরূপে বদ্ধ করিয়া রাখিলে শীঘ্র নষ্ট হয় না।

ক্রিয়াদি—জরায়ু সঙ্কোচক ও রজোনিঃসারক এবং গর্ভপাতক অর্থাৎ গর্ভবতী স্ত্রীলোক ইহা সেবন করিলে গর্ভস্রাব হয়। প্রসব বেদনায় ক্ষীণতাপ্রযুক্ত প্রসব বিলম্ব হইলে, জরায়ুর শিথিলতা-প্রযুক্ত গর্ভস্রাব; এ ভিন্ন রক্তোৎকাশ, রক্তবমন, রক্তপ্রস্রাব, শ্বেতপ্রদর, প্রমেহ এবং শুক্রমেহাদিরোগে আর্গট্ ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এক্‌ট্রাক্টম্ আর্গটি লিকুইডম্। মাত্রা, ১০—৩০ মিং। আর্গট্ কুট্টিত ১ পৌং; পরিস্রুত জল ৬ পাইণ্ট্; শোধিত ৬ আং।

২। ইন্‌ফিউজম্ আর্গটী। মাত্রা, ১—২ আং। আর্গট্ কুট্টিত ১; ক্বথিত পরিস্রুত জল ৪০। ½ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

৩। টিংচুরা আর্গটী। মাত্রা, ১০—৩০ মিং। আর্গট্ কুট্টিত ১; প্রুফস্পিরিট সুরা ৪। ৪৮ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

৪। আর্গটীনম্ (বজিন্‌স্ আর্গটীন্) মাত্রা, ২—৫ গ্রেণ্।

প্রয়োগরূপ—(ক)। ইঞ্জেক্‌সিও আর্গটীনি হাইপোডার্মিকা। আর্গটীন্ ১০০ গ্রেণ্; কর্পূরের জল ২০০ শত তরল গ্রেণ্ (২০০ মিং)।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। হাইপোডার্মিক্ ল্যামেল্‌জ্। ½ গ্রেণ্ আর্গটীনে জিলেটিন্ মিশ্রিত ক্ষুদ্র চাক্তি।

২। পাইল্যুলা আর্গটী কম্পজিটা। আর্গট্, মুসব্বর ও রিউ (Rew) প্রত্যেক ৮ গ্রেণ্ করিয়া ১২ টী বটিকা প্রস্তুত করিবে। রক্তাল্পতা রোগে দিবসে ২। ৩ বটিকা সেবনীয়।

৩। পাইল্যুলা—আর্গটীনি ২৪ গ্রেণ্; যষ্টিমধু চূর্ণ ৪০ গ্রেণ্। ২৪ টী বটিকা প্রস্তুত করিবে।

৪। মিশ্‌চ্যুরা অর্গটীনি। আর্গটীন্ ১৬ গ্রেণ্; জল ৩ আং; সিরাপ্ অব্ অরেঞ্জ্ ফ্লোয়ার্ ৮ আং। সমুদায় উত্তমরূপে মিশাইবে। মাত্রা, ১ আং। রজঃস্রাবাদিতে ব্যবহার্য্য।

৫। এনিমা আর্গটী। ৮ আং উষ্ণ জলে ১ ড্রাম্ আর্গট্ ভিজাইয়া দুই ঘণ্টা পরে ছাঁকিয়া লইবে।

৬। ডিকক্টম্ আর্গটী। আর্গট্ অব্ রাই ১ ড্রাম্; জল ৬ আং। ১০ মিনিট্ সিদ্ধ করিয়া ছাঁকিবে। মাত্রা, ১—২ আং।

৭। সিরাপস্ আর্গটী। আর্গট্ চূর্ণ ১½ আং; হোয়াইট্ ওয়াইন্ ১১ আং। সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া ১৬ আং চিনি মিশাইবে। মাত্রা, ½—২ ড্রাম্।

৮। টিংচ্যুরা আর্গটী ইথিরিয়া। আর্গট্ চূর্ণ ১৫ আং; ইথর্ ৪০ আং। সপ্তাহ পরে ছাঁকিবে। মাত্রা, ১০—৩০ মিং।

৯। টিংচুরা আর্গটী অ্যামোনিয়েটা। আর্গট্ চূর্ণ ৬ আং, অ্যারোমেটিক্ স্পিরিট্ অব্ অ্যামোনিয়া ১০ আং। এক মাস (৩০ দিন) ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১০—৬০ মিং।

১০। ভাইনম্ আর্গটী। মাত্রা, ১—৩ ড্রাম্। আর্গট্ চূর্ণ ২ আং; হোয়াইট্ ওয়াইন্ ১৬ আং। ২ সপ্তাহ ভিজাইয়া ছাঁকিবে।

আর্গটীনিন্। মাত্রা, ১/২০০—১/৪০ গ্রেণ্। শ্বেতবর্ণ সূক্ষ্ম চূর্ণ। জলে অদ্রব ও ক্লোরোফর্ম্; ইথর্ ও সুরাবীর্য্য ও জল মিশ্র দ্রাবকে দ্রবনীয়।

(ক) হাইপোডার্মিক্ ইঞ্জেক্সন্—আর্গটীনিন্ ১ গ্রেণ্; ল্যাক্টিক্ অ্যাসিড্ ২ মিং; ক্লোরোফর্ম্ ওয়াটার ১০০০ মিং। মাত্রা, ৫—২০ মিং পর্য্যন্ত।

১২। অ্যাসিডম্ স্ক্লেরোটিকম্ (স্ক্লেরোটেনিক্ অ্যাসিড্)। আর্গট্ হইতে প্রাপ্ত অম্ল বিশেষ। পীতাভ, ধূসর বর্ণ, ক্ষুদ্র দানাযুক্ত চূর্ণ: জলে দ্রবনীয়। মাত্রা, ১/২—১/৪ গ্রেণ্।

১৩। ইঞ্জেক্সিও অ্যাসিডাই স্ক্লেরোটিসাই হাইপোডার্মিকা। ৬ মিনিমে এক গ্রেণ্। মাত্রা, ৩—৫ মিং।

১৪। আর্গটীনিনি সাইট্রাস্। মাত্রা, ১/৬০—১/৩০ গ্রেণ্। হাইপোডার্মিক্ রূপে ব্যবহার্য্য।

ইউকেলিপ্টাই ওলিয়ম্। মাত্রা, ১—৪ মিং।

ইউকেলিপ্টস্ গ্লোবিউলস্; ইউকেলিপ্টস্ অ্যামেগ্ডেলিনা ও সম্ভবতঃ অন্যান্য ইউকেলিপ্টাসের সরস পত্র চুয়াইয়া ইহা

প্রস্তুত হয়। বর্ণহীন, সৌগন্ধযুক্ত ও ঈষৎ মিষ্টাস্বাদবিশিষ্ট। সুরাবীর্য্যে দ্রবনীয়।

ক্রিয়াদি—অন্তঃকৎসেচনাপহ, পচননিবারক ও দুর্গন্ধহারক এবং স্থানিক উগ্রতাসাধক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। শ্বাসনালী প্রদাহ, পর্য্যায় ও সপর্য্যায় ও অন্যান্য জ্বরে, সিষ্টাইটিস্, ডিপ্থিরীয়া, ইন্‌ফ্লুয়েঞ্জা প্রভৃতি রোগে ব্যবহার্য্য। ইহার পচন নিবারক ও দুর্গন্ধহারক গুণ থাকা প্রযুক্ত অস্ত্রচিকিৎসায় এবং যক্ষ্মা, ওজিনা, পাইমিয়া ইত্যাদি রোগে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। অঙ্গুয়েণ্টম্ ইউকেলিপ্টাই। অয়েল্ অব্ ইউকেলিপ্টস্ (ওজনে) ১; সফ্‌ট্ প্যারাফিন্ ২; হার্ড্ প্যারাফিন্ ২। প্যারাফিন্ অগ্নি সন্তাপে গলাইয়া তৈল মিশাইবে।

ফার্মাকোপিয়ার গৃহীত নহে।

১। ইউকেলিপ্টল্। শ্বাসকৃচ্ছ্রাদিতে শ্বাসরূপে ব্যবহার্য্য।

২। ইউকেলিপ্টস্ গজ। কটন্ গজকে ১ অংশ অয়েল্ অব্ ইউকেলিপ্টস্; ৩ অংশ ড্যামার্ রেজিন্ (Dammar Resin) ও ৩ অংশ প্যারাফিন্‌ওয়াক্সে ডুবাইয়া লইবে। ইহা ক্ষতাদি বন্ধনার্থে বিশেষ উপযোগী।

৩। ইউকেলিপ্টস্ সডষ্ট্। অয়েল্ ১; করাতের গুড়া ৮।

৪। ইউকেলিপ্টস্ উল্। শতকরা ৫ অংশ।

৫। আইওডোফর্ম এণ্ড্ ইউকেলিপ্টস্ বুজি। আইওডোফর্ম দেখ।

৬। টিংচ্যুরা ইউকেলিপ্টাই ফোলিয়োরম্। মাত্রা, ১৫। ১২০ মিং। ইউকেলিপ্টস্ পত্র ১; শোধিত সুরা ৫।

৭। অঙ্গুয়েণ্টম্ আইওডোফর্মাই এট্ ইউকেলিপ্টাই। আইওডোফর্মাই দেখ।

ফেরিনা ট্রিটিসাই; হুইটেন্ ফ্লাওয়ার্। গোধূম।

ক্যাটাপ্লাস্মা ফার্মেণ্টাই প্রস্তুতার্থে ইহা ব্যবহৃত হয়।

ফেল্ বভিনম্ পিউরিফিকেটম্। পিউরিফায়েড্ অক্স্ বাইল্। শোধিত বৃষপিত্ত।

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

বৃষপিত্ত ১ পৌং; শোধিত সুরা ২ পাং। ইহাদের সংমিশ্রণে ইহা প্রস্তুত হয়। পীতবর্ণ, দুর্গন্ধযুক্ত এবং কদর্য্যআস্বাদবিশিষ্ট চূর্ণ। জলে ও সুরায় দ্রবনীয়।

ক্রিয়াদি—পরিবর্ত্তক, মৃদুবিরেচক, পিত্তনিঃসারক, কৃমিনাশক, মূত্রকারক ও বলকারক। কোষ্ঠবদ্ধ, পিত্তাল্পতা প্রযুক্ত কোষ্ঠকাঠিন্যে বিশেষোপকারক। পরিপাক যন্ত্রের ব্যাঘাৎ ঘটিলে ইহা বিশেষোপযোগী। মধুমেহ, অজীর্ণ প্রযুক্ত উদরাময় ও জণ্ডিস্ প্রভৃতি রোগে ইহা প্রয়োগ করা যায়। অনেকে পুরাতন বাতরোগে, কর্পূরের সহিত মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিতেন। পরন্তু এক্ষণে এ ব্যবস্থা দৃষ্টিগোচর হয় না।

ফিরম্; আয়রন্; লৌহ।

বিশুদ্ধ লৌহ তারই ঔষধার্থে ব্যবহৃত হয়।

ক্রিয়াদি—বলকারক, উত্তেজক, সঙ্কোচক এবং রক্তরোধক।*

ইহা ব্যবহার করিলে লাল রক্ত কনিকার (রেড্ কর্পসল্) সংখ্যা বৃদ্ধি হয়। রক্তের হিমাটিনিন্ নামক যে বর্ণক পদার্থ আছে, লৌহই তাহার প্রধান উপাদান। সুতরাং ইহাকে হিমাটিক্ (রক্তজনক) বলকারক ও স্নায়ুসমূহের উপর ক্রিয়া থাকায় স্নায়বীয় বলকারক বলে। ইহা সেবন করিলে রক্তের উৎকর্ষ ও লাল রক্তকনিকার সংখ্যা বৃদ্ধি করিয়া বর্ণ উজ্জ্বল ও শরীরে বলাধান হয়। লৌহ সেবন করিলে মুখাভ্যন্তর, দন্ত, জিহ্বা ও মল কৃষ্ণবর্ণ এবং কঠিন হয়। সুতরাং কোনও বিরেচক ও উগ্রতাহারক ঔষধের সহিত ব্যবহার করিলে কোষ্ঠ কাঠিন্য ও অন্ত্রে উগ্রতাদি প্রকাশ পায় না। অপিচ, বিবিধ যান্ত্রিক প্রদাহ ও রক্তাধিক্য থাকিলে লৌহ অবিধেয়। ক্লোরোসিস্, রজোল্পতা এবং বিবিধ পুরাতন স্নায়বীয় রোগ, যথা— দৌর্ব্বল্যপ্রযুক্ত শিরোঘূর্ণন, হিষ্টিরিয়া, কোরিয়া, মৃগী, স্নায়ুশূল, এ ভিন্ন রোগান্তে দৌর্ব্বল্য, শুক্রমেহ, শ্বেতপ্রদর, অজীর্ণ, উদরাময়, ডিপ্থিরিয়া প্রমেহ, ধ্বজভঙ্গ, বন্ধ্যাতা, স্ক্রুফিউলা, রজোধিক, এরিসিপেলাস্ এবং যে সকল রোগে রক্ত নিকৃষ্টাবস্থা প্রাপ্ত হয়, তৎসমুদায় রোগে আভ্যন্তরিক ও রক্তস্রাব রোধার্থে লৌহ স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। মিশ্চ্যুরা ফেরি এরোমেটিকা। মাত্রা, ১—২ আং। লৌহ তার ২; রেড্ সিঙ্কোনা বার্ক চূর্ণ ৪; ক্যালম্বা চূর্ণ ২; লবঙ্গচূর্ণ ১; এলাদি অরিষ্ট ১২; কমলা ত্বকের অরিষ্ট ২; পিপারমিণ্ট্ ওয়াটার্ ৪৮। প্রথমোক্ত দ্রব্যচতুষ্টয় একত্রপূর্ব্বক পিপারমিণ্ট্ জলে ৩ দিবস ভিজাইয়া পরে ছাঁকিবে, অনন্তর অরিষ্টদ্বয় মিশ্রিত করিয়া লইবে।

২। ভাইনম্ ফেরি। সূক্ষ্ম লৌহতার ১ আং; সেরি ২০ আং। আবৃত পাত্র মধ্যে এক মাস (৩০ দিন) কাল ভিজাইয়া পরে ছাঁকিয়া লইবে। মাত্রা, ১—৪ ড্রাম্।

ফেরি এসিটেটিস্ লাইকর্ ফর্সিয়র্।

সোল্যুশন্ অব্ অ্যামোনিয়া; পরিস্রুত জল; সোল্যুশন্ অব্ পার্ সল্ফেট্ অব্ আয়রন্ ও জলমিশ্র গ্লেসিয়েল্ এসিটিক্ এসিড্ সংযোগে ইহা প্রস্তুত হয়। ঘোর লোহিতবর্ণ, কটু কষায়াস্বাদ বিশিষ্ট ও সির্কাম্লের গন্ধবিশিষ্ট তরল পদার্থ। মাত্রা, ১—৮ মিং।

প্রয়োগরূপ—১। লাইকর্ ফেরি এসিটেটিস্। মাত্রা, ৫—৩০ মিং। ষ্ট্রং সোল্যুশন্ অব্ এসিটেট্ অব্ আয়রন্ ৫; পরিস্রুত জল পূর্ণার্থে ২০।

২। টিংচ্যুরা ফেরি এসিটেটিস্। ষ্ট্রং সোল্যুশন্ অব্ এসিটেট্ অব্ আয়রন্ ৫; এসিটিক্ এসিড্ ১; শোধিত সুরা ৫; পরিস্রুত জল ২০ ভাগ পূর্ণার্থে যথা প্রয়োজন।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। টিংচ্যুরা ফেরি এসিটেটিস্ ইথিরিয়া। মাত্রা, ১০—২০ মিং। ষ্ট্রং সোল্যুশন্ অব্ এসিটেট্ অব্ আয়রন্ ৯। ১০; এল্কোহল্ ১½; এসিটিক্ ইথর্ ১।

ফেরি আর্সেনিয়াস্।

মাত্রা, ১/১৬—১/২ গ্রেণ্।

সল্ফেট্ অব্ আয়রণ্ ২০¼ আং; শুষ্ক আর্সেনিয়েট্ অব্

সোডিয়ম্ ১৫½ আং; বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৪½ আং এবং স্ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন। ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। দেখিতে ঈষৎ হরিদ্বর্ণ, গন্ধাস্বাদহীন; লবণ দ্রাবকে দ্রব ও জলে অদ্রবনীয় চূর্ণ।

ক্রিয়াদি—রক্তজনক, পরিবর্ত্তক ও বলকারক। স্থানিক প্রয়োগে দাহক। রক্তাল্পতা ও বিবিধ চর্ম্মরোগে যথা;—এক্জিমা, সোরায়েসিস্, লুপাস্, হার্পিস্, লাইকেন্, কুষ্ঠ, কুরণ্ড ও গোদ প্রভৃতি রোগে ব্যবহার্য্য।

ফেরি কার্ব্বনাস্ স্যাকারেটা।

হিরাকস্ ২ আং; কার্ব্বনেট্ অব্ অ্যামোনিয়ম্ ১¾ আং; স্ফুটিত পরিস্রুত জল ২ গ্যালন্; শর্করা ১ আং সহযোগে প্রস্তুত হয়। পাটলবর্ণ, ঈষৎ মিষ্ট কষায়াস্বাদবিশিষ্ট স্থূল চূর্ণ। উষ্ণ লবণ দ্রাবকে উচ্ছ্বলিত হইয়া দ্রব হয়।

ক্রিয়াদি—রজনিঃসারক, রক্তজনক ও বলকারক। ইহার ক্রিয়া মাধুর্য্য হেতু স্ত্রীলোক ও বালকদিগকে ব্যবস্থা করা যায়। রজঃস্তম্ভ, নিরক্তাবস্থা ও দৌর্ব্বল্যাদিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। মিশ্চুরা ফেরি কম্পজিটা (অ্যান্টি-হেক্টিক্ বা গ্রিফিথ্স্ মিক্শ্চার্)। মাত্রা, ১—২ আং। হিরাকস্ ২৫ গ্রেণ্; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৩০ গ্রেণ; গন্ধবোল চূর্ণ ৬০ গ্রেণ্; শর্করা ৬০ গ্রেণ্; জায়ফলের স্পিরিট্ ৪ ড্রাম্; গোলাবজল ৯½ আং। হিরাকস্ ভিন্ন অন্যান্য দ্রব্যকে ৭ আং গোলাবজলের সহিত মিশ্রিত করিয়া, ২½ আং গোলাবজলে

হিয়াকস্ দ্রব করিয়া একত্র মিশ্রিতপূর্ব্বক শীঘ্র বোতল মধ্যে আবদ্ধ করিবে, যেন উহাতে বায়ু প্রবেশ না করে। যেহেতু ইহা বায়ুতে রাখিলে ইহার কার্ব্বনেট্ পারক্সাইড্ হইয়া যায়।

২। পাইলুলা ফেরি কার্ব্বনেটিস্। মাত্রা, ৫—২০ গ্রেণ্। স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্ ৪ ; গোলাবের খণ্ড ১।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পিল্ ফেরি। সল্‌ফেট্ অব্ আয়রন্ ৬০ গ্রেণ্ ; কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৩৬ গ্রেণ্ ; শর্করা ১২ গ্রেণ্ ; ট্রাগাকান্থ্ ৪ গ্রেণ্ ; গ্লীসারিন্ ২½ মিং ; পরিস্রুত জল ২৪ টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন।

২। ট্রোচিসাই ফেরি কার্ব্বনেটিস্ স্যাকারেটি। প্রতি চাক্তিতে ৩ গ্রেণ্। মাত্রা, ১—৩ চাক্তি।

ফেরিএট্ অ্যামোনিয়াই সাইট্রাস্।

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

পারসল্‌ফেট্ অব্ আয়রণ্ ১০ আং বা যথা প্রয়োজন ; অ্যামোনিয়া দ্রব ২৩ আং বা যথা প্রয়োজন ; জম্বীরাম্ল ৪ আং ও পরিস্রুত জল যথা প্রয়োজন সহযোগে ইহা প্রস্তুত হয়। পাতলা, সল্কাকার, হরিতাভ পাটলবর্ণ, স্বচ্ছ, ঈষৎ মিষ্ট ও কষায়াস্বাদ বিশিষ্ট ; জলে দ্রব ও সুরায় অদ্রবনীয়।

ক্রিয়াদি—রক্তজনক ও বলকারক। ইহার ক্রিয়া মাধুর্য্য হেতু শৈশবাবস্থায় প্রয়োগ করা যায়। নিরক্তাবস্থা, স্ক্রফিউলা, টেবীজ্ মেসেন্টেরিকা ও রোগান্তে দৌর্ব্বল্যাদিতে ব্যবহার্য্য।

অপর, ইহার সঙ্কোচনক্রিয়া না থাকায় ও লৌহ ঘটিত উগ্র ঔষধ পাকাশয়ে অসহ্য হইলে ইহা ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। ভাইনম্ ফেরি সাইট্রেটিস্। মাত্রা, ১—৪ ড্রাম্। সাইট্রেট্ অব্ আয়রন্ এণ্ড্ এমোনিয়ম্ ১৬০ গ্রেণ্; অরেঞ্জ্ ওয়াইন্ ১ পাইণ্ট্। ৩ দিবস ভিজাইয়া ছাঁকিবে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। হষ্টস্—ফেরি এট্ এমোনিয়াই সাইট্রেটিস্ ৮ গ্রেণ্; কার্ব্বনেট্ অব্ এমোনিয়ম্ ২ গ্রেণ্; ক্লোরিক্ ইথর্ ১০ মিং; ইন্‌ফিউসম্ অব্ কোয়াসিয়া ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন।

ফেরি এট্ কুইনাইনি সাইট্রাস্।

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

সল্‌ফেট্ অব্ কুইনিন্ ১ আং; পার্‌সল্‌ফেট্ অব্ আয়রণ্ দ্রব ৪½ আং; পরিশ্রুত জল যথা প্রয়োজন; জম্বীরাম্ল ৩ আং; জলমিশ্র গন্ধকদ্রাবক ১২ ড্রাম্; অ্যামোনিয়া দ্রব যথা প্রয়োজন। ইহাদের সংমিশ্রনে ফেরি সাইট্রেট্ অব্ কুইনাইন্ প্রস্তুত হয়।

হরিৎমিশ্র পাটলবর্ণ, পাতলা, সঙ্কাকার, তিক্ত কষায়াস্বাদবিশিষ্ট; জলে দ্রবনীয় পদার্থ।

ক্রিয়াদি—রক্তজনক, বলকারক এবং পর্য্যায়নিবারক। ইহার ক্রিয়া মাধুর্য্য হেতু শৈশবাবস্থায়, স্ত্রীলোক ও দুর্ব্বল ব্যক্তিকে অবাধে ব্যবহার করা যায়।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চুয়া ফেরি এট্ কুইনিয়ি এপার্ ভেলেন্স্। সাই-

ট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড্ অ্যামোনিয়া ৫ গ্রেণ্; সল্ফেট্ অব্ কুইনিয়া ১ গ্রেণ্; সাইট্রিক্ অ্যাসিড্ ১০ গ্রেণ্; জল ১ আঃ। ব্যবহারকালীন ৩০ গ্রেণ্ বাই কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ মিশাইয়া লইবে।

ফেরি পারক্লোরাইডাই লাইকর্ ফর্সি য়র্।

লৌহ তার ২ আং; লবণ দ্রাবক ১২ আং, যবক্ষার দ্রাবক ৯ ড্রাম্; পরিস্রুত জল ৮ আং; ইহাদের সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। লালাভ ধূসর বর্ণ, গন্ধহীন, অম্ল কষায়াস্বাদবিশিষ্ট তরল পদার্থ। জলে ও সুরায় দ্রবনীয়। ইহার দ্রবে নাইট্রেট্ অব্ সিল্ভার্ সংযোগে শ্বেতবর্ণ দধিবৎ ক্লোরাইড্ অব্ সিল্ভার্ অধঃস্থ হয়।

ক্রিয়াদি—প্রবল সঙ্কোচক, রক্তরোধক এবং দাহক, বলকারক ও রক্তজনক। হস্পিট্যাল্ গ্যাংগ্রিন্, ফঙ্গষ্ট্যুমার্, ইউটরাইন্ পলিপস্, ক্যান্সার্ ও বিবিধ রক্তস্রাবে ইহার স্থানিক প্রয়োগে রক্তস্রাব রোধ হইয়া বিশেষ উপকার হয়। রোগান্তে দৌর্ব্বল্য, নিরক্তাবস্থা, যক্ষা, অতিসার, মধুমেহ, মেহ, প্রমেহ, আণ্ডলালীক প্রস্রাব ও শৈশবাবস্থায় শয্যায় মূত্র ও অন্যান্য মূত্র গ্রন্থির বিবিধ পীড়ায় ইহা বিশেষ উপকারক। এ ভিন্ন এরিসিপেলাস্, ডিপ্থিরিয়া, ভিনিরিয়েল্ ওয়ার্টস্, এপিষ্ট্যাক্সিস্, জলৌকা ক্ষত ও দন্তোৎপাটনের পর যে রক্তস্রাব হয়, তাহা রোধার্থে ইহা স্থানিক প্রয়োগ করা যায়।

প্রয়োগরূপ—১। লাইকর্ ফেরি পার্ক্লোরাইডাই। মাত্রা;

১০—৩০ মিং। পারক্লোরাইড্ অব্ আয়রনের উগ্র দ্রব ৫ আং; পরিস্রুত জল ১৫ আং। একত্রে মিশ্রিত করিয়া লইবে।

২। টিংচুয়ারা ফেরি পারক্লোরাইডাই। মাত্রা, ১০—৩০ মিং। পারক্লোরাইড্ অব্ আয়রনের উগ্র দ্রব ১; শোধিত সুরা ১; পরিস্রুত জল ২। একত্র মিশাইয়া লইবে। পূর্ব্বে জলের পরিবর্ত্তে সুরা ব্যবহৃত হইত।

৩। লাইকর্ ফেরি ডায়েলিসেটাস্। পারক্লোরাইড্ অব্ আয়রনের উগ্র দ্রব ৭ আং; অ্যামোনিয়া দ্রব ও পরিস্রুত জল প্রত্যেক যথা প্রয়োজন। এতদ্‌সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়। মাত্রা, ১০—৩০ মিং।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। লাইকর্ ফেরি ক্লোরক্সিডাই। মাত্রা, ১০—৩০ মিং। ইহাতে শতকরা ৫ অংশ ফেরিক্ অক্সাইড্ আছে।

ফেরি পার্নাইট্রেটিস্ লাইকর্।

সূক্ষ্ম লৌহ তার ১ আং; যবক্ষার দ্রাবক ৪½ আং; পরিস্রুত জল যথা প্রয়োজন। যবক্ষার দ্রাবকে জল মিশ্র করিয়া তাহাতে লৌহ তার নিক্ষেপ করিয়া দ্রব করণান্তর পরিস্রুত জল দ্বারা ১½ পাইণ্ট্ পূর্ণ করিবে। মাত্রা, ১০—৪০ মিং।

ক্রিয়াদি—লৌহ ঘটিত ঔষধের ন্যায়।

ফেরি পর্ অক্সাইডম্ হাইড্রেটম্।
(ফেরি অক্সাইডম্ রুব্রম্ ; ফেরি পার্ অক্সাইড়ম্; ফেরি সেস্কুই অক্সাইডম্)।

মাত্রা, ৫—৩০ গ্রেণ্।

ইহা খণি হইতে পাওয়া যায়। অথবা, ময়েষ্ট্ পার্ক্সাইড্ অব্ আয়রনকে ২১২ তাপাংশে উত্তপ্ত ও পরে শুষ্ক করণান্তর চূর্ণ করিয়া ইহা প্রস্তুত হয়। গন্ধাস্বাদ হীন, ধুসর বর্ণ চূর্ণ। জলমিশ্র লবণদ্রাবকে ইহা মিশ্রিত করিয়া অগ্নি সন্তাপ দিলে দ্রব হয়।

ক্রিয়াদি—রক্তজনক, বলকারক, পরিবর্ত্তক, রজনিঃসারক ও কৃমিনাশক এবং সঙ্কোচক। নিরক্তাবস্থা, হিষ্টিরিয়া, ধনুষ্টঙ্কার, স্নায়ুশূল, রোগান্তে দৌর্ব্বল্য, মধুমেহ, বাত. প্যারালিসিস্ এজিট্যান্স্, মার্কু্যরিয়েল্ ট্রেমর্ এবং মহীলতার ন্যায় কৃমিরোগে ও বিবিধ আক্ষেপজনক রোগে ইহা বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। এম্প্লাষ্ট্রম্ ফেরি (ক্যালিবিয়েট্ প্ল্যাষ্টার্ ; এম্প্লাষ্ট্রম্ থ্যুরিস্ বা রোবোরান্স্) লৌহ পলস্ত্রা। পার্অক্সাইড্ অব্ আয়রন্ সূক্ষ্ম চূর্ণ ১ ; বর্গণ্ডি পিচ্ ২ ; সীস পলস্ত্রা ৮। পিচ্ ও সীস্ পলস্ত্রাকে অগ্নিসন্তাপে গলাইয়া পার্ক্সাইড্ অব্ আয়রন্ সংযোগে আবর্ত্তনপূর্ব্বক উত্তমরূপে মিশ্রিত করিবে।

ফেরি ফস্ফাস্ ; ফস্ফেট্ অব্ আয়রন্।

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

হিরাকস্ ৩ আং ; ফস্ফেট্ অব্ সোডিয়ম্ ২৺ আং ; বাই-

কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ $\frac{1}{2}$ আং; ফুটিত পরিস্রুত জল যথা প্রয়োজন। ঈষৎ নীল বর্ণ চূর্ণ। যবক্ষার দ্রাবকে দ্রব ও জলে অদ্রবনীয়।

ক্রিয়াদি—বলকারক ও পরিবর্ত্তক এবং রক্তজনক। দৌর্ব্বল্য, নিরক্তাবস্থা, মধুমেহ, রেকাইটিস্ ও ক্যান্সার্ প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। অপিচ, ইহার স্থানিক কোন উগ্রতা গুণ নাই।

প্রয়োগরূপ—১। সিরাপস্ ফেরি ফস্ফেটিস্। মাত্রা, ১ ড্রাম্। গ্র্যান্যুলেটেড্ সল্‌ফেট্ অব্ আয়রন্ ২২৪ গ্রেণ্; ফস্ফেট্ অব্ সোডিয়ম্ ২০০ গ্রেণ্; বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৫৬ গ্রেণ্; কনসেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ অ্যাসিড্ ১$\frac{1}{2}$ আং; শর্করা ৮ আং; পরিস্রুত জল ৮ আং। এতদ্‌সংমিশ্রনে ইহা প্রস্তুত হয়।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। (ক) সিরাপস্ ফেরি এট্ ম্যাগ্নিশিয়াই ফস্ফেটম্। ১ ড্রাম্ সিরাপ্ অব্ ফস্ফেট্ অব্ আয়রনের সহিত $\frac{1}{2}$ গ্রেণ্ ফস্ফেট্ অব্ ম্যাগ্নিশিয়া মিশ্রিত পাক। মাত্রা, ১ ড্রাম্।

(খ) ফস্ফেট্ অব্ আয়রন্ ৭২ গ্রেণ্; ফস্ফেট্ অব্ ম্যাঙ্গেনিস্ ৪৮ গ্রেণ্; ফস্ফরিক্ অ্যাসিড্ (সিরাপি) ৮ ড্রাম্; সিরাপ্ ১০ আং; জল ১ আং। শুষ্ক দ্রব্যসমূহ একত্রে মিশ্রিত করিয়া পরে তরল দ্রব্যসমূহ মিলাইবে।

২। সিরাপস্ ফেরি ফস্ফেটিস্ কম্পজিটস্ (কেমিকেল্ ফুড্; প্যারিসেস্ সিরাপ্)। মাত্রা, $\frac{1}{2}$—২ ড্রাম্। অক্সাইড্ বিচ্যুত লৌহ তার ৩৭$\frac{1}{2}$ গ্রেণ্; কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ (৩অ, ভ, ১০$\frac{1}{2}$) ১ আং; পরিস্রুত জল ৫ ড্রাম্; প্রিসিপিটেটেড্

কার্ব্বনেট্ অব্ ক্যাল্সিয়ম্ ১২০ গ্রেণ্; কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ ৪ ড্রাম্; পরিস্রুত জল ২ আং; বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ ৯ গ্রেণ্; ফস্ফেট্ অব সোডিয়ম্ ৯ গ্রেণ্; কোচিনিয়েল্ ৩০ গ্রেণ্; পরিস্রুত জল ১ পাইণ্ট্ পূর্ণার্থে যথা প্রয়োজন; বিশুদ্ধ শর্করা ১৪ আং। প্রথমে উল্লিখিত দ্রব্যত্রয় একত্র মিশ্রিত করিয়া উপযুক্ত পাত্রে (ফ্লাস্ক্) রাখিয়া লৌহ তার দ্রবান্তর অপর দ্রব্যত্রয় একত্র করিবে, পরে সোডা ও পটাশ্ একত্র করিয়া লৌহ তার দ্রব ইহার সহিত মিশাইবে ও কৃমিদানা ৭½ আং জলে ১৫ মিনিট্ সিদ্ধ করিয়া ইহাতে শর্করা নিক্ষেপ করিবে; অনন্তর মৃদু সন্তাপে শর্করা দ্রবান্তর সমুদায় দ্রব্য একত্র মিলাইয়া পরিস্রুত জল দ্বারা ১ পাইণ্ট্ পূর্ণ করিবে।

৩। সিরাপস্ ফেরি কুইনাইনি এট্ ষ্ট্রীক্নাইনি ফস্ফেটম্ (ইষ্টন্স্ বা এট্‌কিন্স্ সিরাপ্)। মাত্রা, ½—২ ড্রাম্। ষ্ট্রীক্নিয়া চূর্ণ ৫ গ্রেণ্; কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ (অ, ভ, ১০৫৫) ৭৫ মিং; পরিস্রুত জল ২২৫ মিং। এই সমুদায় দ্রব্য একত্র মিশ্রিত পূর্ব্বক ১২০ গ্রেণ্ ফস্ফেট্ অব্ কুইনাইন্ ইহার সহিত মৃদু সন্তাপে দ্রব করিয়া সিরাপ্ অব্ ফস্ফেট্ অব্ আয়রন্ দ্বারা ১ পাইণ্ট্ পূর্ণ করিবে। পুরাতন গ্লীট্ রোগে ব্যবহার্য্য।

৪। এলিক্সার্ ফেরি কুইনাইনি এট্ ষ্ট্রীক্নাইনি ফস্ফেটম্। মাত্রা, ½—১ ড্রাম্। ফস্ফেট্ অব্ কুইনাইন্ ১ গ্রেণ্; ষ্ট্রীক্নিয়া ১/৩২ গ্রেণ্; সিরাপ্ ফেরি ফস্ফেটিস্ ১ ড্রাম্।

৫। পাইলুলা ফেরি (১ গ্রেণ্) কুইনাইনি (১ গ্রেণ্) এট্ ষ্ট্রীক্নাইনি (১/৩২ গ্রেণ্) ফস্ফেটম্। ফস্ফেট্ অব্ আয়রন্ ১৬ গ্রেণ্; কুইনাইন্ পিওর্ (সল্‌ফেট্ ১৬ গ্রেণ্) ১২ গ্রেণ্; ষ্ট্রীক্নাইন্ ½০

গ্রেণ্; শর্করা ৮ গ্রেণ্; কন্সেণ্ট্রেটেড্ ফস্ফরিক্ এসিড্ ২০ মিং বা যথা প্রয়োজন। ষ্ট্রীক্নিয়া ও ফস্ফেট্ অব্ আয়রন্ একত্রে চূর্ণ করিয়া পরে অন্যান্য দ্রব্য একত্র মিশ্রিতপূর্ব্বক ১৬ টী বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১—৩ বটিকা।

ফেরি সল্ফাস্; সল্ফেট্ অব্ আয়রন্।

(গ্রীন্ বিট্রিয়ল্) মাত্রা, ১—৫ গ্রেণ্।

লৌহতার ৪ আং; গন্ধক দ্রাবক ৪ আং; পরিস্রুত জল ১½ পাইণ্ট্। লৌহ তার ও জল একত্র করিয়া পরে গন্ধক দ্রাবক মিশ্রিত করিলে উচ্ছ্বলিত হইতে থাকিবে, পরে উহা ক্ষান্ত হইলে ১০ মিনিট্ পর্য্যন্ত সিদ্ধ করিয়া ব্লটিং কাগজ দ্বারা ছাঁকিয়া দানা প্রস্তুতার্থে শীতল স্থানে রাখিবে। অনন্তর ২৪ ঘণ্টা পরে দানা বাঁধিলে পুনরায় শোষক কাগজ দ্বারা উত্তমরূপে শুষ্ক করিয়া লইবে। দানা প্রস্তুতের সময় ইহার সহিত ৮ আং শোধিত সুরা মিশ্রিত করিলে ইহার দানা সকল ক্ষুদ্রাকার হয় এবং ইহাকেই ফেরি সল্ফাস্ গ্র্যান্যুলেটা বলে। হরিদ্বর্ণ, দানা-যুক্ত, গন্ধহীন, কষায়াস্বাদবিশিষ্ট, জলে দ্রব ও সুরায় অদ্রবনীয়। ক্ষার বা উহার কার্ব্বনেট্, ট্যানিক্ ও গ্যালিক্ এসিড্, গন্ধক দ্রাবক ভিন্ন দ্রাবকে ইহার উপাদান নষ্ট হয়।

ক্রিয়াদি—বলকারক, রক্তজনক, পর্য্যায়নিবারক, কৃমিনাশক ও রজনিঃসারক। স্থানিক, সঙ্কোচক ও রক্তরোধক। অধিক মাত্রায় বিষক্রিয়া করিতে পারে। নিরক্তাবস্থা, প্লীহা ও যকৃৎ সংযুক্ত জ্বর এবং পর্য্যায় জ্বর, স্নায়ুশূল, গ্যাষ্ট্রোডিনিয়া, ও বুক

জ্বালা, পাকাশয় ক্ষত, জরায়ুতে ক্যান্সার, হেমিক্রেনিয়া (শিরোর্দ্ধ-শূল), স্নায়ুশূল, সরলান্ত্র নির্গমন ও কৃমিরোগে বিরেচক ও উগ্রতা-হারক ঔষধ সহযোগে ইহা ব্যবহার করিলে বিশেষ উপকার হয়, যেহেতু ইহা কেবলমাত্র ব্যবহারে কোষ্ঠবদ্ধ ও মল কৃষ্ণবর্ণ হয়। অপিচ, প্রমেহ, গ্লীট্, শ্বেতপ্রদর প্রভৃতি রোগে ইহার পিচকারি এবং অর্শ, ঔপদংশিক ও অন্যান্য ক্ষতের প্রদাহ না থাকিলে ইহার স্থানিক প্রয়োগ উপকারক। এরিসিপেলাস্ রোগে ইহার ধৌত মহৌষধ।

প্রয়োগরূপ—১। ফেরি সল্‌ফাস্ এক্সিকেটা। মাত্রা, ½—৩ গ্রেণ্। হিরাকসকে ২১২ তাপাংশে উত্তপ্ত করিয়া চূর্ণপূর্ব্বক বোতল মধ্যে রাখিবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। মিশ্চ্যুরা ফেরি ল্যাক্সান্স্। হিরাকস্ ২ গ্রেণ্; সল্‌ফেট্ অব্ ম্যাগ্নিশিয়া ১ ড্রাম্; গন্ধক দ্রাবক ৩ মিং; পিপার্‌মিণ্ট্ ওয়াটার্ ১ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১ আং।

২। লোসিও ফেরি সল্‌ফেটিস্। হিরাকস্ ৩ গ্রেণ্; জল ১ আং। বিবিধ প্রদাহে ইহা স্থানিক ব্যবহৃত হয়।

ফেরম্ রিড্যাক্টম্; (ফরি পল্‌ভিস্); লৌহচূর্ণ।

মাত্রা, ১—৫ গ্রেণ্।

লৌহধাতুকে রূপান্তরিতপূর্ব্বক সল্যুসন্ অব্ অ্যামোনিয়া; গ্রান্যুলেটেড্ জিঙ্ক্; গন্ধক দ্রাবক; ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম্

ও পরিস্রুত জল সংযোগে ইহা প্রস্তুত হয়। ধূসরাভ কৃষ্ণবর্ণ, গন্ধা-স্বাদহীন সূক্ষ্মচূর্ণ; লবণ দ্রাবকে দ্রবণীয় এবং দ্রবকালে হাইড্রোজেন্ বায়ু নির্গত হয়। ইহা বিশুদ্ধ লৌহ চূর্ণ নহে। ইহাতে ম্যাগ্নেটিক্ অক্সাইড্ অব্ আয়রন্ মিশ্রিত থাকে।

ক্রিয়াদি—রক্তজনক, বলকারক, রজনিঃসারক এবং কৃমি-নাশক। অন্যান্য লৌহ ঘটিত ঔষধের ন্যায় ইহার প্রবল সঙ্কোচক গুণ নাই। নিরক্তাবস্থা, রোগান্তে দৌর্ব্বল্যতা, কোরিয়া, প্লীহা-বিবর্দ্ধন, অজীর্ণ, হিষ্টিরিয়া, কৃমিবিবর্দ্ধন প্রভৃতি রোগে ইহা বিশেষ উপকারক।

প্রয়োগরূপ—১। ট্রোচিসাই ফেরি রিডাক্টাই। মাত্রা,১—৩ চাক্তি। লৌহ চূর্ণ ৭২০ গ্রেণ্; শর্করা চূর্ণ ২৫ আং; আরবি গঁদ চূর্ণ ১ আং; আরবি গঁদের মণ্ড ২ আং; পরিস্রুত জল (১ আং) যথা প্রয়োজন। একত্র মিলাইয়া ৭২০ চাক্তি প্রস্তুত করিবে। প্রতি চাক্তিতে ১ গ্রেণ্ লৌহ চূর্ণ আছে।

ফার্ম্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পাইল্যুলা ফেরি রিডাক্টাই। লৌহ চূর্ণ ৩ গ্রেণ্; যষ্টি-মধু চূর্ণ ১ গ্রেণ্; মিউসিলেজ্ অব্ ট্রাগাকান্থ্ ১ বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—২ বটিকা।

ফেরম্ টার্টারেটম্।

(ফেরি পটাশিয়ো টার্টাস্; ফিরম্ টার্টারাইজেটম্)।

মাত্রা, ৫—১০ গ্রেণ্।

পরসলফেট্ অব্ আয়রন্ দ্রব ৬ আং; সোল্যুসন্ অব্ অ্যামো-

নিয়া ১১ আং; অ্যাসিড্ টার্টেট্ অব্ পটাশ্ চূর্ণ ২ আং এবং পরিস্রুত জল যথা প্রয়োজন সহযোগে ইহা প্রস্তুত হয়। স্বচ্ছ, লোহিতবর্ণ, পাতলা, সচ্ছাকার, ঈষৎ মিষ্ট কষায়াস্বাদ বিশিষ্ট। জলে সম্পূর্ণ ও সুরায় অল্প দ্রব হয়।

ক্রিয়াদি—বলকারক, রক্তজনক ও মূত্রকারক। অধিক মাত্রায় কৃমিনাশক ও পিত্তনিঃসারক। ইহার ক্রিয়া মাধুর্য্য হেতু শিশু ও স্ত্রীলোকদিগের পক্ষে বিশেষোপযোগী। রক্ত-হীনতা, উদরী, শোথ, ঔপদংশীয় ফ্যাজিডেনিক্ ক্ষতে ও অন্ত্রের দৌর্ব্বল্যতাদিতে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। ভাইনম্ ফেরি। মাত্রা, ১—৪ ড্রাম্। সূক্ষ্ম লৌহ তার ১ আং; সেরি ২০ আং। আবৃত পাত্র মধ্যে এক মাস (৩০ দিন) ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

ফাইকাস্; ফিগ্; ডুম্বুর।

স্মার্ণা দেশজাত ফাইকস্ ক্যারিকা নামক বৃক্ষের শুষ্ক পক্ক ফল।

ক্রিয়া—মৃদু বিরেচক, স্নিগ্ধকারক ও পোষক। কন্‌ফেক্সিও সেনি প্রস্তুত করিতে ইহা আবশ্যক হয়।

ফিলিক্স্ মাস্; মেল্ ফর্ণ্।

ইউরোপ দেশজাত ফিলিসিস্ জাতীয় অ্যাস্পিডিয়ম্ ফিলিক্স্-মাস্ নামক বৃক্ষের কন্দ। বাহ্য প্রদেশ ধূসর ও অভ্যন্তর প্রদেশ

হরিদ্বর্ণ, কোমল সল্কের দ্বারা আচ্ছাদিত, দুর্গন্ধযুক্ত, তিক্ত ও কটু আস্বাদবিশিষ্ট পদার্থ। ইহাতে বায়ি তৈল, ধুনা ও ট্যানিন্ এবং কিঞ্চিৎ রেজিন্ প্রভৃতি পাওয়া যায়।

ক্রিয়াদি—কৃমিনাশক, ফিতার ন্যায় ক্রিমিরোগে (১।২ ড্রাম্ মাত্রায়) উপকারক। প্রয়োগান্তর বিরেচক ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—১। এক্ষ্ট্রাক্টম্ ফিলিসিস্ লিকুইডম্। মেল্ ফর্ণ্ চূর্ণ ১ ভাগ; ইথর্ ২½ ভাগ বা যথা প্রয়োজন। মাত্রা, ১৫—৩০ মিং।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। এনিমা ফিলিসিস্। মেল্ ফর্ণ্ রুট্ ১ ড্রাম্; জল ১৬ আং। সিদ্ধ করিয়া ছাঁকিয়া শূন্যোদরে প্রয়োগ করিবে।

২। ওলিয়ম্ ফিলিসিস্ মেরিস্। মেল্ ফর্ণের পুষ্প ও শিকড়কে ইথরে প্রয়োগ করিয়া চুয়াইয়া লইতে হয়। মাত্রা, ১০—৩০ মিং।

৩। মিশ্চ্যুরা ফিলিসিস্। অয়েল্ অব্ মেল্ ফর্ণ্ ২ ড্রাম্; কম্পাউণ্ড্ পাউডার্ অব ট্রাগাকান্থ্ ১ ড্রাম্; পিপারমিণ্ট্ ওয়াটার ২ আং পূর্ণার্থে যথা প্রয়োজন। মাত্রা ১ আং।

৪। পাইলুলা ফিলিসিস্। এক্ষ্ট্রাক্ট্ অব্ মেল্ ফর্ণ্ (ওলিয়ম্ ফিলিসিস্) ২০ গ্রেণ্; মেল্ ফর্ণ্ চূর্ণ ১০ গ্রেণ্; গোলাবের খণ্ড ১২টী বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। মাত্রা, ১—৩ বটিকা।

৫। টিংচ্যুরা ফিলিসিস্ ইথিরিয়া। মাত্রা, ½—২ ড্রাম্। মেল্ ফর্ণ্ মুঞ্জরী ১ ভাগ; সল্ফিউরিক্ ইথর্ ৮ ভাগ। ভিজাইয়া পার্কোলেসন্ দ্বারা ছাঁকিবে।

ফেনিকিউলাই ফ্রক্টস্; ফেনেল্ ফ্রুট্।

ইউরোপ দেশজাত অম্বেলি ফেরি জাতীয় ফেনিকিউলম্ ক্যাপিল্লেসিয়ম্ বা ভল্‌গেরি নামক ক্ষুদ্র বৃক্ষের শুষ্ক ফল। অণ্ডাকৃতি, বক্র, চ্যাপ্টা, ধূসর বর্ণ, সদ্গন্ধ ও মিষ্টাস্বাদবিশিষ্ট পদার্থ। ইহাতে বায়ীতৈল আছে।

ক্রিয়াদি—১। সুগন্ধোত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক, দুগ্ধনিঃসারক ও মূত্রকারক। উদরাধ্মান রোগে ব্যবহৃত হয়।

২। অ্যাকোয়া ফিনিকিউলাই। মাত্রা, ১—২ আং। ফেনেল্ ফ্রুট চূর্ণ ১; জল ২০। ১০ ভাগ চুয়াইয়া লইবে।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। পল্‌ভিস্ ফেনিকিউলাই কম্পজিটস্; (পল্‌ভিস্ গ্যাল্যাক্টোপিয়স্)। কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিশিয়া ১ আং। ফেনেল্ সীড্ ½ আং, অরেঞ্জ পিল্ ২ ড্রাম্; শর্করা ২ ড্রাম্। একত্র মিশ্রিত করিবে। মাত্রা, ১০—৩০ গ্রেণ্।

গ্যাল্বেনম্। মাত্রা, ৫—১০ গ্রেণ্।

ভারতবর্ষ জাত অম্বেলি ফেরি জাতীয় ফিরুলা গ্যাল্বেনিফ্লুয়া এবং রুব্রিকলিস্ নামক বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার বা বিসম, পীতাভ বা ধূসরবর্ণ, স্বচ্ছ, দুর্গন্ধযুক্ত ও কটু তিক্তাস্বাদবিশিষ্ট খণ্ড সকল।

ক্রিয়াদি—স্নায়বীয় উত্তেজক, কফ ও রজোনিঃসারক, বায়ুনাশক এবং আক্ষেপনিবারক। স্থানিক প্রয়োগে শোষক।

ইহার ক্রিয়া প্রায় হিঙ্গুর ন্যায়। পুরাতন কাশ, হিষ্টিরিয়া, উদরাধ্মান ও আধ্মান শূল ইত্যাদিতে উপকারক। সামান্য অর্বুদাদিতে ইহার পলস্ত্রা স্থানিক ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—১। এম্প্লাষ্ট্রম্ গ্যাল্বেনাই। গ্যাল্বেনম্ ১; অ্যামোনায়েকম্ ১; (উত্তমরূপে মিশ্রিত করিয়া) পীত মোম ১; সীস্ পলস্ত্রা ৮। অগ্নি সন্তাপে একত্র মিশ্রিত করিবে।

২। পাইল্যুলা গ্যাল্বেনাই কম্পজিটা (হিঙ্গু দেখ)।

ফার্মাকোপিয়ায় গৃহীত নহে।

১। ক্যাটাপ্লাস্মা গ্যাল্বেনাই। লিলি রূট্ ৪ আং; ডুম্বুর ১ আং; ওনিয়ন্ ১½ আং; গ্যাল্বেনম্ ½ আং। প্রথমোক্ত ২ দ্রব্য একত্র গুঁড়া করিয়া পরে গ্যাল্বেনম্কে ডিম্ব কুসুমে মর্দ্দন করিয়া তিসির খলির সহিত সমুদায় একত্র করিবে।

২। পাইল্যুলা গ্যাল্বেনাই কম্পজিটা। (পাইল্যুলা গমোসি) (ক) গ্যাল্বেনম্ চূর্ণ ২ ড্রাম্; গন্ধবোল ও স্যাগাপিনম্ প্রত্যেক ৩ ড্রাম্; হিঙ্গু ১ ড্রাম্; কোমল সাবান ২ ড্রাম্; রাবগুড় যথা প্রয়োজন। (খ) গ্যাল্বেনম্ ৩; গন্ধবোল ৩; হিঙ্গু ১; সিরাপ্ যথা প্রয়োজন। (লণ্ডন্ ফার্মাকোপিয়া)। মাত্রা, ৫—১০ গ্রেণ্।

৩। পাইল্যুলা গমোসা এল্কালিনা। গন্ধবোল ১½ ড্রাম্; স্যাগাপিনম্ ১½ ড্রাম্; গ্যাল্বেনম্ ১ ড্রাম্; হিঙ্গু ½ ড্রাম্; কার্ব্বনেট্ অব্ পটাশ্ ২ ড্রাম্; ব্রাউন্ সুগার্ ২ ড্রাম্। একত্র মিশ্রিত করিয়া লইবে। মাত্রা, ১০—৩০ গ্রেণ্ বা ততোধিক।

৪। পাইল্যুলা গ্যাল্বেনাই কম্ ফেরো। কম্পাউণ্ড্ গ্যাল্বেনম্ পিল্ ৩ ড্রাম্; সেস্কুই অক্সাইড্ অব্ আয়রন্ ১½ ড্রাম্; জল ৬০ বটিকা প্রস্তুতার্থে যথা প্রয়োজন। মাত্রা, দিবসে ৩ বটিকা।

৫। পাইল্যুলা গ্যাম্বেনাই কম্পজিটা। কম্পাউণ্ড গ্যাম্বোজ পীল্ ৪ ড্রাম্; সল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ১ ড্রাম্। ৬০ বটিকা প্রস্তুত করিবে। মাত্রা, ১ বটিকা দিবসে ২ বার।

৬। টিংচ্যুরা গ্যাম্বেনাই। গ্যাম্বেনম্ ২ আং; পরীক্ষিত সুরা ৩২ আং। ৭ দিবস ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা, ১—২ ড্রাম্।

৭। অঙ্গুয়েন্টম্ গ্যাম্বেনাই কম্পজিটা। গ্যাল্বেনম্ পলম্রা ৪ আং; সিস্ পলম্রা ৪ আং; শ্বেত মোম্ ৪ আং; সফ্‌ট্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ওপিয়ম্ ১ ড্রাম্; জলপাইয়ের তৈল ২০ আং। উত্তাপ দ্বারা একত্র মিশ্রিতপূর্ব্বক ১ আং মধু ইহার সহিত মিলাইবে। অর্শ, বয়েল্, কার্ব্বঙ্কল্, বক্ষ ও চূচুক ক্ষতে ইহা বিশেষ উপকারক।

গ্যালা; গল্‌স্; (গল্‌নট্)। মাজু ফল।

কোয়ার্কস্ ইন্‌ফেক্টোরিয়া নামক বৃক্ষ শাখায় সিনিপ্স্ গলি টিংটোরিয়া নামক পতঙ্গ ছিদ্র করত তন্মধ্যে অণ্ড প্রসব করে। পরে ঐ ছিদ্র দিয়া আঠা নির্গত হইয়া ক্রমে গুবাকের ন্যায় যে আকার ধারণ করে তাহাকে মাজু ফল কহে। বস্তুতঃ ইহা ফল নহে। দেখিতে গোল, গুবাক অপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্র, গুরু, কঠিন, বাহ্যপ্রদেশ বন্ধুর, হরিৎ অথবা ধূসর বর্ণ, বর্ণভেদে মাজু ফল দুই ভাগে বিভক্ত করা যায়; কৃষ্ণ বা হরিৎ এবং ধূসর বা শ্বেত মাজুফল। প্রথম প্রকারের মাজুফল অপেক্ষাকৃত ক্ষুদ্র, কঠিন ও দৃঢ় এবং ইহার গাত্রে ছিদ্র নাই, কারণ ইহা পতঙ্গ শিশু নির্গত হইবার পূর্ব্বেই সংগৃহীত হয়। ইহার ক্রিয়া অপেক্ষাকৃত অধিক ফলপোদায়ক। ইহাতে শতকরা ৩৫ অংশ ট্যানিক্ ও ৫ অংশ গ্যালিক্ অ্যাসিড্ নামক দুইটী বীর্য্য বিশেষ আছে।